

22116



1 College Row, Calcutta.

YANTRA KOSHA


OR

A TREASURY OF THE MUSICAL INSTRUMENTS
OF ANCIENT AND OF MODERN INDIA,
AND OF VARIOUS OTHER
COUNTRIES.

BY

SOURINDRO MOHUN TAGORE,

President, Bengal Music School.



Calcutta:



କଲିକାତା, କର୍ମସାଧନ ପ୍ଲ୍ଟ, ନଂ ୩୦, ମହାବିଶ୍ୱାସରେ ।
ଶ୍ରୀଅଭୟଚରଣ ଘୋଷ ଦ୍ୱାରା।
ମୁଦ୍ରିତ ଓ ପ୍ରେସିଟ ।

TO

H. WOODROW, ESQ., M. A.,

OFFC. DIRECTOR OF PUBLIC INSTRUCTION,
BENGAL,

THIS BOOK IS MOST RESPECTFULLY DEDICATED

BY

THE AUTHOR,

ভূগিকা ।



যন্ত্রোকোম প্রকাশিত হইল । ইহাতে প্রাচীন ও অধুনা-
তন ভারতবর্ষীয় এবং অন্যান্যদেশীয় সঙ্গীতগন্ত্ব সমূহের বিবরণ
লিখিত হইয়াছে । এই গ্রন্থখানি প্রধানতঃ মৃল ও পরিশিক্ষিত,
এই দুই ভাগে বিভক্ত । মৃলে কেবল ভারতবর্ষীয় যন্ত্রাবলীর
নিষ্ঠারিত ইতিহাস এবং পরিশিক্ষিতে অপরাপর দেশের যন্ত্র-
বিবরণ সংক্ষেপে বিবৃত হইয়াছে, তন্মধ্যে ভারতবর্ষের ও কোন
কোন যন্ত্রের উল্লেখ আছে । ভারতবর্ষীয় যন্ত্রের সহিত অন্যান্য
দেশীয় যন্ত্রের উন্নব, অবয়ব, নাম ইত্যাদি নানা সংক্ষিপ্ত, পারস্য
এবং ইংরাজি প্রচ্ছের সাহায্যে পরম্পর মিলাইয়া, তাহাদের
সংক্ষিপ্ত ইতিহাস দিতে ক্রাটি করি নাই । কিন্তু জানি
না, এই কোম আগাম ভাগ্যক্রমে যথার্থ যন্ত্রকূম এই বৃথা নাম মাত্রেই
আগ্রহ্যাত হইল, তাহা পাঠক মহাশয়েরাই বিবেচনা
করিবেন ।

ପରିଶୋମେ କୃତଜ୍ଞତାର ସହିତ ସ୍ଵିକାର କରିତେଛି ସେ,
ମଦୀଯ ପୂଜ୍ୟପାଦ ସନ୍ତୀତାଚାର୍ଯ୍ୟ ଓ ଯୁଦ୍ଧ କ୍ଷେତ୍ରମୋହନ ଗୋକ୍ରାମୀ
ମହାଶୟ ଏହି ଗ୍ରହ ପ୍ରଗତିନ ସମୟେ ଆମାକେ ସଥେଷ୍ଟ ସହାୟତା
କରିଯାଇଛେ ।

ଶ୍ରୀଶୌରୀନ୍ଦ୍ରମୋହନ ଠାକୁର ।

କଲିକାତା,
ପାଥୁରିଯାଟୀ ।
୧୮୧ ପୌସ, ୧୯୮୨ ।

সূচিপত্র।

প্রকরণ

চতুর্বিধ যন্ত্র-বিবরণ।

প্রথম অধ্যায়—সঙ্গীত-যন্ত্র।

মহত্তীবীণা (বীণা বা বীণ)	৩
কচ্ছপী বা কচুয়া সেতার	১৭
ত্রিতন্ত্রী বীণা	২২
কিম্বরী বীণা	২৪
রঞ্জনী বীণা	২৫
কদ্রবীণা বা রবাব	২৬
শারদীয় বীণা বা শারদ	২৮
অর-শৃঙ্কার বা শুর-শৃঙ্কার	৩১
শুর-বাহার	৩৪
বিপক্ষী-বীণা	৩৫
নাদেশ্বর-বীণা	৩৬
ভরত-বীণা	৩৬
তুমুক-বীণা বা তমুরা	৩৭
কানুন	৪১
প্রসারণী বীণা	৫০
অরবীণা	৫২
মোচক	৫৩
সারঙ্গী	৫৪
এম্রার	৫৫

প্রকরণ

পৃষ্ঠা

মায়ুরী বা তায়ুশ্ৰী	৫৭
অলাৰু-সারঞ্জী	৫৮
শীন-সারঞ্জী	৫৯
সুৰসঙ্গ বা ঘূৰমেঁ।	৬০
সারিন্দা	৬১
এক-ত্রিকা বা এক-তাৰা	৬২
আনন্দ-লহুৰী	৬৩
গোপীযন্ত্ৰ	৬৪
তত্ত্বস্ত্রের উৎপত্তি	৬৫
শুণিৱযন্ত্ৰ	৭২
বংশীজ্ঞাতি	৭৪
মুদলী	৭৫
সৱল-বংশী	৭৯
লয়-বংশী	৭৯
কাহলজ্ঞাতি	৮০
কলম	৮০
কোশনচোকা	৮১
মালাই	৮১
বেণু	৮২
শৃঙ্গজ্ঞাতি	৮৩
রণশৃঙ্গ	৮৪
রাষ্যশৃঙ্গ	৮৪
জুৰী	৮৪
ভেৱী	৮৫

প্রকরণ	পৃষ্ঠা
শাহজাতি	৮৫
দিনলক্ষণ	৮৬
তিক্তিবী	৮৬
শুরিয়ত্ত্ব	৮৭
আনন্দ্যত্ত্ব	৮৮
মৃদঙ্গ	৮৯
চোলক	৯৮
তব্লা বা তল-মৃদঙ্গ	৯৯
চোল	১০১
চকা	১০০
কাড়া	১০০
নাগ্না	১০১
জগবল্পা	১০২
তামা	১০২
দামামা	১০২
টিকারা	১০০
সোড়নাই	১০৩
খোর্দক	১০৪
ডমক	১০৪
আনন্দ্যত্ত্ব	১০৫
ঘনযত্ত্ব	১০৬
বাঙ্গা বা বাঁজির	১০৮
সপ্তশরাব	১০৮
মূপুর	১০৯
ষড়ি	১০৯

—
শব্দান্তর
চ—
শব্দান্তর
চ

একরণ

পৃষ্ঠা

বিত্তীয় অধ্যায়—ঐকতান-বাদন।	
হিন্দু-ঐকতান-বাদন	১১১
আসিরীয় ঐকতান-বাদন	১১৮
যিহুদীয় ঐকতান-বাদন	১১৯
পারস্য ঐকতান-বাদন	১২০
মেসর ঐকতান-বাদন	১২১
পরিশিষ্ট	১২৩

→••←

চিত্র-সূচি।

বীণা	৬
কচুপী বা কচুয়া মেতার	১৮
ত্রিতন্ত্রী বীণা	২০
কিন্দরী বীণা	২৪
রঞ্জনী বীণা	২৫
কুজবীণা বা রবার	২৬
শারদীয় বীণা বা শরদ	২৮
মোচঙ্গ	৫৩
সুরমঙ্গ বা সুরসেঁ	৬০
সারিন্দা	৮০
একতন্ত্রিকা বা একতারা	৬২
আনন্দ-লহুরী	৬৩
গোপীযন্ত্র	

যন্ত্রকোষ ।

এই বিস্তীর্ণ ভারতবর্ষে পূর্বকালাবধি নানাবিধ বাদ্য-যন্ত্রের প্রচলন আছে, অপর কতকগুলি, সঙ্গীত কৃত্তলী মহাজ্ঞাদের উৎসাহে অধূনা সৃষ্টি হইয়া আসিতেছে। হিন্দুরা ঐ যন্ত্র-সমূহকে প্রধান চারিভাগে বিভক্ত করিয়া থাকেন (১) যথা—তত অর্থাত্ যে সকল যন্ত্র তন্ত্র বা তারসংযোগে বাদিত হয়, যেমন বীণা, সেতার, রবাৰ, সরোদ, দেওড়া (২) সারঙ্গী, রঞ্জনী, সারিন্দা, তম্ভুরা, মীনসারঙ্গী, কানুন, স্বরশৃঙ্গার, মোচঙ্গ, একতারা, অলাবুসারঙ্গী, আনন্দলহুরী, স্বরবীণা, গোপীযন্ত্র, এসরার ইত্যাদি। শুধির অর্থাত্ যে সমস্ত যন্ত্র বায়ুবারা বাদিত হয়, যথা শং, বংশী, বেণু, বুকা, আলগোজা, গোমুখ, লঘ-বঁশী, রোসনচোকি, সানেয়ী বা সানাই, শৃঙ্গ, রণশৃঙ্গ, তুরি, কলম, তুবড়ি ইত্যাদি। পূর্বে ভারতবর্ষে নাগবন্ধ নামে এক

(১) ততানহক শুষিৰং ঘনমিতি চতুর্বিংশৎ ।

ততং বীণাদিকং বাদ্যামানকং স্বরজ্ঞাদিকং ॥

বংশ্যাদিকস্ত শুষিৰং কংস্যতোলাদিকং ঘনং ॥

ইতি দামোদর ।

(২) এই যন্ত্রটাকে আশামীভাষায় খুটিতলী কহে।

প্রকার শুধির যন্ত্র ছিল, স্কটাস্ ব্যাগ্পাইপ তাহার অনুকৃত । আনন্দ অথবা বিতত অর্থাৎ যে সকল যন্ত্র চর্মাচ্ছাদিত হইয়া বাদিত হয়, যেমন যুদঙ্গ, খোল, তব্লা, ঢোলক, ঢোল, মর্দল, খঞ্জনী, ঘুট্রু, ডঙ্ক, ডমরু, ভড়কা, ঢকা, জগবাস্প, চর্চরী, দারা, কাড়া, নাগরা, (১) টিকারা, ধামসা, খোরদক ইত্যাদি । ঘম অর্থাৎ লোহ বা কাংস্য ইত্যাদিধাতুমৰ্মিত যন্ত্র সমূহ, যেমন ঘণ্টা, বাঁবার, কাঁসর, কাঁসি, খটতালী, খরতাল, মন্দিরা, সপুশরাব বা জলতরঙ্গ, ঘড়ী, রামখরতালপ্রভৃতি, এতদ্বয়ীত ভারতবর্ষে আরও বহুবিধ যন্ত্র ছিল, সে সকলের একশেণে বড় প্রচলন নাই ।

কথিত চতুর্বিধ যন্ত্রের মধ্যে তত যন্ত্র ছাই ভাগে বিভক্ত, যথা—সভ্য ও গ্রাম্য, তচ্ছিম ত্রিবিধ যন্ত্র প্রত্যেকই আবার তিন ভাগে বিভক্ত হইয়া থাকে, যথা—সভ্যযন্ত্র (২), বাহিন্দীরিক যন্ত্র (৩) এবং গ্রাম্যযন্ত্র (৪) । সভাতে যে সকল যন্ত্র সর্বদা বাদিত হয়, সে সকলের নাম সভ্যযন্ত্র । সভ্যযন্ত্র আবার ছাইভাগে বিভক্ত, যথা—যতঃসিদ্ধ (৫) এবং অনুগতসিদ্ধ (৬); যে সকল যন্ত্র গাত অথবা অন্য কোন যন্ত্রের অনন্তুগত হইয়া বাজে, সে

(১) নগরে ছোরিত হথ ব নিয়ে ইহাক মান নাগর। হইয়াছে

(২) Drawing room instruments.

(৩) Out door instruments.

(৪) Pastoral instruments.

(৫) Solo.

(৬) Accompanied.

গুলির নাম স্বতঃসিদ্ধ যন্ত্র, যথা—বীণা, ত্রিতন্ত্রী বা সেতার, রংবাব, সরোদ, রঞ্জনী, কানুন, স্বরতরঙ্গ, স্বরবীণা, স্বরশৃঙ্গীর এই সমূদয় তার-যন্ত্রগুলিই স্বতঃসিদ্ধ-সভ্যযন্ত্রমধ্যে পরিগণিত। শুধিরযন্ত্রের মধ্যে এতদেশে বংশী ব্যতীত অন্য কোন রূপ স্বতঃসিদ্ধ সভ্যযন্ত্রের বড় ব্যবহার নাই। কথিত যন্ত্র সমূহের মধ্যে যে গুলির বহুপ্রচলন সেইগুলি ক্রমশঃ বিস্তৃত করা যাইবে।



প্রথম অধ্যায়।



মহত্তী বীণা (১)।

এই যন্ত্রটা অতি প্রাচীন ও সর্বব্যন্ত্রপ্রধান, মহার্ষি নারদ-কর্তৃক ইহা প্রথম সৃষ্টি হয়। সংস্কৃত-শাস্ত্রকারেরা বলেন, এই যন্ত্র

(১) প্রাচীন-সঙ্গীত-শাস্ত্র-কর্তৃরা তারমন্ত্র মাত্রেরই অথবে সামান্যতঃ “বীণা” এই ব্যাপক আখ্যা নির্দেশ করিয়া পরে বিশেষ বিশেষ আকার ও গ্রন্থতি অনুসারে মহত্তী বীণা, রঞ্জ বীণা, সারবত বীণা, রঞ্জনী বীণা, কচ্ছপী বীণা ও স্বরবীণা গ্রন্থতি বিশেষ বিশেষ ব্যাপ্তি নামও প্রদান করিয়া গিয়াছেন। কিন্তু সম্পূর্ণ আমরা মহত্তী বীণার বিষয় বিবৃত করিতে অবৃত্ত হইয়াছি, স্বতরাং এ স্থলে বীণা-সমৰক্ষে যাহা কিছু বলিব, কুচুলী পাঠকগণ তৎ সমূদয়ই

মনুষ্যদেহের অনুকূল; মনুষ্যদেহে যে রূপ একটী মেরুদণ্ড আছে, ইহাতেও ঐ মেরুদণ্ডের পরিবর্তে একটী বংশদণ্ড থাকে। মনুষ্যদেহে তিনটী স্বর স্থানের মধ্যে নাভি এবং মন্ত্রক এই দুইটীই যেমন অধান স্বরস্থান, ইহাতেও তদনুযায়ী বংশ-দণ্ডের উভয়পাশে দুইটী অলাবু মোজিত থাকে। দেহের পরিমাণানুরূপে নাভিস্থানহইতে তারস্থান পর্যন্ত নবমৃষ্টিপরিমিত স্বরস্থান রাখিবার সচরাচর বিধি আছে। নারদ-নির্মিত এই জাতীয় বীণাকে মহতী বীণা বলা যায়। এই বীণাতে সচরাচর তিনটী লোহের এবং চারিটী পিণ্ডলের সাকলে

মহতী বীণা-সম্বৰ্ণীয় জানিবেন। এই যন্তী ভারতবর্ষের সর্বশেকার বাদ্য য ছ অপেক্ষা অধিকতম প্রাধান্য লাভ করিলেও যে, ইহার বাদক সংখ্যা অধিক পরিমাণে দেখিতে পাওয়া যায় না, বোধ হয় ইহার বাদম-ক্রিয়ার কাঁচিন্য ও অতিরিক্ত-পরিশ্রম-সাধ্যত্বই তাহার অধিতীয় কারণ; তজ্জন্যই সঙ্গীত কৃত-হল্পীদিগের মধ্যে অনেকেই অগ্রসর হইতে পারেন না। বিশেষতঃ উক্ত যন্ত বাদমান্ত্যামে যেরূপ পরিশ্রমের আবশ্যক, তদপেক্ষ অপ্রাপ্যাম কল্পনী বীণা বাদমে সম্বিক পটুতা জন্মিতে পারে এবং কল্পনী বীণাতেও আয় বীণার যাবতীয় কার্যকৌশল অন্তর্ভুক্ত হইয়া থাকে। বীণাবাদন এতদূর দুর্কল ব্যাপার যে, এই বিপীরী ভারতভূমিতে সঙ্গীতের এত অধিক চর্চা সংস্কৃত ও আমরা নিঃশিখিত কয়েক ব্যক্তি মাত্র বীণা বাদকের নাম অবগত হইতে পারিয়াছি, যথে— প্রীবনসা, মির্মল সা, মহামদ জালি, নমির আহমদ, সজ্জু খাঁ, গোলাপ খাঁ, গোলাম রসুল, করিম খাঁ, ওতাদজী লছুমী অসাদ রিখ, ফিরদু খাঁ, নহব খাঁ, অভূতি (হেঁহারা বর্তমান নাই) গোসাম ছসেন খাঁ, মেহদি ছাসন খাঁ, ওয়ারিস খাঁ, ইত্যাদি (এই কয়েক ব্যক্তি মাত্র অদ্যাপি বর্তমান আছেন।) পরিশেষে বক্তব্য যে, পুরুষে ও যাদজী লছুমী অসাদ মিশ্র মহাশয়ের নিকট বীণার

সাতটী তার আবক্ষ থাকে (১) ঐ সাতটী তার সহজে বুঝাইবার জন্য এক দুই করিয়া সাত পর্যন্ত চিহ্ন চিহ্নিত করা হইয়াছে যথা—

অনেক বিষয় জ্ঞাত হই, সম্পূর্ণি বাবু অভয়াচরণ মল্লিকের বিকটেও ডঃ মস্মীয় কোন কোন বিষয় অবগত হইয়াছি । মহতী বীণার লক্ষণ এই, যা—

দণ্ডঃ বংশময়ঃ কাঞ্চঃ বর্তুলঃ তুষ্ট্যুগ্মকঃ ।

নবমুষ্টি অবস্থানঃ চাতু যত্তেন কারয়েৎ ॥

তপ্তিন্দণে সপ্তমসংখ্যামৌটনীঃ সম্বিশেশয়েৎ ।

দক্ষিণে বিন্যসেন্যত্য কুস্তিত্বীভূয়ঃ ক্রমাণ ॥

বৃক্ষবজ্ঞ ময়ী কর্ম্মা মোটনী দণ্ডরঞ্জিকা ।

তাবচ ভাস্ময়েৎ পুরোঃ মোটনীঁ শনৈঃ শনৈঃ ॥

অস্যান্তুষ্টাদশ প্রোক্তাঃ সারিকাঃ পুরশূর্বিতাঃ ।

ওতান্ত্র তারবীদিন্যবিষ্টি পদিকোণ্গরি ॥

মদনস্য চ সিক্তম্য যোগেন স্বদৃঢ়িকৃতাঃ ।


মহত্যা নাম বীণায়া এতৱ্যক্তমৃচ্যতে ॥

ইতি কোহনীয়ে ॥

(১) এসিয়াটিক রিসার্চেস প্রাথম বালম পক্ষম এভিশেনের ২১৬ প্রায় সার উইলিয়ম জোন্স মহোদয় তাঁহার বীণা বিষয়ক অন্তর্বে বলেন যে, অসিক মুসলমান বৈশিক্ষ্য পিয়ার দ্বাৰা এবং জীবন সাহা তাঁহাদের বীণাতে দুইটী লোহ এবং পঁচটী পিঙ্ক তার ব্যবহার কৰিতেন, পুরুষ আধুনিকবৈশিকেরা তিনটী লোহ এবং চারিটী পিঙ্ক তার ব্যবহার কৰিয়া থাকেন ।

বীণা ।

৬



	১	২	৩	৪	৫	৬	৭
ত							স
ম							ম
ঝ							ঝ
অতিরিক্তরেখ	নি	নি	নি				
	প	হ	ষ				

উপরি লিখিত একচঙ্গবিশিষ্ট লোহ তারটী উদারা সপ্তকের মধ্যম করিয়া বাঁধা যায় এবং এটীকেই নায়কী তার বলে। সার্ব-উইলিয়ম জোন্স মহোদয় ঐ তারকে পিত্তলতার বলিয়া নির্দিষ্ট করিয়াছেন। বরঞ্চ কুতুহলী পাঠক এসিয়াটিক রিসার্চেস প্রথম বালম ২২৬ পৃষ্ঠায় “আর” চঙ্গবিশিষ্ট তারটীর প্রতি দৃষ্টি করিবেন। এটী আমাদের এক্ষণকার ব্যবহারগত নায়কীতার, তিনিও উহাকে নায়কীতার বলিয়াছেন বটে, কিন্তু আমাদের এক্ষণকার প্রচলিত রীতির সহিত ধাতুগতভেদ দেখা যায়। বস্তুতঃ বিবেচনা করিয়া দেখিলে মুছ'না এবং গমকাদি পিত্তলতারে স্থলরূপে নিঃসারণ করিতে গেলে ক্রমশঃ ঐ তার বৃক্ষ প্রাপ্ত হইয়া স্বরভক্ত করে ও ছিম হইয়া যায়। আমরা ঐ তারকে মধ্যম করিয়া বাঁধিয়া থাকি, তিনি স্বরগ্রাম বিভিন্নতায় উহাকে অন্যবিধ নিয়মে বাঁধিবার বিধি করিয়াছেন, ইহার এবং অন্যান্য তার বন্ধন বিভেদ বিষয়ক বিশেষ বিবরণ পরে লিখিত হইবে।

দুই চঙ্গবিশিষ্ট পিত্তল-তার উদারার যড়জ করিয়া বাঁধাই প্রসিদ্ধ, কথিত মহোদয় উক্ত পুস্তকের উক্ত পৃষ্ঠায় ঐ দ্বিতীয় তারটী “এস্” চিহ্নে চিহ্নিত করিয়াছেন, আমাদের সহিত এইটীর ধাতুগতভেদ কিছুই নাই, পরস্ত গ্রাম বিভেদ কল্পনা জনিত

স্বরবন্ধনগতভেদ লক্ষিত হয়। তিনিছি-বিশিষ্ট-তারটীও পিভলের, এই তারটী অবলম্বিত উদারার নিম্নসপ্তকের পঞ্চম করিয়া বাঁধার বাবহার আছে এবং সেই জন্য উহার স্বরলিপি অতিরিক্ত রেখাতে অর্থাৎ (উদারা সপ্তক অপেক্ষা আরও নিম্ন সপ্তক স্বরলিপি করিতে গেলে আমাদিগের সঙ্গীতে অতীব প্রয়োজনীয় উদারা, মুদারা এবং তার। এই তিনটী সপ্তকের স্বরলিপিজন্য যে তিনটী সরলরেখা নির্দিষ্ট আছে এই তিনটী রেখা ব্যতীত অপর একটী অতিরিক্ত রেখা ব্যবহার করিতে হয়, যেমন উপরে ততুদাহরণ নিখিত হইয়াছে) আর নিম্ন সপ্তক জ্বাপনজন্য ঐস্বরটীর মন্তকে (নি) দেওয়া আছে। ফলতঃ হিন্দু সঙ্গীতে উদারা, মুদারা এবং তারা এই তিনটী সপ্তক ব্যতীত নিম্ন সপ্তক কেবল স্থরের সহযোগ ব্যতীত অন্য বিময়ে আয় ব্যবহৃত হইতে দেখিতে পাওয়া যায় না। সারু উইলিয়ম জোন্স মহোদয় এই পিভলের তারটীকে “টী” চিহ্নে চিহ্নিত করিয়া ছেন এবং “এ” (১) অর্থাৎ ধৈবতকে ষড়জ শব্দের সমান অর্থ বোধক করিয়া উক্ত তারকে উহার ধৈবত গ্রামের উদারা সপ্তকের পঞ্চমে বাঁধিয়াছেন, স্বতরাং তাহার সহিত এটীতেও গ্রামভেদ-জনিত স্বরভেদ লক্ষিত হয়; আমরা উদারা সপ্তক হইতে নিম্ন সপ্তকের পঞ্চম করিয়া বাঁধিয়া থাকি। তিনি উহাকে

(১) “এ” কে ষড়জের সমান অর্থ বোধক বুঝায় না, বৈধত এবং “এ” এইন্দুইটী একার্থবোধক বটে, ইহার কারণ পরে বিব্রত হইবে, এই কারণ নশতঃ মহোদয় সারু উইলিয়ম জোন্সের সহিত গ্রামভেদ কর্ণের জনিত তার-বন্ধনগত স্বরভেদ লক্ষিত হয়।

মান্ত্রের উদারা সপ্তকের পঞ্চমে বাঁধিয়াছেন, কামেই এই তারটী বাঁধা সম্বন্ধে তাঁহার সহিত আমাদের এক্ষণকার প্রচলিত রীতির সপ্তকগতভেদও লক্ষিত হয়। চারি এবং পাঁচ-চিহ্নবিশিষ্ট পিত্তলের তারবন্ধ উদারার নিম্ন সপ্তকের ষড়জ করিয়া বাঁধিবার রীতি আছে। ছয় এবং সাত-চিহ্ন-বিশিষ্ট তার দুইটী লৌহনির্মিত, তথ্যে প্রথমেরটী মুদারা সপ্তকের ষড়জ এবং পরেরটী তারা সপ্তকের ষড়জ করিয়া বাঁধার নিয়ম আছে। সারু উইলিয়ম জোন্স মহোদয় চারি-চিহ্ন-বিশিষ্ট পিত্তলের তারটীকে “ইউ” এবং পাঁচ-চিহ্নবিশিষ্ট পিত্তলের তারটীকে “ভি” এই দুই চিহ্নে চিহ্নিত করিয়াছেন। কথিত কারণ ব্যতঃ এই দুইটী তারবন্ধনেরও এক্ষণকার প্রচলিত বন্ধনরীতির সহিত তাঁহার মতের অনৈক্য আছে। ছয় এবং সাত-চিহ্ন-বিশিষ্ট তারবন্ধকে তিনিও লৌহ তার বলিয়া নির্দিষ্ট করিয়া প্রথমেরটী “পি” এবং শেষেরটী “কিউ” এই দুই চিহ্নে চিহ্নিত করিয়াছেন। পরম্পরাগত মহোদয় গ্রামভেদবন্ধন কলনা করাতেই উক্ত তারবন্ধ অন্যবিধি রীতিতে বাঁধা হইয়া থাকে। ছয় এবং সাতচিহ্নবিশিষ্টলৌহ তারবন্ধকে সংস্কৃত-সঙ্গীত-গুরুক-ত্ত্বারা ক্ষুদ্রতন্ত্রিকা বলেন, মচুরাচর যাহা পারস্য ভাষায় চিকারি বলিয়া ব্যবহৃত হয়। ফলতঃ একচিহ্নবিশিষ্টলৌহনির্মিত এবং দুইচিহ্নবিশিষ্টপিত্তলনির্মিত তার ব্যৰ্তীত অপর

পাঁচটী তারই সহযোগিতারূপে মাত্র সময়ে সময়ে ব্যবহৃত হইয়া থাকে। বংশ-দণ্ডের উপরে স্বরস্থানে উন্নিখ্যতি হইতে অয়োবিংশতিপর্যন্ত ইস্পাতাদিধাতুনির্মিতসারিকা ময়দারা জমাইত থাকে। এই যন্ত্রের সারিকা-বিন্যাসবিকৃত স্বর-গ্রামানুযায়ীক, সচরাচর যে প্রকার স্বরগ্রাম পুণালীকে হিন্দি-ভাষায় অচল ঠাট বলে এবং ইউরোপীয়েরা যাহাকে ক্রোমেটিক ক্ষেল বলেন। সারিকা-বিন্যাসসমষ্টিকে সার্ব উইলিয়ম জোন্স মহোদয়ের সহিত আমাদের মতের এক্য আছে। বীণাযন্ত্র কক্ষে স্থাপিত এবং বামহস্তের তর্জনী ও মধ্যমান্তুলী সারিকায় সারিকায় সঞ্চালন করত দক্ষিণহস্তের তর্জনী এবং মধ্যমান্তুলীদ্বারা বাদিত হইয়া থাকে, এই দুইটী অন্তুলীই অঙ্গুলীত্ব অর্থাৎ “মিজ্রাপ” দ্বারা বাদনকালে আবরণ রাখার রীতি আছে, দক্ষিণ হস্তের কনিষ্ঠান্তুলী স্বরযোগ দিবার জন্য ব্যবহৃত হয়। আর পাঁচচিহ্ন বিশিষ্ট তারটীও স্বরযোগ দিবার জন্য বামহস্তের কনিষ্ঠান্তুলীযোগে কখন কখন ধ্বনিত হইয়া থাকে। এই যন্ত্রে অনামিকা অঙ্গুলীর প্রয়োজন প্রায় দেখা যায় না। নিম্নলিখিতনিয়মে সার্কুলিসপ্তকমাত্র বীণাতে প্রতিপন্থ হইয়া থাকে। যথা—

ଦୁଇଟିହିବରିଶଟ୍ ପିତନ
ତାର ଖୁଲିଯା ।
ଏକଟିହିବରିଶଟ୍ ଲୋହ
ତାର ଖୁଲିଯା ।

ତୀର୍ଥ	ମାନ୍ଦିଗାୟ
ମୁଖ	ମାନ୍ଦିଗାୟମଧ୍ୟଦୟନିମି
ଠାର୍ମ	ମାନ୍ଦିଗାୟମଧ୍ୟଦୟନିମି

সাবু উইলিয়ম জোন্স মহোদয় উনবিংশতি খানি সারিকা নির্দিষ্ট করিয়াছেন, তাঁহার মতানুযায়ি বীণায় উদারা সপ্তকের স্বরগ্রাম দ্বাদশ খানি বিকৃতস্বরোৎপাদিকা সারিকা দ্বারা মণ্ডিত আছে। এটীর সহিত আমাদের অধুনাতম প্রস্তাবিত বীণাটীরও উদারা-গ্রামের ঐক্য দেখা যায়; মুদারা সপ্তকে কোমল নিয়াদ পরিত্যাগে উক্ত মহাজ্ঞা একাদশ খানি সারিকা দিয়া-ছেন, কিন্তু আমাদের কথিত বীণার স্বরগ্রামে মুদারা-গ্রামের কোমল নিয়াদ অপরিত্যক্তরপে ১২ খানি সারিকা দেওয়া আছে, স্বতরাং এই সপ্তকের এক খানি সারিকা আমাদের অপেক্ষা তাঁহার বীণায় ন্যূন আছে, তিনি তাঁরা সপ্তকের ষড়জ এবং প্রকৃত ঋব্যত মাত্র উল্লেখ করিয়া ফাস্ত হইয়াছেন, কা-য়েই তাঁহার বীণাতে পূর্ণ সার্দি দ্বিসপ্তক পর্যাপ্ত পাওয়া যায়

ନା । ଆମାଦେର ଅଧୁନାତନ ପ୍ରଚଲିତ ବୀଣାଟୀତେ ତାରାସପ୍ତକେର ସର-
ଗ୍ରାମେ କୋମଳ ଧ୍ୟାତ, କୋମଳ ଗାନ୍ଧାର ଏବଂ ଅନୁତ ଗାନ୍ଧାର ଏହି
ତିନ ଖାନି ସାରିକା ଜୋନ୍ସ ମହୋଦୟେର ବୀଣାର ସାରିକା ଅପେକ୍ଷା
ଅଧିକ ଆଛେ, ମେଇ ହେତୁ ତାଙ୍କାଲିକ ବୀଣାତେ ମୁଦାରା ସପ୍ତକେର
ଏକ ଖାନି ଏବଂ ତାରା ସପ୍ତକେର ତିନ ଖାନି ସାକଳ୍ୟ ଏହି ଚାରି
ଖାନି ସାରିକା ଅଧୁନାତମ ବୀଣା ଅପେକ୍ଷା ନ୍ୟନ ପ୍ରତିପନ୍ନ ହୟ, ଫ-
ଲତଃ ଇହାତେ କାର୍ଯ୍ୟଗତ କୋନ ବିଶେଷ ହାନି ହିତେ ପାରେ ନା ।
ଉନବିଂଶତି ଖାନି ସାରିକାବିଶିଷ୍ଟ ବୀଣାତେ ମୁଚ୍ଚର୍ମାଦାରା ଅପର
ଅତିରିକ୍ତ ସାରିକା ଚାରି ଖାନିର କାର୍ଯ୍ୟ ଅନାୟାସେ ସମ୍ପାଦିତ
ହିତେ ପାରେ, ସାର୍ ଉଇଲିୟମ ଜୋନ୍ସ ମହୋଦୟ ଓ ଇହା ପ୍ରତିପନ୍ନ
କରିଯାଇଛେ ।

କଥିତ ହଇଲ ସାର୍ ଉଇଲିୟମ ଜୋନ୍ସ ମହୋଦୟ ଏସିଆଟିକ୍
ରିସାର୍ଚ୍ସ୍ ପ୍ରଥମ ବାଲମେ ଯେ ରୂପ ବୀଣାଯନ୍ତ୍ରେର ତାରବନ୍ଧନପ୍ରଣାଲୀ
ଲିପିବନ୍ଦ କରିଯାଇଛେ ମେଇ ପ୍ରଣାଲୀର ସହିତ ଆମାଦେର ମତେର
ଅନେକ ବିଭିନ୍ନତା ଦୃଷ୍ଟ ହୟ; ତାହାର କାରଣ ଏହି, ଉକ୍ତ ମହୋଦୟ
ସରଗ୍ରାମେର ପ୍ରଥମ ସର ସତ୍ତ୍ୱକେ ଇଟାଲୀୟ “ଲା” ଅଥବା ଇଂରାଜି
“ଏ” ବଲିଯା ନିର୍ଦ୍ଦେଶ କରିଯାଇଛେ । ବନ୍ଦତଃ ଗ୍ରାମ ଆରାନ୍ତକ ସତ୍ତ୍ୱ-
ଜେର ସହିତ ସରଗ୍ରାମ ଆରାନ୍ତକ ଇଟାଲୀୟ “ଅଟ” ଅଥବା ଇଂରାଜି
“ସି”ର ସାଦୃଶ୍ୟ ଲିଖିଲେ ଯୁକ୍ତିଯୁକ୍ତ ବୋଧ ହିଇତ, ହିନ୍ଦୁ ସନ୍ତ୍ରୀତବିମ୍-
ଯକ ଅନ୍ୟତର ଗ୍ରହକର୍ତ୍ତା ଉଇଲାର୍ଡ ସାହେବେର ସହିତ ସାର୍ ଉଇଲିୟମ
ଜୋନ୍ସ ମହୋଦୟେର ମତବିରଳତାଯ ଆମାଦେର ମତେର ସହିତ
ବିଶେଷ ଏକ୍ୟ ଦେଖା ଯାଏ, ବରକଂ ସନ୍ତ୍ରୀତ କୁତୁହଳୀ ମହାଶୟରେ
ଉଇଲାର୍ଡ ସାହେବେର ଟ୍ରିଟିଜ୍ ଅନ୍ ଦି ହିନ୍ଦୁ ମିଡ଼ିଜିକ୍ ଗ୍ରହେ ୨୭

পৃষ্ঠায় দেখিবেন। আরও যড়েজের সহিত “এ”র ঐক্য করিলে, হিন্দু-সঙ্গীত-শান্তানুষায়িক শৃঙ্গতিগত বিশেষ দোষ স্পর্শে। “লা” অথবা “এ” যদ্যপি চারি শৃঙ্গতি বিশিষ্ট পূর্ণ যড়েজ হয় (১) স্বতরাং “লা”র পর স্বর “মি” অর্থাৎ ইংরাজি “বি” আমাদের খ্যাত হইবে, এবং তাহার অব্যবহিত পর স্বর “অট্” অর্থাৎ ইংরাজি “সি” আমাদের গান্ধার হইবে, সংস্কৃত-সঙ্গীতগ্রন্থকারেরা খ্যাত এবং গান্ধারের মধ্যে তিনটী শৃঙ্গতি-বিশিষ্ট পূর্ণ স্বরস্থান নির্ণয় করেন, কিন্তু ইটালীয় “থি” এবং “অট্” অর্থাৎ ইংরাজি “বি” এবং “সি” ইহাদের মধ্যে যে পরিমাণে স্থান আছে, ইউরোপীয়সঙ্গীতগ্রন্থকর্তারা উহাকে অর্দ্ধস্বরস্থান বলিয়া প্রতিপন্ন করেন, তাহা হইলে চারি শৃঙ্গতি-বিশিষ্ট যড়েজকে “লা” অর্থাৎ ইংরাজি “এ”র সহিত একার্থ-বোধক করিলে ইটালীয় “মি” অথবা ইংরাজি “বি” অর্থাৎ সারু উইলিয়ম জোন্স সহোদয় (যাহাকে আমাদের খ্যাত বনিয়া স্থির করিয়াছেন) এবং “অট্” অর্থাৎ ইংরাজি “সি” মেটী উক্ত সহোদয়ের মতে আমাদের গান্ধার বলিয়া প্রতিপন্ন হইয়াছে এবং ইটালীয় “মি” অথবা অর্দ্ধস্বর-স্থান-বিশিষ্ট ইংরাজি “বি”র সহিত সারু উইলিয়ম জোন্স সহোদয়ের মতে পূর্ণ স্বরস্থান বিশিষ্ট খ্যাতকে একার্থ প্রতিপাদক করিলে মে কতদুর শৃঙ্গতিদ্রুষ্ট হয়, তাহা উইলার্ড সাহেবের ২৯ পৃষ্ঠায় শৃঙ্গতিবিবেকঠণ্ডালী কুতুহলী পাঠক দেখিলে অনায়াসে

(১) চা রিটো অ্যুর্তিবিশিষ্ট যড়েজের বিষয় উইলার্ড সাহেবের ট্রিটিজ অন্দি হিন্দু মিউনিক্যু এব্হে ২১ প ষ্টার জ্যেষ্ঠ।

বুঝিতে পারিবেন। ফলতঃ “অট্” অর্থাৎ ইংরাজি “সি” হইতে ষড়জাদির আরম্ভ করিলে আমাদের মতে শুন্তিগত এবং যুক্তিগত কোন দোষই স্পর্শে না, উইলার্ড সাহেবও এ বিষয়ের পোষকতা করিয়াছেন।

পূর্বদ্বৰ	পূর্বদ্বৰ	অক্ষ'স্বর	পূর্বদ্বৰ	পূর্বদ্বৰ	পূর্বদ্বৰ	অক্ষ'স্বর
হি	ষড়	শ্বষত	গাঙ্কার	মধ্যম	পঞ্চম	ট্ৰেবত
ই	অট্	রি	মি	ফা	সো	লা
ইং	সি	ডি	ই	এফ	জি	এ

ইউরোপীয়েরা যে যে স্বরমধ্যস্থানকে পূর্ণতা এবং অর্দ্ধতানুসারে যেনোপ (Diatonic) ডায়টনিক ক্ষেল সিন্ক্লান্ট করেন, আমাদের দেশেও শুন্তিগত তদন্ত্যায়িকস্বরস্থানের পূর্ণতা এবং অর্দ্ধতানুসারে প্রকৃত স্বরগ্রাম স্থিরীকৃত হইয়া থাকে। আরও ইহার প্রমাণ জন্য বলিতেছি যে, পিয়ানো যন্ত্রে সন্নিহিত দুইটী ক্রঞ্চসারিকার অব্যবহিত পুরুৰ্বে যে শ্বেতসারিকা আছে, সেই শ্বেতসারিকাটী হইতে সি, ডি, ই, এফ, জি, এ, বি, অথবা ইটালীয় অট্, রি, মি, ফা, সো, লা, মি, ইত্যাদি সাতটী স্বরের ক্রমান্বয়ে নাম উল্লেখ করিয়া অরিছেন্দে পর সপ্তকের “সি” অথবা “অট্” পর্যন্ত গণনা করিয়া যাইলে একটীও দুঃখসারিকার আশ্রয় না লইয়া যেমন একটী ইংরাজি (Diatonic) ডায়টনিক ক্ষেল স্বসম্পাদিত করে, তদুপ ক্রি কথিত “সি” অথবা “অট্” নামক শ্বেতসারিকা হইতে যদ্যপি আবার আমাদের ষড়জ ইত্যাদি সাতটী স্বর কথিত সারিকায় সারিকায় নাম উচ্চারণ করত যথাক্রমে পর সপ্তকের “সি” পর্যন্ত গণনা করা যায়, তাহা হইলে আমা-

দের ও প্রকৃত স্বরগ্রাম কৃষ্ণসারিকার আশ্রয় ব্যতীত বিনা শ্রান্তিদুষ্টতায় স্বন্দরঝাপে নিষ্পম্ব হইবে, কিন্তু অন্যতর শ্বেত-সারিকা “এ” অথবা “অট” হইতে ষড়জাদির নাম উল্লেখে কৃষ্ণ সারিকার আশ্রয় বিনা কথিত গরসপ্তকের এ পর্যন্ত গমনা করিলে সঙ্গীতকুতুহলী মহোদয় শুনিবেন যে প্রকৃত স্বরগ্রাম শ্রান্তির ন্যানাধিক্যজনিতশ্ববণ্ডুষ্ট হইবেই হইবে। ইটালীয় “অট” ইংরাজি “সি” এবং আমাদের ষড়জ এই তিনই একার্থপ্রতিপাদক তাহার সন্দেহ নাই, বস্তুতঃ ইটালীয় “লা” ইংরাজি “এ” এবং আমাদের ধৈবত, কখনই ষড়জ বোধক নহে।

বীণার স্বর অতীব মধুর স্বতরাং সুশ্রাব্য, প্রিয়ানো প্রভৃতি ইউরোপীয় ঘন্টে যে সকল কার্য সম্পন্ন হয় তাহার অধিক ভাগই বীণায় নিষ্পাদিত হইতে পারে, বরঞ্চ মুচ্ছ'না, কৃষ্ণ-প্রভৃতি যাবতীয় সঙ্গীতোপযোগী উৎকট উৎকট কার্য যাহা এই ঘন্টে স্বচাকু ঝাপে সহজে প্রতিপন্ন হয়, দে সমুদ্রায় কার্য ইউরোপীয় ঘন্টে অতীব দৃঃসাধ্য। বীণার বাদন-পারিপাট্য, মধুরতা এবং উৎকৃষ্টতা সমক্ষে উইলার্ড এবং সার্ল উইলিয়ম্জোন্স প্রভৃতি হিন্দু সঙ্গীতজ্ঞ মহোদয়গণ অভ্যুৎকৃষ্ট পিয়ানোর সহিত তুল্যতা স্থাপন করেন। ইংরাজি সংস্কৃত-অভিধানকর্তা মণিয়র উইলিয়ম্স সাহেব ইউরোপীয় “লায়ার যন্ত্র এবং বীণা এই উভয় যন্ত্রকে এক জাতীয় বলিয়া স্থিরসিদ্ধান্ত করিয়াছেন। আমাদের বীণাতে যেমন সাতটী তার আবক্ষ থাকে প্রাচীন গ্রীক জাতীয় লায়ার যন্ত্রেও সেইরূপ সাতটী

তার সান্দৰ্ভ থাকিত, গ্রীক এবং রোমীয়দের পুরাবৃত্তকর্তা উইলিয়াম সিথ সাহেব উক্ত গ্রন্থে লিখিয়াছেন যে, গ্রীকজাতিয়া নথন “লায়ার” এবং তজ্জাতীয় অন্যান্য যন্ত্রের বিষয় কিন্তুই জানিত না, তাহার পূর্বেও আসিয়াছ নানা দেশে এবং মিশরে লায়ার প্রভৃতি যন্ত্রের বহু প্রচলন ছিল, কিন্তু কাল পরে গ্রীকজাতিয়া “লায়ারের” উৎকর্মতা দর্শনে গ্রীস্মুদেশে প্রথমে উহা আনয়ন করেন। এতদ্বিময়ের পোষকতা হকিন্স সাহেব, বার্ণ সাহেব এবং কার্লেনজেল সাহেব-কৃত সঙ্গীত-গ্রন্থে ভূরি প্রসারে দেখিতে পাওয়া যায়। ফলতঃ বীণা যে অতি প্রাচীন এবং ভারতবর্ষ যে ইহার প্রথম জন্মস্থান তাহার আর কিছুমাত্র সন্দেহ নাই, তবে দেশভেদে অবয়বভেদে এবং নামভেদে হইয়া থাকিবে এই মাত্র। সংস্কৃত-সঙ্গীত-গান্ত-কর্ত্তারা নানা জাতীয় বীণার নাম বিধিবদ্ধ করেন তন্মধ্যে বল্লরী নামে এক জাতীয় বীণা পূর্বে ভারতবর্ষে বিদ্যমান প্রচলিত ছিল, মণিয়ার উইলিয়াম সাহেব তাহাকে “হার্প” বলিয়া নির্দেশ করিয়াছেন। হার্প যন্ত্র ব্রহ্মদেশে “শন” এবং চীন দেশে “কৌণ” বলিয়া ব্যবহৃত হয়। ইঞ্জিপ্ট দেশে বীণাকে “বেণ্” বলিয়া ব্যবহার করিত। “বীণ” এবং “বেণ্” এই দুইটী নামে কতক অংশে শব্দগত এক্য দেখা যাইতেছে। “বল্লরী” এবং “হার্প” এক দিক যন্ত্র নাই হউক, বস্তুতঃ “হার্প” “বল্লরী”র অনুকৃত যন্ত্র বটে, বোধ করি এ বিষয়ে আর কেহ সন্দেহ করিতে না পারেন।

সংখ্যা ২ ।

কচুয়া বা

কচুয়া সেতার ।

আমাদের দেশে কচুপী নামক অপর একবিধ বীণার বল্ল প্রচলন আছে, অধুনাতন লোকেরা তাহাকে “কচুয়াসেতার” বলিয়া ব্যবহার করেন। “সেতার” এই শব্দটা পারসিক ভাষা; শ্রীঃ ১৩ শতাব্দীতে পাঠান বৎশায় রাজা গয়েসু উদ্দিন বুল্বানের রাজস্বকালে আমীর খস্রু নামে যে বিখ্যাত কবিপ্রধান রাজসভাসদ্মধ্যে পরিগণিত ছিলেন তিনিই কচুপী, ত্রিত্ব্রী ইত্যাদি বীণাকে সামান্যতঃ “সেতার” এই আখ্যা প্রদান করেন। বস্তুতঃ ত্রিত্ব্রী নামের সহিত “সেতার” এই সংজ্ঞার অর্থগত কোন বৈমক্ষণ্য লক্ষিত হয় না, যেহেতু পারস্যভাষায় “সে” শব্দে তিন বুঝায়, স্বতরাং “সে—তার” আর “ত্রি—ত্ব্রী” উভয়েই একার্থ বাচক অর্থাত তিনতারবিশিষ্ট যন্ত্র। ত্রিত্ব্রী বীণার আকারও প্রায় কচুপী বীণার মত, তবে বিশেষের মধ্যে এই যে, কচুপী বীণার খোলটা অলাভুনিষ্ঠিত এবং তাহাতে পাঁচ হইতে সাতটা পর্যন্ত তার আবক্ষ থাকে, কিন্তু ত্রিত্ব্রীর খোল প্রায়ই কাষ্ঠনির্পিত (১), আর তাহাতে তিনের অধিক তার দৃষ্টিগোচর হয় না। যাহাই হউক, এক্ষণে কচুপীজাতীয় ত্রিত্ব্রী প্রভৃতি যন্ত্রমাত্রই প্রায় “সেতার” এই নামে

(১) ইহার বিশেষ বিবরণ তৃতীয় সংখ্যক ঘন্টে মঞ্চব্য।

প্রচলিত হইয়াছে । কচ্ছপী বীণার খোল কচ্ছপের পৃষ্ঠের ন্যায় চেপ্টা বলিয়াই ইহাকে কচ্ছপী বা কুন্দী বীণা বলে । কচ্ছপীর দৈর্ঘ্য সচরাচর প্রায় চারি ফুটই হইয়া থাকে । তবে বাদকগণ স্বেচ্ছানুসারে ইহার ন্যানাত্তিক্রমে করিয়া থাকেন, কিন্তু রাগ বাজাইবার কচ্ছপী আকারে অপেক্ষাকৃত কিঞ্চিং বৃহৎ হওয়া নিতান্ত আবশ্যক, তাহা না হইলে আলাপের সময় ঘূচ্ছনা-কোশল সুন্দররূপে প্রদর্শিত হইতে পারে না । কচ্ছপীর দৈর্ঘ্য চারিফুট হইলে তাহার পক্ষী হইতে পাঁচ ইঞ্চ উর্কে তত্ত্বাসন এবং তিনিফুট পাঁচ ইঞ্চ উর্কে আড়ি সমিবেশিত করা কর্তব্য । পরিমাণে চারি ফুটের ন্যানাধিক হইলে ইহারই সমানুপাত অনুসারে তত্ত্বাসন ও আড়ি স্থাপিত করিতে হইবে । শাস্ত্রকারেরা কচ্ছপী বীণাকেই বাগদেবী সরস্বতীর হাতের যন্ত্র বলিয়া ব্যাখ্যা করেন ; আমাদিগের বর্ণ্যমান কচ্ছপী বীণাটীতে যে সাতটী তার আবক্ষ আছে, তস্মধ্যে চারিটী লৌহের এবং তিনটী পিতলের । যথা—



	লো ১	পি ২	পি ৩	লো ৪	পি ৫	লো ৬	লো ৭
{	ম	স	স	স	প		
আ							
উ							

নিম্ন অতিরিক্তরূপে—

একচিহ্ন-বিশিষ্ট লোহতারটীকে নায়কী অথবা প্রধান তার বলে। নায়কী তারটী লোহনির্মিত, স্তুতরাং অতি দৃঢ় বলিয়া বাদমকালে ইহারই বিশেষ প্রয়োজন হইয়া থাকে। এই তারটী সচরাচর উদারা সপ্তকের মধ্যম করিয়া বাঁধা যায়। দুই ও তিনচিহ্নবিশিষ্ট পিতল তারদ্বয় উদারা সপ্তকের ষড়জ, চারিচিহ্নবিশিষ্ট লোহ তারটী উদারার পঞ্চম, পাঁচচিহ্নবিশিষ্ট পিতলতার নিম্নসপ্তকের ষড়জ, ছয়চিহ্ন-বিশিষ্ট লোহতার মুদারার ষড়জ ও সাতচিহ্নবিশিষ্ট লোহ-তারটী মুদারার পঞ্চম করিয়া বাঁধার রীতি আছে। ছয় ও সাত-চিহ্নবিশিষ্ট শুদ্ধ তারদ্বয় কচ্ছপী যন্ত্রের পার্শ্বে আবদ্ধ থাকে, এই দুইটী তারকে সচরাচর “শুদ্ধতন্ত্রিকা” বা “চিকারি” বলে। নায়কী ও দুইচিহ্নবিশিষ্ট তার ব্যতীত অপর কয়েকটী-তার কেবল স্বরঘোণ দিবার জন্য ব্যবহৃত হয়। তবে ক্ষিপ্রহস্ত নিপুণ কাচ্ছপিকেরা শুদ্ধ তন্ত্রিকা ভিন্ন অবশিষ্ট তার গুলিতে বাম-হস্তের অঙ্গুলী সারিকায় সারিকায় সঞ্চালন করত সংযোগাদি নামাবিধি স্বরক্ষেশল দর্শাইয়া থাকেন। ইচ্ছা করিলে কচ্ছপী বীণাতেও ইউরোপীয়গিটার যন্ত্রের ন্যায় দুই তিনটী স্বর একত্র ধ্বনিত করা যাইতে পারে। কিন্তু ভারতীয়সঙ্গীতে একপ রীতির বড় একটা ব্যবহার নাই। কচ্ছপী বীণার কার্ত্তদণ্ডের উপরে সতরখানি লোহাদিধাতুনির্মিত সারিকা তন্তুদ্বারা আবদ্ধ থাকে এবং তাহাতে সার্কুলিসপ্তকমাত্র স্বর প্রতিপন্থ করা যায়। কচ্ছপী এতৎসমস্ক্রে মহতী বীণার সহিত প্রায়ই তুল্য। তবে তাহার সারিকাবিন্যাস বিকৃতস্বরগ্রামানুযায়ীক,

ଆମ ଇହାର ସାରିକା ଗୁଲି କେବଳ ସ୍ୟବହାରଗତ ତୀତ୍ରମଧ୍ୟମ ଓ କୋମଲନିଷାଦଯୋଗେ ପ୍ରକୃତସ୍ଵରଗ୍ରାମାନୁସାରେ ବିନ୍ୟାସ, ଏଇମାତ୍ର ବିଶେଷ । ସଥା—

୩	ମୁଖ୍ୟ ମଧ୍ୟ ମଧ୍ୟ ମଧ୍ୟ																
	ମୁଖ୍ୟ ମଧ୍ୟ ମଧ୍ୟ ମଧ୍ୟ																
	୧	୨	୩	୪	୫	୬	୭	୮	୯	୧୦	୧୧	୧୨	୧୩	୧୪	୧୫	୧୬	୧୭

କଛପୀଯନ୍ତ୍ରବାଦନକାଲେ ତାହାର ପଶ୍ଚାନ୍ତାଗ ବାଦକେର ମୟୁଥେ ସ୍ଥାପନପୂର୍ବକ ଅଲାବୁଟୀର ପାର୍ଶ୍ଵଦିକ୍ ଦକ୍ଷିଣହଞ୍ଚେର କଜ୍ଜି ମହାକାରେ ଚାପିଯା, ଦାଣ୍ଡାଟୀ ବାମହଞ୍ଚେ ଆଲଗୋଛା ଟେଶ ରାଖିଯା ଧରିତେ ହ୍ୟ । ପରେ ସ୍ଵରସ୍ଥାନମ୍ବ ପ୍ରତି ସାରିକାଯ ବାମହଞ୍ଚେର ତର୍ଜନୀ ଓ ମଧ୍ୟମା-ଙ୍କୁଲିକେ ତାରେର ଉପର ମଞ୍ଚାଲିତ କରତ ଦକ୍ଷିଣହଞ୍ଚେର ମୁଜାପା-ବ୍ରତତର୍ଜନୀ ଘାରା ସାରିକାଶୂନ୍ୟ ପ୍ରଦେଶେ ମେଇ ତାରେର ଉପର ଆଘାତ ଦିଲେ ଉଲ୍ଲିଖିତ ସାର୍କିବିସମ୍ପକ ଉତ୍ତମ ରୂପେ ପ୍ରକାଶ ପାଇବେ । କଛପୀ ବୀଣାର ଧରନିବିଷୟେ ମହତ୍ୱ ବୀଣାର ମହିତ ଅନେକାଂଶେ ମସତା ଦେଖିତେ ପାଓଯା ଯାଯା ; ମହତ୍ୱ ବୀଣାତେ ଯେ ସକଳ ଉତ୍କଟ ଉତ୍କଟ କାର୍ଯ୍ୟ ଅଧିକ ଆଯାଦେ ମସ୍ପାଦିତ ହ୍ୟ, କଛପୀ ବୀଣାତେ ତଂସମୁଦ୍ରାଯ କାର୍ଯ୍ୟ ଅତି ମହଜେ, ଅନ୍ନ ପରିଶ୍ରମେ ଏବଂ ସ୍ଵଚାରରାପେ ନିଷ୍ପତ୍ତ ହଇତେ ପାରେ । ଗ୍ରୀକ୍ ଏବଂ ରୋମାନ୍ଜାତୀୟପୁର୍ବାବ୍ଲବିଷୟକ ଅଭିଧାନକର୍ତ୍ତା ଉଇଲିୟମ୍ ଶ୍ରିଥ୍ ମାହେବେର ମତେ ଲାଯାର, ଟେସ୍ଟିଡୋ ଓ କଛପୀ ଏଇ ତିମଇ ଏକ ଜାତୀୟ ସନ୍ଦର୍ଭ । ଅଧୁନାତନ ଇଉରୋପୀୟ ଗୀଟାର ଯନ୍ତ୍ରେରେ ମହିତ କଛପୀର ଅନେକ ସୌମାଦୃଶ୍ୟ ଲକ୍ଷିତ ହ୍ୟ । ଏନ୍‌ସାଇଙ୍ଗ୍ରେ-ପିଡ଼ିଆ-ପ୍ରଣେତା ରିଜ୍ ମାହେବ ବଲେମ କଛପୀ ହଇତେଇ ଗୀଟାରେର

উৎপত্তি। স্কুল অব ইউনিভার্সিটি মিউজিক্যাল কলেজের ডাক্তার এডলফ মার্কস সাহেবের মতে গীটার কচ্ছপীর অবয়বভেদমাত্র, জর্মান জাতীয়েরা তাহাকে জিতার বলিয়া ব্যবহার করেন। বস্তুতঃ কচ্ছপী বীণা সামান্যের “সেতার” এই নাম ভারতবর্ষে আমীর খক্সরদিবার অনেক পূর্বে অন্যান্য দেশেও উক্তবিধ যন্ত্র গ্রন্থেই প্রচলিত ছিল। বুটানিকাকর্তা বলেন যে, আরবদেশ হইতেই কচ্ছপী অবয়বভেদে গীটার নামে বিখ্যাত হয়। অতি প্রাচীন কালে যখন পারসিকদিগের সহিত ভারতবর্ষে দিগের বাণিজ্যাদি ঘটিত বিশেষ সংস্করণ ছিল, তৎকালে পারসিকেরা ভারতবর্ষহইতে কচ্ছপীকে স্বদেশে লইয়া গিয়া “সেতার” নাম প্রদান করে। পরম্পরাগত পারসিক-কবি আমীর খক্স যে পর্যন্ত ভারতবর্ষে না আসিয়াছিলেন তদবধি এতদেশে কচ্ছপী নামই অবিচলিতভাবে প্রচলিত ছিল। পরে উক্ত যন্ত্র পারস্তদেশ হইতে আরবে গিয়া কিঞ্চিৎ অবয়বভেদে গীটার, এসিরিয়া দেশে এসোর, প্রাচীন গ্রীষ্মে খিতারা, ইহুদীদিগের দেশে কিশোর, নিউবিয়ায় কিশোর এবং অপরাপর দেশে বিভিন্ননামে প্রসিদ্ধ হয়। আরব্যদেশহইতেই যে, গীটার নামের উৎপত্তি, ডাক্তার বার্ণিসাহেবও একথা স্পষ্টাক্ষরে স্বীকার করিয়া গিয়াছেন। রিজ্জ সাহেবকৃত এন্সাইক্লোপিডিয়ায় লিখিত আছে যে, শ্রীঃ নবম শতাব্দীতে আরবীয়েরা যখন স্পেন দেশে আপনাদিগের আধিপত্য স্থাপন করে, সেই সময়ে তাহাদিগের দ্বারাই গীটার যন্ত্র উক্তদেশে নীত এবং স্থাপিত


ହୁଯ । ଅନୁଷ୍ଠର କାଳମହକାରେ ଏଣ୍ଟିଟାର ଯନ୍ତ୍ର ଇଉରୋପେର ସାବ୍-
ତୀଯ ଦେଶେ ଅବସରଭେଦେ ଭିନ୍ନ ଭିନ୍ନ ନାମେ ବ୍ୟବହର ହଇଯା
ଆସିଥିଲେ; ଫଳତଃ ଭାରତବର୍ଷୀୟ କଚ୍ଚପୀ ବା କୁର୍ମୀ ବୀଣାଇ
ବୋଧ ହୁଯ ତେଣୁଦ୍ୟାୟ ଯନ୍ତ୍ରେର ମୂଳ ।

ସଂଖ୍ୟା ୩।

ତ୍ରିତ୍ର୍ମ୍ଭୀବୀଣା ।

କଚ୍ଚପୀ ବୀଣାର ପ୍ରକାରେ କଥିତ ହଇଯାଇଛେ ଯେ, ତ୍ରିତ୍ର୍ମ୍ଭୀ-
ବୀଣାର ଅବସର ପ୍ରାୟ କଚ୍ଚପୀରଇ ନାତ, କେବଳ ଇହାର ଖୋଲଟୀ
କାର୍ତ୍ତନିର୍ମିତ ଏବଂ ଇହାତେ ତିନଟି ତାର ଆବନ୍ତ ଥାକେ ଏହି ମାତ୍ର
ଭେଦ । କଚ୍ଚପୀତେ ଯେ ଯେ କାର୍ଯ୍ୟ ସମ୍ପାଦିତ ହୁଯ, ଇହାତେ ଓ ମେଇ
ମେଇ କାର୍ଯ୍ୟ ଅନେକାଂଶେ ସମ୍ପର୍କ ହିତେ ପାରେ, କେବଳ ଅବସରେ
କିଞ୍ଚିତ୍ କୁନ୍ଦରତାନିବନ୍ଧନ ରାଗରାଣିଗୀର ଆଲାପୋପଯୋଗୀ ମୁଚ୍ଚନାନ୍ଦି
କାର୍ଯ୍ୟ ନିଷ୍ପର୍ମ କରା କିଛୁ କଟ୍ଟାଧ୍ୟ ହୁଯ । କଚ୍ଚପୀର ଲୋହମୟ
ନାୟକୀ ତାରଟାଯେମନ ଉଦ୍ଦାରାର ମଧ୍ୟମେ ବୀଧି, ଇହାର ନାୟକୀ ତାର ଓ
ଅବିକଳ ତକ୍ରପ ବୀଧି ଥାକେ, ତାହାର ପିତ୍ତଳ-ନିର୍ମିତ-ଦ୍ଵିତୀୟ
ତାର ଯେମନ ଉଦ୍ଦାରାର ଦୁରେ ବୀଧିବାର ରୀତି ଆଛେ, ଇହାର ଦ୍ଵିତୀୟ
ତାରଟା ଓ ଠିକ ମେଇରୂପ, କେବଳ ତୃତୀୟ ତାରଟାତେ କିଞ୍ଚିତ୍ ବୈଲ-
କ୍ଷଣ୍ୟ ଲଙ୍ଘିତ ହୁଯ । କଚ୍ଚପୀର ତୃତୀୟ ତାର ଦ୍ଵିତୀୟ ତାରର ସମସ୍ତରେ

বাঁধিবার রীতি প্রায় সর্বত্র প্রচলিত আছে, কিন্তু ত্রিতন্ত্রীর তৃতীয় তারটা দ্বিতীয় তারের সমন্বয়ে অর্থাৎ উদারার ষড়জে না বাঁধিয়া তাহার নিম্ন সপ্তকের পঞ্চম করিয়া বাঁধার ব্যবহার দেখিতে পাওয়া যায়, এই মাত্র বিশেষ। যদিচ কচ্ছপীর তৃতীয় তারের সহিত ত্রিতন্ত্রীর তৃতীয় তারের বন্ধনগত ভেদ আছে তথাপি ধাতুগতভেদ কিছুই লক্ষিত হয় না। যথা—



নিম্ন অতিরিক্তরেখ।

সারিকাসন্ধিক্ষে কচ্ছপীর সহিত ত্রিতন্ত্রীর কিছুমাত্র ইতর বিশেষ নাই, এবং তাহাতে সার্কুলিসপ্তক স্বর যে নিয়মে প্রতিপন্থ হয়, ইহাতেও সেই প্রণালীতে সার্কুলিসপ্তক সম্পন্ন হইয়া থাকে। ত্রিতন্ত্রীর বাদনাদির নিয়ম অবিকল কচ্ছপীর ন্যায়। আচীন গ্রীক দিগের হার্মিসের লাইয়্যর যন্ত্রের তারের সহিত ত্রিতন্ত্রীর তারের সংখ্যাগত কোন বৈলক্ষণ্য দেখা যায় না, কেবল বন্ধনবিষয়ে কিঞ্চিৎ অনৈক্য প্রত্যক্ষ হয়।



সংখ্যা ৪ ।

—○—○—○—

কিমৰী বীণা ।




কিমৰী নামে অপৰ এক জাতীয় বীণা এতদেশে বহুকালাবধি প্রচলিত আছে। কোন কোন গ্রন্থকারের মতে এই যন্ত্রের খোলটী অলাবু বা কাষ্ঠদ্বারা নির্মিত না হইয়া পূর্ববকালে মারিকেলের খোলদ্বারা প্রস্তুত হইত, অধুনাতন সঙ্গীত-কুতুহলীদিগের মধ্যে কেহবা বৃহৎ পক্ষীবিশেষের অণ্ড এবং আট্টেরা রজতাদি উৎকৃষ্ট ধাতুদ্বারা প্রস্তুত করাইয়া থাকেন; ফলতঃ নারিকেলখোলনির্মিত কিমৰীর ধ্বনির সহিত অঙ্গাদি নির্মিত কিমৰীর ধ্বনির কিছুমাত্র ইতর বিশেষ অনুভূত হয় না। এই জাতীয় বীণাতে সচরাচর পাঁচটী তার আবক্ষ থাকে, কচ্ছপী বীণার সাতটী তারের মধ্যে পার্শ্বস্থ দুইটী ক্ষুদ্র তস্ত্রিকা অর্থাৎ চিকারি ব্যতীত অবশিষ্ট পাঁচটী যে যে ধাতু নির্মিত ও যে যে স্তরে আবক্ষ হয়, ইহার পাঁচটী তার ও সেই সেই ধাতু-নির্মিত ও সেই সেই নিয়মে বন্ধ হইয়া থাকে। ইহার অবয়ব কচ্ছপীহইতে অনেক ক্ষুদ্র, স্বতরাং তঙ্গজ্য ধ্বনি ও অপেক্ষাকৃত যন্ত্র। এডওয়ার্ড এফ. রিস্টল এল. এল. ডি সাহেবকৃত পিয়ানোফোটী যন্ত্রের

ଇତିହାସବିଯୟକ ଗ୍ରନ୍ଥେ ସ୍ପଷ୍ଟାକ୍ଷରେ ଲିଖିତ ଆଛେ ଯେ, କିମ୍ବରୀ ଜାତୀୟ ବୀଗା ହିଁ ଇତ୍ତିଦିନିଗେର ଦେଶେ କିମ୍ବର ଓ ଗ୍ରୀଶ୍ ଦେଶେ ଶମ୍ଭୁକା ନାମେ ବିଖ୍ୟାତ ଛିଲ । କିନ୍ତୁ ଦେଶଭେଦେ ଓ ନାମଭେଦେ କିମ୍ବରୀର ଅବସରଭେଦ ଅନ୍ତର୍ଭବ ନହେ । ଏହି ଉତ୍ସବିଧିନାମ-ପ୍ରମିଳ୍ୟକ୍ରମ ତତ୍ତ୍ଵଦେଶେ କୋମଳକର୍ତ୍ତ୍ତ୍ଵୀ ପ୍ରାଜାତି କର୍ତ୍ତ୍ତକ ଅଧିକ ବ୍ୟବହରିତ ହେବି ।

ସଂଖ୍ୟା ୫ ।

— ୧୦ —



ରଙ୍ଗନୀ-ବୀଗା ଦେଖିତେ କତକାଂଶେ ମହତ୍ୱି-ବୀଗାର ନ୍ୟାୟ, କିନ୍ତୁ ବିଶେଷ ଏହି ଯେ ମହତ୍ୱି-ବୀଗାର ଦ୍ୱାରା ବଂଶେର ଆର ଇହାର ଦଶ୍ତି କର୍ତ୍ତ୍ତ୍ଵୀ ପ୍ରଭୃତିର ନ୍ୟାୟ କାର୍ତ୍ତେର ହେବା ଥାକେ । ଆରଓ ରଙ୍ଗନୀ ଉତ୍ସ ସତ୍ର ଅପେକ୍ଷା ପରିମାଣେ କିଞ୍ଚିତ କୁଦ୍ର । ଇହାର ସାରିକାବିନ୍ୟାସ କର୍ତ୍ତ୍ତ୍ଵୀଜାତୀୟ ଅନ୍ୟାନ୍ୟ ବୀଗାର ନ୍ୟାୟ ଏବଂ ତାର ସଂଖ୍ୟା ସାତଟା । ଇହାକେ କର୍ତ୍ତ୍ତ୍ଵୀ ବୀଗାର ଅନୁରୂପ କରିଯା ବାଁଧା ଯାଯା । ତବେ ମହତ୍ୱିର ସହିତ ରଙ୍ଗନୀର ସମତା ଏହି ମାତ୍ର

যে, মহতী-বীণার ন্যায় ইহারও দণ্ডের উভয় পাশে দুইটা অলাবু যোজিত থাকে ।

সংখ্যা ৬ ।

রুদ্র-বীণা বা রবাব ।



ভারতবর্ষে যবনাধিকারের পূর্বে এই যন্ত্রটা রুদ্র-বীণা বলিয়াই প্রসিদ্ধ ছিল, অনন্তর বিজয়ী যবনরাজগণকর্তৃক রবাব-নামে বিখ্যাত হয়। রবাব-যন্ত্রও সেতারাদির ন্যায় একটা খোল ও দণ্ডবারা প্রস্তুত হইয়া থাকে; বিশেষের মধ্যে এই যে, এই খোল ও দণ্ড এ উভয়ই একখানি অথঙ্কার্তদ্বারা নির্মিত এবং খোলটা গোধাচর্ম অথবা ছাগাদির পাতলাচর্মদ্বারা আচ্ছাদিত। মহতী প্রভৃতি বীণার ন্যায় ইহাতেও একখানি হস্তিদন্তের তন্ত্রাসন আছে। রবাবগন্তে ছয়টা কীলকে অর্থাৎ কাণে ছয় গাছি তন্তু অর্থাৎ তাঁত আবদ্ধ থাকে। এই যন্ত্রে লোহাদিধাতুনির্মিত তাঁর ব্যবহৃত হয় না এবং নিম্নলিখিত নিয়মে এই ছয় গাছি তন্তু বাঁধা যায়। যথা—

	১	২	৩	৪	৫	৬
আঁকা						
মুক্ত	প	ঘ	ন			

প গ ম

রবাবদ্ধস্ত্রে সারিকাবিন্যাস থাকে না, যন্ত্রটী ক্ষক্ষে স্থাপনপূর্বক বামহস্তের কেবল তর্জনীতে মৎস্যের একখানি মোটা শঙ্ক অর্থাৎ আঁইস এক গাছি সূত্রদ্বারা বন্ধন করিয়া তৎসহ-কারে তারের উপরে উপরে স্বরস্থানে ধর্ষণ এবং দক্ষিণহস্তের তর্জনী ও বৃন্দাঙ্গুলির টীপঘোগে চন্দনকাষ্ঠের বা বংশনির্মিত একটী কোণস (অর্থাৎ ত্রিভুজাকৃতি একখণ্ড ক্ষুদ্র ফলক, পারস্য ভাষায় ইহাকে জওয়া বলে) ধারণ করিয়া তাহার আঘাতঘোগে বাজাইতে হয়। ইহার আঘাত গুলি কোলের দিকে না হইয়া ত্বরিপরীত দিকেই হইয়া থাকে, অর্থাৎ কেবল উণ্টা আঘাতদ্বারাই ইহার বাদনক্রিয়া নিষ্পম করিতে হয়। রবাব-দ্বন্দ্বের এইটী বিশেষ নিয়ম। বীণাজাতীয় অন্যান্য হিন্দু যন্ত্রের ন্যায় রবাবেও সার্কুলিসপুর স্বর সুন্দররূপে প্রতিপন্ন হইয়া থাকে। রবাবের যে যে তন্ত্র হইতে যে যে স্বর-নির্গত হয়, তাহা নিম্নে প্রদর্শিত হইতেছে। যথা—

৬	৫	৪	৩	২	১	সার্কুল
জ						
ম			শ	ঞ	গ ম	প ধ ন

রবাবের ছয়টী তন্ত্রই নিয়মিতরূপে বাজিয়া থাকে। পশ্চিম হিন্দুস্থানের রামপুরপ্রভৃতি অঞ্চলে ইহার বহুলপ্রচার দেখিতে পাওয়া যায়। আফগানস্থান ও পারস্যপ্রভৃতি দেশেও এই যন্ত্রটী রবাব নামেই প্রসিদ্ধ। আরবীয়েরা ইহাকে “রুবেব” বলিয়া ব্যবহার করে। প্রসিদ্ধ আরবীয় শব্দশাস্ত্র-বেত্তা ফিরোজা বাদী মজদুল্লাদীন তাহার বিখ্যাত

অভিধান গ্রন্থে (কামুদ্র) লিখিয়াছেন যে, প্রায় সত সহস্র বৎসর অতীত হইল বস্ত্র-গ্রাম-নির্বাসী সঙ্গীত কুশলী আব্দুলা এই যন্ত্রের প্রথম সৃষ্টি করিয়া “রুবেব” এই নাম-করণ করেন। উইলার্ড সাহেব বলেন, স্পেনিস গীটারের অবয়বের সহিত রবাবের অনেকাংশে সমতা আছে। ইউরোপীয় ম্যাশুলিন প্রভৃতি প্রাচীন যন্ত্রসমূহের সহিত একক্য করিয়া দেখিলে ইহার অবয়বের অনেক সৌসাদৃশ্য দেখা যায়, বোধ হয় রুদ্র-বীণাই স্পেনিস গীটার ও ম্যাশুলিন প্রভৃতি যন্ত্রের আদর্শ; যেহেতু রুদ্র-বীণা ইউরোপীয় উক্ত যন্ত্রসমূহ অপোক্ষ অনেক প্রাচীন।

সংখ্যা ৭।

শারদীয়-বীণা বা শরদং।



শারদীয়-বীণার দণ্ড হইতে খোল পর্যন্ত প্রায় সংদায় অবয়বটী একখানি অখণ্ড কার্ত্তব্যারা প্রস্তুত হইয়া থাকে, খোলটী আবার রবাবের গত গোধাদির চর্মব্যারা আচ্ছাদিত। এই যন্ত্রেও রুদ্র-বীণার ন্যায় সারিকাবিন্যাস থাকে না এবং ইহাতে ছয়টী কীলকে বা কাণে ছয়গাছি তন্ত যথারীতি

* এই শব্দে পারস্য ভাষায় গান করা বুঝায়।

আবদ্ধ থাকে। বাদকগণ স্বেচ্ছানুসারে ইহাতে তত্ত্ব পরিবর্তে লোহাদিধাতুনির্মিত তারও সময়ে সময়ে মোজনা করিয়া থাকেন, কিন্তু সচরাচর একুপ পদ্ধতির বড় একটা ব্যবহার নাই। যন্ত্রদণ্ডের পার্শ্বে সাত হইতে একাদশ পর্যন্ত ইচ্ছামীন অপর কয়েকটী অতিরিক্ত কীলক সংমোজনা করা হয় এবং প্রত্যেকে পিভলাদি-ধাতু-নির্মিত-তার আবদ্ধ থাকে, সেই তার গুলিকে পারস্য ভাষায় “তরফ” ও সংস্কৃত ভাষায় “পার্শ্বতন্ত্রিকা” বলে। এই পার্শ্বতন্ত্রিকা গুলি নিয়মিত আঘাত দ্বারা বাদিত হয় না, কেবল পূর্বোক্ত প্রধান ছয়টী তার-বাদন-কালে তাহাদিগের কম্পনেই এই অতিরিক্ত তার-গুলি ঝক্কারিত বা প্রতিখনিত হয়। শরদের প্রধান তার-ছয়টী। নিম্ন লিখিত নিয়মে তাহাদের বাঁধিবার রীতি দেখা যায়। যথা—

	5	2	3	8	4	6
5						
2						
3						

শরদ-ঘন্টা ক্লোডে স্থাপন করত সেতারাদি-ঘন্টের ন্যায়
বামহস্তে আলগে হাতেন্দ্ৰ রাখিয়া সারিকাৱিত দণ্ড-কার্তৃ
পট্টকেৱ (পারণ্য ভাষায় ইহাকে পট্টিৱ কহে) স্বৰ-হানে তাৱেৱ
উপৱে উপৱে বামহস্তেৱ অঙ্গুলি ঘৰণ এবং দক্ষিণ-হস্তেৱ
তর্জনীও বৃক্ষাঙ্গুলিৱ টীপসহকাৱে রোবাবাদিতে ব্যবহৃত জওয়াৰ
ন্যায় আন্তিৰ, কাৰ্ত্তেৱ অবৰা বৎশাৰা-নিৰ্মিত একটী জওয়া ধাৰণ

করিয়া তাহার আঘাতে ইহা বাজাইতে হয়। শরদ-বাদন-কালে বামহস্তের বৃক্ষাঙ্গুলি ব্যতীত অপর চারিটী অঙ্গুলিরই ব্যবহার হইয়া থাকে। পরম্পরা তর্জনী ও মধ্যমা এই দুইটী অঙ্গুলিরই অধিক ব্যবহার দেখা যায়। শরদে নিঙ্গলিধিত নিয়মে সার্ক-বিসংক্ষ দ্বর প্রতিপন্থ হয়। যথা—

অ	৯	১০	১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪	১৫	১৬
ম																		
ত																		
স																		

২২, ১৬

অন্যান্য ষষ্ঠাপক্ষা শরদ-যন্ত্রের তার-যোজনায় কিঞ্চিং বিশেষ আছে। ইহার এক ও দুইচিহ্নবিশিষ্ট দুইটী তার এবং তিন ও চারিচিহ্নবিশিষ্ট দুইটী তার ইহার। পরম্পরা সম্মিলিতে ও সমস্তের আবক্ষ থাকে। সমস্তের আবক্ষ এই দুই দুইটী তার একত্র অঙ্গুলি-বর্ধনে ব্যবহৃত হয়। পাঁচ ও ছয়চিহ্নবিশিষ্ট তার-দ্বয় পৃথগ্ভাবে যোজিত ও বাদিত হইয়া থাকে। স্তরাং ইহাতে ছয়টী তার সত্ত্বেও এক ও দুইচিহ্নবিশিষ্ট তার দুইটী সমস্তের বক্তৃ এবং একত্র ধ্বনিত হয় বলিয়া একটীরই ন্যায় কার্যকারী হয় এবং তিন ও চারিচিহ্নবিশিষ্টতার দুইটীও এই রূপ। স্তরাং এই চারিটী তারের দুই তারের কার্য সম্পূর্ণ করে। বস্তগত্যা ইহার চারিটী মাত্র তারই কার্য্যাপযোগী। প্রয়োজনীয় এই চারিটী তারের মধ্যে আবার ছয়চিহ্নবিশিষ্ট তারটী কেবল স্তর-যোগ দিবার জন্য ব্যবহৃত হইয়াছে। বঙ্গদেশে সেতারাদির ন্যায় শরদ-যন্ত্রের বড় অধিক ব্যবহার দেখিতে

পাওয়া যায় না, ভারতবর্ষের উত্তর-পশ্চিম-প্রদেশেই ইহার মমধিক আদর আছে। যখন-রাজাদিগের রাজস্বকালে এই যন্ত্রটী যাত্রিক যন্ত্র বলিয়া প্রসিদ্ধ ছিল, যখন রাজগণ বায়ু সেবন বা অন্য কোন কার্য নিবন্ধন বহিগমন করিতেন, সেই সময়ে হস্তী বা উষ্ট্রের-পৃষ্ঠে শরদ-যন্ত্র স্থাপিত ও তাঁহাদিগের অগ্রে অগ্রে বাসিত হইত। পরন্তু এক্ষণে এই যন্ত্রটী তৎ-পরিবর্ত্তে সভ্য-যন্ত্র-মধ্যে পরিগণিত হইয়াছে। কখন কখন এমনও হয় যে, শারদিকেরা ইহার সমস্তের কর্ণ মিলাইয়া সভাতে গানও করিয়া থাকেন। শরদ-যন্ত্র কি স্বতঃসিদ্ধ, কি অনুগতসিদ্ধ উভয় ভাবেই এক প্রকার বড় মন্দ লাগে না। তবে মহত্তী, কচ্ছপী বা রুদ্র-বীণার সদৃশ নহে, শরদের ধ্বনি অপেক্ষাকৃত কিছু নীরস ও কর্কশ বোধ হয়। আফ্গান-হান ও আরব প্রভৃতি আসিয়াছ অনেক দেশে শরদ প্রচলিত আছে, কিন্তু আরবীয়শরদ ভারতবর্ষীয়শরদ অপেক্ষা আকারে কিঞ্চিৎ ক্ষুদ্র এবং উভয়ের অবয়বগতও কিঞ্চিৎ তারতম্য আছে, সংজ্ঞাগত কোন বৈলক্ষণ্য নাই। শরদ-যন্ত্র কিঞ্চিন্মাত্র অবয়ব ভেদে মিশ্র দেশে গুস্যা নামে প্রচলিত আছে।

সংখ্যা ৮।

স্ব-শৃঙ্খার বা স্ব-শৃঙ্খার।

এই যন্ত্রের খোলটী শরদ বা রবাবের ন্যায় একখানি অভিন্ন কার্ত্তিমারা প্রস্তুত না হইয়া সেতারাদি অন্যান্য যন্ত্রের ন্যায়

অলাবু-নির্মিত হয়। ঐ অলাবুর উপরে সেতারাদির ন্যায় কার্ত্ত-নির্মিত একখানি ধ্বনি-পট্টক (পারস্য ভাষায় ইহাকে তবলি বলে) দেওয়া আছে; উক্ত ধ্বনি-পট্টকের উপর হস্তিদন্ত-নির্মিত একখানি তন্ত্রাসন (পারস্য ভাষায় যাহাকে সওয়ার্ণি কহে) এবং পূর্বকথিত অলাবুটীতে কার্ত্ত-নির্মিত একটী দণ্ড যোজিত থাকে ; আবার ঐ দণ্ড বা ডাঙির উপরে একখানি সমতল লোহপট্টক (হিন্দি ভাষায় ইহাকে পট্টি কহে) আছে, ধ্বনির আধিক্য করণ-জন্য দণ্ডের পরপার্শেও অপর একটী অলাবু মহতী-বীণার ন্যায় যোজিত হয়। স্বর-শৃঙ্গারের ছয়টী কীলকে বা কাণে তিনটী লোহের এবং তিনটী পিণ্ডলের সাকলে ছয়টী তারের ব্যবহার দেখা যায় এবং ঐ তার কয়েকটী নিম্নলিখিত নিয়মে বাঁধা গিয়া থাকে। যথা—

জি	১	২	৩	৪	৫	৬
মি	প	শ				প
	প	শ				প

স্বর-শৃঙ্গারে সারিকাবিন্যাস নাই, রবাব-যন্ত্রের ন্যায় এই যন্ত্রটীও ক্ষক্ষে স্থাপনপূর্বক বামহস্তের তর্জনী এবং মধ্যমা অঙ্গুলি লোহপট্টকে পরিস্থ-তারের উপরে উপরে ঘর্ষণ করত দক্ষিণ-হস্তের তর্জনী এবং বুকাঙ্গুলির টাপ-যোগে লোহ-নির্মিত-কোণসূ ধারণ করিয়া রাখাবের প্রণালীতে বাজাইতে হয়, ইহাতে নিম্নে প্রদর্শিত প্রথানুসারে সার্কি-বিসপ্তক স্বর প্রতিপন্থ হয়। যথা—

	৫	৪	৩	২	১	সাংস্কৃত
{						
মু				সংস্কৃত	ম	পদ্ধনি
ট	সাং	গ	প	ব	ধ	নি

মহত্তী, কচ্ছপী ও রুদ্র এই তিন-জাতীয়-বীণার মিশ্রণে স্বর-শৃঙ্খারের উৎপত্তি। প্রসিদ্ধ বীণকার পিয়ার থাঁ এই যন্ত্রটী প্রস্তুত করেন। এই যন্ত্রের নিম্নের অলাবু-নির্মিতখোল, ধ্বনি-পটক ও তন্ত্রাসন এই তিনটী অংশ অবিকল কচ্ছপী-সদৃশ, দণ্ডটী রুদ্র-বীণার অনুকৃত, ইহার মধ্যে বিশেষ এই যে, রুদ্র-বীণার পট্টির খানি কার্ত্তনির্মিত, স্বর-শৃঙ্খারের পট্টির খানি তৎপরিবর্তে লোহ-নির্মিত হয় এবং পূর্বে কথিত হইয়াছে যে, দণ্ডের অপর প্রান্তে অবিকল মহত্তী-বীণার অনুকরণে আর একটী অলাবু যোজিত থাকে। রুদ্র-বীণাতে তন্ত্র ব্যবহার করে, ইহাতে তন্ত্র বিনিয়মে সেতারাদির ন্যায় লোহাদিধাতুময় তার আবদ্ধ করা যায়; কিন্তু তার-যোজনা, স্বরবন্ধন-পদ্ধতি, ধারণ এবং বাদন-প্রণালী সকলই প্রায় রুদ্র-বীণার অনুরূপ। যাহাই হউক, স্বর-শৃঙ্খার গুণ-গরিমা বা বন্ধন-সম্বন্ধে কি মহত্তী-বীণা, কি কচ্ছপী-বীণা, কি রুদ্র-বীণা এই তিনের কাহারই সদৃশ নহে, ইহার ধ্বনি ও অপেক্ষাকৃত অনেক ঘূর্ছ এবং স্বল্পশূণ্যস্থায়ী।

ସଂଖ୍ୟା ୧ ।

ସୁର-ବାହାର ।

ସୁର-ବାହାର-ସତ୍ର କଛୁପୀ-ବୀଣାରୁଇ ଅବସବତ୍ତେଦମାତ୍ର, ଏତ-
ଦୁଇମେର ମଧ୍ୟେ ପରମ୍ପରେର ଏହି ବିଶେଷ ଯେ, ସୁର-ବାହାରେ ଧରି-
କୋମ କଥନ କଥନ କାର୍ତ୍ତନିର୍ମିତ ଓ ହଇଯା ଥାକେ ଏବଂ ପରି-
ମାଣେ ଓ କଛୁପୀହିଟେ କିଛୁ ବୁଝି ହୟ । କଛୁପୀତେ ଯେମନ ସାତଟୀ
କୀଲକ ଥାକେ, ସୁର-ବାହାରେ ଓ ତଦନୁଧୀରୀ ସାତଟୀ କୀଲକ ସଂଲଗ୍ନ
ଆଛେ, ଏବଂ ଏ ସାତଟୀ କୀଲକେ କଛୁପୀର ଅନୁରୂପ ଧାତୁନିର୍ମିତ
ସାତଟୀ ତାର ଓ ସଂବନ୍ଧ କରା ଯାଏ । ଅଧିକଷ୍ଟ ଇହାତେ ତରଫ୍ ବ୍ୟବ-
ହତ ହୟ, ମେହି ତରଫ୍କୁଳି ଦେଖିପାରେ ସଂଲଗ୍ନ ଏକଥାନି କାର୍ତ୍ତ-ଖଣ୍ଡ
ସଂଯୋଜିତ ଅତିରିକ୍ତ କରେକଟୀ ଶୁଦ୍ଧ ଶୁଦ୍ଧ କୀଲକେ ସଂବନ୍ଧ
ଥାକେ । ତରଫ୍ ବା ପାର୍ଶ୍ଵତ୍ତ୍ଵିକା ଶୁଦ୍ଧ ପିତଳ-ନିର୍ମିତ ହେଲା
ଉଚିତ । ପ୍ରଧାନ ସାତଟୀ ତାର ସ୍ଥାପନେର ନିମିତ୍ତ ଧରି-ପଟକେର
ଉପରେ ଯେମନ ଏକଥାନି ତନ୍ତ୍ରାସନ ଥାକେ, ଏହି ପାର୍ଶ୍ଵତ୍ତ୍ଵିକା ଶୁଦ୍ଧ
ସଂସ୍ଥାପନ ଜନ୍ୟ ଓ ଅପର ଏକଥାନି ଅତିରିକ୍ତ ଶୁଦ୍ଧ ତନ୍ତ୍ରାସନ
ଦିତେ ହୟ । ଏହି ତନ୍ତ୍ରାସନ ଥାନି ପ୍ରଧାନ ତାରେର ତନ୍ତ୍ରାସନ ହିଟେ
ପ୍ରାୟ ଅର୍ଦ୍ଧହତ୍ତ ଅନ୍ତରେ ଉପରେ ଦିକେ ପ୍ରଧାନ ତାରେର ନିଚେ
ସ୍ଥାପିତ ଥାକେ । ଏହି ସନ୍ତ୍ରେ ଧାରଣ ଓ ବାଦନ-କ୍ରିୟା କଛୁପୀରୁଇ
ଅନୁରୂପ । ସୁର-ବାହାରେ ତାରବନ୍ଧନ, ସ୍ଵରଗ୍ରାମ-ପ୍ରଣାଳୀ, ସାରିକା-
ବିନ୍ୟାସ ଇତ୍ୟାଦି ଓ କଛୁପୀର ଅନୁକୃତ; ଅପରନ୍ତ ପାର୍ଶ୍ଵ-
ତ୍ତ୍ଵିକା ଶୁଦ୍ଧ ବାଦକେର ଇଚ୍ଛାଧୀନ ସରେ ବନ୍ଦ ହଇଯା ଥାକେ । ଏହି
ସନ୍ତ୍ରେ ସାତଟୀ ବିଶେଷ ତାର କଛୁପୀର ନ୍ୟାୟ ବାଦିତ ହୟ, ପାର୍ଶ୍ଵ-

ତତ୍ତ୍ଵିକା ଗୁଲି ତଃସହକାରେ କେବଳ ପ୍ରତିଧ୍ଵନିତ ହୟ ଏଇମାତ୍ର । ସୁରବାହାର କଛପୀଇଟେ ଅବସବେ ବୁହୁ ; ସୁତରାଂ ଇହାର ଧରିଓ ପରିମାଣାନୁରୂପ ଗଣ୍ଠୀର, ମିଷ୍ଟ, ସୁଶ୍ରାବ୍ୟ ଏବଂ ଦୀର୍ଘକ୍ଷଣ ଶାୟୀ । କଛପୀ ଓ ଉତ୍ତମଶିଳ୍ପୀଦାରା ନିୟମାନୁୟାୟିକ କିଞ୍ଚିତ ବୁହୁ ଆକାରେ ନିର୍ମିତ ହିଲେ ତାହାର ଧରିଓ ସୁର-ବାହାର ଅପେକ୍ଷା କୋନ ଅଂଶେ ନ୍ୟନ ହୟ ନା । ବସ୍ତ୍ରତଃ କଛପୀଇ ସୁର-ବାହାରେର ମୂଳ ଆଦର୍ଶ । ସୁର-ବାହାର ଅତି ଆଧୁନିକ ସନ୍ତ୍ର, ପ୍ରାୟ ୫୦ ବିଂସର ଗତ ହିଲ ପ୍ରସିଦ୍ଧ ବୀଣକାର-ପିଯାରଥୀର ଛାତ୍ର ଗୋଲାମମହମ୍ମଦଥୀ । ସୁର-ବାହାରସନ୍ତ ପ୍ରଥମ ପ୍ରସ୍ତ୍ରତ କରେନ । ଗୋଲାମମହମ୍ମଦଥୀ ଲଙ୍କୋଯେର ନବାବେର ସଭାଯ ବୀଣକାର ଛିଲେନ ।

~~~~~

### ସଂଖ୍ୟା ୧୦ ।

ବିପଞ୍ଚୀ-ବୀଣା ।

ବିପଞ୍ଚୀ-ବୀଣା ଦେଖିତେ ଅନେକାଂଶେ କିନ୍ବରୀ-ବୀଣାର ଘ୍ୟାୟ, ବିଶେଷେର ମଧ୍ୟେ ଏହି ଯେ, ଇହାର ଧରି-କୋମଟୀ ଡିମ୍ବ, ଶୁଣ୍ଡି ଅଥବା ଧାତ୍ତାଦି ଅଣ୍ଟ କୋନ ପଦାର୍ଥେର ନା ହିୟା ବିଭିନ୍ନ ପ୍ରକାର ଅବସବିଶିଷ୍ଟ ଏକଜୀତୀୟ କୁଦ୍ର ଅଲାବୁଦ୍ଧାରା ପ୍ରସ୍ତ୍ରତ ହିୟା ଥାକେ । (ଏହି ଜୀତୀୟ ଅଲାବୁକେ ବାନ୍ଦାଲା ଭାସ୍ୟା ତିତ ଲାଉ ବଲେ ) ବିପଞ୍ଚୀର ପରିମାଣ, ତାରମଂଖ୍ୟା, ସାରିକାବିଦ୍ୟାସ, ସୁର-ବକ୍ଷନ, ଧରିମାଧ୍ୟ, ଧାରଣପଣାଳୀ ଏବଂ ବାଦମାଦିର ନିୟମ ଏତ୍ୟ ସମ୍ମାନାଯଇ କିନ୍ବରୀମଦୃଶ । ପୂରାକାଳେ ବିପଞ୍ଚୀ-ବୀଣାତେ

সাতটী তার সংযোজিত হইত, কিন্তু এক্ষণে পাঁচটীর অধিক তার ইহাতে ব্যবহৃত হয় না ।

### সংখ্যা ১১ ।

নাদেশ্বর-বীণা ।

নাদেশ্বর-বীণার ধ্বনিকোষ ও ধ্বনিপটক দেখিতে অবিকল ইউরোপীয় বাহ্লীন-যন্ত্রের সদৃশ, এবং ইহার দণ্ড, তারসংখ্যা, স্বরবন্ধনপ্রণালী, সারিকার্বিন্যাস, ধ্বনির পারিপাট্য প্রভৃতি অপর সমুদায়ই কচ্ছপীর তুল্য । এই যন্ত্রটী অতি আধুনিক, বাহ্লীন ও কচ্ছপী এই বিবিধ যন্ত্রের মিশ্রণে ইহার উৎপত্তি ।

### সংখ্যা ১২ ।

ভরত-বীণা ।

ভরত-বীণার নাম শ্রবণমাত্র অনেকেই 'ইহার ঘৌগিক (অর্থাৎ ভরতখাধি প্রণীত বীণা) এই অর্থ গ্রহণ করিয়া ইহাকে সংস্কৃত শাস্ত্রানুমত অতি প্রাচীন যন্ত্র মনে করিতে পারেন, কিন্তু বাস্তবিক তাহা নহে, এটী অতি আধুনিক-যন্ত্র। রুদ্র-বীণা এবং কচ্ছপী এতদ্রুতয়ের মিশ্রণেই ইহার উৎপত্তি । ভরত-বীণার ধ্বনিকোষটী অবিকল রুদ্র-বীণার মত কার্ত্তনিশ্চিত ও চর্মাচ্ছাদিত এবং দণ্ড, কীলক, তারসংখ্যা, স্বরবন্ধন,

ধারণ ও বাদনপ্রণালী এতৎ সমুদায়ই কচ্ছপীর অনুরূপ। অধিকস্ত এই যন্ত্রে পিত্তল-নির্মিত কয়েকটী পার্শ্বতন্ত্রিকা সংযোজিত থাকে, সেই সকল পার্শ্বতন্ত্রিকা পৃথগ্ভাবে বাদিত না হইয়া প্রধান তারণ্তুলির কম্পনে প্রতিক্রিয়া হয়। ভরত-বীণার নায়কী তারটী লোহের, কিন্তু অপরাপর তারণ্তুলি কোন ধাতুর না হইয়া তন্ত্রময় হইয়া থাকে। পরস্ত ইহার ধ্বনির মধ্যুরতা কি রূবাব, কি কচ্ছপী ইহাদের কাহারই সদৃশ নহে, অপেক্ষাকৃত অনেক নীরস।

## সংখ্যা ১৩।

তুম্ভু-রু-বীণা বা তম্ভু-রা।

তুম্ভু-রু-বীণা একটী অলাবু-নির্মিত খর্পর বা ধ্বনিকোষ, একটী কার্ষণ নির্মিত দণ্ড ও কার্ষের ধ্বনিপটক প্রভৃতিদ্বারা প্রস্তুত হইয়া থাকে। তুম্ভু-রুগন্ধর্ব এই যন্ত্রের স্পষ্টিকর্তা। গীত বা বাদ্যের সময় হুরবিশ্রাম না হইবার জন্যই এই যন্ত্র ব্যবহৃত হইয়া থাকে। ইহাতে দুইটী পিত্তলের ও দুইটী লোহের সাকলে চারিটী মাত্র তার থাকে, এবং সেই চারিটী তার নিম্নলিখিত নিয়মে আবদ্ধ করা যায়। যথা—

|     | ১ <sup>মি</sup> | ২ <sup>লো</sup> | ৩ <sup>লো</sup> | ৪ <sup>পি</sup> |
|-----|-----------------|-----------------|-----------------|-----------------|
| জি  |                 |                 |                 |                 |
| মু  |                 | মা              | মা              |                 |
| ড্র | প               |                 |                 | মা              |

এই যন্ত্রের চারিটী তার উপরে লিখিত স্বরলিপির অনু-  
যায়ী যে যে স্বরে আবক্ষ হয়, তন্ত্র অন্য কোন স্বরই ইহাতে  
প্রদর্শিত হইতে পারে না, তবে গায়কগণ রাগবিশেষ গান-  
করিবার সময়ে কখন কখন এক-চিহ্ন বিশিষ্ট তারটীকে  
উদারার পঞ্চমের পরিবর্তে উদারার মধ্যম করিয়াও বাঁধিয়া  
থাকেন, কিন্তু অপর তিনটী তারের কোন পরিবর্ত্ত করেন না।  
ভারতবর্ষীয় তুম্ভুরু বীণাতে সারিকা-বিন্যাস থাকে না। বাদক-  
গণ এই যন্ত্রের দণ্ডটী দক্ষিণহস্তের অনাগিকা ও বৃক্ষাঙ্গুলি  
সহকারে নিজ নিজ স্ববিধা মত সরলভাবে বা স্ফুরে স্থাপন-  
পূর্বীক ধারণ করিয়া তর্জনীবারা ত্রস্ত্বায়ে এক একটী তার  
অবিচ্ছেদে বাজাইয়া থাকেন; কোন কোন বাদককে এক-চিহ্ন-  
বিশিষ্ট তারটীকে মধ্যমাঙ্গুলিবারাও বাজাইতে দেখা যায়।  
তুম্ভুরু-বীণাতে কোণসাদি কিছুরই প্রয়োজন করে না, শুধু  
অঙ্গুলীর আধাতেই তারগুলি ধ্বনিত হইয়া থাকে। বীণা-  
জাতীয় যাবতীয় যন্ত্রের বাদন অপেক্ষা তুম্ভুরু-বীণার বাদন অতি  
সহজ এবং সন্ন্যায়সমাধ্য। পারস্যদেশেও তুম্ভুরু-বীণার বিশেষ  
প্রচলন আছে, তদেশীয়েরা ইহাতে ছয়টী তার এবং পঞ্চবিংশ  
খানি সারিকা ব্যবহার করিয়া থাকেন। তুরুকদেশীর কোন  
কোন তুম্ভুরু-বীণাতে আটটী তার, পঞ্চত্রিংশৎ খানি সারিকা,  
কোন কোনটীতে নয়টী তার, চতুর্চত্বারিংশৎ খানি সারিকা  
এবং কোন কোনটীতে বা দশটী তার এবং সপ্তচত্বারিংশৎ  
খানি সারিকা যোজিত থাকিতে দেখা যায়। তুরুকদেশে  
প্রচলিত তুম্ভুরু-বীণার সারিকাগুলি লৌহাদি ধাতুর না হইয়া

প্রায়ই চতুর্ভু বিনাইত-তন্ত্র-নির্ণিত হইয়া থাকে এবং সেই সারিকাণ্ডলি আরবদেশীয় স্বরগ্রামানুষায়িক বিশ্বস্ত। আরবদেশে এই যন্ত্রটীই কিঞ্চিং অবয়বভেদে “ওউড” নামে প্রচলিত আছে। স্যার গার্ডন্র উইল্কিন্সন্ বলেন খঁ জন্মের ১৫৭৫ বৎসর পূর্বে মিসরদেশেও এই যন্ত্রের প্রচার ছিল, হাইরোগ্রাফিক লিখন অণালীর চিত্রময় প্রতিক্রিতি দৃঢ়ে ইহা স্পষ্ট প্রতীত হয় \*। কিন্তু আধুনিক আদিম মৈসরেরা এই যন্ত্র বড় একটা ব্যবহার করে না, তবে গীর্জ, ইহুদি, আর্মেনিয়ান, তুর্কী প্রভৃতি যে সকল ভিন্ন দেশীয় লোক তথায় গিয়া বসতি করিয়াছে, তাহাদের মধ্যে ইহার বহু ব্যবহার দেখা যায়। মিক্টার বনোমি বলেন এসিরিয়াদেশেও পূর্বে তুম্ভুরু-বীণা প্রচলিত ছিল, কিন্তু আমাদের দেশপ্রচলিত তুম্ভুরু-বীণাতে ব্যবহৃত কীলকের পরিবর্তে ছাইটী আলম্বক অর্ধাং খোব্না দেওয়া থাকিত এবং ঐ ছাইটী খোব্নার সহিতই তার সংযোজিত হইত। এসিরিয়াকেরা মিজ্রাপদ্মার উহা বাজাইত। এখন পর্যন্ত ও তুরকদেশের অন্তর্গত টাইগ্রীস্ ও ইউফেড্রিস্ নদীতীরস্থ এসিরিয়াকদিগের মধ্যে তম্ভুরু যন্ত্রের প্রচলন দেখিতে পাওয়া যায়। দক্ষিণ ইটালীয় কুষকেরা ও এই যন্ত্রটীকে কিঞ্চিং অবয়বভেদে “কেলেসিয়ান” নামে ব্যবহার করে। তুম্ভুরুজাতীয় “কেলেসিয়ান” যন্ত্রে

\* An Introduction to the study of the Egyptian Hieroglyphs, by Samuel Birch, London, 1857, P. 225.

† Nineveh and its Palaces, by J. Bonomi, London, 1853, P. 231.

দুইটা মাত্র তন্ত্র-নির্মিত তার যোজিত থাকে। স্ববিধ্যাত সমীক্ষা গ্রন্থকার ডাক্তার বার্নি এই জাতীয় যন্ত্রের বিষয় তাঁহার স্বীকৃত গ্রন্থের প্রথম খণ্ডে ১৯৬ পৃষ্ঠায় যথোচিত নির্দেশ করিয়া গিয়াছেন। এই তুম্ভুরু যন্ত্রই কিঞ্চিৎ অবয়বভেদে চীনদেশে “সামসীন” এবং জাপানে “সামসীন” নামে বিখ্যাত। এই উভয়দেশীয় তুম্ভুরু ধ্বনিপট্টকটী তত্ত্বদেশীয় সর্পবিশেষের চর্চাবারা আচ্ছাদিত এবং তাহাতে তিনটী মাত্র তার যোজিত থাকে। তত্ত্বত্য লোকেরা উক্ত যন্ত্র কোণস্বারা বাজায়। মিট্টার হোমেয়ার ডি হেল সাহেব বলেন তাতারদেশে কাল্পিয়ান ত্রদের তীরবাসী কাল্মক জাতিদের মধ্যে ও তুম্ভুরু-সদৃশ যন্ত্র অপ্রচলিত নাই। রুষিয়াদেশেও এই প্রাকার যন্ত্র “ব্যালালাইকা” নামে প্রসিদ্ধ ছিল\*। “ব্যালালাইকা” যন্ত্র পূর্বাঞ্চল হইতেই তথায় নীত হয়, আমরা ও একথা অযো-ত্তিক বোধ করি না। পুরাকালে ভারতবর্ষে “বল্লরিকা” নামে যে এক বিধ বীণা প্রচলিত ছিল, বোধ হয় “বল্লরিকাই” নামাপভ্রংশে তথায় “ব্যালালাইকা” নাম প্রাপ্ত হইয়া থাকিবে।

## সংখ্যা ১৪।

— ০ —

কানুন।

কানুন এক প্রকার বহুতন্ত্রবিশিষ্ট তত যন্ত্র। এই যন্ত্রের উৎপত্তিস্থান লইয়া সঙ্গীতগ্রন্থকর্তারা নানাবিধ মত প্রকাশ করিয়া গিয়াছেন। আধোয়াল, উস্মোফা নামক একজন পারসিক সঙ্গীতগ্রন্থকার বলেন যে, আরবদেশই এই যন্ত্রের আদি উৎপত্তিস্থান। খঁকের প্রথম শতাব্দীতে আরবদেশে নিকোমেকাস, নামক যে অন্যতর বিখ্যাত সঙ্গীত-বিং পণ্ডিত জন্ম গ্রহণ করেন, তাঁহার মতে মিসরদেশেই ইহার প্রথম স্থষ্টি হয়। অন্যান্য সঙ্গীতবেত্তাদিগের মধ্যেও এইরূপ বিস্তর মতভেদ লক্ষিত হয়, কিন্তু উক্ত পণ্ডিতগণ যে, কি কারণে এবং কি বিশেষ প্রমাণ দ্রঁক্টে কানুনের প্রথম উৎপত্তিস্থানঘটিত মতভেদ প্রকাশ করিয়া গিয়াছেন, তাহা আমরা সহজ বুঝিতে বুবিতে পারি না। আমাদিগের বিবেচনায় এই ভারতবর্ষেই কানুনের প্রথম স্থষ্টি হয়। তাহার প্রমাণ এই যে, অতি পূর্বকালে ভারতবর্ষে শততন্ত্র বিশিষ্ট এক প্রকার বীণা প্রচলিত ছিল, শাস্ত্রকারেরা তাহাকে “শততন্ত্রীবীণা” এই আখ্যা প্রদান করেন। খ্রিস্টব্রে কথিত আছে যে, মহর্ষি কাত্যায়ন ॥ উক্ত জাতীয় বীণার প্রথম

\* পাণিনি মুনির কিছি দিন গরে অর্ণাদ খঁকের জন্মের চারি শতবৎসর পূর্বে যৎকালে পাটলিপুত্র নগরে নদ নামক রাজা রাজস্ব করেন সেই সময়েই ভারত-বর্ষে কাত্যায়ন খৰি প্রাদুর্ভুত হন। জন্ম গ্যারেট্ৰুক্ত হিন্দু জাতিৰ পুরাবৃত্তি, শিল্প, সাহিত্যাদি বিষয়ক অভিধানে কাত্যায়ন এবং বৰকুচি শব্দ জন্মে।

স্থিতিকর্ত্তা। কাত্যায়নধৰ্মিকর্ত্তৃক প্রথম স্থং হয় বলিয়া অনেকেই উহাকে কাত্যায়নবীণা বলিয়া ব্যবহার করিত। মধ্যে কোন বিশেষ বিপ্লবে উক্ত যন্ত্র ভারতবর্ষে নামসাত্ত্বে পর্যবসিত হয়। মিসরবাসীরা যে সময়ে বাণিজ্যাপলক্ষে সর্ববিদ। ভারতবর্ষে যাতায়াত করিত, সেই সময়েই জনৈক মৈসরবণিককর্ত্তৃক কাত্যায়নবীণা ভারতবর্ষ হইতে তদেশে নীত হয়। একথা যে কেবল আমরাই বলিতেছি এমন নহে, ফ্রান্সদেশীয় স্থানসমূহে পশ্চিম মাষ্টার ভিলেট্ট (Velletral) মিসরদেশের সঙ্গীত সম্বন্ধীয় ইতিবৃত্ত লিখিবার সময়ে স্পষ্টাক্ষরে স্থীকার করিয়া গিয়াছেন যে, মৈসরেরা ভারতবর্ষ হইতেই প্রথমে কাত্যায়নবীণা স্বদেশে লইয়া গিয়া তাহারাই অনুকরণে স্বদেশপ্রসিদ্ধ কাতুন নামক যন্ত্র প্রস্তুত করেন। অনন্তর আরবীয়েরা মৈসরনির্ণিত কাতুন যন্ত্র তথা হইতে স্বদেশে লইয়া গিয়া কানুন নাম প্রদান করেন\*। ইহুদীজাতীয় সঙ্গীতবিংস সলোগেনের মতে খং জনিবার পাঁচশত বৎসর পূর্বে

\* কাত্যায়ন বীণাই যে, দেশভেদে ০.২৫ ত নামাপভংশে বোন স্থানে কাতুন, কোন স্থানে কানুন নাম প্রাপ্ত হইয়াছে একথা অযোক্তিক নহে, যেহেতু আমাদিগের অচলিত ভাষাই নামাপভংশে এই বঙ্গ দেশেই নানা স্থানে নানা কূপ ধারণ করিয়াছে। যেমন বঙ্গ হইতে বাঙ্গালা, লবণ হইতে শুণ, শশোহর অঞ্চলে লোথ, ঘৃত হইতে ঘি, পুর্ব বাঙ্গালায় গৃত বা গি, বৃক্ষ হইতে বৃড়া, মেদিমীপুর অঞ্চলে বৃড়া, এরও হইতে ভেরেণা, পাত্র হইতে পাতর, মঞ্চিকা হইতে মাটী বা মাছী, বজ্র হইতে বঁয়াত (বগাড়ি ও মেদিমীপুর অঞ্চলে এই বঁয়াত শব্দ ব্যবহৃত হয়) ইত্যাদি। এই সকল আমাণ দৃষ্টে ভাষাবিজ্ঞান মহোন্দগণ বিবেচনা করিয়া দেখিবেন যে, যথন এক দেশের ভাষা স্থানভেদে নামাকূপ ধারণ করিয়াছে, তখন ভারতবর্ষের কাত্যায়নবীণা শত্যে জন বিশ্বীর তিনি দেশে তিনি নামে প্রসিদ্ধ হওয়া সম্ভত কি না?

ମିସରଦେଶେଇ କାତୁନ ପ୍ରଥମ ଉଂପନ୍ନ ହୟ । ମିସରୀଯ କାତୁନେର ଦୈର୍ଘ୍ୟ ଚଲିଶ ପର୍ବ, ପ୍ରଥମ ମୋଡ଼ଶ ପର୍ବ ଏବଂ ବେଦ ଛଇ ପର୍ବମାତ୍ର ହଇୟା ଥାକେ, ଇହାତେ ବାୟାତ୍ରଟୀ କୀଲକେ ବାୟାତ୍ର ଗାଛି ତନ୍ତ୍ର ଆବନ୍ଦ ହୟ ଏବଂ କୀଲକାନ୍ଦି ମହିତ ମନୁଦ୍ୟାୟ ସନ୍ତ୍ରଟୀ ଏକଟୀ କର୍ତ୍ତେର ବାସ୍ୟେ ମଧ୍ୟେ ସଂସ୍ଥାପିତ ଥାକେ ।

ମାଟ୍ଟାର ଭିଲେଟିଉ ସାହେବେର ମତାନୁମାରେ ପୂର୍ବେ କଥିତ ହଇୟାଛେ ଯେ, କାତୁନ ସନ୍ତ୍ର ମିସର ହିତେ ଆରବେ ନିତ ଓ କାନୁନ ନାମ ପ୍ରାପ୍ତ ହୟ, କିନ୍ତୁ ମାଟ୍ଟାର ଲେନ ସାହେବ ବଲେନ ଯେ, ଖୁଣ୍ଟ ଜଗିବାର ତିନ ଶତ ବଂସର ପୂର୍ବେ ଆରବଦେଶେଇ କାନ୍ତମ ପ୍ରସ୍ତୁତ ହଇୟାଇଲ । ଆରବୀଯ କାନୁନେର ଚଲିଶଟୀ କୀଲକେ ଚଲିଶ ଗାଛି ତାର ଯୋଜିତ ଏବଂ ମନୁଦ୍ୟାୟ ସନ୍ତ୍ରଟୀ ପୂର୍ବକଥିତ ନିଯମାନୁମାରେ ଏକଟୀ ବାଙ୍ଗମଧ୍ୟେ ସ୍ଥାପିତ ଥାକେ । ତଂପରେ ପାରସିକେରା ଆରବଦେଶ ହିତେ ଉତ୍କ ଯନ୍ତ୍ର ଗ୍ରହଣପୂର୍ବକ ତାହାତେ ଆର ଛଇଟୀ ଅତିରିକ୍ତ ତାର ଯୋଜନା କରତ ସାକଳ୍ୟେ ବିଯାଲିଶଟୀ ତାର-ବିଶିଷ୍ଟ କାନୁନ୍ୟନ୍ତ୍ର ବ୍ୟବହାର କରେ । କାଳକ୍ରମେ ଭାରତବର୍ଷେ ଅତି ଗୌରବେର ସାମଗ୍ରୀ ମେଇ କାତ୍ୟାଯନ ବୀଣାଇ ଦେଶଭେଦେ ନାମ ଓ ଅବସରଭେଦ ପ୍ରାପ୍ତ ହଇୟା ପାରସିକ ବଣିକଦ୍ୱାରା ଏହି ଭାରତବର୍ଷେ ପୁନରାନ୍ତିତ ହୟ । ହାୟ ! କି ଆକ୍ଷେପେର ବିଷୟ, ଏଥନ କୋଥାଯ ମେଇ କାତ୍ୟାଯନ-ବୀଣା, କୋଥାଯ ତାହାତେ ଶତତନ୍ତ୍ର ଯୋଜନା ଏବଂ କୋଥାଯିବା ତଂପ୍ରଗେତା ମହର୍ଷ କାତ୍ୟାଯନ ! ଖୁଣ୍ଟେର ତିନ ଶତ ସାତାଇଶ ବଂସର ପୂର୍ବେ ଗ୍ରୀମେର ଅନ୍ତଃପାତୀ ମାସିଡୋନିଯାର ଅଧିଗ୍ରହ ଆଲେକଜାଣାର କି ଅଶୁଭକ୍ଷଣେଇ ଏହି ସର୍ବଭୂମି ଭାରତଭୂମିତେ ପଦାର୍ପଣ କରେନ, ଉତ୍କ ମହାଜ୍ଞାର

পাদশৰ্প হইতে না হইতেই ভাৰতেৱ সোভাগ্যসূৰ্য চিৱকালেৱ  
জন্য অস্তমিত হইল। তদবধি এই মহারাজ্যেৱ স্বাধীনতা-  
লোপ, দৰ্শন, বিজ্ঞান, শিল্প, সাহিত্য প্ৰভৃতি শাস্ত্ৰেৱ দুৱবস্থা,  
সঙ্গীতশাস্ত্ৰেৱ ক্ষয় এবং সেই সঙ্গে সঙ্গেই কাত্যায়ন প্ৰভৃতি  
নানা জাতীয় বীণা ও অন্যান্য সঙ্গীতযন্ত্ৰেৱ বিনাশ হয়।

পারসিক ইতিৱৰ্তনেখক আলেক্জাণ্ডোৱ চটকেৱ সাহেব  
বলেন যে, খৃষ্টেৱ আট শত বৎসৱ পৰে কানুন যন্ত্ৰ  
কোন কোন অংশে পৱিষ্ঠিত হইয়া ভাৰতবৰ্ষে পুনৰ্বৰ্তী  
আনীত ও স্থাপিত হয়। অধুনাতন ভাৰতবৰ্ষীয় কানুনেৱ  
দৈৰ্ঘ্য প্ৰায় দুই হস্ত, প্ৰস্থ প্ৰায় এক হস্ত এবং বেধ অৰ্দ্ধ হস্ত  
পৱিষ্ঠিত হইয়া থাকে। এতদেশব্যবহৃত কানুনে সচৰাচৰ  
প্ৰায় বাইশটীহইতে ত্ৰিশটীপৰ্যন্ত তাৰ ঘোজিত থাকিতে  
দেখা যায়। সেই তাৰগুলি লৌহাদিধাতুনিৰ্মিত। আধুনিক  
ভাৰতীয় কানুনেৱ তাৰগুলি মিমৰ, আৱৰ প্ৰভৃতি দেশীয়  
কানুনেৱ ন্যায় একটী কাৰ্ত্তেৱ বাজোৱেৱ সধ্যে উভয় পাপেৰ  
কীলকদ্বাৰা। আবদ্ধ থাকে। এই যন্ত্ৰ সমতল স্থানে স্থাপন-  
পূৰ্বক কোণস্বিশিষ্ট দুই হস্তেৱ চারিটী চারিটী কৱিয়া  
আটটী অঙ্গুলিদ্বাৰা বাজাইতে হয়। কানুনেৱ দ্বাৰিংশতি  
সংখ্যক তাৰ নিম্নলিখিত স্থানে আবদ্ধ কৱা যায়। যথা—

১ ২ ৩ ৪ ৫ ৬ ৭ ৮ ৯ ১০ ১১ ১২ ১৩ ১৪ ১৫ ১৬ ১৭ ১৮ ১৯ ২০ ২১ ২২

জ  
ম  
ক

সাৰ্ক গ ম প ধ ন

সাৰ্ক গ ম প ধ ন

## ଅଥବା ।

୧ ୨ ୩ ୪ ୫ ୬ ୭ ୮ ୯ ୧୦ ୧୧ ୧୨ ୧୩ ୧୪ ୧୫ ୧୬ ୧୭ ୧୮ ୧୯ ୨୦ ୨୧ ୨୨

|      |                                   |                     |         |  |  |  |  |  |  |  |
|------|-----------------------------------|---------------------|---------|--|--|--|--|--|--|--|
| ଶ୍ରୀ | ଶା କାନ୍ତନ ମ ପ ଦ ବାନ ଶା କାନ୍ତନ ମ ପ |                     |         |  |  |  |  |  |  |  |
|      | ମୁ                                | ଶା କାନ୍ତନ ମ ପ ଦ ବାନ |         |  |  |  |  |  |  |  |
|      |                                   | ତେ                  | ପ ଦ ବାନ |  |  |  |  |  |  |  |

‘ଉପରେ ଲିଖିତ ପ୍ରଥମ ସ୍ତବକଟୀତେ ବାଇଶଟୀ ତାରେର ମଧ୍ୟେ ପ୍ରଥମ ମାତଟୀ ଉଦାରା ସମ୍ପଦକେର ସମ୍ପୁ ସ୍ଵରେ, ଦ୍ଵିତୀୟ ମାତଟୀ ମୁଦାରା ସମ୍ପଦକେର ସମ୍ପୁ ସ୍ଵରେ, ତୃତୀୟ ମାତଟୀ ତାରା ସମ୍ପଦକେର ସମ୍ପୁ ସ୍ଵରେ ଏବଂ ଦ୍ୱାବିଂଶସଂଖ୍ୟକ ତାରଟୀ ତାରାର ଉଚ୍ଚ ସମ୍ପଦକେର ଶୁଦ୍ଧ ସା, ସାକଳ୍ୟେ ଏହି ବାଇଶଟୀ ସ୍ଵରେ, ଆବଦ୍ଧ ଆଛେ । ତାହା ହଇଲେଇ ଏହି ଯତ୍ରେ ସାଭାବିକ ତିନଟୀ ପୂର୍ଣ୍ଣ ସମ୍ପଦକ ଓ ଅପେକ୍ଷାକୃତ ଉଚ୍ଚ ସମ୍ପଦକେର ସା ମାତ୍ର ପାଇୟା ଯାଯା ଏବଂ ତାରାର ଉଚ୍ଚ ସମ୍ପଦକେର ସ୍ଵର ଜ୍ଞାପନାର୍ଥ ଦେଇ ସ୍ଵରେର ମନ୍ତ୍ରକୋପରି ଏକଟୀ ବିନ୍ଦୁ ସ୍ଥାପିତ କରା ଗିଯାଛେ । ଦ୍ଵିତୀୟ ସ୍ତବକଟୀତେ ଉଦାରାର ପଞ୍ଚମ ହଇତେ ତାରାର ଉଚ୍ଚ ସମ୍ପଦକେର ପଞ୍ଚମ ପର୍ଯ୍ୟନ୍ତ ସ୍ଵର ପାଇୟା ଯାଯା \* ।

ଏଡ୍‌ଓୟାଡ୍ ଏଫ୍ ରିମ୍ବଲ୍ଟ୍ ଏଲ୍ ଏଲ୍ ଡି (Edward F. Rimbault L.L.D ) ମାହେବକୃତ ପିଯାନ୍ୟନ୍ତେର ଇତିହାସବିମୟକ ଗ୍ରନ୍ଥେ ଦୃଷ୍ଟ ହୟ, ଇହଦୀଦିଗେର ଦେଶେ କାନ୍ତନମନ୍ତ୍ର “ନାବି” ଅଥବା “ମାଲ୍-ଟରି” \* (Psaltery) ନାମେ ବିଖ୍ୟାତ ଛିଲ । ରୋମେଲିନି ବଳେନ,

\* ବାନ୍ଦକଗଣ ଓ ଯାତ୍ରାଜନମାନୁମାରେ ଏହି ବାଇଶଟୀ ସ୍ଵରଇ କୋମଳ ଓ ଡୀରଭାବେ ବିକୃତ କରିଯାଇଲେ ପାଇୟନ ।

+ ଡଲ୍ ସିମାର ନାମକ ଅପର ଏକ ଅକାର ଯନ୍ତ୍ର ମାଲ୍-ଟରିର ଅକାର ତେବେ ତେବେଲେ ଅନ୍ୟତ ତଟିତ ଡଲ୍ ସିମାରେର ଆକାର ତ୍ରିକୋଣ, ଇହା ପ୍ରାୟ ଅଟ୍ଟାଦଶ

প্রসিদ্ধ সলগান ভারতবর্ষ হইতে মেহগনী কাঠ (সংকৃত ভাষায় যাহাকে নন্দিককাঠ বলে) আনাইয়া সাল্টরিয়ন্ট প্রস্তুত করাইতেন। ইহুদীয় সাল্টরি যন্ত্রে ১০টী, ১২টীর অধিক তার প্রায় থাকিত না। সাল্টরি, হারপ্ৰ., লাইয়ার, শাস্ত্ৰক \* প্রভৃতি যন্ত্র, সমদৰই প্রায় এক জাতীয়, তবে নির্ণাগত ও উপাদানগতভেদে খনিৰ তারতম্য লক্ষিত হইয়া থাকে। ১১১৮-খৃষ্ট অন্দে নানাবিধ সাল্টরিৰ চিৰগয় প্ৰতিৰূপ প্যারিসেৰ কোতুকাগারে প্ৰদৰ্শিত হইয়াছিল। (MS) তৎকালে স্পেনদেশে উক্ত যন্ত্রকে কণ্ঠিকম্ বলিত, অন্যান্য বীণাজাতীয় যন্ত্রেৰ ন্যায় অঙ্গুলিত্বা অথবা কেবলমাত্ অঙ্গুলিদ্বাৰা সাল্টরি বাজান বীতি ছিল।

অঙ্গুলি দীঘ' এবং ইহাতে পঞ্চাশটি তার একটী মেতুৰ উপর দিয়া কীলক আবক্ষ থাকিত। ডল সিমাৰ যন্ত্র সম্মুখ সমতল ভূমিতে স্থাপন নস্তুৰ উভয় হাস্পেৰতকৰ্ত্তীত মহিষশূলৰিক্ষিত দৃষ্টিটী অঙ্গুলিত পৱিত্ৰণ কৱিয়া উচ্চ বাজ্জ-ইবাৰ বীতি ছিল। ১৫১০ খৃষ্ট অক্ষে ইংলণ্ডেৰ অট্টম হেন্ৰিৰ বাজুকালে ডল-সিমাৰ ইংলণ্ডেশে বহুভাবে গৃহিত হয়। কথিত আছে, রাজাধৰাজ অট্টম হেন্ৰি পীড়িতবস্থায় ডল-সিমাৰ শৰণ কৱিলে আনেক স্বচ্ছ হইতেন সেই জন্য রাজপ্রাসাদেৰ প্রায় অতি শুঁচেই এক একটী উক্ত যন্ত্র সংস্থাপিত থাকিত। প্ৰসিদ্ধ জাৰুমেন দেশীয় সঙ্গীত গৃহকাৰ অট্টমেৰাস কুসিমিয়ান বলেন, ডল-সিমাৰ জাৰুমেন দেশে হাক্ৰবাড' নামে প্ৰসিদ্ধ ছিল। হাক্ৰবাড' যন্ত্র উভয় হস্তে দৃষ্টিটী শৰীকা বা দৃষ্টিটী তাড়নী লইয়া বাজাইবাৰ বীতি ছিল।

\* সাস্ত্ৰক যন্ত্র বহুকাৰ সামুজিক শস্ত্ৰক আৰৱণ দ্বাৰা প্ৰস্তুত হইত সেই জন্য ইহাৰ নাম শাস্ত্ৰক হইয়াছে। পাঠকগণ একলে বিবেচনা কৱিবেন। শাস্ত্ৰক নদেৰ অৰ্গটী সংকৃত শব্দগত হইতেছে যথা—'শস্ত্ৰকাৎ জাত ইতি শাস্ত্ৰক'।

থৃঢ়ের ত্রয়োদশশতাব্দীতে গুইলায় নামক জনেক শিষ্টী কর্তৃক ইটালীদেশে কানুন যন্ত্রের প্রতিক্রিপে সিটোল্ নামে এক প্রকার যন্ত্র প্রস্তুত হয়। সিটোল্যন্ত্র তাড়নী বা অঙ্গুলিত্বারা বাদিত না হইয়া কেবলমাত্র অঙ্গুলিত্বারা বাজিত। মিষ্টার ফেল্টস্ সাহেব বলেন, সিটোল্ যন্ত্র হইতে ত্রয়োদশশতাব্দীর মধ্যে ইটালিদেশেই ক্লাভিকড় নামক অপর এক প্রকার যন্ত্র প্রস্তুত হইয়াছিল। ক্রমশঃ ক্লাভিকড় বেলজিয়ম্ এবং জার্মেনী দেশে প্রস্তুত হইতে ও আব্রস্ত হয়। \* ক্লাভিকড় যন্ত্রকে অনুকরণ করিয়া থৃঢ়ের বোড়শশতাব্দীতে ক্লাভিসিথিরীয়ম্ (Clavicytherium or Keyedcithara) অথবা সকু-শিক সেতার নামে এক প্রকার যন্ত্র প্রস্তুত হয়। প্রসিন্ধ লুসিনিয়াস্ এবং মারসেল বলেন, ক্লাভিসিথিরীয়মের আদি উৎপত্তি সেতার + হইতে। অনন্তর ক্লাভিকড় এবং ক্লাভিসিথিরীয়ম্ ক্রমশঃ ভর্জিনেল্ ষ্টি স্পিনেট় \*\* হার্প-

\* ক্লাভিকড় এবং ক্লাভিসিথিরীয়ম্ এই দুইটা যন্ত্রের মধ্যে কোন্তী আগে এবং কোন্তী পরে অনুত্ত হয়, এতৎ সম্বক্ষে তাঁর যন্ত্রের ইতিহাস লেখক গণের মধ্যে অনেক মতভেদ আছে। প্রসিন্ধ মেং ফেল্টস্ সাহেবের মতে ক্লাভিকড় যন্ত্র অঞ্চলে জাত।

+ বীগাজ্ঞাতীয় যন্ত্র সামান্য অন্যান্য দেশে প্রায় সেতার নামে ব্যবহৃত হইত।

‡ Some authors have supposed that the name of this instrument was intended to convey a compliment to Queen Elizabeth—the “ Virgin Queen ”; but what we have just stated shows that the Virginal was known anterior to the date of her birth. Dr Johnson suggests that the instrument was so called “because played upon chiefly by young ladies.”

\*\* সংকৃত গ্রন্থাবলো যেমন বীগায়ককে মনুষ্য দেহের অনুহৃতি বলিয়া নিখিলাচেন, তেমনি প্রসিন্ধ মারসেলসের মতে ও স্পিনেট যন্ত্রকে মনুষ্য।

সিকড় প্রভৃতি যন্ত্র প্রস্তুত হয়। হার্পসিকড় দেখিতে অবিকল অধুনাতন অনুপস্থ মহাপিয়ানফোর্ট যন্ত্রের ন্যায় ছিল। হার্পস্যন্ত্রের অনুকরণে হার্পসিকড়ের উৎপত্তি। বেলজিয়মের অন্তঃপাতী আন্টপ নগরবাসী এসিন্দ রকর কর্তৃক হার্পসিকড়ের বিশেষ চমৎকারিত্ব ও পূর্ণত্ব লাভ হয়। ১৭১০ খ্রিস্টাব্দে ইটালীদেশের অন্তঃপাতী টকানী প্রদেশের রাজধানী পাড়ুয়া নগরবাসী সিগ্নর বার্টিলোমিয়ো ক্রিস্টফালী (Signor Bartilommeo christophali) রোমের নাট্যশালায় ঐক্যবাদন জন্য ফুরেন্স নগরে পিয়ানফোর্ট যন্ত্র প্রথম প্রস্তুত করেন। ১৭১৬ খ্রিস্টাব্দে স্বিথ্যাত ফুন্স দেশীয় হার্পসিকড় নির্মাতা মেরিয়স (Merius) পিয়ানযন্ত্র নির্মাণ করিয়া স্বদেশে প্রচলিত করেন। এই রূপে বন্ধ কাল মধ্যে এই পিয়ানযন্ত্র ইউরোপীয় সর্ববাদি-সম্মত ও সর্বদেশপ্রচলিত হইয়া উঠিল। ক্রমে ইহার নির্মাণকৌশল ধৰনিপারিপাট্য প্রভৃতি বহুবিধ উন্নতিসাধন জন্য নানা দেশীয় শিল্পীগণ বিশেষ অধ্যবসায় মহকারে চেষ্টা করিতে লাগিলেন। তামধ্যে এ ব্রড উড কলু প্রভৃতি পিয়ান-নির্মাতৃগণ এতৎ সম্বন্ধে অত্যন্ত খ্যাতিলাভ করিয়াছেন।

দেহের প্রতিকূপ বনিয়া লিখিত হইয়াছে। মারসেনাস বলেন, "The sounding-boards are the muscles; the cross bars the bones; and the strings the organs of speech". But what is more valuable, he adds, "the spinet had ordinarily forty-nine strings of which the lower thirty were made of cotton, because that was strongest and deepest, and the higher ones, nineteen in number, were of steel and iron \* \* \*. There were but six or seven sizes of strings; but if the spinet were made in real perfection, there would be strings of different sizes, suited purposely to every note. Even in the length of string the makers are careless, and everything depends upon the tension."

প্রায় ৮ বৎসর অভীত হইল আমাদের দেশে এই কানুন যন্ত্রের প্রতিরূপ স্বরূপ 'স্বরপুরা' নামে এক যন্ত্র প্রস্তুত হইয়াছে। শুনিয়াছি যন্ত্রকর্তা এরূপ যন্ত্র নির্মাণে বঙ্গদেশীয় কোন এক বিখ্যাত সঙ্গীতজ্ঞ কর্তৃক উপরিকৃত হইয়াছিলেন— সেই মহোদয়ই আবার সেই যন্ত্রের নামকরণ করেন। কলিকাতায় কোন এক প্রসিদ্ধ যন্ত্রনির্মাতা সেই যন্ত্রের নির্মাণবিধি সম্পাদন করেন। সেই নির্মাতার নিকট হইতে আমরা ও অবিকল সেইরূপ অথচ তাহা অপেক্ষা স্বন্দরতর ও উৎকৃষ্টতর আর একটী যন্ত্র প্রস্তুত করিয়া লইয়াছি। স্বতরাং সেইটী নৃত্য যন্ত্র নহে, আমাদের দেশে ইহা এখনও স্থানে স্থানে প্রচলিত আছে। আমরা জানি, আনেক মুসলমান সঙ্গীতদশী এতদ্বাদনে বিশেষ কুশলী। বস্তুতঃ এ যন্ত্র কানুনের অনুকৃতি ব্যতীত আর কিছুই নহে। এড্রেসার্ড' রিম্বল্ডের পিয়ানকোর্ট নামক গ্রন্থে ডল্সিমার অধ্যায়ে তাহার একটী চিত্রময় প্রতিরূপ দৃষ্ট হইবে। স্বতরাং এ যন্ত্র নৃত্য বলিয়া কেহই প্রতিপন্থ করিতে পারিবেন না। যে যন্ত্র মিসরে কাতুন, আবৰ ও পারস্য প্রভৃতি দেশে কানুন বলিয়া প্রচলিত—যাহার অনুকরণে অবশ্যে ইউরোপীয় প্রসিদ্ধ যন্ত্র 'পিয়ান' প্রস্তুত হইয়াছে—সে যন্ত্র যে ভারতের মহস্তাধিকবৎসরপ্রচলিত বাত্যায়ন-বীণা তাহা এক প্রকার প্রতিপন্থ হইল।

~~~~~

সংখ্যা ১৫।

প্রসারণী বীণা ।

হুইটী চিকারি পরিত্যাগে পাঁচটী কাণ্ডবিশিষ্ট একটী কচ্ছপী বীণার দণ্ডপাশে অপর ভিনটী কৌলকযুক্ত একটী শুন্দ দণ্ড সংলগ্ন করিলেই প্রসারণী বীণা হয়। এই যন্ত্রের প্রধান দণ্ডটীতে ১৬ খানি এবং অতিরিক্ত শুন্দ দণ্ড দণ্ডটীতেও ১৬ খানি সাকলে প্রতিটী দণ্ডের প্রতিটী খানি সারিকা অবিকল কচ্ছপী আদি বীণার অনুকরণে বিন্যস্ত থাকে। প্রধান দণ্ডস্থ পাঁচটী তার কিয়ৎ পরিমাণে রঞ্জনী বীণার মত বদ্ধন করার রীতি আছে এবং শুন্দ দণ্ডস্থিত তারত্বয় প্রধান দণ্ডের তারবন্ধ স্থরের মধ্যে সপ্তক করিয়া বাঁধিতে হয়, অর্থাৎ প্রধান দণ্ডের হুই চিহ্ন বিশিষ্ট তারটী যে স্থরে বাঁধা থাকিবে, শুন্দ দণ্ডস্থ হুই চিহ্ন বিশিষ্ট তারটী তাহা অপেক্ষা এক সপ্তক উচ্চ করিয়া বাঁধিতে হইবে। কিন্তু প্রধান দণ্ডের হুই চিহ্ন বিশিষ্ট তারটী উদারার নিম্ন সপ্তকের মড়জ করিয়া বাঁধার রীতি আছে, স্থতরাং শুন্দ দণ্ডের হুই চিহ্ন বিশিষ্ট তারটী উদারার মড়জ স্থরে আবদ্ধ হইবে। অপরাপর তার গুলি যে যে স্থরে বাঁধিতে হয়, তাহা নিম্নে প্রদর্শিত হইতেছে। যথা—

প্রধান দণ্ড ।

১ ২ ৩ ৪ ৫

আ				
	মু			

নিম্ন অতিরিক্তরেখা ম সা স ম দ

ଶୁଦ୍ଧ ଦର୍ଶିକା ।

	১	২	৩
{ অ ম ক			
	৪	৫	৬

দেতারাদি অন্যান্য যন্ত্র যে পদ্ধতিতে বাজাইতে হয়, ইহার
বাদন প্রণালী অবিকল তদনুরূপ নহে। প্রসারণী সমতল স্থানে
বা ক্রোড়ে ঠিক সমতাবে শায়িত করিয়া বংশ বা কার্ত্ত নির্ণিত
একটী শুন্দ শলকা দক্ষিণ হস্তের মুষ্টিযোগে ধারণ করণানন্দর
তাহারই আধাতে বাজাইতে হয় এবং বাম হস্তের বৃক্ষাঙ্গুলি
তারের উপরে সারিকায় সারিকায় টীপ ও ঘর্ণ সহকারে
ঝঁঝলন করিতে হয়। কিন্তু প্রত্যেক আধাতই ঘন্টের সারিকা-
শুন্য স্থানে হওয়া উচিত। বাদকগণ স্বেচ্ছান্তুমারে শলকার
পরিবর্তে কোণস্কও ব্যবহার করিতে পারেন। প্রসারণী বীণাতে
নিম্ন লিথিত নিয়মে দুইদণ্ডে সাকলে সার্কুলিসপ্তক দ্বর
প্রতিপন্ন হইয়া থাকে। যথা—

ପ୍ରଧାନ ଦଣ୍ଡ ।

	২	৩	
জ			সাক্ষণ
ম			
র			
			সাক্ষণ মন্তব্য দণ্ডনির্ণয়

শুদ্ধ দণ্ডিকা ।

	২	১	সাঁক গ
তা			
মু		সাঁক গ ম ম প দ ন	
উ		সাঁক গ ম ম প দ ন	

এই মন্ত্রে দুইটী দণ্ড যোজনা করিবার তাৎপর্য এই যে, প্রথমতঃ অন্যান্য যন্ত্র অপেক্ষা ইহাতে এক সপ্তক অধিক স্বর অনায়াসে প্রতিপন্ন হয়, যেহেতু অপরাপর বীণাদিতে সার্ক দ্বিসপ্তকের অধিক স্বর পাওয়া যায় না, কিন্তু ইহাতে সার্ক-ত্রিসপ্তক পর্যন্ত অক্লেশে প্রতিপন্ন করা যাইতে পারে। দ্বিতীয়তঃ প্রধান দণ্ডস্থ তারের স্বর নীচ এবং শুদ্ধ দণ্ডস্থ তারের স্বর এক সপ্তক উচ্চ করিয়া বাঁধা থাকাতে বাদনকালে সময়ে সময়ে উভয় দণ্ডের উচ্চ ও নীচ স্বর যোগ দিলে বাদ্য, বিশেষ অলঙ্কৃত ও শুনিতে অতীব মধুর হয়। প্রসারণী বীণাটীও আধুনিক যন্ত্র।

সংখ্যা ১৬।

স্বরবীণা ।

স্বরবীণা সংস্কৃতশাস্ত্রানুবায়ী অতি প্রাচীন যন্ত্র, ইহা দেখিতে অনেক অংশে রবাবের মত। ইহার ধ্বনি কোষটী অলাভুনির্মিত এবং দণ্ডাদি অবশিষ্ট অবয়ব সমূদয় কাঠের।

ରବାବେର ଧନି କୋୟ ସେମନ ଚର୍ମାଛାଦିତ ଥାକେ, ଇହାର ଧନି-
କୋୟ ତଥ ପରିବର୍ତ୍ତେ କାର୍ତ୍ତ ଫଳକ ଦ୍ୱାରା ଆଛାଦିତ ହ୍ୟ । ସର-
ବୀଗାର ତାର ଚାରିଟି ନିମ୍ନ ଲିଖିତ ସ୍ଵରେ ଆବଦ୍ଧ ଥାକେ । ସଥା—

	১	২	৩	৪
১	১	২	৩	৪
২	১	২	৩	৪

এই ঘন্টে উদারা, ঘুদারা ও তারা এই তিনটী পূর্ণ সপ্তক
পাওয়া যায়।

সংখ্যা ১৭ ।

ମୋଟଙ୍ଗ ।



ମୋଚନ୍ମ-ସନ୍ତ୍ର ବିଶ୍ଵନ୍ତ ଲୋହଦାରା ନିର୍ମିତ ହୟ ଏବଂ ଦେଖିତେ
କତକାଂଶେ ତ୍ରିଶୁଲେର ଅଗ୍ରଭାଗେର ନ୍ୟାୟ । ଇହାର ମଧ୍ୟଭାଗେ
ଏକଖାନି ପାତ୍ଳା ସରଳ ଲୋହାର ପାତ ମୁବନ୍ଦ ଥାକେ । ସନ୍ତ୍ରଟୀ
ବାମ ହତେର ମାହାଯେ ଦୟନ୍ଦାରା ଚାପିଯା ଧରିଯା ଦକ୍ଷିଣ ହତେର
ତର୍ଜନୀଦାରା ଉଚ୍ଚ ଲୋହାର ପାତେ ଆଘାତ ଦିଯା ବାଜାଇତେ
ହୟ । ଇହାତେ ଏକଟୀର ଅଧିକ ସ୍ଵର ପ୍ରାୟ ନିଷ୍ପନ୍ନ ହୟ ନା । ସ୍ଵରେର
ସ୍ଥାଯିତ୍ବ ରକ୍ଷାର ଜନ୍ୟ ପ୍ରତି ଆଘାତେର ସଙ୍ଗେ ସଙ୍ଗେ ଅତି ମଜୋରେ

শাস গ্রহণ করিতে হয় । মোচন্ত বাজাইবার এইটীই বিশেষ কৌশল । ধাঁহারা সর্বদা মোচন্ত ব্যবহার করেন, তাঁহারা প্রায়ই দন্তরোগ ও শাসরোগে আক্রান্ত হইয়া থাকেন । যদিচ এই যন্ত্রের সন্তোষজনক ধ্বনি-মাধুর্য নাই বটে, কিন্তু সময়ে সময়ে আভ্যন্তরিক ঈকতানিকা সহযোগে বাদিত হইলে এক প্রকার শুনিতে মন্দ লাগে না । নিম্ন মোচন্তিকেরা ময়দা বা মগন্তিকে মোচন্তের স্বরের উচ্চনীচতা সম্পাদন করিয়া থাকেন । এই যন্ত্রটী অতি প্রাচীন, কোন কোন সঙ্গীতকুতুহলী মহাজ্ঞা ইহাকে ভারতবর্ষীয় হার্প বলিয়া প্রতিপন্ন করেন, কিন্তু আগরা একথা যুক্তিযুক্ত বোধ করি না । ঘেহেতু ইহাতে হার্পের কোন সাদৃশ্যই লক্ষিত হয় না ।

~~~~~  
সারঙ্গী ।

সংখ্যা ১৮ ।

~~~~~

সারঙ্গী-যন্ত্রটী অতি প্রাচীন কাল হইতে ভারতবর্ষে প্রচলিত আছে, ইহার ধ্বনিকোণ ও দণ্ড উভয়ই একখানি অখণ্ড কাষ্ঠদ্বারা নির্মিত, ধ্বনিকোষটী পাতলা চর্মদ্বারা আচ্ছাদিত এবং দণ্ডটী কাষ্ঠের পট্টিতে আবৃত হইয়া থাকে । দণ্ডের উর্ক্কিভাগে উভয় পার্শ্বে দুই ছাইটী করিয়া চারিটী কীলক এবং ঈ চারিটী কীলকে চারি গাছি তন্তু সংবন্ধ করা যায় । দণ্ড-পার্শ্বে নির্মাতার ইচ্ছাধীন অপর কয়েকটী কীলক ও তাহাতে

କୌଳକମ୍ବଖ୍ୟାନୁଗତ ପିତ୍ତଳନିର୍ମିତ ତାର ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ ମୁଖ୍ୟୋଜିତ କରା ଥାକେ । ଉଲ୍ଲିଖିତ ପ୍ରଧାନ ଚାରିଟି ତତ୍ତ ଅର୍ଥାତ୍ ତାତ ନିମ୍ନଲିଖିତ ଭିନ୍ନ ଭିନ୍ନ ସ୍ଥରେ ଆବଦ୍ଧ କରା ଯାଯା । ସଥା—

୧	୨	୩	୪
ମୁଖ୍ୟ	ମୁଖ୍ୟ	ମୁଖ୍ୟ	ମୁଖ୍ୟ
କୌଳକମ୍ବଖ୍ୟାନୁଗତ ପିତ୍ତଳନିର୍ମିତ ତାର	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ

ଏହି ସନ୍ଦ୍ର କ୍ରୋଡ଼େ ଲମ୍ବଭାବେ ବନ୍ଦହୀଲେର ଟେମ୍ ମହକାରେ ସ୍ଥାପନ କରିଯା ବାମହସ୍ତେର ବୃଦ୍ଧାଙ୍ଗଳି ଭିନ୍ନ ଅପର ଚାରିଟି ଅନ୍ତର୍ଲିର ନଥେର ସର୍ବଧେ ଏବଂ ଦର୍କିଣ ହତ୍ସ୍ଵର୍ତ୍ତ ଧନୁର୍ବାରା ବାଜାଇତେ ହେଁ । ନଥେର ସର୍ବଧର୍ମାଙ୍ଗଳି ତତ୍ତ୍ଵର ପାର୍ଶ୍ଵ ପାର୍ଶ୍ଵ ହେଁଯା ଉଚିତ । ମାରଙ୍ଗୀ-ସତ୍ରେ ନିମ୍ନେ ପ୍ରଦର୍ଶିତ ନିଯମେ ପୂର୍ଣ୍ଣ ବ୍ରିମଣ୍ଡକ ପ୍ରତିପଦି ହେଁ । ସଥା—

ମୁଖ୍ୟ	ମୁଖ୍ୟ	ମୁଖ୍ୟ	ମୁଖ୍ୟ
କୌଳକମ୍ବଖ୍ୟାନୁଗତ ପିତ୍ତଳନିର୍ମିତ ତାର	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ
କୌଳକମ୍ବଖ୍ୟାନୁଗତ ପିତ୍ତଳନିର୍ମିତ ତାର	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ	ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵକାଳପେ

ମାରଙ୍ଗୀ କୋମଲକଣ୍ଠୀ ଶ୍ରୀଜାତିର ସୁପ୍ରାନୁଗତ ହେଁଯା । ମାରଙ୍ଗୀର ଧର୍ମନି ଅତୀବ ମଧ୍ୟରେ, ଅଥଚ କଞ୍ଚକର୍ମାଙ୍କଳପ, ଏମନ କି କଥନ କଥନ ସ୍ଵକଣ୍ଠୀ ଶ୍ରୀଲୋକଦିଗେର କଟେର ସ୍ଥରେ ମହିତ ଇହାର ଧର୍ମନି ଏକପ ମଧ୍ୟରେ ଶିଳିତ ହେଁଯା ଯାଯା ଯେ, ଉତ୍ତମ ସ୍ଵରତ୍ତ ମନ୍ଦିତ ବ୍ୟବ-ମାୟୀରାଓ ଅତି କଟେ ଉତ୍ତମେର ପାର୍ଶକ୍ୟ ମହମା ହିର କରିତେ ପାରେନ ନା, ଯନ୍ତ୍ରଧରନି ଓ କଞ୍ଚକର୍ମାଙ୍କଳ ଦ୍ଵିତୀୟ ଏକ ବଳିଯା । ଏ ତୀତି

হয়। এই যন্ত্রটী যে বহুকালাবধি ভারতবর্ষের প্রায় সর্বত্রই বহুলভাবে প্রচলিত ও ধরুণ্টত্যন্তের আদি বলিয়া প্রসিদ্ধ আছে, ইহা জন্ম বিসপ্তি কর্তৃক অনুবাদিত বেলজিয়ন রাজ্যের রাজধানী ব্রসেল নগরস্থ মঙ্গীতবিদ্যালয়ের অধ্যাপক এফ. জে. ফেটীস সাহেবকুত স্বিখ্যাত বাহ্লীননির্মাতা এস্টেডি ভেরিয়ামের জীবন বৃত্তান্ত এবং ধর্ম্যন্তের আদি উৎপত্তি-বিষয়ক ইতিহাসগ্রন্থে স্পষ্টাকরে লিখিত আছে। কথিত আছে যে: জন্মের ৫০০০ বৎসর পূর্বের মহাবয় পরাম্পরাগত লক্ষাধিপতি রাবণ রাজাই এই জাতীয় যন্ত্রের প্রথম সৃষ্টি করেন। পরে নানা দেশে কিঞ্চিৎ কিঞ্চিৎ অবয়বভেদে নানা নামে প্রসিদ্ধ হয়। ইউরোপের ভায়লিন্স, চীনের “আরহীন” জাপানের “কোকীন” পারস্যের “কামার্থা” সারঙ্গীর অবয়বভেদ মাত্র, এসিরিয়া দেশেও ইহা অপ্রচলিত ছিল না।

সংখ্যা ১১।

এস্রারু।

এস্রারু যন্ত্রটী অতি আধুনিক, সেতার ও সারঙ্গী এই দ্঵িবিধ যন্ত্রের মিশ্রণে ইহার উৎপত্তি। এই যন্ত্রের খর্পর হইতে দণ্ড পর্যন্ত সমৃদ্ধায় অবয়বটী কার্ত্তনির্মিত। খর্পরটী কতকাংশে সারঙ্গীর ন্যায় এবং দণ্ডটী অবিকল সেতারের দণ্ডের অনুরূপ। দণ্ডের উপরিভাগে যোজিত পাঁচটী কীলকে পাঁচটী তার আবক্ষ করা যায়। সেতারের পাঁচটী তার যে যে

ଧାତୁନିର୍ମିତ ଏବଂ ଯେ ସ୍ତରେ ବାଁଧା ଥାକେ, ଇହାର ତାର ପାଁଚଟି ଓ ଟିକ ମେଇ ମେଇ ଧାତୁନିର୍ମିତ ଓ ମେଇ ମେଇ ସ୍ତରେ ବାଁଧିବାର ରିତି ଆଛେ । ଅଧିକ କ୍ଷୁଟ୍ ଇହାତେ ପିତଳେର ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵିକା ବ୍ୟବହର ହୁଏ, କିନ୍ତୁ ତାହାର ସଂଖ୍ୟା ଏବଂ ଶ୍ରବନ୍ଧନ ବାଦକେର ଇଚ୍ଛାର ଅଧୀନ । ଇହାର ପାର୍ଶ୍ଵତତ୍ତ୍ଵିକାଙ୍ଗଳି ପୃଥିଗ୍ରମେ ବାଦିତ ହୁଏ ନା, ପ୍ରଧାନ ତାରେର କମ୍ପମେଇ ପ୍ରତିକ୍ରିୟା ହିଁଯା ଥାକେ । ବାଦକଗଣ ବାମ ହତ୍ୟର ଆଲଗୋଚା ଆଶ୍ରଯେ ଯନ୍ତ୍ରଟୀ ଲମ୍ବତାବେ ଦାଁଡ଼ କରାଇୟା ଦକ୍ଷିଣ ହତ୍ୟେ ଧୂତ ଧନୁର୍ବାରା ବାଦନକ୍ରିୟା ନିଷ୍ପତ୍ତି କରିଯା ଥାକେନ । ମେତାର ବାଦନେର ପ୍ରଣାଳୀତେ ଇହାର ବାଦନେ ବାମ ହତ୍ୟର ତର୍ଜନୀ ଓ ମଧ୍ୟମା ଏହି ଛୁଟୀ ଅନ୍ତଲିରଇ ସମ୍ବିଧିକ ବ୍ୟବହାର ଦେଖା ଯାଏ । ଏସ୍ରାରେର ଲୌହନିର୍ମିତ ନାୟକି ତାରଟୀଇ ସର୍ବଦା ବାନ୍ଧିଲା ହିଁଯା ଥାକେ, ଅପର ତାରଙ୍ଗଳି ପ୍ରାୟ ଶ୍ରବନ୍ଧହୟୋଗିତାର ଜନ୍ମାଇ ବ୍ୟବହାର୍ୟ । ଏହି ଯନ୍ତ୍ରଓ କୋମଲକଟୀ ଶ୍ରୀମତୀ ଶ୍ରୀମତୀ ମଧୁରତାବର୍ଧନନିରିତିରେ ପ୍ରଯୋଜନୀୟ ଏବଂ ତାହାଦିକୁ ଗୀତାମୁଦ୍ରା ବର୍ତ୍ତୀ ହିଁଯା ବାଦିତ ହୁଏ । କଥନ କଥନ ମେତାରାଦି ଯତ୍ରେର ନ୍ୟାୟ ଇହା ସ୍ଵତଃମିଳ ରୂପେ ବାଦିତ ହିଁତେ ଦେଖା ଯାଏ ।

ସଂଖ୍ୟା ୨୦ ।

ମାୟୁରୀ ବା ତାଯୁଶ୍ ।

ମାୟୁରୀ-ଯନ୍ତ୍ର ଏସ୍ରାରେର ଅବସରଭେଦ ମାତ୍ର । କେବଳ ଇହାର ଧରମୁଲେ ଏକଟୀ କାର୍ତ୍ତାଦିନିର୍ମିତ ମୟୁରେର ସଂଗ୍ରହ ମୁଖ ଯୋଜିତ ଥାକିତେ ଦେଖା ଯାଏ । ମୟୁରାମ୍ୟସଂଯୋଗେ ନିର୍ମିତ

হয় বলিয়াই এই যত্নসংস্কৃত ভাষায় “ময়ুরী” ও পারস্য ভাষায় “তায়ুশ্” নামে প্রসিদ্ধ হইয়াছে। ইহার ধারণ, স্বরবন্ধন, বাদন ও প্রয়োজন প্রভৃতি সমুদায়ই এস্রারের ন্যায়। বস্ত্রগত্যা ইহা অতি আধুনিক যত্ন। বিবিধ অনুসন্ধানে বোধ হয় উভর পশ্চিমাঞ্চলিস্থানীয়”কোন ব্যক্তি ৪০ বৎসরের মধ্যে এস্রার যত্নে একটী ময়ুরাস্য যোজনা করিয়া তায়ুশ নামে বিখ্যাত করিয়া থাকিবেন। পারস্য ভাষায় ময়ুরকে তায়ুশ বলে। কেহ কেহ বঙ্গদেশস্থ বিশুপুর অঞ্চলীয় সেবারাম নামক জনৈক শিল্পীকে প্রথম তায়ুশ নির্মাতা বলিয়া স্বীকার করিয়া থাকেন।

সংখ্যা ২১ ।

অলাৰু-সারঙ্গী।

অলাৰু-সারঙ্গী সারঙ্গীর প্রকারভেদমাত্র। বিশেষের মধ্যে এই যে, সারঙ্গীর সমুদায় অবয়বটী দারুনির্ধিত, ইহার খর্পর হইতে প্রায় দণ্ড প্রাপ্ত পর্যন্ত সমুদায় পশ্চাদ্ভাগটী একটী অখণ্ড অলাৰুদ্বারা প্রস্তুত হইয়া থাকে। অতি প্রাচীন কালে এই যত্নের খর্পরটী কথন কথন নারিকেলের খোলের দ্বারা নির্ধিত হইত। অলাৰু-সারঙ্গীর অঙ্গলিস্থান ধৰনিপট্টক প্রভৃতি অপরাপর অঙ্গ প্রত্যঙ্গগুলি কাঠের। ইহার প্রধান তন্ত্র, পাশ্বতন্ত্রিকা, সপ্তকের সংখ্যা, স্বরবন্ধন এবং প্রয়োজন প্রভৃতি সমুদায়ই সারঙ্গীর ন্যায়; কিন্তু ধারণ ও বাদন-

প্রণালীতে সারঙ্গী হইতে কিঞ্চিৎ বিশেষ লক্ষিত হয়। সারঙ্গীর ন্যায় যন্ত্রটী ক্রোড়ে দাঁড় করাইয়া না ধরিয়া ইহার পছির সম্মিলিত খর্পাংশ বাংমস্কক্ষে স্থাপনপূর্বক বাগ হস্ত কিয়ৎ পরিমাণে কুঞ্চিত করিয়া উক্ত হস্তের তালু ও অঙ্গুলির সাহায্যে ধরিতে হয়; এবং বাদনকালে সারঙ্গীতে যেমন তন্তুর নীচে নীচে বামহস্তের নথরের ঘর্ষণে স্বর নির্গত হইয়া থাকে, ইহাতে তৎপরিবর্তে তারের উপরে উপরে অঙ্গুলির টীপঘোগে ইউরোপীয় বাহুলীনের রীতিকে স্বর সকল প্রদর্শিত করিতে হয়। ফলতঃ বাহুলীন এবং অলাবুসারঙ্গী এতদ্বয়ই একজাতীয়, সেই জন্য কোন কোন ইউরোপীয় ইহাকে ভারত-বর্ষীয় বাহুলীন বলিয়া থাকেন। যাহাই হউক অলাবু-সারঙ্গী অতি প্রাচীন বলিয়া এতদেশে প্রসিদ্ধ।


সংখ্যা ২২।

মীন-সারঙ্গী।

মীনসারঙ্গী এস্বারের রূপান্তরমাত্র। উভয়ের মধ্যে বিভিন্নতা এই যে, মীন-সারঙ্গীর ধৰনিকোষ হইতে দণ্ড-প্রান্ত পর্যন্ত সমুদায় পশ্চাদ্বাগটী একটী অখণ্ড দীর্ঘাকার অলাবুনির্মিত। ইহার সারিকার সংখ্যা ও বিন্যাস, কীলক, তারের সংখ্যা ও যোজনা, পার্শ্বতন্ত্রিকার নিয়ম, স্বরবক্ষন, ধারণ, বাদন, অঙ্গুলিবিক্ষেপ প্রভৃতি যাবতীয় বিষয় এস্বারের অনুরূপ। যন্ত্রের খর্পরের মূলদেশে কাঠাদিনির্মিত একটী মৎস্যের মুখ যোজিত থাকে বলিয়াই ইহাকে মীন-সারঙ্গী বলে।

সংখ্যা ২৩ ।

স্ত্রসঙ্গ বা স্ত্রসোঁ ।




স্ত্রসঙ্গ ষষ্ঠ দেখিতে এস্রারের ন্যায় । এস্রারের যে যে অঙ্গ যে যে উপাদানে নির্ধিত হয়, ইহারও তত্ত্ব অবয়ব দেই সকল উপাদানেই গুন্তুত হইয়া থাকে । ইহার বাদনাদির নিয়মও অবিকল এস্রারের সদৃশ । কেবল এস্রারের ন্যায় পার্শ্বতত্ত্বিকাণ্ডিলি না থাকাতেই “স্ত্রসঙ্গ” এই স্বতন্ত্র নামটি প্রথিত হইয়াছে, বঙ্গদেশের অন্তঃপাতী বিষ্ণুপুর অঞ্চলে এই প্রকার ঘন্টের বহুল প্রচার দেখিতে পাওয়া যায় । তত্ত্বত সেবারাগ দাস এই ঘন্ট প্রথম স্ফজন করেন ।

অধুনা যে সকল মত্য তত্যন্ত্রের সমাধিক প্রচলন দেখা যায়, তৎসমূদায়ের সবিষ্টার বিবরণ লেখা হইল, এতক্রম বহুতর ঘন্টের নাম-সংস্কৃতনম্নীত গ্রন্থে দৃষ্টিগোচর হয়, কিন্তু সে সকল ঘন্টের প্রচলন না থাকাতে এ স্থলে তাঁহাদের নামোন্নেগ করা গেল না, পরিশিষ্টে ঘন্টাস্থানে লিখিত হইবে ।

গ্রাম্য তত্যন্ত।

সংখ্যা ২৪।

সারিন্দা।



সারিন্দা কখন কখন সভাতেও ব্যবহৃত হইয়া থাকে। বস্তুগত্যা বিবেচনা করিয়া দেখিতে গেলে ইহা গ্রাম্য ব্যতীত কখনই সভ্য যন্ত্রশ্রেণীভুক্ত হইতে পারে না। সারিন্দার সমুদায় অঙ্গই কার্ত্তনির্মিত, ইহার ধ্বনিকোষ কিয়দ্বাগ চর্মাচ্ছাদিত এবং কতক অংশ শূন্য থাকে। এই যন্ত্রে অশ্বপুঁচের কেশ-নির্মিত তিনটী তার তিনটী কীলকে নিম্নলিখিত স্থরে আনন্দ করা যায়। যথা—

	১	২	৩
জি	ম	ম	ম

সারঙ্গী যন্ত্রটী সারিন্দার অনুকৃত অথবা সারিন্দা সারঙ্গীর অনুকৃত ইহা হিঁর করা কিছু কঠিন। বস্তুসমন্বয়ের উন্নতির বিষয় বিচার করিয়া দেখিলে বোধ হয় সারিন্দাই আদিম যন্ত্র, কাল সহকারে দেশীয় সভ্যতার সঙ্গে সঙ্গে সংস্কৃত হইয়া সারঙ্গীর আকারে পরিণত হইয়া থাকিবে, কিন্তু ইহাতেও একটী বিষয় সন্দেহ উপস্থিত হয়; যেহেতু সংস্কৃত সঙ্গীত গ্রন্থ সমৃহে সারিন্দার নামোল্লেখ নাই, তবে সারঙ্গানামক

যন্ত্রের নাম দেখিতে পাওয়া যায়, বোধহয় সারঙ্কারই নামাপ-
অংশে সারিন্দা হইয়া থাকিবে । সারঙ্কীর নাম প্রায় সকল
গ্রন্থেই লক্ষিত হয় । যাহা হউক উভয় যন্ত্রই অতি প্রাচীন ।

সংখ্যা ২৫ ।


এক তন্ত্রিকা বা এক-তারা ।



চর্মাচ্ছাদিত একটী অলাবু খর্পরে একটী বংশদণ্ড মোজিত
এবং সেই বংশ দণ্ডের উপরি ভাগে একটী মাত্র কীলক সংবন্ধ
করিলেই এক-তন্ত্রিকা বা এক-তারা যন্ত্র প্রস্তুত হয় । উভয়
কীলকে একগাছি লৌহতার সংযোজিত থাকে । বাদকগণ
ঐ তারটী স্থীয় কঢ়ের অনুসারী করিয়া আবক্ষ করিয়া লয় ।
এই যন্ত্র বাদনে বাদকের কিছুমাত্র পারিপাট্য নাই, যন্ত্রটী
দক্ষিণ ক্ষন্দে স্থাপনপূর্বক দক্ষিণ হস্তের তর্জনীদ্বারা পুনঃ
পুনঃ আঘাত করিয়া তুষ্ণুরু বীংবার অনুকরণে বাজাইতে হয় ।
এক-তন্ত্রিকা যন্ত্রটী অতি প্রাচীন এবং এক তন্ত্র-বিশিষ্ট
বলিয়াই এক-তন্ত্রিকা নামে পরিচিত । ভারতবর্ষের সর্বত্রই
প্রায় এই যন্ত্রের প্রচলন দেখা যায় । বাউল, বৈরাগী প্রভৃতি
তিক্ষ্ণাপজীবী ব্যক্তিরাই প্রায় এই যন্ত্রের সাহায্যে
গ্রাম্যগান করিয়া দ্বারে দ্বারে ভিঙ্গা করিয়া থাকে, তদ্বিগ্ন
অন্য কোন সম্পূর্ণায়নারাই এ যন্ত্রের ব্যবহার দেখা যায় না ।

ସଂଖ୍ୟା ୨୬ ।


ଆନନ୍ଦ-ଲହରୀ ।



ଆନନ୍ଦଲହରୀ ଗ୍ରାମ୍ୟଯତ୍ର ମଧ୍ୟେ ପରିଗଣିତ । ପ୍ରାୟ ଅର୍ଦ୍ଧ ହଞ୍ଚ ପରିମିତ ଏକଟୀ ଶୂନ୍ୟଗର୍ଭ କାର୍ତ୍ତେର ଖୋଲ, ଏକଗାଛି ତଞ୍ଚ ଏବଂ ଚର୍ମାଛାଦିତ ଏକଟୀ ମୃଖ୍ୟ ବା କାର୍ତ୍ତାଦିନିର୍ମିତ ଭାଣ୍ଡ ଏହି ତିନ ପ୍ରକାର ଉପକରଣେ ଆନନ୍ଦଲହରୀ ଯତ୍ର ପ୍ରସ୍ତୁତ ହଇଯା ଥାକେ । ଉଲ୍ଲିଖିତ ଖୋଲଟୀର ଏକମୁଖ ଅପେକ୍ଷାକୃତ କିଞ୍ଚିଂ ପ୍ରଶ୍ନ ଓ ଚର୍ମଦ୍ଵାରା ଆଛାଦିତ ଥାକା ଆବଶ୍ୟକ ଏବଂ ଦେଇ ଆଛାଦକ ଚର୍ମର ଟିକ ମଧ୍ୟମ୍ବଲେ ଏକଟୀ ଛିଦ୍ର କରିଯା ପୂର୍ବ କଥିତ ତଞ୍ଚର ଏକ ପ୍ରାନ୍ତ ଆବଦ୍ଧ କରିଯା ଅପର ପ୍ରାନ୍ତ ଉତ୍ତର ମୁତିକାଦି ନିର୍ମିତ ଭାଣ୍ଡେର ଆଛାଦକ ଚର୍ମର ମଧ୍ୟମ୍ବିତ ଛିଦ୍ରେ ସଂଲପ୍ନ କରିତେ ହୁଁ । ଯତ୍ରେର କାର୍ତ୍ତ ନିର୍ମିତ ଖୋଲଟୀ ବାମ କଙ୍କେ ଦୃଢ଼ରୂପେ ଧରିଯା ଭାଣ୍ଡଟୀ ବାମହଞ୍ଚେ ମବଲେ ଆକର୍ଷଣ କରତ ଦକ୍ଷିଣ ହଞ୍ଚେ ଧୂତ ଶଳାକାଦ୍ଵାରା ତ୍ାତେ ଆଘାତ କରିଲେ ବାଦନ କ୍ରିୟା ନିଷ୍ପମ୍ବ ହଇବେ । ବାମ ହଞ୍ଚେର ଆକର୍ଷଣେର ନ୍ୟୂମାତିରେକେଇ ଛରେର ଉଚ୍ଚ ନୀଚତା ସମ୍ପମ୍ବ ହଇଯା ଥାକେ । ଏହି ଯତ୍ରଟୀଓ ଭିକ୍ଷୁକେରା ବ୍ୟବହାର କରିଯା ଥାକେ ।

সংখ্যা ২৭ ।

গোপীযন্ত্র ।



একটী সার্কুলার পরিমিত সংগৃহি সরু বংশদণ্ডের গ্রহিত্বাক্তৃত প্রান্তের ছয়, সাত অঙ্গুল অগ্রভাবে রাখিয়া অবশিষ্টাংশ চারি সমান ভাগে চিরিয়া তাহার দুই অংশ পরিত্যাগ করিলে যে দুই অংশ থাকে, তাহার প্রান্তে আনন্দলহরীর খোলের অনুরূপ একটী অলাবুনির্মিত খোল আবদ্ধ করিয়া তাহাতে আনন্দলহরীর রীতিতে একটী লোহের তার সংলগ্ন করত এই তারের অপর প্রান্ত উক্ত বংশদণ্ডের অবিকৃত ভাগে প্রোথিত একটী কীলকে সংবন্ধ করিতে হয়। যন্ত্রদণ্ডের প্রাঁয় মধ্যস্থল দক্ষিণ হস্তের তজ্জনী পরিত্যাগে অবশিষ্ট সংগুদায় অঙ্গুলির সাহায্যে ধরিয়া তজ্জনীদ্বারা তারটীতে আঘাত করিয়া ইহার বাদনক্রিয়া নিষ্পত্তি করিতে হয়। দণ্ডধারক অঙ্গুলি চতুর্থয়ের আকুঞ্জন ও প্রসারণে ইহার স্বরের নীচতা ও উচ্চতা প্রকাশ পায়। এ যন্ত্রটীও বাড়িল প্রভৃতি ভিক্ষুকেরাই ব্যবহার করিয়া থাকে।

যে সকল তত্যন্ত্রের বিষয় পূর্বে বিবৃত হইল তাহাদের মধ্যে যে অনেকেই এই আসিয়া বিশেষতঃ এই ভারতবর্ষ

হইতে উৎপন্ন হইয়া নামাদেশে নানাবিধ সংজ্ঞায় প্রচলিত হইয়াছে—অঙ্গভেদে বিবিধ বিলিত প্রদর্শন করিয়া আসিতেছে তাহা একপ্রকার প্রতিপন্ন হইল। তাহারা কোথাও অবিকল অপরিবর্তিত অবস্থায় রহিয়াছে, কোথায়ও বা আকারে কতক পরিবর্তিত হইয়া গিয়াছে। কত যন্ত্রের আদিম প্রকৃত-সংজ্ঞা দেশভেদে—ভাষাভেদে বর্ণগত বিকৃতিপ্রাপ্ত হইয়াছে। কিন্তু ধরিতে গেলে—মূল অনুসন্ধান করিতে গেলে জানিতে পারা যায় যে, সেই একই যন্ত্র কোন একদেশবিশেষ হইতে উৎপন্ন হইয়া বিভিন্ন দেশে বিভিন্ন নাম বা আকার ধারণ করিয়াছে—তাহাদের বিলাস বিভ্রম বিভিন্ন হইয়াছে। কত যন্ত্র অধুনাতন প্রসিদ্ধতম যন্ত্রসকলের প্রকৃতমিস্ত্রুপ হইয়াছে। ভাষাতত্ত্ববিদ্গণ বিভিন্নদেশপ্রচলিত ভাষাসমূহের পরম্পরার সাদৃশ্য সমালোচনা করিতে গিয়া এইরূপ কত সত্য আবিষ্কার করিতেছেন। অবশ্যে এমন দিন আসিবে যে দিনে আমাদের এই বাক্য সত্য বলিয়া প্রতিপন্ন হইবে যে, পশ্চিমে পারস্য বা মিডিয়া দেশান্তর্গত ইরান প্রদেশ, পূর্বে মগধদেশ, দক্ষিণে বিস্ক্যুগিরি এবং উত্তরে হিমাচল এই চতুঃ-সীমান্তবর্তী বিস্তীর্ণভূভাগের অধিবাসীদিগের নিকট ইউরোপ অন্যান্য অনেক বিষয়ের ন্যায় অধিকাংশ সঙ্গীতযন্ত্রে—বিশেষতঃ তত্ত্বস্ত্রের নিমিত্ত চিরকালের জন্য অধর্ম রহিয়াছে। আমাদের এই মত। আবার যদি ইতিহাস পর্যালোচনা করি, তাহা হইলে জানিতে পারি যে, প্রায় সম্পূর্ণ ইউরোপীয় সঙ্গীত-ইতিহাসলেখকগণও আমাদের এই মতের সম্পূর্ণ

অমুমোদন করেন—তাহারাও বলেন “আমাদের দেশে যে সকল প্রদিন্দতম সঙ্গীতযন্ত্র প্রচলিত আছে সে সমুদয়েরই আদিম স্থল পূর্বাঞ্চল—সকলেরই মধ্যে কোনটী পূর্বাঞ্চলীয় যন্ত্রসকলের অনুকৃতি, কোনটী বা তাহাদের আকারপরি-বর্ণনসম্ভূত।” স্থপ্রসিদ্ধ ফিটিসের (Fetis.) মতেও পূর্বাঞ্চলই ইউরোপীয় সঙ্গীতদেবীর শৈশবদোল। তিনি বলেন “এই পশ্চিমাঞ্চলে এমন কিছুই নাই যাহা পূর্বাঞ্চল হইতে আসে নাই”।*

যদিও ইউরোপীয় পশ্চিমতেরা পূর্বাঞ্চলকে যাবতীয় সঙ্গীত-যন্ত্রের জন্মদেশ বলিয়া মুক্তকঠে স্থীকার করেন, তথাপি কেহই এই পূর্বাঞ্চলীয় কোন এক দেশবিশেষকে আদিম জন্মভূমি বলিয়া সম্মান প্রদান করিতে চান না। তাহাদের মতে সমুদয় যন্ত্রের জন্য ইউরোপ কি মুখ্যসমষ্টে বা কি গোণসমষ্টে প্রধানতঃ মিসর, আরব, আসিরিয়া ও ভারতবর্ষ এই কয় দেশের নিকট বিশেষ খণ্ণি। কিন্তু ইহাদের মধ্যে কোন দেশ যে প্রকৃত জন্মভূমি তাহা তাহারা ছির করিতে পারেন নাই। সকলেরই এখানে মতভেদ লক্ষিত হইয়া থাকে। পুরাবিদ্যুগ কালনির্গংয়ে হতাশ হইয়াছেন। বস্তুতঃ তাহাদের জন্মকাল এত প্রাচীন যে ইতিহাসের অধিকারের বহিভূত—আর তাহার সেই বহির্ভাগ এক ঘন বিস্তীর্ণ ঘব-নিক। দ্বারা অন্তরিত হইয়াছে। তাহাদের মধ্যে কেহ কেহ বলেন যে, কতকগুলি যন্ত্র মিসর দেশ হইতে, কতক গুলি

* Antoine stradivari &c on the Bow-instruments by M. Fetis Page 9.

আরবদেশ হইতে, কতকগুলি বা আসিরিয়া হইতে এবং অধিকাংশই ভারতবর্ষ হইতে অবিকল অবস্থায় বা ক্লপান্তরিত হইয়া আসিয়ার অন্যান্য দেশে ও ইউরোপে সমানীত হইয়াছে। সমুদয় ধনুস্তত্যন্তের ও অধিকাংশ অন্যান্যবিধি তত্যন্তের জন্মভূমি যে ভারতবর্ষ, তদ্বিষয়ে সকলেই এক অবিস্মাদী মত প্রকাশ করিয়া গিয়াছেন। সুপ্রসিদ্ধ মন্দিয়র সণ্গিরাট (M. Sonnerat.) বলেন যে, “ যাবতীয় ধনুস্তত্যন্ত পুরাকালে কি আসিরীয়, কি হিন্দু, কি মিসরীয় ইহাদের মধ্যে কাহারও পরিচিত ছিল না । মদি ও কোন কোন ইতিহাসলেখক বলিয়া গিয়াছেন যে হিন্দুদের ওরূপ কতকগুলি যন্ত্র ছিল কিন্তু তাহাদের মধ্যে সকলেরই অঙ্গুলিত্বকে ধনুঃ বলিয়া ভূম ছিল। বস্তুতঃও ধনুস্তত্যন্ত সকল ভারতেরই। রাবণাস্ত্র নামে হিন্দু দিগের যে এক অতি পুরাতন ধনুস্তত্যন্ত আছে তাহা প্রায় পঞ্চ সহস্র বৎসর অতীত হইল লক্ষাধিপতি রাবণ নির্মাণ করিয়া স্বনাম প্রসিদ্ধ করেন। চীনের উর-হীন. জাপানের কোফিউ, হিন্দুদের সারঙ্গী ও সারিন্দা এবং আরব ও পারস্যের কেমান্গো ও রবাব এ সকলই সেই একই যন্ত্রের প্রতিরূপ ব্যূতীত আর কিছুই নয়। এরূপ প্রতিরূপ যন্ত্র যে আসিরিয়া ও হিন্দু প্রভৃতি দেশেও অবশেষে উৎপন্ন হইতে পারে তাহা কতক মন্তব্যপর। ”* এফ. তে, ফিটস্ট তাঁহার রেজুমি ফিলসো-ফিলুই দে লা হিস্টোরিই দে লা মিউসিকুই (Resume philosophique de la histoire de la musique) নামক গ্রন্থে লিখিয়াছিলেন

* Voyage aux Indes Orientales, by M. Sonnerat Paris, 1806, Vol I p. 182.

যে যাবতীয় ধনুস্তত্যন্ত ইউরোপ হইতে প্রথমে উৎপন্ন হইয়া আসিয়ার অন্যান্য দেশে নৌত হইয়াছে। তিনি বলেন ধনুস্তত্যন্ত প্রথমতঃ ইটালী হইতে উৎপন্ন হইয়া গ্রীসে ও তখন হইতে আসিয়ামাইনরে এবং অবশেষে পারস্য ও আরব দেশে কেমান্ডো এরাউসি নামে প্রচলিত হয়। কিন্তু আবার ইউরোপীয় ধর্মার্থযুক্ত্যাত্রীগণ যখন জেরজেলম হইতে প্রত্যাবর্তন করেন তখন তাহাদের সঙ্গে সেই যন্ত্রকে আবার স্বদেশে লইয়া যান। কিন্তু ভারতবর্ষীয় রাবণাত্রী উপরিউক্ত যাবতীয় যন্ত্রের মূল তাহা তিনিই আবার তাহার তৎপরকৃত গ্রন্থে স্পষ্টাক্ষরে স্বীকার করিয়া গিয়াছেন। তিনি বলেন “যে সময়ে আমি ওরপ লিখিয়াছিলাম তখন আমি পূর্বাঞ্চলীয় সঙ্গীত সম্বন্ধে সম্পূর্ণ অনভিজ্ঞ ছিলাম, ক্রমাগত অনুসন্ধানের পর অবশেষে এই সত্যটী জানিতে পারিয়াছি যে, পূর্বাঞ্চল হইতে আমে নাই এমন কিছুই এই পশ্চিমাঞ্চলে নাই। এখন আমি মুক্তকষ্টে বলিতে পারি, যে ভারতবর্ষ সর্বাঙ্গসম্পন্নভাসার (সংস্কৃত ভাষার), উচ্চ মোঃপানাধিরূপ সভ্যতার, মানবমনের বিবিধচিন্তা ও ভাবপরম্পরার প্রকাশক দর্শনশাস্ত্রের, সর্বাঙ্গ-সুন্দর কবিত্বের এবং তত্ত্বত্য অধিবাসীদিগের প্রধানতম আমোদপ্রদ সঙ্গীতের গোচীনত্ব চিহ্ন সমূহ প্রতাক্ষ উপলক্ষ করিতেছি, সেই ভারতবর্ষ যাবতীয় ধনুস্তত্যন্তের আদি জন্মস্থান এবং তথা হইতে আসিয়ার অন্যান্য স্থলে সেই সকল যন্ত্র পরিচিত হইয়াছে। অনেক যন্ত্র আছে দেখিলে নিশ্চয় তাহাদিগকে ভারতবর্ষীয় বলিয়া বোধ হয়। ইহাতে অণু-

ମାତ୍ରାଓ ମନ୍ଦେହ ନାହିଁ । ଯଦି କୋନ ଧନୁସ୍ତ୍ରକେ ଆଦିମ ଅବଶ୍ୟାଯ ଦେଖିତେ ଇଚ୍ଛା କରି, ତାହା ହିଁଲେ ତାହାର ପ୍ରାଚୀନ ମରଳ ଭାବେର ଅନୁମନ୍ଦାନ କରିତେ ଯାଇ, ଶିଳ୍ପନୈପୁଣ୍ୟ ଯାହାର ସମ୍ପୂର୍ଣ୍ଣତା ସମ୍ପାଦନେ ପ୍ରଦର୍ଶିତ ହୟ ନାହିଁ ସେଇରୂପ ଯନ୍ତ୍ରି ଗ୍ରହଣ କରି । ଭାରତବର୍ଷୀୟ ରାବଣାନ୍ତ୍ର ପ୍ରଭୃତି ଦୃଷ୍ଟି କର ।” *

ଅତ ଦୂର ଯାଇବାରଇ ବା ଆବଶ୍ୟକତା କି ? ଯେ ଏକତନ୍ତ୍ରୀ ବୀଣାକେ ଯାବତୀୟ ଇଉରୋପୀୟପଣ୍ଡିତଗଣ ମୟୁଦ୍ୟ ତତ୍ତ୍ୟନ୍ତ୍ରେ ଆଦି ବଲିଯା ସ୍ଵିକାର କରିଯା ଗିଯାଛେ ତାହା ଏହି ଭାରତବର୍ଷ ହିଁତେଇ ଉଂପନ୍ନ ହିୟାଛେ । ସେହି ଏକତନ୍ତ୍ରୀ ବୀଣା ଭାରତୀୟ ପ୍ରସିଦ୍ଧ ପିଣାକବସ୍ତ୍ର । ଇହାର ପ୍ରାଚୀନତା ପ୍ରତିପନ୍ନ କରିବାର ଜନ୍ୟ ଭାରତବର୍ଷୀୟ ପଣ୍ଡିତଗଣ ଇହାକେ ଦେବଦେବମହାଦେବକର୍ତ୍ତକ ନିର୍ମିତ ଓ ତୀହାରଇ ନିତାନ୍ତ ପ୍ରିୟବନ୍ଧୁ ବଲିଯା ଥାକେନ । †

“ * Hindoostan, the country whence we derive the most ancient monuments of a well-developed language, of an advanced civilization, of a philosophy in which all varieties of human thought have their expression, of a poetry eminently rich in all its branches, and of a music in which the extreme sensibility of the natives finds expression - Hindoostan has, it appears, been the birthplace of the instruments played with the bow, and has made them known to other parts of Asia. This does not admit of a moment's doubt, as the instruments are actually in existence, bearing unmistakeable marks of their Indian origin. If we wish to find the instrument played with a bow in its original state, we must take it in its simplest form, where no art has been employed to render it more perfect. Thus we find it in the *ravanastron*, formed of a cylinder of *sheo* or wood, partly hollowed.”

Translated from Antoine-Straliveri, *précédé d' Recherches historiques et critiques sur L'Origine et les Transformations des Instruments à Archet of M. Fétis.*

†ଏହି ଯନ୍ତ୍ର ଦେଖିତାମ୍ବର ନାହିଁ । ଏକଟି ଶିତିଶ୍ଵାଗକ ଫୁଲୋପେତ ଯନ୍ତ୍ର । ତାତାର ନୁହି ମୀମ ଏକଟି ତଚ୍ଛୁରା ଯବନତ ଭାବର ଆବଶ୍ୟକ । ଧ୍ୟାକର ନାମ୍ୟ ଇଚ୍ଛାର ଆକାଶ ପାଇଁ ମହାଦେବ ଯୁଦ୍ଧକାଳେ ଓ ଟିଚାର ଯୁଦ୍ଧର କରିଗିନମ । କି ମହାକାଳେ କି କୈଭାର ସମୟ କି ଅବାକୋନ ସମୟ ମହାଦେବ ସକଳ ସମୟେଇ ଇହାକେ ବ୍ୟବହାର କରିତେର ବଲିଯା । ତୀହାର ଏକଟି ନାମ ପିଣାକଗାଣି ।

যাহা হউক, সমুদয় তত্ত্বস্তুই যে পূর্বাঞ্চল হইতে উৎপন্ন হইয়াছে তাহাতে অগুমাত্রও সন্দেহ নাই। যাঁহারা ধনুর্যন্ত্র সকল ভারতবর্ষ হইতে উৎপন্ন না হইয়া পূর্বাঞ্চলের অন্যান্য দেশ হইতে উৎপন্ন হইয়াছে বলেন তাঁহাদের মত যে ভাস্তি-সঙ্কুল তাহা অনেকেই দেখাইয়া গিয়াছেন। স্বপ্রসিদ্ধ ফিটিস্ বলেন “ভারতবর্ষই যাবতীয় ধনুর্যন্ত্রের জন্মস্থান—ভারতবর্ষ হইতেই প্রথমে আসিয়ার অন্যান্য দেশে নীত হইয়াছে। আমি যখন রাবণ ও অযুতি এই দুই হিন্দুযন্ত্রের সঙ্গে আরবীয় কেমান্ডে আগুজের সহিত তুলনা করি, তখন শেষোক্ত যন্ত্রকে পূর্বোক্ত যন্ত্রের অনুকৃতিমাত্র না বলিয়া থাকিতে পারি না।”

একই যন্ত্র যে কোন এক দেশ বিশেষ হইতে উৎপন্ন হইয়া বিভিন্ন দেশে নামভেদে প্রচলিত হইয়াছে তাহা অনেকে স্বীকার করিয়া থাকেন। তাহা যুক্তিরও অনন্যমোদিত নহে। ভাষাতত্ত্ববিদ্গণ তাহা প্রত্যক্ষ দেখাইয়া দিচ্ছেন। যে যন্ত্র ইংলণ্ডে ‘পাইপ্’, সেই যন্ত্রই জর্মানির ‘ফিফে’ ফ্রান্সের ‘পিপিট্’, গল দেশের ‘পিওব’, ওয়েল্সের ‘পিব্’, স্বাইডেনের ‘পিপা’ এবং, ডেন্মার্কের ‘পিজ্প’ তাহা স্পষ্ট উপলব্ধ হইতে পারে। যে যন্ত্র ইংলণ্ডের ‘হাপ’ তাহাই জর্মানির ‘হাফে’, ফিন্লণ্ডের ‘হাপু’, আইস্লণ্ডের ‘হর্পা’, হঙ্গেরীর ‘হার্টা’, ফ্রান্সের ‘হার্পে’, স্পেনের ‘আর্পা’, আংলো সাক্সনদের ‘হ্যার্পে’ বা য্যার্পে। যে ‘এল-উদ্দ’ যন্ত্র আরবের, সেইই স্পেনের ‘লাত্’, স্বাইডেনের ‘লুতা’, ডেন্মার্কের ‘লাং’, জর্মানির ‘লতে’,

ইটালীর ‘ল্যতো’, ফ্রান্সের ‘লুৎ’, এবং ইংলণ্ডের ‘লিটট’।

আবার, যে যন্ত্র পূর্বাঞ্চল হইতে মূরজাতি কর্তৃক প্রথমে স্পেনে নীতি হইয়া ‘গিটার’ নামে অভিহিত হইয়াছিল সেই যন্ত্রই পরে জর্মনির পার্বতীয় প্রদেশেরাসীদিগের ‘জিতার’, নিউবিয়ার ‘কিসার’, পুরাতন ও পৌরাণিক ক্ষেত্রের ‘কিতার’ হয়; এবং মূলে সে যে পারস্য ও ভারতের ‘মেতার’ তাহা এখন সকলই মুক্তকণ্ঠে শ্বীকার করিয়া থাকেন। ভাষাতত্ত্ববিদ্বিগকে জিজ্ঞাসা করিলে তাহারা গ্রীষ্মের নিয়ম (Gremian Law.) অনুসারে বলিবেন—স ক গ জ ইত্যাদি শব্দ এক পরিবারের ও পরস্পর পরিবর্ত্তসহ।

যাহা হউক, পূর্বাঞ্চল প্রচলিত যন্ত্রদিগের সহিত পশ্চিমাঞ্চলীয় যন্ত্রসমূহের অনেক নামসাদৃশ্য আছে। কখন না কখন এমন সময় অবশ্যই আসিবে যখন ইহাদের আদিভূমি নির্ণীত হইতে পারিবে।

ଶୁଭିର ସନ୍ତ୍ର ।

ଏହି ସକଳ ଯତ୍ର ଛିନ୍ଦ୍ରୁକ୍ତ । ଏହି ଜନ୍ୟ ଇହାଦିଗକେ ଶୁଭିରଙ୍କ ଯତ୍ର ବଲେ । ଇହାରା ଫୁଂକାରମହକାରେ ବାଦିତ ହଇଯା ଥାକେ । ଇହାଦେର ମଧ୍ୟେ ଯେ ଶୁଳ୍କ ମଚରାଚର ଅପେକ୍ଷାକୃତ ଅଧିକ ପ୍ରଚଲିତ ତାହାଦେର ବିବୟଇ ବିବୁତ ହିଁବେ । ଏହି ସକଳ ଯତ୍ର ପ୍ରଥମତଃ ଦୁଇ ପ୍ରଧାନ ଶ୍ରେଣୀତେ ବିଭକ୍ତ ;— ଏକନଳ ଓ ଦ୍ଵିନଳ । ତାହାରା ଆବାର ଚାରି ପ୍ରଧାନ ଜାତିତେ ବିଭକ୍ତ ହଇଯାଛେ—ବଂଶୀ-ଜାତି, କାହଳ-ଜାତି, ଶୃଙ୍ଗ-ଜାତି ଓ ଶଞ୍ଚ ଜାତି । ବଂଶୀ-ଜାତିର ମଧ୍ୟେ ଧୂରଳୀ, ମରଲବଂଶୀ ବା ଲୟ-ବଂଶୀ, ଓ ବେଣୁ ଇତ୍ୟାଦି । କାହଳ-ଜାତିର ମଧ୍ୟେ ରୋଶନଚୌକି, କଳମ ଓ ଦାନାଇ ଇତ୍ୟାଦି । ଶୃଙ୍ଗଜାତିର ମଧ୍ୟେ ଶୃଙ୍ଗ, ରଗଶୃଙ୍ଗ ଓ ତୁରି ଇତ୍ୟାଦି । ଶଞ୍ଚଜାତିର ମଧ୍ୟେ ଶଞ୍ଚ, ଗୋମୁଖ ଇତ୍ୟାଦି । ଏହି ସମୁଦ୍ରାୟ ଏକନଳଯତ୍ର ଗେଲ । ଦ୍ଵିନଳ-ଯତ୍ରେର ମଧ୍ୟେ କେବଳ ତୁବ୍ଜ୍ରିଇ ବ୍ୟବହତ ହଇଯା ଥାକେ । ଇହାଦେର ମଧ୍ୟେ ଅନେକେଇ ପାରମ୍ୟନାମେ ପରିଚିତ ହଇଯାଛେ । କିନ୍ତୁ ଇହାଦେର ଏକ ଏକଟୀ ମଂକୃତ ନାମ ଓ ଆଛେ ତାହା ଅତ୍ୟେକେର ବିବରଣ ଥାମେ ଉଲ୍ଲିଖିତ ହିଁବେ । ହୁବିଧାର ଜନ୍ୟ ତାହାରା ଯେ ନାମେ ସାଧାରଣତଃ ପରିଚିତ ସେଇ ସକଳ ନାମେଇ ବ୍ୟବହାର କରା ଗେଲ ।

* ‘ଶୁଭିରଙ୍କ ବିବରଙ୍କ’ ବିଲଙ୍ଗ ଆର, “ଗର୍ଭୋହବଟୋ ଭୁବି ଯଜ୍ଞେ ମରକୁ ଶୁଭିରଙ୍କ ତ୍ରିସୁ” ଏହି ଅମ୍ବରକେୟାତ୍ମ ବଚନବ୍ୟାନୁମାରେ ମରକୁ ଯକ୍ଷକେ ଶୁଭିର ବଲେ ।

এই সকল যন্ত্রের মধ্যে শঙ্খ ও শৃঙ্গ অতি প্রাচীন—যাবতীয় ফুৎকারযন্ত্রের আদি। যাহাদিগকে শিলাকোশলবারা সমন্বয় করা যায় তাহারাই যন্ত্র*। স্তুতরাঃ ইহারা প্রকৃতপক্ষে যন্ত্র এই আখ্যা প্রাপ্ত হইতে পারে না। ইহারা উভয়েই প্রকৃতি-প্রসূতপদার্থ—সভ্যতার অনুমতির সময়েই প্রথম ব্যবহৃত হইয়া থাকিবে। এই সমুদায় যন্ত্রই তত যন্ত্রের ন্যায় বিভিন্ন অবস্থায় ও বিভিন্ন উপলক্ষে ব্যবহৃত হয় বলিয়া ইহারা বিভিন্ন ভাগে বিভক্ত হইয়াছে;—তন্মধ্যে কতক গুলি সভ্য, কতক গুলি বাহির্বারিক, কতক গুলি সামরিক, কতক গুলি গ্রাম্য, কতক গুলি বা মানবিক। কিন্তু ইহাদের মধ্যে অনেক গুলি দুই বা তিন শ্রেণীভুক্ত ও হইয়া থাকে। নিম্নে তাহাদের মধ্যে কতকগুলির একটী তালিকা প্রদত্ত হইল।

সভ্য	বাহির্বারিক	সামরিক	গ্রাম্য	মানবিক
মুরলী	রোশনচৌকি	তুরি	গোমুখ	শঙ্খ
বুক্তা	সানাই	রণশৃঙ্গ	শঙ্খ	গোমুখ
	কলম	শৃঙ্গ	তুবড়ি	রাম-শৃঙ্গ
সরলবংশীণি	সরল বংশী		বেণু	

* 'যম' ধাতুর উভয় 'ত্র' প্রত্যয়ে "যন্ত্র" এই পদ সিদ্ধ হয় অর্থাৎ যাহাকে সমন্বয়করা যায়।

† লয়বংশী, সভ্য ও বাহির্বারিক এবং শঙ্খ, গ্রাম্য ও মানবিক উভয়বিধি হইতে পারে।

বংশী-জাতি।

সামান্যতঃ ধরিতে গেলে সমুদায় ফুৎকার যন্ত্রেরই সাধা-
রণ সংজ্ঞা বংশী। কারণ অতি পূর্বকালে প্রথমে সচ্ছিদ
কোন ফুৎকার যন্ত্র প্রস্তুত হইবার সময় বংশেরই হইয়া-
ছিল, পরে অন্যান্য উপাদানে ও ইহার নির্মাণবিধি
সম্পাদিত হইয়া আসিতেছে এবং বাজাইবার রীতিবৈচিত্রা,
এবং উপাদানের ও ছিদ্রসংখ্যার বিভিন্নতানুসারে নানাপ্রকার
আকার ও নাম হইয়াছে। যেমন তৈল, তিলোৎপম স্নেহ
দ্রব্যই প্রকৃত তৈল, কিন্তু অধুনা এরও সর্বপাদি জাতদ্রব্য
পদার্থও তৈলশব্দে আখ্যাত হইয়া থাকে। যে বংশী ত্রীকৃত
ব্যবহার করিতেন বলিয়া প্রবাদ আছে, তাহাকে মূরলী
বলা যায়। গ্রীসের অভেমা, রোমের ফিশচলা, মিস-
রের সিবি এবং অধুনাতন ইংরাজী ফুট, ও জর্মানিদেশীয়
এলিমেন্টি, ইহাদের সঙ্গে তাহার অনেক সৌম্যাদৃশ্য
আছে। যাহা সরলভাবে বানিত হইয়া থাকে পারস্পরায়
তাহাকে আল্গোজা, বঙ্গভাষায় সরলবংশী, সংস্কৃতভাষায়
বুকা, ইংরাজী ভাষায় ফ্লাজিউলেট্ এবং লাটিন ভাষায়
ফিশুলামিনিমা বলে। সমুদয় বংশীই নলাকার, বর্তুল,
সরল এবং পর্বদোষবিবজ্জিত। ইহারা—যদিও প্রথমে
বংশের হইত, কিন্তু পরে খদির রক্তচন্দন প্রভৃতি কাষ্ঠের,
স্বর্বর্ণ, রোপ্য, তাত্র ও লৌহ প্রভৃতি ধাতুর হইয়া আসি-
তেছে; সময়ে সময়ে হস্তিদন্তের ও স্ফটিকেরও হইয়া

থাকে, ইহারা শূন্যগর্ত। ইহাদের ছাই সীমা, শিরোদেশ
ও অধোদেশ, শিরোদেশ প্রায় বক্ষ এবং অধোদেশ মুক্ত
থাকে। ইহারা দৈর্ঘ্য আট নয় অঙ্গুলি হইতে একহাত
ও ততোধিকও হইতে পারে। যে বংশী মুরলী-পদ-বাচ্য
তাহার বিষয় প্রথমে বিবৃত হইতেছে।

মুরলী।

ইহা নলাকার, বর্তুল ও সরল। ইহার দৈর্ঘ্য নামাপ্রকার
হয়, কিন্তু সচরাচর একহস্ত পরিমিতই দেখিতে পাওয়া
যায়। শিরোভাগের তিন অঙ্গুলি পরিমিত নিম্নদেশে একটী
ছিদ্র থাকে তাহার নাম ফুৎকার রক্ষ, ঐ. রক্ষের প্রায় চারি
অঙ্গুলি (কথন কথন তাহারও) নিম্নে ছয়টা ছিদ্র থাকে,
ইহাদিগের সাধারণ নাম তাররক্ষ। পূর্বে ক্লুটের ঘ্যায়
ইহার ছাই পার্শ্বে বক্ষন (Key) থাকিত, কিন্তু এখন তাহার আর
বড় ব্যবহার নাই, শ্রীকৃষ্ণের প্রতিমায় যেকোপে মুরলী দেওয়া
যায় সেই কোপে—ইহা তির্যগ্ভাবে ছাই হস্ত দ্বারাই ধৃত
হইয়া থাকে। প্রথম শিক্ষার্থীদিগের সরলভাবে দাঁড়াইয়া
মস্তক উষ্ণত, বাগ ক্ষক্ষের দিকে ঈষৎ অবনামিত করিয়া
ও কোমলভাবে রাখিয়া বক্ষঃস্থল বিস্তীর্ণ করত অভ্যাস
আরম্ভ করার বিধি দেখা যায়। মুরলী উভয় হস্তের হৃদ্বা-
ঙ্গুলির মধ্যভাগে টিপ্পনিয়া ধরিয়া বাগ হস্তের তর্জনী, মধ্যমা
ও অনামিকা এই তিনটী অঙ্গুলি মুরলীর শিরোদেশ ভাগের
তিনটী ছিদ্রের মুখে এবং দক্ষিণ হস্তের ঐ তিনটী অঙ্গুলি

নিম্নস্থ তিনটি ছিদ্রের উপর বাজাইবার সময় প্রয়োজন। মুসারে বিনিয়োজিত করিতে হয় ।

পূর্বোক্ত প্রকারে আয়তান্ত্রিক ধরিয়া নিম্নলিখিত প্রকারে ইহা বাজান যায় । ফুৎকার রক্তকে একটু গালের দিকে হেলাইয়া তাহার উপর অধরকে ছির ও দৃঢ়ভাবে রাখিয়া অধর ও ওষ্ঠকে একত্র চাপিয়া উভয়ের মধ্যে ফুৎকার নির্গমনের নিমিত্ত একটু স্বল্প পরিসর ছিদ্র রাখিতে হয় । অধর একটু মুখের দিকে থাকিবে এবং ফুৎকার রক্তের অর্দেক ভাগ মুদিত রাখিবে ; ওষ্ঠ একটু বাহিরে আসিবে এবং উক্ত রক্তের অন্তর্ভুক্তভাগকে আবরণ করিয়া থাকিবে । এরূপে যখন ফুৎকার বাহির হয় তখন গোয় সমৃদ্ধ ফুৎকারই রক্ত মধ্যে অবেশ করিয়া থাকে । ফুৎকার আরম্ভ করিলে, তাহার প্রয়োগকালীন বলের ন্যূনাধিক্য বশতঃ স্বরেরও উচ্চতা ও নীচতা সম্পূর্ণ হইয়া থাকে ।

আমাদের দেশে যেমন মুরলী, ইউরোপে সেই রূপ ফ্লুট
(Flute)* এ উভয়েই অতি প্রাচীন কাল হইতে প্রচলিত

* Flute a wind instrument of considerable celebrity ; as it was known in the earliest ages, even the remote one of fable, we cannot give any precise account either of its origin or the period of its invention.

Several species of flutes have been named from their forms, or from the materials of which they were composed ; thus, the *areena* was merely an oat-straw ; the *calamus*, hollow reeds of different lengths united together. These simple instruments preceded the invention of those bore, or holes, by means of which, a pipe gives several sounds. The *tibia* was a flute originally formed from a bone so called, in the leg of an animal : in fact, wind instruments in general were, for a long time, composed of materials hollowed by nature ; but when the art of forming artificial tubes was discovered, the process was adop-

ହିଁଯା ଆସିତେଛେ । ଉତ୍ୟେରଇ ପ୍ରାଚୀନତ ପ୍ରତିପାଦନାର୍ଥ ଉତ୍ୟ ଦେଶେଇ ଏତ୍ସମ୍ବନ୍ଧେ ନାନାପ୍ରକାର ପ୍ରବାଦ ଆଛେ । ଭାରତେର ମୁରଲୀ ଶ୍ରୀକୃଷ୍ଣର ଅତି ପ୍ରିୟତମ ଛିଲ ଏବଂ ତିନିଇ ଇହାର ନିର୍ମାତା ।

ted for flutes, and they were made of box, laurel, ivory, copper, silver and even of gold.

From expressions annexed to the titles of some of Terence's comedies, we learn that they were represented to the sounds of flutes, and that these flutes were *pares*, *impares*, *dextre*, and *sinistre*; equal and unequal, right and left.

The *andria* was accompanied with equal flutes, right and left, " *tibiis paribus, dextris et sinistris* ;" the *cnuchus* with two flutes, the one right, and the other left, " *tibiis duabus, dextra et sinistra* ;" the *heautoultimorumenos*, or the self-tormentor, first with unequal flutes, afterwards with two right, " *primum tibiis imparibus, deinde duabus dextris* ;" the *adelphi*, with Tyrian flutes, " *tibiis sarranis* ;" the *phormio* with equal flutes, and the *hecyra* with unequal flutes.

The performer played always upon two flutes at the same time, and placed round his mouth, a species of bandage tied behind the head, in order that the cheeks might not protrude, and for the better management of the breath. The right flute was held by the right, and the left flute by the left hand; the right flute had only two bores and produced low sounds; the left had several bores, and produced higher sounds. When the musicians performed upon these two flutes of different sounds, it was said the piece was performed " *tibiis imparibus*," or " *tibiis dextris et sinistris* " When they performed upon the two flutes of the same sound, it was said, that the piece was performed " *tibiis paribus dextris*," that is to say, if upon those of grave sounds, or " *tibiis paribus sinistris*," if upon high sounding flutes.

Since the invention of the flute, it has undergone a number of changes, both in form and name; some are curved, some are long, others short, small, middle sized, simple, double, right and left, equal, and unequal. Lastly, these same flutes have been differently named, in various countries; for example, the curved flute of Phrygia, was the same as the *tilyrion* of Greece and Italy, or the *phaution* of the Egyptians, called the *monaula*.

Flutes have a compass of nineteen diatonic intervals, viz : from D, first space below the treble clef, to A-sharp (or B-flat,) the octave above the first leger line, including every chromatic interval; but, generally, only to the second octave above the second line, treble clef.

ইউরোপের কুট পূর্বতন রোমের ফিশুলা (Fistula) এবং গ্রীসের আবলুস্ মিনর্ভাদেবীর অতি প্রিয়তম ও তাহার দ্বারাই নির্মিত, এইরূপ কথিত আছে। পূর্বকালে কুট স্ফট হইবার পরেই প্রথমতঃ ইতর জনেরাই ইহাকে ব্যবহার করিত এবং সেই জন্য ইহা তত আদরণীয় ছিল না; কিন্তু যখন গ্রামীয় লোকেরা পারস্যাদি দেশ জয় করে, সেই অবধি তথায় সঙ্গীতের সবিশেষ আলোচনার আরম্ভ হয়, সেই সময়ে কুটের এত অধিক আদর হয়, এমন কি, তখন যিনি এই যন্ত্র বাজাইতে না জানিতেন, তিনি ভদ্রপদবাচ্যই হইতেন না।

প্লুটার্ক (Plutarch) বলেন, বিখ্যাত গ্রামীয় রাজা পেরিলিশ ইহার সমধিক উৎসাহদাতা ছিলেন এবং তিনিই ইহাকে গ্রামীয় আঙ্কিথিয়টরে প্রথম সমিবেশিত করেন। আগামদের পূর্বাঞ্চলে বিশেষতঃ আসিরিয়া ও মিসরে মুরলীর ন্যায় যন্ত্র অতি পূর্বকাল হইতে প্রচলিত ছিল। অবর-ব কোন পার্থক্যই লক্ষিত হয় না। কথিত আছে সুসার (Susa) প্রসিদ্ধ মুসাবশেষের মধ্যে একখানি মৃগয় প্রতিমা আবিষ্কৃত হয়, তাহাতে একরূপ যন্ত্র ছিল, তাহার আকার অবিকল মুরলীর ন্যায়। কোন সময়ে এবং কি ঘটনায় যে মেরুপ যন্ত্র সেখানে পাওয়া গেল, তাহা বলা যায় না। প্রতিমা থানি আসিরিয়া দেশেরই। এছলে এটা অবশ্য স্বীকার করিতে হইবে যে সমুদয় ফুৎকার যন্ত্রের আদি যন্ত্র শৰ্ম।

সঙ্গীত ইতিহাসলেখক প্রসিদ্ধ চার্লস্ বর্ণ (Charles Burney) অধুনাতন মতের সাক্ষ্যপ্রদান করিয়া গিয়াছেন।*

* " The Tibia was originally a Flute made of the shank or shin bone of an

সরল-বংশী ।

ইহাকে পারস্পরভাষায় আল্গোজা এবং ইংরাজীভাষায় ফ্লাজিউলেট্ (Flageolet) বলে। একপ বংশীকে সরলভাবে ধরা হয় বলিয়া ইহার নাম সরল-বংশী হইয়াছে। মূরলীর ন্যায় ইহাতেও সাতটী তাররক্তু ও ফুৎকার রক্তু স্থলে একটী বায়ুরক্তু থাকে। সেখান হইতে বায়ু নির্গত হয়। ফুৎকাররক্তে ফুৎকার দেওয়া হয় না; শিরোদেশ আমৃত্ত থাকে, সেখানেই ফুৎকার দিলে বায়ুরক্তু মুক্ত রাখিয়া আবশ্যকমত তাররক্তু সকলে অঙ্গুলি নিক্ষেপ দ্বারা বাদনক্রিয়া সম্পাদিত হইয়া থাকে। কিন্তু ধরিবার রীতি মূরলী হইতে সম্পূর্ণ স্বতন্ত্র। প্রথমতঃ ইহাকে সরল ভাবে ধরিতে হয় এবং উপরিস্থিত চারিটী ছিদ্রে দক্ষিণ হস্তের চারি অঙ্গুলি এবং নিম্নস্থ তিনটী ছিদ্রে বায়ু হস্তের তিনটী অঙ্গুলি প্রযুক্ত হইয়া থাকে এই মাত্র প্রভেদ, অন্যান্য সর্ব বিষয়ে এই সরল-বংশী প্রায় মূরলীর ন্যায়।

সরল-বংশী ।

এই যন্ত্র সচরাচর বংশেরই হইয়া থাকে—অবয়বে পূর্বোক্ত যন্ত্রের সমান। লোকে ইহাকে ও প্রায় সরলভাবে ধরিয়া বাজায়,

animal; and it seems as if the wind instruments of the ancients have been long made of such materials as nature had hollowed, before the art of boring Flutes was discovered."

Charles Burney's History of music Vol I. 487. P.

তবে বিশেষ এই যে, ইহাকে মুখের এক কোণে একটু বক্র ভাবে ধরে। ইহার দুই মুখ অনাবক্ত থাকে এবং সরলবংশীতে যে একটী বায়ু নির্গমনরক্ষ থাকে, তাহা ইহাতে থাকে না। অন্যান্য সকল বিষয়ে ইহা সরলবংশীর ন্যায়।

কাহলজাতি।

এই সকল যন্ত্রকে শর বা তৃণাধৰজ দিয়া বাজাইতে হয়। এরূপ যন্ত্র, কি পূর্বাঞ্চল, কি পশ্চিমাঞ্চল, উভয়ত্রই বিভিন্ন নামে প্রচলিত আছে। এতদেশীয় কলম, রৌশনচৌক, সানাই এবং ইংরাজী ব্লারিঅনেট্ ও বেও প্রভৃতি এই শ্রেণীর অন্তর্গত।

কলম।

ইহার আকার লিখিবার কলমের ন্যায়, সেই জন্য ইহার নাম কলম। এই যন্ত্র এইরূপ নামে অনেক দেশে প্রচলিত আছে। ইহাই সংস্কৃতে কলম এবং পারস্য, আফগানস্থান, তুর্কী, তাতার প্রভৃতি দেশেও কলম এবং গ্রীসের কলমস (Calamus)। সেই জন্য বোধ হয় যে ইহা ভারতবর্ষীয় যন্ত্র হইবে। ইহার এক মুখ কলমের ন্যায় কর্তিত এবং অপর মুখ অন্যান্য বংশীর ন্যায় অনাবক্ত থাকে। ইহার দৈর্ঘ্য অপেক্ষাকৃত অল্প। ইহার তারবন্ধু সংখ্যা অন্যান্য বংশীর ন্যায় সাতটী থাকে, ইহা সরল ভাবে বাজান যায়। কিন্তু অন্যান্য যন্ত্র যেমন ফুৎকার রক্ষে ফুৎকার দিলেই বাজে, ইহা সেৱন নহে। অন্তকের দিকে অর্ধাংশ যেখানে বাজায়, সেখানে দেশী

সানাইএর মত একটী ক্ষুদ্র নল বসান থাকে এবং বাজাইবার পূর্বে তাহাকে একটু থু থু দিয়া ভিজাইয়া লইতে হয় ।

রৌশনচৌকি ।

ইহা আমাদের দেশে ও পারস্যে সমধিক প্রচলিত । দেখিতে অনেকটা ইংরাজী ওবাইএর (Hautboys) মত । কলমের আয় ইহার মুখে একটী নল দিয়া ইহাকে বাজান যায় । ইহার আকার—উপরিভাগ কাষ্ঠের এবং নিম্নদেশ পিণ্ড-লাদিংকোন ধাতুনির্মিত এবং ধূস্তুরপুষ্পাকার । কখন কখন সযুদ্ধায় অবয়বটীও শুল্ক কাষ্ঠের হয় । দৈর্ঘ্যে সাধারণতঃ এক হস্ত পরিমিত হইয়া থাকে । লক্ষ্মী প্রভৃতি দেশে ইহা অপেক্ষা অনেক বড় যন্ত্রের ব্যবহার আছে, তাহার স্বরও অপেক্ষাকৃত নিম্নতর । আমাদের দেশে নববাদ বা নৌবতে যে রৌশনচৌকি ব্যবহৃত হইয়া থাকে, তাহার স্বর তীব্র অর্থাৎ সাধারণ যন্ত্র অপেক্ষা তিন চারি স্বর উর্ধ্বে থাকে । পূর্বতন মুসল্মানদিগের রাজস্বকালে রাজাদিগের উৎসব ও মান্ত্রল্যজনক কার্য উপলক্ষে ইহার ব্যবহার সমধিক ছিল । অদ্যাপি ও ইহা মুসল্মান ও হিন্দুদিগের মধ্যে উক্তবিধি কার্য উপলক্ষে ব্যবহৃত হইয়া থাকে ।

সানাই ।

এই যন্ত্র কি অবয়বে কি বাদনপ্রণালী উভয় বিষয়েই অবিকল পূর্বকথিত যন্ত্রের আয় । এই উভয় যন্ত্রের স্বরগত

যে বৈলক্ষণ্য আছে তাহাই ইহাদের ভেদনির্দশক। এই যন্ত্র গুস্লম্বান সপ্তাট আকৰ্বর শাহার অতি প্রিয় ছিল। তিনি সর্বদাই নৌবতের মিলনে ইহার বাদন শুনিতে ভাল বাসি-তেন। ইহার পারস্পর নাম সির্গী।

বেণু।

ইহা আমাদের দেশে বেণু অর্থাৎ বংশহারা নির্মিত হইয়া থাকিবে, সেই জন্য ইহারও নাম বেণু হইয়াছে। ইহা মিসরীয় নে * ইংরাজেরা যাহাকে (Dervish) দার্বি ফুট। (অর্থাৎ তদেশীয় ফকিরদিগের বংশী বলিয়া ব্যবহার করেন।) ইহা মিসরের ধর্ম সম্বন্ধীয় ব্যাপারে জিকার নামক নৃত্যের সহিত ফকিরেরা ব্যবহার করিত। ইহার দৈর্ঘ্য বংশীজাতীয় অন্যান্য সমুদয় যন্ত্র অপেক্ষা অধিক। এই যন্ত্রের সম্মুখদেশে ছয়টা এবং পশ্চাদ্দেশে একটা মাত্র ছিদ্র থাকে। ইহার বাদনপ্রণালী এজাতীয় অন্যান্য যন্ত্র অপেক্ষা স্বতন্ত্র। মুখ বক্ত করিয়া যন্ত্রটা ও বক্ত ভাবে ধরিয়া অল্প অল্প ফুৎকার ত্যাগ করত এই যন্ত্রের বাদনক্রিয়া নিষ্পাম করিতে হয়। সেই ফুৎকার দিবার সময় যে বল প্রয়োগ করা যায়, তাহার তারতম্যামূলারে নানাবিধ স্বর বহির্গত হয়। ভাল স্থিক্ষিত বাদকের

* The most common nay of the modern Egyptians, Known as the "Dervish flute"—because it is played by the Dervishes to accompany the songs at their religious dances, called zikrs &c.

হস্তে এই যন্ত্র হইতে অতি স্বন্দর ও স্বশ্রাব্য স্বর উৎপন্ন হইতে পারে । কিন্তু ইহাকে বাজাইতে হইলে, অনেক দিন ধরিয়া অভ্যাস না করিলে কৃতকার্য হইতে পারা যায় না ।

শৃঙ্খজাতি ।

এই সকল যন্ত্র মহিষ, মেষ, গো প্রভৃতি দীর্ঘ-শৃঙ্খধারী জন্ম সকলের শৃঙ্খকোষ দিয়া প্রস্তুত হইয়া থাকে । এই জাতীয় যন্ত্র সকলের আদি শৃঙ্খ । পূর্বেই উক্ত হইয়াছে শঙ্খ ও শৃঙ্খ এই বিবিধ যন্ত্রই প্রকৃতিসন্তুত এবং সমুদয় ফুৎকার যন্ত্রের আদি । এই শৃঙ্খ যে শুন্দি ভারতের কি এই পূর্বাঞ্চলস্থ সমুদয় দেশেরই এমন নহে, যাবতীয় পশ্চিমাঞ্চলস্থ দেশে হরণ (Horn) প্রভৃতি বিবিধ নামে প্রচলিত আছে—ইহাই ভারতের শৃঙ্খ, পারস্যের কারণে, হিত্রর কেরেণ্ট, গ্রীসের কেরাস, রোমের কণ্ঠ (Cornu) ফ্রান্সের কর (Cor) জর্ম্ম-ণির হরণ, ওয়েল্সের করণ, হঙ্গেরীর কুর্ট (Kurt) এবং ইংলণ্ডের হরণ । এই শৃঙ্খ আমাদের দেশে যে কত পূর্বকাল হইতে প্রচলিত হইয়া আসিতেছে, তাহা বলা যায় না । কথিত আছে, দেবাদিদেব মহাদেব ইহা ব্যবহার করিতেন । এ সকল যন্ত্রের মস্তকের দিক সূচিবৎ এবং অধোভাগ অপেক্ষাকৃত বিস্তৃততর, আকার বক্ষিম । শিরোদেশে একটী ফুত্রিম ছিদ্র করা হয়, তাহাই ফুৎকাররক্ষের কার্য করে ।

ৱণশূল ।

সকল দেশেই ৱণশূলে সৈন্যদিগকে উৎসাহিত বা তাহাদিগকে আহ্লান বা কোন ইঙ্গিত কৰিবাৰ নিষিদ্ধ এই যন্ত্ৰ ব্যবহৃত হইয়া থাকে বলিয়া ইহার নাম ৱণশূল । যদিও উক্ত উপলক্ষে সকল দেশেই ইহার প্ৰচলন আছে, তথাপি পূৰ্বে আমাদেৱ দেশে ও গ্ৰীসে ইহার অত্যন্ত সমাদৰ ছিল । অধুনা ইংৰাজদেৱ নিকট ব্যুগল দ্বাৰা যাহা হইতেছে, পূৰ্বে ইহা দ্বাৰাই সে কাৰ্য্য সম্পাদিত হইত । শৃঙ্খলা জাতীয় অন্যান্য সমুদয় যন্ত্ৰ অপেক্ষা ইহার আকাৰ বৃহত্তম । ইহা সচৰাচৰ পিতৰলেৱ বা তাৰেৱ হইয়া থাকে । কুৎকাৱেৱ ইতৱিশেষে ইহাতে স্বৱেৱ তীক্ষ্ণতা বা কোঘলতা সম্পাদিত হয় ।

ৱণশূল ।

ইহা মান্দ্রল্যকাৰ্য্যে ব্যবহৃত হয় । ইহার দৈৰ্ঘ্য পূৰ্বোক্ত যন্ত্ৰেৱ ন্যায়, কিন্তু আকাৰে ও স্বৱে পৰম্পৰ অনেক অন্তৰ । ৱণশূল অপেক্ষা ইহার ব্যাস বড় এবং যদিও উভয়েৱ স্বৱ তীক্ষ্ণ, তথাপি ৱণশূলেৱ স্বৱ সূক্ষ্ম আৱ ইহার স্বৱ স্ফূল । বাদনপ্ৰণালীতে উভয়েই একৱপ ।

তুঁৰী ।

ইহা ইংৰাজী ট্ৰম্পেট (Trumpet) যন্ত্ৰেৱ অনুকৰণ, শৃঙ্খলা জাতীয় অন্যান্য যন্ত্ৰ হইতে ইহার বৈলক্ষণ্য এই যে, ইহা

সরল । ইহাও পিতল-নির্মিত; রংশৃঙ্গের ঘায় ইহাও রংশৃঙ্গে
ব্যবহৃত হইয়া থাকে, কিন্তু ইহা স্বারা আহ্বান করে না । ইহার
দৈর্ঘ্য ও ব্যাস রংশৃঙ্গ অপেক্ষা অল্প । ইহা আমাদের নব-
বাদ বা নৌবতে বাদিত হয় । বাদন-প্রণালী রংশৃঙ্গের ঘায় ।

ত্বরী ।

ইহাকে সচরাচর “ভড়ঙ” বলে । ইহা দূরবীপ্ত যন্ত্রা-
কার ও তাহারই ঘায় একটী নলের ভিতর আর একটী এই-
রূপ স্তবকে স্তবকে থাকে, বাজাইবার সময় এক একটী করিয়া
বাহির করিয়া লয় ; ইহা পূর্বে যুদ্ধের সময় ব্যবহৃত হইত,
কিন্তু এখন কেবল নৌবতে ইহার ব্যবহার দৃঢ় হইয়া থাকে ।

শাস্ত্রজ্ঞাতি ।

এই জাতীয় যন্ত্রের মধ্যে শঙ্খ ও গোমুখ এই দুইটীই
প্রচলিত আছে । শঙ্খ ইহাদের মধ্যে আদিমতর, এমন কি ইহা
সমুদ্র ফুৰকার যন্ত্রেরই আদি, কেবল শৃঙ্গের সঙ্গে সমসাম-
য়িক—শঙ্খের বিষয় পূর্বে এক প্রকার উল্লিখিত হইয়াছে ।
ইহা যে সমুদ্র যন্ত্রের আদি, বার্ণি প্রভৃতি প্রসিদ্ধ সঙ্গীত
ইতিহাসবেতারাও এ মতের পোষকতা করিয়া গিয়াছেন ।

বিনল যন্ত্র ।

তিক্তিরী ।

ইহা একটী বিনল যন্ত্র । এ জাতীয় এই একটী মাত্র যন্ত্রই আমাদের দেশে প্রচলিত আছে, ইহাকে সচরাচর তুবড়ী বলে । সামান্য গ্রাম্য আহিতুণিকেরা ইহাকে ব্যবহার করে বলিয়া ইহা গ্রাম্যযন্ত্র-মধ্যে পরিগণিত হইয়াছে । তাহারা ইহাকে সাধারণতঃ তুবড়ী বা পূঁগী বলে । এই যন্ত্রের নিম্নদেশে সচিদ্ব ছাইটী নল পরম্পর সমসূত্র পাতে সংযত এবং উপরিভাগে একটী তিক্ত অলাবুর (তিতলাউএর) খোল যোজিত থাকে, সেই খোলকে বায়ুকোব বলে । তাহার উপরিভাগ নলাকার ও দৈর্ঘ্য বক্র হয়, এবং সেই নলাকারের শিরোদেশে একটী ছিদ্র থাকে, তাহাকে ফুৎকার-রন্ধ্র বলে । এই যন্ত্রে আর নয়টী রন্ধ্র আছে, ইহার নির্মাণে কর্তৃতুষ্মী বা তিক্ত অলাবু ব্যবহৃত হয় বলিয়া ইহার নাম তিক্তিরী হইয়াছে । ইহাকে ইউরোপীয় সঙ্গীত ইতিহাস লেখকেরা তিক্তি (Titty) বলিয়া থাকেন* । ইহার সঙ্গে তাহারা ইউরোপীয় ব্যাগ্পাইপের তুলনা করেন । কিন্তু আমাদের তিক্তিরী বা তুবড়ীর সঙ্গে অধুনাতন ব্যাগ্পাইপের নির্মাণ-

* Travels in Siberia, by S. S. Hill, Esq.,

বিধিৰ অনেক প্ৰভেদ দেখিতে পাৰওয়া যায়। ব্যাগ্পাইপেৰ বায়ুকোষ চৰ্মেৰ, কিন্তু তিক্তিৰীৰ বায়ুকোষ অলাৰুৱ, স্বতৰাং ইউরোপীয়েৱা যে কিৱলে একুপ সিদ্ধান্তে উপস্থিত হইলেন, তাহা বলা যায় না। কোন কোন স্থলে অতি পূৰ্বিকালে মুনি ধৰ্মিদিগেৰ সময়ে অলাৰুৱ অভাৱে মৃগচৰ্ম ব্যবহৃত হইত, স্বতৰাং তদানীন্তন তিক্তিৰী ও অধূনাতন ব্যাগ্পাইপ এ উভয়েই সমান হইতে পাৰে। ইউরোপীয় পশ্চিতগণেৰ মধ্যেও কেহ কেহ বলেন যে, পুঁগী ও তুবড়ী একই। এই তুবড়ী যন্ত্ৰ কখন কখন নাসিকা দ্বাৰা ও বাদিত হইয়া থাকে বলিয়া ইহাকে নাসাৰংশীও বলে, যাহা হউক এ যন্ত্ৰেৰ এক নলে একাঙ্গুলি অন্তৰ নয়টা ছিদ্ৰ, আৱ এক নলে পাঁচটা ছিদ্ৰ আছে, নয়টীৰ সৰ্ব নিম্নস্থ দুইটা ছিদ্ৰ মোম দ্বাৰা আবদ্ধ থাকে, সৰ্বৰোচ্চ ছিদ্ৰটা নলেৰ পশ্চাং দেশ পৰ্যন্ত বিস্তৃত আছে। অপৰ নলস্থ পাঁচটা ছিদ্ৰেৰ মধ্যে দ্বিতীয় ও চতুৰ্থটা আমৃত থাকে, আৱ তিনটা মোম দিয়া বদ্ধ কৰা হয়, শৈঘোক্ত নলটা স্বৱৰ্যোগেৰ নিমিত ব্যবহৃত হইয়া থাকে, আৱ প্ৰথমোক্ত নলে যে সাতটা ব্যবহাৰ্য ছিদ্ৰ আছে, বাজাইবাৰ সময় তাহাদেৱ উপৰ আবশ্যক মত অঙ্গুলি বিক্ষেপ কৰিয়া ফুৎকারৱক্ষে ফুৎকাৰ দিলে বিভিন্ন স্বৱ নিৰ্গত হইয়া থাকে। কিন্তু সাধাৱণ বৎশীযন্ত্ৰে যে কুপ ফুৎকাৰ দেওয়া যায়, তাহা অপেক্ষা এখানে ফুৎকাৰ প্ৰদানপ্ৰণালী অনেক বিভিন্ন। এখানে একবাৱে মুখ পৱিপূৰ্ণ বায়ু লইয়া ক্ৰমে ক্ৰমে আবশ্যক মত পৱিত্যাগ কৱিতে হয়।

এই দ্বিনল যন্ত্ৰ শুন্দি ভাৱতবৰ্ধে নয় পৃথিবীস্থ প্ৰায় সমুদয়

দেশেই অতি পূর্বকাল হইতে প্রচলিত হইয়া আসিতেছে, স্তৰী পুরুষ উভয়েই ইহা ব্যবহার করিয়া থাকে। পারস্যের নেয়াম্বান প্রাচীন মিসরের জুকোয়ারা এবং আধুনিক মিসরীয় আর্গুল এবং জুমারা যন্ত্রণ অবিকল এই রূপ, তবে ইহার একটী নল অপরটীর অপেক্ষা দীর্ঘতর। মিসরীয় নাবিকেরা সচরাচর যে দ্বিনল যন্ত্র ব্যবহার করিয়া থাকে, তাহার নাম জুমারা, তাহা আর জুকোয়ারা একই, ইহাদের উভয় নলই সমান দীর্ঘ। দ্বিটী নল যখন বিভিন্ন এবং অল্পবৃশ্ণ থাকে, তখন মিসরীয়েরা তাহাকে থাম বলে। গ্রীসে ও রোমে এই যন্ত্র পূর্বে প্রচলিত ছিল, কিন্তু তাহারা স্বর নিয়মের জন্যে কীলক দিয়া নলের ছিদ্রগুলিকে আবক্ষ করিয়া রাখিত। এ দেশেও তৎপরিবর্তে মোম ব্যবহার করিয়া থাকে। ইহাকে হিঙ্কদের বাইবেলের দানিয়েল অধ্যায়ে সাম্ফোনিয়া (Sumphonia) বলিয়া থাকে, ইহা ইটালীর অধুনাতন জাম-পোগ্না (Zampogna)। ও হিঙ্ক মাগ্রেপাও সাম্ফোনিয়ার মত। কিন্তু অঙ্গগত অনেক বৈলক্ষণ্য আছে।

শুধির যন্ত্র ।*



যাবতীয় প্রধান প্রধান ফুৎকার যন্ত্র বর্ণিত হইল। তত যন্ত্রের স্থষ্টির পরে ইহাদের স্থষ্টি হইয়াছে বলিয়া ইহাদিগকে যাবতীয় তত্যন্ত্রের পরে সন্নিবেশিত করা হইয়াছে। সঙ্গী-তের ইতিহাস পর্যালোচনা করিলে জানিতে পারা যায় যে, ফুৎকার যন্ত্র তত্যন্ত্রের পরেই স্ফটি হইয়াছে। তত্যন্ত্র ও ফুৎকারযন্ত্র এ উভয়ের নির্মাণকৌশল নিরীক্ষণ করিলে স্পষ্ট প্রতীতি হয় যে, প্রথমোভের অপেক্ষা শেষেভের নির্মাণপ্রণালী অধিক সূক্ষ্ম ও দুর্কাহ। সঙ্গীত মানবের প্রকৃতি-সিদ্ধ, ইহার উন্নতি ও মানবের উন্নতির অনুসারিণী—মনুষ্যের বুদ্ধিযুক্তি ও দর্শনশক্তি যত পরিবর্দ্ধিত হইবে, ইহারও পরিপূষ্টি ততই সংলক্ষিত হইবে। স্বতরাং মনুষ্য-সমাজ যখন নিতান্ত শৈশবাবস্থায় অবস্থাপিত ছিল, যখন মানবের বুদ্ধিচাতুরী সমধিক অপরিপূর্ণ ছিল, যখন তাহাদের অভাববৃত্তি নিতান্ত সঞ্চীর্ণ ও সীমাবদ্ধ ছিল, তখন তাহারা যাহা কিছু প্রাকৃতিক উপায়ে প্রাপ্ত হইত তাহারই ব্যবহার জানিত, তদ্যতীত অন্য কিছুরই অভাববৃদ্ধি তাহাদিগকে নৃতন আবিষ্করণে উত্তেজিত করিত না, স্বতরাং তখনই অন্যাসলভ্য প্রাকৃতিক-উপায়-স্থলভ-কঠ-সঙ্গীত তাহাদের প্রথম আলোচ্য বিষয় হইয়া-ছিল, কিন্তু যখন দেখিল, কঠ-সঙ্গীত সকলকারই ভাগে ঘটে

* ফুৎকার প্রভবো বাদ্যঃ পুরুং তন্মুখরকুতঃ।

না, তখন অন্য উপায়ে ইহার সাধন করিতে সচেষ্ট হইল, কিন্তু কি করে ? পরে যখন তাহাদের উমতি হইতে লাগিল, বুদ্ধিবৃত্তি, দর্শনশক্তি ও অভাববুদ্ধি পরিবর্দিত ও বিস্তায়তন হইতে লাগিল, তখন তাহারা উপায় উন্নাবন করিতে সমর্থ ও কৃতকার্য্য ও হইল । তখন হইতে যন্ত্রসঙ্গীতের প্রথম সমা-বর্তন হইল—আদৌ তত্যন্ত, পরে শুধির বা ফুৎকার যন্ত্র । প্রথমে যে তত্যন্ত স্থক্ত হয় তাহা একতন্ত্রী—আমাদের দেশেও একতন্ত্রী যন্ত্র সমুদয় তত্যন্তের আদি বলিয়া অতি পুরাতন কাল হইতে প্রচলিত হইয়া আসিতেছে, কিন্তু ইহা যে পৃথি-বীর সমুদয় তত্যন্ত অপেক্ষা প্রাচীনতম তাহা আমরা বলিতে পারি না ; তবে এই পর্যন্ত বলিতে পারি যে, যখন অধূনাতন সভ্যতম-জাতি-সকলের মধ্যে অনেকেই জনসমাজে অঙ্গৃত-নামা ছিল—কিন্তু আরণ্য-পশু-দিগের ঘ্যায় নিবিড়ারণ্যে নিভৃত-দুর্ভেদ্য-পর্বত-গুহায় বিচরণ করিয়া স্বচ্ছন্দবনজাত-ফলমূলদ্বারা অথবা সদ্যো-ব্যাপাদিত-পশু-মাংসে উদর পূর্তি করিয়া নিষা-দের ঘ্যায় জীবন ধারণ করিত, যখন তাহাদের অধিষ্ঠিত দেশ সকল হয়ত সমুদ্রের অগাধগর্তে নিহিত, না হয় বিবিধহিংস্র-জন্মসমাকুল-ভীষণ-অরণ্যানী-পরিব্যাপ্ত ছিল, তখন এই যন্ত্র আমাদের দেশে লক্ষপ্রতিষ্ঠ হইয়াছিল । কথিত আছে, দেবাদিদেব মহাদেব একতন্ত্র-বিশিষ্ট পিনাকযন্ত্র প্রথম নির্মাণ করেন, সেই জন্যে তাহার একটী নাম পিনাকী । খৃষ্টীয় শকের যে কত সহস্র বৎসর পূর্বে মহাদেবের কীর্তিপরম্পরা সংসাধিত হয়, তাহার ইয়ত্তা করা যায় না । যাহা হউক, সেই একতন্ত্রী

ପିନାକେ ଏକଟୀ ମାତ୍ର ତାର ସମାବେଶିତ ଥାକିତ ଏବଂ ତାହାତେ କୋନ ସାରିକା-ବିନ୍ୟାସ ଛିଲ ନା, ସ୍ଵତରାଂ ଇହାର ନିର୍ମାଣେ କୌଶଳେର ଅତି ଅଳ୍ପ ମାତ୍ରାଇ ପ୍ରୋଜନ ହଇଯାଛିଲ । କିନ୍ତୁ ପ୍ରଥମ ଫୁଂକାର-ସନ୍ତ ସଥନ ନିର୍ମିତ ହଇଯାଛିଲ, ତଥନ ନିର୍ମିତ ମାନବେର ମେରାପୁରୁଷ ଅବଶ୍ୟାନ ଛିଲ ନା । କାରଣ ତାହାର ନିର୍ମାଣ ସମଧିକ ଜଟିଲ ଓ କଟ୍ଟମାଧ୍ୟ । ଫୁଂକାରଯତ୍ରେ ଯେ ସକଳ ଛିନ୍ଦ୍ର-ବିନ୍ୟାସ କରା ହୟ, ତାହାଦେର ପରିମାଣ ସମାନ ନହେ—ପରମ୍ପରରେ ଦୂରତ୍ତ ସମାନ ନହେ—ତାହାଦେର ପ୍ରତ୍ୟେକେର ବ୍ୟାସ ଓ ସମାନ ନହେ, ବିଭିନ୍ନ ସ୍ଵରେର ଜନ୍ମ ତାହାଦେର ବୈଚିତ୍ର୍ୟ ସମ୍ପାଦିତ ହଇଯା ଥାକେ, ସ୍ଵତରାଂ ମେ ସକଳ ସଥନ ସ୍ଵଚାରନକୁପେ ସମ୍ପାଦିତ ହଇଯାଛିଲ ତଥନ ନିର୍ମିତ ମନୁଷ୍ୟେର ବୁନ୍ଦିବୁନ୍ଦି ସମଧିକ ପରିମାର୍ଜିତ ଓ ଦର୍ଶନଶକ୍ତି ସମଧିକ ପ୍ରୋଜ୍ଞଳ ହଇଯାଛିଲ । ବିଶେଷତଃ କଥିତ ଆଛେ, ଦ୍ୱାପରଯୁଗେ କୃମଣ-ବତାରେ ବଂଶୀର ପ୍ରଥମ ସ୍ଥାନ ହୟ । ବଂଶୀ ବାଦନେର ନିୟମାବଳୀ ଦ୍ୱାପରଯୁଗେର ପୂର୍ବେ ଯେ କେହ ଜାନିତ ଇହା କୋନ ଏହେ ଲକ୍ଷିତ ହୟ ନା, କିନ୍ତୁ ଦେବାଦିଦେବ ମହାଦେବ ଦ୍ୱାପରେର ଅନୁନ୍ତକାଳ ପୂର୍ବେ ମତ୍ୟଯୁଗେ ପିନାକଯତ୍ର ବ୍ୟବହାର କରିତେନ ; ଇହାର ପ୍ରମାଣ ନାମା ମଂକୁତ ପୁରାଣେ ଲକ୍ଷିତ ହୟ । ଏକପ ଉନ୍ନତି କାଳମାପେକ୍ଷ, ସ୍ଵତରାଂ ତତ୍ୟତ୍ଵ ଯେ ଫୁଂକାର ଯତ୍ରେର ପୂର୍ବେ ହଇଯାଛେ ତ ବିଷୟେ ଆର ଅଗୁମାତ୍ର ଓ ମନ୍ଦେହ ନାହିଁ । କୋନ କୋନ ଇତିହାସଲେଖକ ଉଲ୍ଲେଖ କରିଯା ଗିଯାଛେନ ଯେ, ତତ୍ୟତ୍ଵେର ପୂର୍ବେଓ ଦୁଇ ଏକଟୀ ଫୁଂକାର-ସନ୍ତ୍ରେର ପ୍ରଚଳନ ଛିଲ । ତୁମାରେ ଏ କଥା କୋନ ମତେଇ ମତ୍ୟ ବଲିଯା ପ୍ରତିପନ୍ନ ହଇତେ ପାରେ ନା । କାରଣ, ତୁମାରା ଯାହାଦିଗଙ୍କେ ଫୁଂକାର ସନ୍ତ୍ର ବଲିତେନ ତାହାରା ପ୍ରକୃତକଲେ ସନ୍ତ୍ର ନହେ—ବୁନ୍ଦି

কোশল তাহাতে অণুমাত্রও বিনিয়োজিত হয় নাই। যেহেতু তাহারা প্রকৃতিসমূত্ত, যেমন শঙ্খ ও শৃঙ্গ। এই ছইটাকেই পূর্ববিকলাগ আদি ফুৎকারযন্ত্র বলিয়া বর্ণনা করিয়া থাকেন। তত্যন্ত্র সমূহের সম্পূর্ণ পরিপূষ্টি ও বহুল প্রচার যখন না হইয়াছিল, তখন একেবারে ছই একটির প্রচলন অসম্ভব বলিয়া বোধ না হইলেও হইতে পারে, কিন্তু যখন শুধির “যন্ত্র” এই উন্নত সংজ্ঞা প্রাপ্ত হইয়া যন্ত্র সকলের মধ্যে পরিগণিত হইতে আরম্ভ হইল, যখন তমিশ্বাণে মনুষ্যের বুদ্ধিবৃত্তি পরিচালনের আবশ্যক হইল, তখন প্রথমে ফুৎকার-প্রয়োগ-বৈচিত্রে শঙ্খ ও শৃঙ্গে ছই চারিটি মাত্র স্বর নির্নাদিত হইত, কিন্তু পরে যখন বিবিধ স্বর-বিভ্রম—বিবিধ-রাগ-বিলসিত অন্দর করিবার ইচ্ছা বলবত্তি হইল, তখন আর প্রকৃতি-স্বলভ শঙ্খ বা শৃঙ্গে সঙ্গীত কুতুহলী মানবের তৃপ্তি সংসাধিত হইল না। তখন হইতেই ফুৎকার যন্ত্রের প্রথম স্থষ্টি আরম্ভ হইল। প্রথমে এক নল যন্ত্র স্থষ্টি হয়, পরে তাহার অঙ্গভেদে, রচনা-ভেদে, বিবিধ অভিপ্রায় সংসাধনের নিমিত্ত বিভিন্ন দেশে বিভিন্ন প্রকারে ও বিভিন্ন নামে প্রচারিত হয়। পরিশেষে দ্বিন্দল যন্ত্র ও স্ফট হইয়াছে। এক নল যন্ত্রে প্রথমে ছইটা মাত্র ছিদ্র বিন্যস্ত করা হইত, সেকেবারে একটা কর্দমবিনির্মিত যন্ত্র ব্যাবিলনের দক্ষাবশেম হইতে আনিয়া কাণ্ডেন্ উইলক্ রএল্ আসিয়াটিক্ সোসাইটাইতে উপর্যোকন প্রদান করেন। তাহাকেই এখন সকলেই ফুৎকার যন্ত্রের আদি বলিয়া থাকেন। কিন্তু অতি পূর্বকাল হইতেই আমাদের দেশেও

উক্তবিধ যন্ত্র প্রচলিত ছিল। কিন্তু এ উভয়ের মধ্যে কোন্টী যে অগ্রিম, আমরা তাহার নিশ্চয়াবধারণ করিতে সমর্থ নহি। তবে ইহা-যে' পূর্বাঞ্চল হইতেই প্রথমে উৎপন্ন হয় তাহা সকলেই একবাক্য হইয়া স্বীকার করিয়া থাকেন, দ্বিনল যন্ত্রও এই পূর্বাঞ্চলেই প্রথমে প্রচলিত হইয়াছে। কেহ বলেন ইহা মিসরের, কেহ বলেন ইহা ভারতের—মিসরে ইহার নাম “আগুল্” ভারতে ইহার নাম “পুঁগী”। কিন্তু এ উভয়ের মধ্যে কোন্টী যে অগ্রের অন্যাপি তাহার কোন নির্ণয় করিতে পারা যায় নাই। উভয়েই দেবতাদিগের উপাসনার সময় বা বহুত ও পুরোহিতদ্বারাই বাদিত হইত। কিন্তু প্রভেদ এই যে, ভারতে নাসিকাদ্বারাই নিমাদিত হইত, এখনও হইতেছে; কারণ তখন এই সংস্কার ছিল যে, যে যন্ত্র অপর সাধারণ লোকেরা মুখে বাজাইত, তাহা পূজ্যপাদত্রাঙ্গণদ্বারা সেৱনপে ব্যবহৃত হইত না, ত্রাঙ্গণেরা সেই জন্য তাহা নাসিকায়ই বাজাইতেন, মুখদ্বারা উচ্চিষ্ট করিতেন না। কিন্তু কি আশ্চর্য ! মোসাইটী দীপে ও ফিজি আইলণ্ডেও ইহা নাসিকায় বাদিত হইত, ভারতের এপ্রথা যে কিরণপে উক্ত দূরবর্তী দীপে প্রচলিত হইয়াছে তাহা বলা যায় না। যে সমস্ত যন্ত্রে একনল, দ্বিনল ও তাহাদের বিভিন্ন-প্রকার-ভেদ এই পৃথিবীতে প্রচলিত আছে, প্রায় তাহার সমুদয়ই ভারতে অতি প্রাচীন কাল হইতেই লক্ষ্যস্বর হইয়া আসিতেছে—এ সকল সমষ্টিকে সম্মান সম্পর্কে অন্যান্য দেশপ্রতিবন্ধী স্বরূপ হইয়াছে—বস্তুতঃ প্রকৃত ইতি-

হামের অভাবে ও প্রকৃত কাল নির্ণয়ের অধিরত্ববশতঃ এরূপ নানা মত ভেদ উপস্থিত হইয়াছে—কিন্তু দর্বিদেশীয় ফুৎকার যন্ত্রের মধ্যে একটী যন্ত্রের নিমিত্ত আমাদের ভারত উন্নততম চূড়ায় অধিরোহণ করিয়াছে। সেটী ভারতের চিরকালের গৌরবের এবং নিজের ধন। তাহা অধুনাতন ন্যাসতরঙ্গ নামে প্রচলিত হইয়াছে, কিন্তু অতি প্রাচীন কালে তাহার নাম উপাঙ্গ ছিল—

‘অঙ্গকদেশঘাণ্ডিতা প্রহর্তৰ্স্য জায়তে।

উপাঙ্গঃ স সমাধ্যাতঃ কবিভিন্নস্তুদর্শিণ্ডিঃ ॥’

এই অতি প্রাচীন সংস্কৃত পদ্য আমাদের উক্ত বাক্য সপ্রমাণ করিতেছে।

আনন্দ-যন্ত্র।

চোলক, চোল, মৃদঙ্গ, তলমৃদঙ্গ বা তব্লা, খোল, ঢকা, কাড়া, নাগুরা, দাঁমামা, জগবাম্প, ডমরু, ডুকডুকি, টিকারা, তাসা, খঞ্জনী, ডম্ফ, হড়কা, ঘুটুরু, ঘোমবযন্ত্র খোদ্দী, মাদল, জোড়ঘাই, এইগুলি এই শ্রেণীর অন্তর্গত। অন্যান্য যন্ত্রের অ্যায় বিভিন্ন উপসংক্ষে ব্যবহৃত হয় বলিয়া ইহারাও সত্য ও গোম্য প্রত্তি বিভিন্ন শ্রেণীতে বিভক্ত হইয়াছে। বিশদ করিবার নিমিত্ত নিম্নে তাহাদের এক তালিকা দেওয়া গেল;—

সত্য	বাহিন্দীশিক	সামরিক	গোম্য	মাজল্য
মৃদঙ্গ	ঢকা	জগবাম্প	ডুকডুকি	টিকারা

ତବ୍ଲୋ	ଟୋଲ	ଟକ୍କା	ଖୋର୍ଦ୍ଦିକ	କାଢ଼ା
ତୋଳକ	ନବ୍ୟ	ତାମା	ମାଦଲ	ନାଗତ୍ରୀ
	ମାଗରୀ	କାଡ଼ା	ଜୋଡ଼ିଷାଇ	ଡକ୍ଟର
		ଦାମାମା	ଖଞ୍ଚି	ଖୋଲ
			ଡମକ	
			ହୁଡ଼କ	
			ଶୁଟ୍ରକ	

ଇହାଦେର ମଧ୍ୟେ ପ୍ରାୟ ସକଳଇ ଅନୁଗତ ସିନ୍ଦ୍ର ବାଦ୍ୟ—ଗାନ ଓ ନୃତ୍ୟର ମଙ୍ଗେ ମଙ୍ଗେ ବାଦିତ ଏବଂ କତକଣ୍ଠିଲି ଆବାର ପୂଜା ଓ ବିବାହ ପ୍ରଭୃତି ଉପଲକ୍ଷେ ଶୁଦ୍ଧ ବ୍ୟବସ୍ଥା ଥାକେ, ଯେଥାନେ ନୃତ୍ୟ ବା ଗାନ କିଛୁରଇ ମଙ୍ଗେ ଯୋଗ ଦିବାର ଜନ୍ମ ବାଦିତ ହ୍ୟ ନା, ଅଥଚ ବାଜାଇବାର ସମୟ କୋନ କୋନ ବାଦକ ବାଜାଇତେ ବାଜାଇତେ ଆମୋଦେ ଏତ ପ୍ରେମଭ୍ରତ ହେଇଯା ଉଠେ ଯେ, ମେ ସ୍ଵର୍ଣ୍ଣଇ ନୃତ୍ୟ କରିଯା ଥାକେ । ଏହି ସକଳ ଯତ୍ରେ ବିଭିନ୍ନ ଆକାରେର ଓ ବିଭିନ୍ନ ଉପାଦାନେର ଏକ ଏକଟୀ ଖୋଲ ଏବଂ ତାହାର ଏକ ଅଥବା ଦୁଇ ମୁଖୀୟ ଚର୍ମ ଦ୍ଵାରା ଆଚ୍ଛାଦିତ ଏବଂ ମେହି ଆଚ୍ଛାଦନ ଚର୍ମ-ରଙ୍ଗୁ ଅଥବା ଚର୍ମମୂତ୍ରେ ସଂୟତ ଥାକେ । ଏହି ଶ୍ରେଣୀରୁ ଅନେକ ଯତ୍ର ଅତି ପୂର୍ବକାଳେ ମମରମ୍ଭଲେ ବ୍ୟବସ୍ଥାତ ହଇଥିଲା, କିନ୍ତୁ ତାହାର ଅଧିକାଂଶରୁ ବିଲୁପ୍ତ ହେଇଯା ଗିଯାଇଛେ ଏବଂ କତକଣ୍ଠିଲି ବା ନାମଭେଦେ ଓ ଉପଲକ୍ଷଭେଦେ ଅନ୍ୟାନ୍ୟ ବ୍ୟବସ୍ଥା ହିତେଛେ । ଇହାଦେର ମଧ୍ୟେ ଯେ କୋନ୍ଟି ଆଦି ତାହାର ନିର୍ଣ୍ଣୟ କରା ଦୁକର । ତବେ ଏଟି ଅବଶ୍ୟକ ସ୍ଵୀକାର୍ୟ କତ ମହା ବଂସର ଅତୀତ ହେଇଲ ଦେବାଦିଦେବ ମହାଦେବ ଉତ୍ତର ଯତ୍ର ବ୍ୟବହାର କରିତେନ । ଯାହା ହ୍ୟକ ଏକଣେ ପ୍ରତ୍ୟେକେର ବର୍ଣ୍ଣନାୟ ପ୍ରବୃତ୍ତ ହେଇଯା ଯାଉକ ।

মৃদঙ্গ ।

ইহার বিষয় মৎপ্রণীত-মৃদঙ্গমঞ্জরী-গ্রন্থে বিশেষরূপে দ্রষ্টব্য। এই যন্ত্র সভ্যস্ত্রশৈলীর মধ্যে প্রধানরূপে পরিগণিত। ইহা প্রথমে মৃত্তিকা দ্বারা নির্মিত হইত, সেইজন্য ইহার নাম মৃদঙ্গ* হইয়াছে। কিন্তু পরিশেষে ইহা মৃত্তিকাদ্বারা না হইয়া এক্ষণে কাষ্ঠের হইতে আরম্ভ হইয়াছে এবং মৃত্তিকা-নির্মিত গুলিকে এক্ষণে সাধারণতঃ খোল বলিয়া থাকে। এই মৃদঙ্গের পারমিক নাম পাথওয়াজ, অর্থাৎ যাহা হইতে ঘোর গন্তীর শব্দ নির্গত হয়। পুরাণে কথিত আছে, সত্যযুগে দেবাদিদেব ভগবান্মহাদেব মহাবল পরাক্রান্ত দুর্জয় ত্রিপুরাস্তরকে ঘোর সংগ্রামে বিনাশ করিয়া ইন্দ্রাদি-দেবগণ-পরিবেষ্টিতভাবে আনন্দে নৃত্য করিয়াছিলেন। সেই নৃত্যের আনুকূল্যজন্য ভগবান্মুক্তা মৃদঙ্গের প্রথম স্থষ্টি করেন এবং গণাধিপ গজাননকে প্রথম উক্ত যন্ত্রে সমরবিজয়ী ব্যোমকেশের নৃত্যের সঙ্গে তাল দিবার জন্য অনুমতি দেন। সেই অবধি মৃদঙ্গের উৎপত্তি। কথিত আছে, সেই ত্রিপুরাবিজয়ের সময় ত্রিপুরাস্তর-বধের পর তাহার রুধিরে পৃথিবীমণ্ডল ভিজিয়া কর্দমাক্ত হয়, ভগবান্মুক্তা সেই শোণিতাক্ত মৃত্তিকা লইয়া মৃদঙ্গ প্রস্তুত করেন এবং সেই অস্তরের চর্ম লইয়া উক্ত যন্ত্রের আচ্ছাদনী, শিরা-নিচয়ে বেঁকেনী-রঞ্জু এবং অস্থিতে গুল্ম প্রস্তুত করিয়াছিলেন। †

* মৃৎ মৃত্তিকা অঙ্গ অঙ্গভূত যন্ত্র ।

এই শব্দের অর্থ—মৃত্তিকা যাহার অঙ্গভূত হইয়াছে।

† ইহার অন্যান্য বিষয় মৎপ্রণীত মৃদঙ্গমঞ্জরী-গ্রন্থে দ্রষ্টব্য।

এই মৃদঙ্গযন্ত্র অনেক দিন হইতে আগামীদের দেশে প্রচলিত হইয়া আসিতেছে। এখন ইহাকে সচরাচর খদির, রক্তচন্দন, গাস্তার, পনস প্রভৃতি কাষ্ঠদ্বারা নির্মাণ করিয়া থাকে। ইহাদের মধ্যে খদিরনির্মিত মৃদঙ্গই সর্বশ্রেষ্ঠ, কিন্তু চন্দনকাষ্ঠ-নির্মিত মৃদঙ্গের ধ্বনি অতীব গভীর ও স্বর্মধুর হয়। ইহার দৈর্ঘ্য দেড় হস্ত ও যন্ত্রনির্মাণোপযোগী কাষ্ঠের দল দেড় অঙ্গুলি-পরিমিত। মৃদঙ্গের বামগুরু দ্বাদশ অথবা অয়োদশ অঙ্গুলি ব্যাস-বিশিষ্ট এবং দক্ষিণ মুখ বাম অপেক্ষা এক বা অর্দ্ধাঙ্গুলি ন্যূন। যন্ত্রের মধ্যদেশ পৃথুল। এই যন্ত্রের আচ্ছাদনী চর্মসূত্রদ্বারা আবদ্ধ এবং চতুরঙ্গুলি পরিমিত গোলাকার আট্টী গুল্ম সেই চর্ম রজ্জুর সঙ্গে সংলগ্ন থাকে। এই গুল্মগুলি হস্তিদন্তের অথবা কাষ্ঠের হয়। ইহারা স্বর-বন্ধনের প্রধান উপযোগী। মৃদঙ্গের দক্ষিণমুখ কৃষ্ণখরলিযুক্ত করা হয়*। এবং বামগুরু শুন্দ চর্মাচ্ছাদনীতে আবৃত থাকে। বাজাইবার সময় বাদকগণ সেই আচ্ছাদনীর উপর ময়দা লেপন করিয়া লন। এই যন্ত্র বাজাইতে হইলে খরলিযুক্ত মুখটী দক্ষিণ হস্তের দিকে আর ময়দা লেপন বিশিষ্ট মুখটী বাম দিকে প্রায়ই থাকে, কোন কোন বাদক ইহার বৈপরীত্যও করিয়া থাকেন। কিন্তু যন্ত্রটী ক্রোড়ে রাখিয়া বাজাইবার সময়ে দুই মুখে দুই হস্তই ব্যবহার করিতে হয়।

* ভস্ম, গিরিমাটী, অম্ব, কেন্দুক অর্থাৎ গাব, চিপিটক অর্থাৎ চিপে দিশ।
খরলি অস্তুত করিতে হয়।

এই মুদঙ্গ যখন অথবা যুক্তিকান্দারাই নির্মিত হইত, তখন শ্রীকৃষ্ণের লীলাসংকীর্তনের সময়ই সমধিক ব্যবহৃত হইত। কিন্তু অধুনাতন কাঠের মুদঙ্গ সভ্যযন্ত্রের মধ্যে পরিগণিত হইয়াছে, ইহা শ্রুতিদানি গীতের সঙ্গেই প্রায় সচ-রাচর বাদিত হইয়া থাকে—কিন্তু পূজার সময় বিশেষরের মন্দিরেও ইহার প্রচলন দেখিতে পাওয়া যায়।

চোলক।

এই যন্ত্রটী সভ্য ও বাহিদ্বাৰিক উভয়ই। চোলক শব্দটী প্রাকৃত, ইহার কোষ কার্ত্তিকান্দারাই সচরাচর নির্মিত হইয়া থাকে, এবং মধ্যস্থল মুদঙ্গের আয় উভান ও দুই মুখ পাতলাচর্মদ্বারা আবৃত হয়। সেই দুই খানি চর্ম রঞ্জুদ্বারা অযোগ্যদিকে তৰ্যাগ্ভাবে আবক্ষ। স্বরের তাৰতম্যের জন্য আবশ্যকমত সেই সকল রঞ্জুকে ন্যানাধিক দৃঢ় সংযত করা যাব। সেই সকল রঞ্জুতে লৌহ, পিতল ও রৌপ্যের অঙ্গুরীয়ক (কড়া) আবক্ষ থাকে, তাহাদের অবস্থানভেদে রঞ্জু সকলের বন্ধন-দৃঢ়তাৰ তাৰতম্য হইয়া থাকে। ইহার দুই মুখ প্রায় সচরাচর সমান ব্যাস-বিশিষ্ট হয়। বাম মুখে খৰলি লেপিত থাকে। ইহার বাদনক্রিয়া ক্রোড়ে রাখিয়া দুই হস্তদ্বারাই সম্পাদিত হয়। মুদঙ্গের আয় বাজাইবাৰ সময় ইহার খৰলি-শূলুমুখে ময়দা লেপিত হয় না।

এই যন্ত্র কিছু পূৰ্বে হাক্কাকড়াইতে এবং এখন যাত্রা,

পাঁচালি, কবি প্রভৃতিতে ব্যবহৃত হইয়া থাকে। গ্রাম্যলোকেরা বাহুলীনযন্ত্রের সঙ্গে বিপুলি প্রভৃতি স্থলেও ব্যবহার করে। চোলকের অনুরূপ যন্ত্র লিঙ্গিয়া, এমিশিয়া প্রভৃতি দেশে পূর্বে ব্যবহৃত হইত এবং আধুনিক পারস্পর প্রভৃতি স্থানে এখনও লক্ষিত হয়।

তৃতীয় বাল-মৃদঙ্গ ।

এই যন্ত্রটী সভ্য। ইহা দ্রুইটী—বামক ও দক্ষিণক, মচরাচর যাহাদিগকে বাঁয়া ও ডাইনে বলিয়া থাকে। ইহারা উভয়ই একত্রে, কখন কখন বা শুল্ক বামকই ব্যবহৃত হইয়া থাকে। খাদ্যস্বরে বন্ধ থাকে বলিয়া বামককে সময়ে সময়ে তাঁল দিবার জন্য লোকে ব্যবহার করে। দক্ষিণকের পক্ষে সেৱক হয় না। তাহা একদৰে আবন্ধ থাকে। তবলাৰ এক মুখে কেবল চৰ্মাচ্ছাদনী আবন্ধ থাকে। তবলা এই একই সংজ্ঞায় আসি-রিয়াদেশেও প্রচলিত ছিল।

চোল ।

ইহা গ্রাম্য ও বাহির্বারিক যন্ত্র। ইহার আকার অবিকল চোলকের আয়, কিন্তু অপেক্ষাকৃত একটু বড়। ইহারও বায় মুখে খরলি থাকে। কিন্তু দ্রুই হস্ত না দিয়া এক হস্ত আৱ এক-হস্ত-ধূত-দণ্ডুদ্বাৰা এই যন্ত্রকে বাজান হয়। বাজাইবার সময় ইহা রজ্জুদ্বাৰা গলদেশে ঝুলান থাকে। এই যন্ত্র বিবাহ ও পূজা প্রভৃতি উপলক্ষেই ব্যবহৃত হয়। ইহার আনুষঙ্গিক যন্ত্র কাংসিয়কা। বোধ হয় চোল যন্ত্র কালে পরিণত হইয়া চোলক হইয়া থাকিবে।

চক্র।

এই যন্ত্রটী বাহিন্দাৰিক। ইহা সৰ্বাপেক্ষা বৃহত্তম ও অতি প্রাচীন যন্ত্র। এমন কি এই যন্ত্র ত্রেতাযুগে রামরাবণেৰ ঘোৱ যুদ্ধেও ব্যবহৃত হইয়াছিল। ইহার দক্ষিণমুখে দুইটী দণ্ডৰা বাদনক্রিয়া সম্পাদিত হইয়া থাকে। এই যন্ত্র আমাদেৱ দেশে চড়কেৱ ও সকল শক্তিপূজাৰ সময় ব্যবহৃত হয়। ইহার আনুষঙ্গিকবাদ্য কাংস্যিক। চক্র যন্ত্র পক্ষীৰ পালক চুড়ায় স্থোভিত থাকে। এই যন্ত্রটী ভাৱতবৰ্ষেৱই বলিলে বড় অত্যুক্তি হয় না। কাৱণ অদ্যাবধি যন্ত্ৰেৰ যত চিত্ৰ, যত প্ৰতি-মূৰ্তি নানাদেশে আবিস্কৃত হইয়াছে—ইহার প্ৰতিকূপ কোথাৰ দৃষ্টিগোচৰ হয় নাই। কেবল ১৮২৩ খ্রিস্টাব্দে মিমৰদেশীয় ধৰ্মসাৰণিক থিবিনেৰ কোন স্থল উৎখাদিত কৱিয়া এৱপ একটী যন্ত্র পাওয়া গিয়াছিল।

কাড়।

এই যন্ত্ৰেৰ এক মুখে চৰ্মাচ্ছাদনী আবদ্ধ থাকে। ইহাকে গলায় ঝুলাইয়া দণ্ডৰা বাজাইতে হয়। ইহার মুখ পশ্চাদেশ অপেক্ষা সমধিক বিস্তৃত। ইহা একটী বাহিন্দাৰিক যন্ত্র, পূৰ্ব-কালে রাজাদেৱ বহিৰ্গমন ও যুদ্ধ সময়ে ইহাৰ বাদিত হইত। অধুনা পূজাৰ সময় জগৎক্ষণ প্ৰচৃতি অন্যান্য আনন্দ যন্ত্ৰেৰ সহিত ইহার বাদনক্রিয়া সম্পাদিত হইয়া থাকে।

ନାଗରୀ ।

ଏହି ଯତ୍ନ ଦ୍ଵିବିଧ—କୁଦ୍ରନାଗରୀ ଓ ମହାନାଗରୀ । ଏ ଉଭୟଇ ବାହିର୍ବାରିକ ଯତ୍ନ, ଉଭୟଇ ଯୁଦ୍ଧିକାଦ୍ଵାରା ନିର୍ମିତ । କୁଦ୍ରନାଗରୀ ଦେଖିତେ ଏକଟୀ ଗୋଲାକାରେର ଅର୍ଦ୍ଧାଂଶ । ଇହାର ଏକ ମୁଖେ ଚର୍ମାଚାଦନୀ କତଣ୍ଣିଲି ଚର୍ମରଙ୍ଗୁ ଦ୍ଵାରା ଆବନ୍ଦ ଥାକେ । ସେଇ ସକଳ ଚର୍ମରଙ୍ଗୁ ଆବାର ପଶ୍ଚାଂ ଦିକେ ଏକଟୀ ଚର୍ମବେଟନେ ଆବନ୍ଦ । ଶୋଭାର ଜନ୍ମ ଏହି ଯତ୍ନେ ପକ୍ଷିପକ୍ଷ ଓ ଅଶ୍ଵକେଶ ଚର୍ମରଙ୍ଗୁ ର ମଧ୍ୟେ ମଧ୍ୟେ ଯୋଜିତ ଥାକେ । ଏହି ଯତ୍ନ ଗଲାଯ ଧୃତ ହଇଯା ଦଣ୍ଡଦ୍ଵାରା ବାଦିତ ହୁଁ । ଇହାର ବ୍ୟବହାର ମର୍ବଦୀ କାଢା ଯତ୍ନେର ମଙ୍ଗେ ହଇଯା ଥାକେ । ଏହି ଯତ୍ନେ ଯଥନ ପକ୍ଷି-ପକ୍ଷ ଦୃଷ୍ଟ ହିତେଛେ, ଇହାତେ ସେ, ଏହି ଯତ୍ନ ଅତି ପ୍ରାଚୀନ ତାହାତେ ଅନୁମାତ ଓ ସନ୍ଦେହ ନାହିଁ । ଅତି ପୂର୍ବକାଳେ ଇହା ଯୁଦ୍ଧଯତ୍ନ ଛିଲ । କିନ୍ତୁ ଏଥନ ରାଜାଦିଗେର ବହିଗମନ, ପୂଜା ଓ ବିବାହାଦିତେ ଇହାର ସମ୍ବିଧିକ ପ୍ରଚଳନ ।

ମହାନାଗରୀ ଉତ୍କୁ ଯତ୍ନ ଅପେକ୍ଷା ସୁହତର । ଏବଂ ପଶ୍ଚାନ୍ତାଗେ ଜ୍ରମେ କୋଣାକାର ହଇଯାଛେ । ଇହା ଛୁଇଟୀ—ବାମ ଓ ଦକ୍ଷିଣ । ଆକାରଗତ ଅନ୍ୟାନ୍ୟ ବିଷୟେ ଇହା ଉପରିଉତ୍କୁ ଯତ୍ନେର ନ୍ୟାୟ । ଏହି ମହାନାଗରୀ ଟିକାରା-ନାମକ ଆର ଏକଟୀ ଯତ୍ନେର ମଙ୍ଗେ ନୌବତେ ବ୍ୟବହର ହୁଁ । ବାଦନକ୍ରିୟା ଭୂମିତେ ରାଖିଯାଇ ଛୁଇଟୀ ଦଣ୍ଡଦ୍ଵାରା ସମ୍ପାଦିତ ହଇଯା ଥାକେ । ପୂର୍ବେ ଜୟିରାଜାଦିଗେର ଗୃହଥତ୍ୟାଗମନ କାଳେ ଉଣ୍ଡ, ହସ୍ତି ପ୍ରତିର ପୃଷ୍ଠେ ରାଖିଯା ବାଦିତ ହଇତ, କିନ୍ତୁ ଏକଣେ ବିବାହାଦିତେ ଓ ଇହା ବାଜାଇଯା ଥାକେ ।

ଜଗବନ୍ଧୀ ।

ଏହି ଯନ୍ତ୍ର ବାହିର୍ବାରିକ । ଇହା ପୂଜା ଓ ବିବାହ ପ୍ରଭୃତି ଉପଲକ୍ଷେ ବ୍ୟବହରିତ ହୟ, ପୂର୍ବେ ଇହା ଯୁଦ୍ଧଯନ୍ତ୍ର ଛିଲ । ଇହାର ଚର୍ମାଛାଦନୀ ଚର୍ମ-ରଙ୍ଗୁ ବା ଡୁରିବାରା ସମ୍ବନ୍ଧ ଥାକେ । ଇହାର କୋଷ ମୁଣ୍ଡିକା ନିର୍ମିତ । ଏହି ଯନ୍ତ୍ରକେ ଗଲାଯ ଏବଂ ସମ୍ମୁଖେ ରାଖିଯା ମଚରାଚର ଲୋକେରା ବାଜାଇଯା ଥାକେ । ଏହି ଯନ୍ତ୍ର ତାମା ନାମକ ଏକଟୀ ଯନ୍ତ୍ରେର ସମେ ବ୍ୟବହରିତ ହୟ ।

ତାମା ।

ଏହି ଯନ୍ତ୍ରଟୀଓ ବାହିର୍ବାରିକ । ପୂର୍ବେଇ ଉତ୍ତ ହଇଯାଇଛେ ଯେ ଇହା ଜଗବନ୍ଧୀ ଯନ୍ତ୍ରେର ସମେ ବାଦିତ ହଇଯା ଥାକେ । ସ୍ଵତରାଂ ଯେ ଯେ ଉପଲକ୍ଷେ ଜଗବନ୍ଧୀ, ମେଇ ମେଇ ଉପଲକ୍ଷେ ଏହି ଯନ୍ତ୍ରକେ ବାଜାନ ଯାଯ । ଇହାର ଚର୍ମାଛାଦନୀ କିଞ୍ଚିତ ଶୂଲ ଅର୍ଥାଂ ମୋଟା । ଇହାର ଆୟତନ ଅପେକ୍ଷାକୃତ ବୃହତ ।

ଦାମାମ ।

ଇହାର ଆର ଏକଟୀ ନାମ ଦଗଡା । ଇହା ଦେଖିତେ ଟିକାରାର ଘାୟ, କିନ୍ତୁ ଇହାର ମୁଖ ପ୍ରଶ୍ନତର, ତାହା ଚର୍ମାଛାଦନୀବାରା ଆଚମ । ଇହାର କୋଷ ଓ ମୁଣ୍ଡିକାନିର୍ମିତ । ଏହି ଯନ୍ତ୍ର ଓ ଦୁଇଟୀ ଦଶବାରା ବାଦିତ ହଇଯା ଥାକେ । ପୂର୍ବେ ଏହି ଯନ୍ତ୍ର ଯୁଦ୍ଧଯନ୍ତ୍ର ଛିଲ । ଏହି ଯନ୍ତ୍ରେର ସମେତ ଟିକାରା ବାଦିତ ହୟ । କିନ୍ତୁ ଏଥିନ ବହିର୍ଗମନ ପ୍ରଭୃତି ଉପଲକ୍ଷେ ଇହାର ବ୍ୟବହାର ହୟ ।

টিকার।

এই যন্ত্র বাহিন্দাৰিক। ইহার এক মুখে চৰ্মাচ্ছাদনী, ডুৱি
বা চৰ্ম-ৱজ্জু দ্বাৰা আবক্ষ থাকে, অপৰ মুখ কোণাকৃতি।
সেই মুখে চৰ্মবেষ্টনদ্বাৰা উক্ত ডুৱি বা চৰ্মৱজ্জু সকল আবক্ষ
থাকে। এই যন্ত্র মহানাগ্ৰার সহিত নোবতে ভূমিতে রাখিয়া
ছইটা দণ্ডদ্বাৰা বাদিত হয়, নাগ্ৰা যন্ত্ৰের ন্যায় বিবাহাদি
উপলক্ষে হস্তী বা উক্টুপৃষ্ঠে রাখিয়া উহাকে বাজান হইয়া
থাকে। ইহার আকার মহানাগ্ৰার ন্যায় বৃহৎ। ইহার কোষও
মৃত্তিকাৰণিশ্চিত।

জোড় শাই।

এই যন্ত্রও বাহিন্দাৰিক। ইহা ঢোলের উপর একটা
ক্ষুদ্র ঢোল যোজিত মাত্ৰ। উভয়েই বাদিত হয়, ক্ষুদ্রতরে
উচ্চস্বর একং বৃহত্তরে নিম্নস্বর প্ৰকাশিত হইয়া থাকে। ইহা-
দেৱ ছই মুখ এবং ছই মুখই চৰ্মাচ্ছাদনীদ্বাৰা আবৃত—
চৰ্মাচ্ছাদনী চৰ্মৱজ্জু ও ডুৱিদ্বাৰা আবক্ষ এবং তাহাতে কড়া
যোজিত থাকে। এই যন্ত্র গলায় ঝুলাইয়া বামমুখে দণ্ডদ্বাৰা
এবং দক্ষিণমুখে হস্তদ্বাৰা দামামা প্ৰভৃতি যন্ত্ৰের মঙ্গে বাদিত
হয়। ইহার বাম মুখ অপেক্ষা দক্ষিণ মুখে উচ্চস্বর নিমাদিত
হইয়া থাকে।

ଷୋର୍ଦ୍ଦକ ।

ଏହି ଯତ୍ର ବାହିର୍ବାରିକ ଏବଂ ଦୁଇଟି – ବାମ ଓ ଦକ୍ଷିଣ – ବାମ ଅପେକ୍ଷା ଦକ୍ଷିଣେର ମୁଖ ସ୍ଵଳ୍ପତର ପ୍ରେସ୍ତ । ଇହାଦେର ମୁଖ ଏକଟୀ ମାତ୍ର ଏବଂ ଚର୍ମାଚ୍ଛାଦନୀଦ୍ୱାରା ଆବୃତ । ବାମ ମୁଖେର ମଧ୍ୟରୁଲେ କ୍ଷୀରନ ଲେପିତ ଥାକେ । ଦକ୍ଷିଣଟିକେ ଅଧିକ ତୌତ୍ରମର କରିବାର ନିମିତ୍ତ ରଙ୍ଗୁ ଯୋଜନାର ଏକଟୁ ବିଶିଷ୍ଟତା ଆଛେ । ଇହା କେବଳ ରୌଶନଚୌକି ବାଦ୍ୟେର ମହିତ ତାଳ ଦିବାର ଜଣେ ବ୍ୟବହରିତ ହ୍ୟ ।

ଡମର ।

ଏହି ଯତ୍ରଟି ପ୍ରାମ୍ୟଯତ୍ର-ଶ୍ରେଣୀର ମଧ୍ୟେ ପରିଗଣିତ । କିନ୍ତୁ ଅତି ପୂର୍ବକାଳେ ଦେବାଦିଦେବ ମହାଦେବେର ଅତି ପ୍ରାୟତମ ଯତ୍ର ଛିଲ । ଇହା ଆକାରେ ଅତି କ୍ଷୁଦ୍ର ଦୁଇ ମୁଖେଇ ଚର୍ମାଚ୍ଛାଦନୀତେ ଆବୃତ । ଏହି ଯତ୍ରେର ମଧ୍ୟ ଭାଗ ମନ୍ଦିର, ମେଇ ସ୍ଥାନ ହଞ୍ଚେର ବୁକ୍କା-ଙ୍ଗୁଲି ଓ ତର୍ଜନୀର ମଧ୍ୟରୁଲେ ରାଖିଯା ନାଡ଼ିଲେ ଇହାର ଦୁଇ ଦିକେ ଯେ ଦୁଇଟି କ୍ଷୁଦ୍ର କ୍ଷୁଦ୍ର ରଙ୍ଗୁ ଦ୍ୱାରା ଆବନ୍ଦ ଦୁଇଟି ସୀମକ ଗୁଟିକା ଥାକେ, ଚର୍ମାଚ୍ଛାଦନୀର ଉପର ତାହାଦେର ଆସାତ ଲାଗିଲେ ଏହି ଯତ୍ରେର ବାଦନକ୍ରିୟା ସମ୍ପାଦିତ ହ୍ୟ । ଏହି ଯତ୍ରକେ ସଚରାଚର ଲୋକେ ଡୁକ୍ଡୁକି ବଲେ, ସର୍ପ ଓ ବାନର ବ୍ୟବସାୟୀରା ଇହାର ସମଧିକ ବ୍ୟବହାର କରିଯା ଥାକେ । ଏହି ଯତ୍ର ପ୍ରାୟ ଆସିଯାନ୍ତ ଏବଂ ଆଫ୍ରିକାନ୍ତ ପ୍ରାଚୀନ ଦେଶ ମାତ୍ରେଇ ଏଥନ୍ତେ ସମୟେ ସମୟେ ଦୁଇ ଏକଟି ଦେଖା ଯାଯା ।

ଆନନ୍ଦ ଯତ୍ନ ।

ଅଚଲିତ ମୁଦ୍ୟ ଆନନ୍ଦ ଯତ୍ନ ବିବୃତ ହିଲ । ଏତଟିମ୍ବ ଆରା ଅନେକ ଯତ୍ନ ଆମାଦେର ଦେଶେ ଅଚଲିତ ଛିଲ, କିନ୍ତୁ ମେ ମକଳ ଉପଲକ୍ଷାଭାବବଶତଃ ବିଲୁପ୍ତ ହିଯା ଗିଯାଛେ; ତାହା-ଦେର ନାମମାତ୍ର ଅବଶିଷ୍ଟ ରହିଯାଛେ । ପୂର୍ବେ ଅନ୍ୟାନ୍ୟ ପ୍ରଚୀନ ଦେଶେର ଶ୍ରୀଯ ଆମାଦେର ଦେଶେତେ ମାନ୍ୟମଣ୍ଡଲୀର ମନେ ଦେବତା ଓ ଅପ୍ସରାଃ ପ୍ରଭୃତିର ସଂଗ୍ରୀତ ଛିଲ । ସୁଦ୍ଧର ଜୟେଷ୍ଠ ମମନ ଆର ତାହାର ମାହାଯ ଅଥବା ଅଭିନନ୍ଦନ କରିବାର ଜଣ ମାନ୍ୟପ୍ରକାର ବାଦ୍ୟ ବାଦନ କରା ହିତ, ମେହି ମକଳ ବାଦ୍ୟେର ମଧ୍ୟେ ହନ୍ତୁଭିଇ ଅଧିକ ପ୍ରଶନ୍ତ । ପୂର୍ବକାଳେ ସୁନ୍ଦ ମମରେ ନାନାବିଧ ବାଦ୍ୟଯତ୍ନ ବାଦିତ ହିତ, କିନ୍ତୁ ଏଥନ ମେ ମକଳ ସୁଦ୍ଧର କାଳ ଅଭୀତ ହିଯାଛେ, ତୁତରାଂ ତାହାଦେର ଆର ଆବଶ୍ୟକ ହୟ ନା । କିନ୍ତୁ ତାହାଦେର ମଧ୍ୟେ ଅନେକେଇ ଏଥନ ଅନ୍ୟାନ୍ୟ ଉପଲକ୍ଷେ ଓ ନାମାନ୍ତରେ ବ୍ୟବହର ହିଯା ଥାକେ । ଅଧୁନାତମ ଯେ ମକଳ ଆନନ୍ଦ ଯତ୍ନ ଆମାଦେର ଦେଶେ ପ୍ରଚଲିତ ଆଛେ, ମେ ମୁଦ୍ୟ ଦୈତ୍ୟ ରୂପାନ୍ତରଭେଦେ ଆସିରିଯା ଓ ମିମର ପ୍ରଭୃତି ଦେଶେ ବ୍ୟବହର ହିତେଛେ । ଆମାଦେର ଦେଶେର ମୃଦୁଲ, ଚୋଲିକ ଓ ଖୋଲ ପ୍ରଭୃତିର ଶ୍ରୀଯ ସିଂହଳ ଦ୍ଵୀପେର ବେରି ବା ଭେରୀ ମିମର ଦେଶେ ବ୍ୟବହର ହୟ । କେହ କେହ ବଲେନ, ଏକପ ଦ୍ଵାରା ଆସିରିଯା ଦେଶେ ଓ ଏକକାଳେ ପ୍ରଚଲିତ ଛିଲ । ମିମର ଓ ଆସିରିଯାଦେଶୀୟ ବନ୍ଦେ ମୃଦୁଲେର ଶ୍ରୀଯ ଗୁଲୋର ବ୍ୟବହାର ଛିଲ । ମକଳେଇ ଦୀକାର କରେନ ଯେ ମୈମର ଓ ଆସିରିଯାଦେର ଶ୍ରୀଯ ଇହଦୀଦେବ ଓ ନାନା ପ୍ରକାର ଆନନ୍ଦ ଯତ୍ନ ପ୍ରଚଲିତ ଛିଲ, କିନ୍ତୁ ତମଧ୍ୟେ ଡୋକ୍ରି ଅଧିକ ପ୍ରମିଳ । ମୈମର ଡୋକ୍ର, ଆରବୀୟ ଦାରା ବୁଖ ଓ ଆମାଦେର ଡମ୍ଫ

একই সামগ্রী। আমাদের ডক্টরের ঘায় উক্ত ডোক্র যন্ত্র কোন বাহিদ্বাৰিক আনন্দ সমারোহ উপলক্ষে নারীগণ কৰ্তৃকই বাদিত হইত। বাইবেলে দেখিতে পাওয়া ঘায় স্বপ্নসিদ্ধ মিরিয়াম ইহার সমধিক ব্যবহার করিতেন—কেবোয়ার সৈন্যগণ বখন বিনষ্ট হয়, তখন তিনি অন্যান্য ইস্রাইল রামণীদিগের সহিত ইহা বাজাইতে বাজাইতে আনন্দ গান করিয়াছিলেন। জেপ্থারভুহিঙ্গা ইহা বাজাইয়া তাহার পিতাকে অভিনন্দন করিয়াছিলেন।

সকল দেশেই আনন্দ ঘন্টের স্থষ্টি যে কোন মন্ত্রে হইয়াছিল তাহা কেহই দ্বির করিয়া বর্ণিতে পারেন না। পৃথিবীর মধ্যে এখনও এমন অনেক অসভ্য জাতি আছে, যাহাদিগের নিকট কোনৱেক সঙ্গীত যন্ত্রই পরিচিত নাই। যদি তাহাদের কখন কখন কঠসঙ্গীতের সঙ্গে তাল দিবার জন্য কোন সামগ্রীর সাহায্যের প্রয়োজন হয়, তাহা হইলে করতালি বা কোন দুই কাঠ খণ্ডের পরম্পর আঘাতে দে কার্য্য সম্পাদিত হইয়া থাকে। আবার অধুনাতন এমন অনেকগুলি অসভ্য জাতি আছে, যাহারা চোলক ইত্যাদি আনন্দ ঘন্ট ব্যবহার করিয়া থাকে।

ঘন-ঘন্ট।

সপ্তশরাব, মন্দিরা, ঘট্তালী (খট্তাল), করতালী, রাম-করতালী, ঘণ্টা, কাঁসর, ঘড়ি, ঝঁজুর (Gaung), ঘুণ্টিক (ঘুমুর), নপুর।

ଇହାରା ଓ ପୂର୍ବୋତ୍ତମ ସନ୍ତ୍ର ମକଳେର ନ୍ୟାୟ ବିଭିନ୍ନ ଉପଲକ୍ଷେ ବ୍ୟବହତ ହଇଯା ଥାକେ—ଇହାରା ଓ ମନ୍ତ୍ରୀ, ଗ୍ରାମ୍ୟ ପ୍ରଭୃତି ପୃଥିକ୍ ପୃଥିକ୍ ଶ୍ରେଣୀତେ ବିଭିନ୍ନ । ଇହାରା ଥାଏ ମକଳଇ କୋନ ଧାତବ ପଦାର୍ଥେ ନିର୍ମିତ । ମମରେ ମମରେ କାଚ ସ୍ଥିତିସ୍ଥାପକ ଗୁଣୋପେତ ଓ ସହରୋଦୀମନୋପଯୋଗୀ ବଲିଯା ଇହାଦେର ମଧ୍ୟେ କୋନ କୋନଟି କାଚେରେ ହଇଯା ଥାକେ । ଇହାରା ଯେ କୋନ ମମରେ ବ୍ୟବହତ ହିତେ ଆରାସ୍ତ ହୟ, ତାହାର ଇଯଭା କରା ଯାଏ ନା, ତବେ ଏଟା ଅବଶ୍ୟକ ସ୍ଵିକର୍ତ୍ତବ୍ୟ ଯେ ଧାତୁର ଆବିକ୍ରିୟାର ପରିହି ଇହାରା ବ୍ୟବହତ ହଇଯା ଥାକିବେ । ମନ୍ତ୍ରୀତାର ଇତିହାସ ପାଠେ ଅବଗତ ହେଁଯା ଯାଏ, ମନ୍ଦିରୀଯ ଧାତୁର ଅଗ୍ରେ ଲୌହେର ଆବିକ୍ରିୟା ହୟ । ସୁତରାଂ ଏଣ୍-ମତଃ ଯେ ମକଳ ସନ-ସନ୍ତ୍ର ନିର୍ମିତ ହୟ, ତାହାରା ଲୌହେରି ହେଁଯା ଥାକେ । ମେଇଜନ୍ ଏହି ମନ୍ଦିରୀ ସନ୍ତ୍ରେର ମାଧ୍ୟରଣ ନାମ ସନ ଅର୍ଧାଂ ଲୌହ । ପରେ ଅନ୍ୟାନ୍ୟ ଧାତୁର ଆବିକ୍ରିୟାର ପର ଯଥନ ଲୋକେ ଯେ ମକଳ ଧାତୁକେ ଉପଯୋଗୀ ଦେଖିଲ, ସେଇ ମକଳ ଦ୍ୱାରା ଏହି ସନ୍ତ୍ର ନିର୍ମାଣ କରିତେ ଆରାସ୍ତ କରିଲ । ଇହାଦେର ମଧ୍ୟେ ଥାଏ ମନ୍ଦିରୀ ମାନ୍ଦିଲ୍ କ୍ରିୟା । ଜନ୍ୟ ଓ ଅନ୍ୟାନ୍ୟ ଉପଲକ୍ଷେ ବ୍ୟବହତ ହଇଯା ଥାକେ; କେବଳ ମନ୍ଦିରା, ଯଟ୍ଟାଲୀ ଓ କରତାଳୀ ଏହି କଟଟା ଅନୁଗତମିନ୍ଦ । ମନ୍ତ୍ରୀରାବ ଇହାଦେର ମଧ୍ୟେ ମର୍ଦ୍ଦୀଂକୃଷ୍ଟ ଓ ତ୍ରିତନ୍ତ୍ରୀ ପ୍ରଭୃତିର ନ୍ୟାୟ ସ୍ଵତଃମିନ୍ଦ ସନ୍ତ୍ର । ଏହି ଶ୍ରେଣୀର ଅନେକ ଗୁଣ ପରମ୍ପରା ଆଘାତେ ବା କୋନ ଯନ୍ତ୍ରିର ଅଧିବା ମୁଦ୍ଦାରେ ଆଘାତେ ବାଦିତ ହଇଯା ଥାକେ । ଯାହା ହୃଦକ, ଏକଣେ ମକଳଇ କ୍ରମେ କ୍ରମେ ବିବୃତ ହିତେଛେ ।

ବାଙ୍ଗୀ ବା ବାଙ୍ଗର ।

ଏই ଯন্ত୍ର ବୋଧ ହୟ ମମୁଦୟ ସନ ଯନ୍ତ୍ରେର ଆଦି ହିଁବେ । କାରଣ ଏହି ଯନ୍ତ୍ରର ପ୍ରଥମେ ଲୋହେର ହିଁତ, ଏଥନ୍ତି ଏକପାଇଁ ଲୋହ ନିର୍ମିତ ମନ୍ତ୍ର ଅନେକ ଦେଖିତେ ପାଇୟା ଯାଯା । ଆରଓ, ସଥନ ଏହି ଯନ୍ତ୍ରେର ଦୟ କୋଣ ବିଶେଷ ନାମ ନାହିଁ, କେବଳ ଇହାରାରା ମେ ଶନ୍ଦ ନିମାନିତ ହୟ, ମେହି ଶନ୍ଦେହି ଇହାର ନାମ ହଇୟାଛେ, ତଥନ ଇହା ମେ ପ୍ରାଚୀନତମ, ତରିମ୍ବୟେ ଅନୁଗ୍ରାହୀ ଓ ମନ୍ଦେହ ନାହିଁ । କାରଣ, ଅତି ପୂର୍ବକାଲେ ସଥନ ଭାବାର ତତ ପରିପୁଣ୍ଟ ହୟ ନାହିଁ ଏବଂ ମେହିଜୟ ପ୍ରତ୍ୟେକ ପଦାର୍ଥେର ପୃଥକ୍ ପୃଥକ୍ ନାମ ହଓଯା ଅମ୍ବତ୍ବ ଛିଲ, ମେହି ସମୟ ଏଇକପ ବନ୍ଦେର ସ୍ଥାନ୍ତି ହଇୟା ଥାକିବେ । ଯେହେତୁ ‘ବାଙ୍ଗାର’ ଏହି ଶନ୍ଦେର ବ୍ୟେପନ୍ତି ଏହି ଯେ, ଯେ ଯନ୍ତ୍ର ‘ବାଙ୍ଗ’ ଇତ୍ୟାକାର ଶନ୍ଦ କରିଯା ଥାକେ । * ଇହାକେ ଚନ୍ଦିତ କଥାଯ ବାଙ୍ଗର ବଲେ । ଇହାର ଆକାର ବ୍ରହ୍ମ ଗୋଲାକାର ଓ ମନ୍ତଳ ଏବଂ ମଧ୍ୟଭାଗ ଟ୍ରେଟ ଲୁଣ୍ଜ, ମେଇଥାନେଇ ଆଘାତ କରା ହୟ । ପୂର୍ବକାଲେ ଦୂରାଙ୍ଗାନେର ଜନ୍ୟ ଅଥବା କୋଣ ସଂବାଦ ଜ୍ଞାପନେର ନିମିତ୍ତ ରାଜାରା ବ୍ୟବହାର କରିବାକୁ ଜନ୍ୟାନେଇ ଆଘାତ କରା ହୟ । ଏଥନ୍ତି ମନ୍ଦଲ କାର୍ଯ୍ୟେର ଜନ୍ୟାନେଇ ଅଧିକ ବ୍ୟବହର ହୟ । ଇହାକେ ଇଂବାଜେରା ଘଣ୍ଟ ବଲେ । ଆଶର୍ଯ୍ୟେର ବିଦ୍ୟା ପୃଥିବୀର ପ୍ରାୟ ମମୁଦୟ ଦେଶେ ଏହି ଯନ୍ତ୍ର ଘଣ୍ଟ ନାମେ ଏମିନ୍ଦ ।

ମନ୍ତ୍ର-ଶରାବ ।

ଇହା ଆମାଦେର ଦେଶେର ଅତି ପୁରାତନ ଯନ୍ତ୍ର । ଇଉରୋପୀଯ ହାର୍ମଣିକା ଯନ୍ତ୍ରେର ସଦୃଶ । ପୂର୍ବେ ମାତଥାନି ଶରାବକେ ଯଥୋଚିତ-

* ବାଙ୍ଗା ଇତି ରାତି ଯ୍ୟ ତ୍ୟ ।

ভাবে জলপূর্ণ কৰিয়া বাজান হইত। এইগুলি পূৰ্বে প্রসিদ্ধ মূল সপ্তস্বরাহুমতে গণিত হইয়াছিল। অধুনাতন সময়েও ঐরূপ যন্ত্র দেখিতে পাওয়া যায়। এখন অধিক সংখ্যায় ও ব্যবহৃত হইয়া থাকে। এই যন্ত্রই নানা দেশে নানা প্রকারের দৃষ্টি হয়।—ইউৱোপে কাচে, চীনদেশে ও বৃহৎ দেশে ছিতি দ্বাপকগুণোপেত কার্ত্তে নির্মিত হইয়া থাকে। কিন্তু এই শেষোক্তদিগের আকার অনেকটা নৌকার ত্যাগ। এরূপ যন্ত্র কাংস্য প্রভৃতি নানা প্রকার ধাতুৱ হইতে পারে। এ যন্ত্র আমিয়াৰ অন্যান্য দেশেও দৃষ্টি হয়।

গ্রাম্য যন্ত্র।—যট্টালী, করতালী প্রভৃতি যন্ত্র সকলেৱ চলিত সংজ্ঞা খট্টালী।

হংপুৱ।

ইহা একটী অলঙ্কাৰ স্বৰূপ। ইহা পায়ে পরিধান কৰিয়া তালে তালে বাদিত হইয়া থাকে। শৃত্যেৱ সময়েই ইহাৰ ব্যবহাৰ দেখিতে পাওয়া যায়।


ষড়ি।

এই যন্ত্র পূৰ্বে লৌহেৱ হইত, অধুনা কাংস্যেৱ হইয়া থাকে। ইহাৰ আকাৰ গোল ও সমতল। দুৱাহান, সংবাদ মুচনা ও সময় নিৰূপণেৰ জন্য পূজাৰ সময়, মাস্তল্য ত্ৰিয়া, ও ৱাজাদিগেৱ সমাৰোহে বহিৰ্গমন প্রভৃতি উপলক্ষে ইহাৰ

ବ୍ୟବହାର ଚଲିଯା ଆମିତେଛେ । ମୁଦ୍ଗରଦ୍ଵାରା ଇହାର ବାଦନକ୍ରିୟା ମାଧିତ ହିଁଯା ଥାକେ । କୋନ କୋନ ହଲେ ପ୍ରାଚୀନ ରାଜ୍ୟବଂଶୀୟଙ୍କେର ଗୃହେ ବାଲିର ଅଥବା ଜଲେର ସଢ଼ି ଆଛେ । ପୂର୍ବକାଳେ ସଥନ ଅଧୁନାତନ କଲେର ସଢ଼ି ନିର୍ମିତ ହିଁତ ନା, ତଥାନ କାଳ ନିରୂପଣେର ଜଣ୍ଯ କୋନ ଏକ ନିର୍ଦିଷ୍ଟ ଆୟତନେର ବାଟୀତେ ବାଲୁକା ଅଥବା ଜଳ ପୂର୍ବ କରିଯା ତାହାର ତଳଦେଶ ଏକଟୀ ଫୁଲ ଛିଦ୍ର କରିଯା ରାଖା ହିଁତ ; ମେଇ ଛିଦ୍ର ଦିଯା ଉଚ୍ଚ ଜଳ ବା ବାଲୁକାରାଣି ମୁଦ୍ଗଦ୍ୟ ନିପତିତ ହିଁତେ ସତ ସମୟ ଲାଗିତ, ମେଇ ପରିମିତ ସମୟେର ମାଗ ଏକ ଦଣ୍ଡ ଏବଂ ମେଇଟୀ ମୁଚନାର ଜଣ୍ଯ ସଢ଼ିତେ ଏକ ମୁଦ୍ଗରାଧାତ କରା ହିଁତ ମେଇ ଜଣ୍ଯ ଏକ ଦଣ୍ଡକେ ଏକ ସଟିକାଓ ବଲିଯା ଥାକେ । ଏଥରେ କୋନ କୋନ ଧନୀର ବହିର୍ଭାବରେ ଏହି ରୂପ ଜଳ-ସଢ଼ି ଦେଖିତେ ପାଓଯାଇଥାଏ । ହିନ୍ଦୁ ବ୍ୟତୀତ ଅପରାପର ଜାତିରା ଏହି ସଞ୍ଚକେ ମାନ୍ଦିଲ୍ୟ ସଞ୍ଚେର ଶଥ୍ୟ ଧରେ ନା, କେବଳ ସମୟ ନିରୂପଣେର ଜଣ୍ଯଇ ବ୍ୟବହାର କରିଯା ଥାକେ ।

দ্বিতীয় অধ্যায়।

ঞ্চিতান-বাদন।



হিন্দু ঞ্চিতান-বাদন।

কতকগুলি ভিন্নজাতীয় যন্ত্র বিভিন্ন গ্রামের স্বরসংযোগে এককালে বাজানকে ঞ্চিতান-বাদন কহে। আমাদের দেশে “আগড়াই বাদা” “নৌবত্ত”* ও “রোসন-চৌকী” অভূতি অনেক প্রকার বাদ্য প্রচলিত আছে, কিন্তু বিভিন্ন গ্রামের যুগপৎ স্বরসংযোগ না থাকায়, তন্ত্রাবৎ ঞ্চিতান-বাদন মধ্যে সম্যক্রূপে পরিগণিত হইতে পারেনা। ধারণিক নৌবত্ত এবং রোসন-চৌকীর বাদ্য সময়বিশেষে দূর হইতে শুণ মধুর বটে, কিন্তু তাহা প্রায় এক স্বরগ্রামেই বাদিত হইয়া থাকে।

প্রাচীন কালে যদিও ভারতবর্ষে অধুনাতন্ত্রের ন্যায় ঞ্চিতান-বাদন ছিল না বটে, কিন্তু বিশেবক্রূপে অনুধাবন করিয়া দেখিলে এক প্রকার অবগত হওয়া যায়, তখন হিন্দু-ঞ্চিতান-বাদন অসম্পূর্ণাবস্থায় ছিল। শাস্ত্রে লিখিত আছে, দেবাদিদেব মহাদেব চারি হস্তে কুদ্রবীণা, ডগরু অভূতি কয়েকটি যন্ত্র যুগপৎ বাজাইতেন, স্ফুতরাঙ্গ তাহাকে এক প্রকার ঞ্চি-

* করা, হালি, ও বাহারি আজম তোয়ারেখ ও পারস্য লোগদ গ্রন্থে লিখিত আছে, মেকেন্ডার (Alexauder) বাদনাচা ‘নৌবত্ত,, স্ফুতি করেণ।

ତାନ-ବାଦନ ବଳା ଅମ୍ବତ ବୋଧ ହୁଯ ନା । ରାମାଯଣେ ରାମରାବଣେର ଯୁଦ୍ଧ, ମହାଭାରତେ କୁରୁପାଣିବେର ମଂଗ୍ରାମ ଏବଂ ଅଗରାପର ପୁରାଣ ଓ ଉପପୁରାଣେ ଦେବାସ୍ତର ପ୍ରଭୃତିର ସେ ମକଳ ଯୁଦ୍ଧ ବର୍ଣ୍ଣିତ ଆଛେ, ତାହାତେ ବିବିଧଜାତୀୟ ଯୁଦ୍ଧଯତ୍ର ଏକକାଳେ ବାଦିତ ହୁଇତ ; ସୁତରାଂ ତାହାକେ ଓ ଏକ ପ୍ରକାର ଏକତାନ-ବାଦନ ବଲିଯା ଅଭିହିତ କରା ଅୟୁକ୍ତ ନହେ ।

ଏକତାନ-ବାଦନ ବାହିଦ୍ଵାରିକ ଓ ଆଭ୍ୟନ୍ତରିକ । ଅନାବୃତ ହାନେ ବାଜାଇତେ ହିଲେ ବୃଦ୍ଧକାର-ସନ୍ତ୍ରବହିତ୍ତ ଉଚ୍ଚ ଦ୍ୱର-ମଂଗୋଗେର ଆବଶ୍ୟକତା ହୁଯ, ତାହା ନା ହିଲେ 'ଫାଁକ୍' ଶୋନାଯ । ଗୃହଭ୍ୟନ୍ତରେ କୁଦ୍ର କୁଦ୍ର ଯତ୍ର ଅର୍ଥାଂ ବଂଶୀ, ବୀଣା, ବେହାଳା, ଏସରାର ପ୍ରଭୃତିର ଯୋଗେ ବାଜାନ କର୍ତ୍ତବ୍ୟ, ତାହା ହିଲେଇ ଶୁଣିକଟ ଲାଗେ । ବାହିଦ୍ଵାରିକ ଏକତାନ ଗୃହଭ୍ୟନ୍ତରେ ବାଦିତ ହିଲେ ଅତ୍ୟନ୍ତ ଶ୍ରଦ୍ଧିକଠୋର ହିୟା ଉଠେ । ବଞ୍ଚିତ ମନ୍ଦିର ମାତ୍ରେରଇ ପ୍ରଧାନ ଉଦ୍ଦେଶ୍ୟ ମଧୁରତ ।

ଆମାଦେର ଦେଶେ ପ୍ରାଚୀନକାଳେ ଉଲ୍ଲିଖିତ ଛୁଇ ପ୍ରକାର ଏକ-ତାନ-ବାଦନଇ ଶୁଲକପେ ଛିଲ । ମମୟେ ମମୟେ ବିବିଧଜାତୀୟ ଯୁଦ୍ଧଯତ୍ର ମୟୁଦ୍ୟେର ଯୁଗପଂ ବାଦନକ୍ରିୟା କିନ୍ତୁ ଉତ୍ସବାଦି ଉପଲକ୍ଷେ ଅପରାପର ସନ୍ତ୍ର ମକଳେର ଏକ ମାନ୍ୟିକ ବାଦ୍ୟକେ ବାହିଦ୍ଵାରିକ ଏକତାନ-ବାଦନ ବଳା ଯାଇତେ ପାରେ ଏବଂ ରାଜାଦିଗେର ଭବନ ମଧ୍ୟରେ କୁଦ୍ରଜାତୀୟ ଭିନ୍ନଏକାର ସନ୍ତ୍ରମ୍ୟହେର ଯୁଗପଂ ବାଦ୍ୟକେ ଆଭ୍ୟନ୍ତରିକ ଏକତାନ-ବାଦନ ବଲିଯା ଅଭିହିତ କରା ଯାଯ । ବିରାଟ ପର୍ବେର ବିରାଟରାଜୁହିତା ଉତ୍ତରାର ମନ୍ଦିରଶାଳା ଆଭ୍ୟନ୍ତରିକ ଏକତାନ-ବାଦନେର ଅନ୍ୟତର ଦୃଷ୍ଟାନ୍ତ ସ୍ଥଳ ।

ভারতবর্ষীয় প্রাচীন বাহিদ্বাৰিক ও আভ্যন্তরিক ঐকতান বাদন হুই ভাগে বিভক্ত কৰা যাইতে পাৰে;—সভ্য ঐকতান এবং গ্রাম্য ঐকতান। রাজাদিগেৱ সমৰসংঘটনকালীন যুক্তবন্ধসমূহেৱ বাদ্য এবং উত্তৱৰ সংগীতশালাৰ গার্হস্থ্যবন্ধনিচয়েৱ বাদ্যকে ক্রমাগতে সভ্য বাহিদ্বাৰিক ও সভা আভ্যন্তরিক ঐকতান-বাদন বলা যায়। এবং গ্রাম্য বিবাহাদি উপনক্ষে নানাজাতীয় যন্ত্ৰসমূহেৱ বাদ্য এবং বৈষ্ণব প্ৰভৃতি বিভিন্ন প্ৰকাৰ ধৰ্ম্মবন্ধনিগণেৱ দেৱোলয়ে খোল, শৃঙ্খ, কৰতালাদিৰ এককালীন বাদ্যকে ক্রমাগতে গ্রাম্য বাহিদ্বাৰিক এবং গ্রাম্য আভ্যন্তরিক ঐকতান-বাদন কৰে। অধিকন্তু বৈষ্ণবদিগেৱ এককালীন ধন্ত্ৰ সংস্কৃতেৱ বাদনকে গ্রাম্য বাহিদ্বাৰিক ও গ্রাম্য আভ্যন্তরিক ঐকতান-বাদন বলিলেও অভুক্ত হয় না।—নিরাজন-কীৰ্তন এবং নগর-কীৰ্তন তাহাৰ দৃষ্টান্তস্থল।

প্রাচীন হিন্দুদিগেৱ ঐকতানবাদন সমষ্টে গিৎ প্ৰিন্সেপ সাহেবও কতক অবগত ছিলেন। তিনি বলেন, “হিন্দুদিগেৱ আতৰৈকতান-বাদন (Morning Concert) সারিদা, চৌতাৰা, শৰৎ, দারা প্ৰভৃতি কতিপয় তত্যন্তেৱ সংযোগে বাদিত হইত।

যে সময় হইতে গুসলমানেৱা ভাৰতবৰ্ম শাসন কৰিতে আৱস্থ কৱেন, মেই সময় হইতেই ভাৰতবৰ্ষেৱ প্রাচীন সঙ্গীত-শাস্ত্ৰীয় চৰ্চা ক্ৰমে বিলুপ্ত হইতে আৱস্থ হয়। যদি ও তাহাৱা হিন্দুসঙ্গীত শাস্ত্ৰেৱ বিৱৰণকে হস্ত প্ৰসাৱণ কৰিয়াছিলেন,

তথাপি উক্ত সঙ্গীতশাস্ত্রের সাহায্যাবলম্বনে বাহিন্দাৰিক ও আভ্যন্তরিক দুইপ্রকার ঐকতান-বাদনেৰই ঔৎকর্ষসাধনে যত্ন-বান् ছিলেন। মুসলমান রাজাদেৱ সময়ে ঐকতান সম্বন্ধীয় অধিকাংশ যন্ত্র হিন্দুদিগেৰ এবং অঞ্চাংশ যন্ত্র আৱব, পারস্য প্ৰভৃতি দেশবাসীদিগেৰ নিকট হইতে লইয়া নৃতনুকূপ ঐকতান-বাদনেৰ স্থষ্টি হইয়াছিল। নিম্নে তাহা বিবৃত কৱা হইতেছে ;—

এচ, বুচ্যান সাহেব (H. Blochmann) বলেন, আইন আকবৰী গ্ৰন্থে লেখা আছে যে, সদ্রাট আক্ৰমেৰ নাকাৰাগামা (Naqqarahkhanah) অৰ্থাৎ নাগাৱাশালায় ঐকতান-বাদনেৰ জন্য নিম্নলিখিত যন্ত্রগুলি ব্যবহৃত হইত।* যথা ;—

১। কুবৰ্গা (Kuwargah), ইহার সাধাৱণ নাম দামামা (Damamah). এই যন্ত্র অন্যন আঠাৰ যোড়া থাকিত এবং ইহার ধৰনি অত্যন্ত গভীৰ।

২। চলিশটি নাকাৰা (Naqqahrah) অৰ্থাৎ নাগাৱা।

৩। চারিটি দুহল (Duhul).

৪। অন্যন চারিটি কৱণা (Karana or Karrana), এই যন্ত্র স্বৰ্গ, রৌপ্য, পিতল বা অন্য কোন ধাতব পদার্থে নিশ্চিত।

৫। ভাৱতবৰ্মীয় এবং পারস্যদেশীয় সৰ্ণা (Surna), এই যন্ত্র নয়টি একত্ৰে বাদিত হইত।

৬। ভাৱতবৰ্মীয়, পারস্যদেশীয় এবং ইউৱোপীয় নাফিৰ (Nafir) যন্ত্র।

୭ । ଗୋଶ୍ମାଙ୍ଗତି ପିତଲେର ଶି� (Sing) ଅର୍ଥାଏ ଶୃଙ୍ଗ ଯତ୍ର ।

୮ । ତିନ ଯୋଡ଼ା ସାଁଜ (Sanj) ଅର୍ଥାଏ ବୁଝି କରତାଲ ।

ପୂର୍ବେ ରଜନୀ ଆଗମନେର ଚାରି ଘଡ଼ିର (ଘଟିକାର) ପୂର୍ବେ ଐକତାନ ବାଦିତ ହିତ ଏବଂ ପ୍ରଭାତ ହିବାର ଚାରି ଘଡ଼ିର ପୂର୍ବେ ଓ ସେଇରୂପ ବାଜିତ । କିନ୍ତୁ ଆକ୍ବରେର ସମୟେ ସେଇରୂପ ନା ହଇୟା ଦ୍ଵିପରି ରାତ୍ରିତେ ପ୍ରଥମବାର ଏବଂ ପ୍ରାତଃକାଳେ ଦ୍ଵିତୀୟ ବାର ବାଦିତ ହିତ ।

ସୂର୍ଯ୍ୟାଦୟେର ଏକ ସତ୍ତି ପୂର୍ବେ ବାଦକେରା ସର୍ବା ବାଜାଇୟା ନିଜିତ ବ୍ୟକ୍ତିଦିଗକେ ଜାଗାଇତ ଏବଂ ଭାନୁଦୟେର ଏକ ସତ୍ତି ପରେ ତାହାରା ନାଗାରା ଯତ୍ର ବ୍ୟତୀତ କୁବର୍ଗା, କରଣା, ନାଫିର ଏବଂ ଅପାରାପର ଯତ୍ରମୂଳକ ମନ୍ଦିରାଚରଣିକ ଐକତାନ ବାଦନ କରିତ । ତଦନ୍ତର କିଯଂକାଳ ବିଶ୍ରାମ କରିଯା ପୁନର୍ବାର ସର୍ବା ବାଜାଇତ । ଏକ ସଟ୍ଟାର ପର ନାଗାରା ବାଦ୍ୟ ଆରାନ୍ତ ହିତ, ଏବଂ ସେଇ ସମ୍ବେଦନମାହେର ମନ୍ଦିରମୂଳକ ଅନ୍ୟାନ୍ୟ ମୟୁଦ୍ୟ ଯତ୍ରଗୁଲି ବାଦିତ ହିତ । ଆକ୍ବର ଶାହେର ସମୟ ଐକତାନ ବାଦନ ମୁର୍ମାଲି, ଇଖ୍ଲାତି, ଖୋଯାରିଜ୍ମାଇତ ପ୍ରଭୃତି ସାତ ପ୍ରକାରେର ଛିଲ । ଆକ୍ବର ଶାହ ଅତ୍ୟନ୍ତ ସମ୍ମିତ-ପ୍ରିୟ ଛିଲେନ, ବିଶେଷତଃ ଉଲ୍ଲିଖିତ ଐକତାନ ବାଦନେ ତାହାର ଆନ୍ତରିକ ଅନୁରାଗ ଦୃଷ୍ଟ ହିତ । ତିନି ସ୍ଵର୍ଗ ଐକତାନ-ବାଦନେର ଉତ୍ତରିର ଜଣ୍ଯ ଖୋଯାରିଜ୍ମାଇତ ସ୍ଵରେ ଛୁଇ ଶତାଧିକ ଗତ ପ୍ରକ୍ରିୟାଙ୍କରଣ କରିଯାଇଲେନ । ଆକ୍ବର ଶାହେର ନିକଟ ଅନେକ ଭାଲ ଭାଲ ସମ୍ମିତଜ୍ଞ ବ୍ୟକ୍ତି ପରାଜୟ ସ୍ଵୀକାର କରିତେନ, ବିଶେଷତଃ ନାଗାରା ବାଦନକ୍ରିୟାଯ ତିନି ସାତିଶ୍ୟ ବିଚକ୍ଷଣ ଛିଲେନ ।

একশণে আমাদের অধুনাতন আভ্যন্তরিক ঐকতান বাদন সমষ্টে কিঞ্চিং আলোচনা করা যাউক ।

আমাদের আভ্যন্তরিক ঐকতানে যে কি কি যন্ত্র দিলে স্তুত্রাব্য হয়, তাহার এ পর্যন্ত বিশেষ স্থিরীকরণ হয় নাই; যাহার ঘেরুপ ইচ্ছা, তিনি সেইরূপ যন্ত্রই ব্যবহার করিয়া থাকেন। তাহার কারণ, আমাদের অধুনাতন আভ্যন্তরিক ঐকতান প্রণালীটির একশণে তরুণাবস্থা। যাহা হউক, সংগীত-প্রিয় দেশীয়গণের ক্রমিক উৎসাহ ও অধ্যবসায়শীলতা থাকিলে আর কিছুকাল পরে ইহার আত্যন্তিক উন্নতি হইবে, তিনি ময়ে সন্দেহমাত্র নাই ।

এ দেশীয় অধুনাতন ঐকতান-বাদন-প্রণালী মনীয় পূজ্য-পাদ অগ্রজ রাজক্ষীয়তীন্দ্রমোহন ঠাকুর বাহাদুরের যত্নে আমার পূজনীয় সংগীতগুরু অধ্যাপক ত্রীয়ুক্ত ক্ষেত্রমোহন গোস্বামী মহাশয়ের দ্বারা প্রথমে সৃষ্টি হয়। উক্ত সঙ্গীত-পারদর্শী গোস্বামী মহাশয় কতকগুলি ঐকতানিক গং প্রস্তুত করিয়া “ঐকতানিক স্বরলিপি” নামে একখানি সঙ্গীতগ্রন্থ প্রণয়ন করেন। এদেশীয় অধুনাতন ঐকতান-বাদনসমষ্টে ঐ গ্রন্থখানি যে আদি এবং ঐকতান-বাদকমণ্ডলীর পথদর্শক, তাহা বলা বাহ্যিকমাত্র। প্রায় ১৮ বৎসর অতীত হইল, পাইকপাড়ার স্বিধ্যাত রাজা ষণ্ঠাপচন্দ্র সিংহ বাহাদুরের “বেলগেছিয়া ভিলা” নামক উদ্যানে রঞ্জাবলী নাটকের অভিনয়কালে এই ঐকতান একবার বাদিত হয়। একদা বঙ্গদেশের ভূতপূর্ব লুপ্টেনেট্ট গবর্নর হালিডে

তাহাদের উক্ত নাটকের অভিনয় দর্শনার্থ আসিয়া উল্লিখিত প্রকাশনের লিপিবদ্ধ গংগালির বাদন শুনিয়া সবিশেষ আনন্দ প্রকাশ করিয়াছিলেন।

আমাদের দেশীয় ঐকতানে একগে টিনর, ফুট, ভায়লিন-
কো, প্রারিওনেট, ডবল্বাস, পিয়ানো, হার্মণিয়ম্ প্রভৃতি
সময়ে শকেবারে পরিত্যাগ করিয়া কেবল দেশীয় যন্ত্রের দ্বারা
এক অস্তত করিলে অধিকতর ভাল হইতে পারে।
যেমন তাহাদিগের ঐকতানে আমাদিগের
ব্যবহার করেন না, সেইরূপ তাহাদের যন্ত্র লইয়া
ঐকতানের অঙ্গপুষ্টির কিছু আবশ্যকতা নাই—এই
এই এ দেশীয় সুন্দর ঐকতানের সৃষ্টি হইতে
আমরা আমাদের নিজের ঐকতানে নিম্নলিখিত
করিব। যথা ;—

- ১। { ঘোড়া তারস্বরী এস্রার্।
 এক ঘোড়া মধ্যস্বরী এস্রার্।
- ২। { একটি তারস্বরা কর্মচা।
 একটি মধ্যস্বরা কর্মচা।
- ৩। { একটি তারস্বরা কচ্ছপী বীণা (কচুয়া মেতার)
 একটি মধ্যস্বরা কচ্ছপী বীণা (ঈ)
- ৪। { একটি তারস্বরা বংশী।
 একটি মধ্যস্বরা বংশী।
- ৫। { একটি তারস্বরী শরৎ।
 একটি মধ্যস্বরী শরৎ।

୬। { ଏକଟି ତାରସ୍ତ୍ରୀ ରବାବ ।
 { ଏକଟି ମଧ୍ୟସ୍ତ୍ରୀ ରବାବ ।

୭। { ଏକଟି ତାରସ୍ତ୍ରୀ ମାରଙ୍ଗୀ ।
 { ଏକଟି ମଧ୍ୟସ୍ତ୍ରୀ ମାରଙ୍ଗୀ ।

୮। ଏକ ଯୋଡ଼ା ଥାଦସ୍ତ୍ରୀ ନାଦେଶ୍ଵର ଯତ୍ର ।

୯। ଏକଟି ତାନ୍ପୂରା ।

୧୦। ଏକଟି ମୃଦୁଙ୍ଗ ।

୧୧। ଏକ ଯୋଡ଼ା ଥରତାଳୀ ।

୧୨। ଏକ ଯୋଡ଼ା ମନ୍ଦିରା ।

୧୩। ଏକପ୍ରମୁଖ ସମ୍ପଦରାବ ।

୧୪। ଏକଟି ମୋଚନ୍ଦ ।

୧୫। ଏକଟି କଲମ ।

ଆସିରୀଯ ଏକତାନ-ବାଦନ ।

ଆସିରୀଯ ଏବଂ ବାବିଲୀଯ ଜାତିଦିଗେର ଦ୍ୱାରା ଦେବପୂଜା ଏବଂ
 ମନ୍ଦିରକାର୍ଯ୍ୟ ବିଶେଷରୂପେ ସମ୍ମିତ ବ୍ୟବହତ ହୁଏଇଥିବା ତତ୍ତ୍ଵଦେଶୀୟ
 ଖୋଦିତ ପ୍ରତିମୂର୍ତ୍ତି ଏବଂ ରାଜୀ ନେବୁକାଡିନେଜାର (Nebuchad-
 nezzar) କର୍ତ୍ତ୍ତକ ପ୍ରତିଷ୍ଠିତ ସ୍ଵର୍ଗ ନିର୍ମିତ ବେଳ (Baal) ଦେବତାର
 ମିକଟ ସମ୍ମିତ ଅର୍ଚନାଦିର ଅନେକ ପ୍ରମାଣ ପାଇଯା ଯାଏ ;—

“ତଥିନ ଏକଜନ ରାଜଦୂତ ଉଚ୍ଚେଷ୍ଟରେ କହିଲେନ, ହେ ମାନବଗଣ !
 ଯଥିନ ଶୋଭାରୀ ବଂଶୀ ପ୍ରଭୃତି ଶୁଣିର ଯତ୍ନେର, ବୀଣା ପ୍ରଭୃତି ତତ୍ତ୍ଵଦେଶୀୟ
 ଯତ୍ନେର, ଚତୁର ପ୍ରଭୃତି ଆନନ୍ଦ ଯତ୍ନେର, ଏବଂ ସଞ୍ଚାର ପ୍ରଭୃତି ସମ୍ମିତ ଯତ୍ନେର ।

যন্ত্রের বাদ্য শ্রবণ করিবে, তখন মহারাজ নেবুকান্দেনেজারের প্রতিষ্ঠিত স্বর্ণমূর্তি বেল দেবতার নিকট সকলে প্রণত হইবে।”

(Dan. iii. 4, 5.)

উপরি উক্ত দেশস্থয়ের রাজারা আমোদের জন্য রাজসভাতেও সঙ্গীতচর্চা করিতেন। যখন তখন গীতবাদ্যাদি না করিয়া, প্রত্যহ দিবাকাল কিষ্মা অন্য কোন নির্দ্ধারিত সময়ে তাঁহাদের সঙ্গীতালাপ হইত। কারণ, জানা গিয়াছে যে, মিদ্বৎশীয় রাজা দরায়ুস् (Darius the mead) যৎকালে ভবিষ্যদ্বত্ত্বাদানিয়েল (Daniel)কে সিংহ-গহ্বরে নিষ্কেপ করিয়া রাজপ্রাসাদে গমন করেন, তখন তিনি অনাহারে এবং ঐকতান-বাদনাদি শ্রবণ না করিয়া রাত্রিযাপন করিয়াছিলেন। (Dan. vi. 18), ইহাতে স্পষ্ট প্রতীতি হইতেছে, সক্ষার সময়ে তাঁহার নিকট ঐকতানিক যন্ত্র সকল বাদিত হইত।

যিহুদীয় ঐকতান-বাদন।

আসিরীয় এবং বাবিলীয়দিগের আয় জেরুসালাম রাজসভাতেও ঐকতানিক সঙ্গীত হইত। অপরাপর রাজাদের অপেক্ষা দায়ুদ (David) এবং সলমন (Solomon) তৃপ্তাল-দ্বয়ের সময়ে ইহা সবিশেষ প্রচলিত ছিল। তাঁহাদের উভয়ের মন্দিরস্থ ধর্ম-সমন্বয় বহু মৎখ্যক বাদক ও গায়ক ব্যক্তিত রাজকীয় শুণ্ড ঐকতান (Royal Private Concert) ছিল। (2 Sam. xix. 35.)

দায়ুদ-পুত্র সলমন পার্থিবভোগবিলাসিতার অসারতা ও

অস্থায়িতাসম্বন্ধে তদীয় গুণ্ঠ ঐকতানের (Private Orchestra) উল্লেখ করিয়াছিলেন ;—তিনি মুক্তকচ্ছে বলিয়া গিয়াছেন যে, “আমি নানাপ্রকার সঙ্গীত যন্ত্রের স্থায় পুংগায়ক, স্ত্রীগায়কা এবং উৎকৃষ্ট যন্ত্রব্যবসায়ীদিগের দ্বারা নানা-প্রকার আনন্দ পাইয়াছিলাম । ”(Eccles. ii. 8)

পারম্পরায়ন-বাদন ।

অধুনা পারস্যদেশে হার্প (Harp) যন্ত্র কচিং দেখা দায় বটে, কিন্তু প্রাচীনকালে ইহা ঐকতানিক যন্ত্র সমূহের মধ্যে একটি উচ্চদরের যন্ত্র ছিল। স্থার রবার্ট কার্পোর্টার (Sir Robert Ker Porter) কার্মান্শা (Kermansha) নগরীর নিকটস্থ তক্তিবোস্তঁ (Tackt-i-Bostan) পর্বতে এতৎসম্মুখীয় কতকগুলি প্রাচীন খোদিত মূর্তি প্রাপ্ত হন। এইরূপ কথিত আছে, ছয়শত খ্যাতিমান শোমে পারস্যদেশীয় রাজা খস্ত্রু পুর্ভিজ (Khosroo Purviz) মেইগুলি স্থাপন করিয়াছিলেন। উল্লিখিত মূর্তিগুলির মধ্যে কয়েকটি মূর্তি দুইটি উঘত খিলানে সজ্জিত ছিল। আসিরীয়দিগের খোদিত প্রতি-মূর্তির স্থায় আর কতকগুলি স্তুলোক নৌকারোহণে হার্প যন্ত্র বাঙ্গাইতেছে। বন্টিং (Bunting) সাহেবও পারস্যদেশীয় বীঁটৈক-তান বাদন (Harp-concert) সম্বন্ধে অনেক বলিয়াছেন।

Bunting's Historical and Critical Dissertation on the Harps in his “ General Collection of the Ancient Music of Ireland. ”

ଉପରେ କଥିତ ହିଲ, ଖୁଣ୍ଡ ଛୟ ଶତାନ୍ତିତେ ପାରଣ୍ଣ ଦେଶେ
ଐକତାନ ପ୍ରାଚିଲିତ ଛିଲ । ଅପିଚ ଆର ଏକଟି ଖୋଦିତ ମୂର୍ତ୍ତି
ବ୍ୟାଗପାଇପ ବାଜାଇତେଛେ, ଇହା ଓ ଏ ସକଳ ଉପରିଉତ୍କ ପ୍ରତି-
ମୂର୍ତ୍ତିର ମଧ୍ୟେ ପାଓଯା ଗିଯାଛେ । ଭାରତବର୍ଷୀୟ ପ୍ରାଚୀନ ସମ୍ମିତ
ଶାସ୍ତ୍ରେ ବ୍ୟାଗ-ପାଇପେର ନାଗବନ୍ଧ ଯନ୍ତ୍ର ବଲିଯା ଉଲ୍ଲେଖ ଆଛେ ।
ଆସିରୀଯ, ହିନ୍ଦୁ, ରୋମକ ଏବଂ ଗ୍ରୀକ୍ ଜାତିରାଓ ଏହି ଯନ୍ତ୍ର
ଅବଗତ ଛିଲ, କିନ୍ତୁ ପ୍ରାଚୀନ ମୈମରଦେର ମଧ୍ୟେ ଇହା ଛିଲ କି ନା,
ତାହା ଏପର୍ଯ୍ୟନ୍ତ ଜାନା ଯାଇ ନାହିଁ ।

ମୈମର ଐକତାନ-ବାଦନ ।

ହିରୋଦତ୍ସ (Herodotus) ପ୍ଲେଟୋ (Plato) ଦାରୋଦର୍ସ
(Diodorus) ସିକ୍ରୁଲୋସ (Siculus) ଏବଂ ଶ୍ରାବୋ (Strabo)
ଇହାରା ସକଳେଇ ମିମର ଦେଶ ଦର୍ଶନ କରେନ ଏବଂ ତଥାକାର
ଐକତାନ ମନ୍ଦିରେ ସ୍ଵ ସମ୍ମତ ଅକାଶ କରିଯା ଯାନ । ହିରୋଦତ୍ସ ଏବଂ
ଶ୍ରାବୋର ମିମର ଦର୍ଶନେର ପ୍ରାୟ ୫୦୦ ଶତ ବଂସରେର ମଧ୍ୟେ ତଥାଯ
ଧର୍ମ-ସମ୍ମିତ ଏବଂ ବିଲାସ-ସମ୍ମିତ ପ୍ରାଚିଲିତ ଛିଲ ।

ହିରୋଦତ୍ସ (ଜନ୍ମ ବଂଶର ୪୮୪ ଖୃତ୍ପରେ ପୂର୍ବାନ୍ଦ) ବଲେନ ଯେ,
ମିମରୀଯଦିଗେର ଦେବୋଦେଶେ ବାଂସରିକ ପର୍ବତୀହମୁହେର ମଧ୍ୟେ
ବୁବସ୍ତିମ୍ (Bubastis) ନଗରେ ଦାୟାନା (Diana) ଦେବୀର ପୂଜାର୍ଥ
ମେଲା ହିତ । ଏ ମେଲାତେ ପୂରୁଷ ଓ ସ୍ତ୍ରୀଲୋକେରା ନୌକାରୋହଣ
କରିଯା ଜଳପଥେ ଭରିତ ଏବଂ ମେହି ମନ୍ଦୟେ କତକଣ୍ଠିଲି
ପୂରୁଷ ବଂଶୀ ଏବଂ କତକଣ୍ଠିଲି ରମଣୀ କୁନ୍ଦ୍ର ଟଙ୍କା ବୁଗପଂ ବାଜାଇତ ।

অবশিষ্ট পুরুষ ও স্ত্রীলোকেরা করতালি দিয়া আনন্দসূচক-
ত্বাবভঙ্গি প্রকাশ করিত ।

অধিকস্তু প্রাচীন মিসরীয়েরা হার্প, তাম্বুরা, ফুট প্রভৃতি
যন্ত্রসংযোগে একতান-বাদন অবগত ছিল । এতৎসমষ্টিয় একটি
খোদিত দৃশ্য বার্লিন (Berlin) এবং লিডেন (Lyden) নগ-
রের চিত্রশালায় আছে । লেপসিয়স (Lepsius) সাহেব
বলেন, প্রাচীন মিসরীয়েরা শুন্ধ কতকগুলি বংশী দ্বারা ও
ঝুঁকতান বাদন করিত । (Lepsius's Egyptian Antiquities)
বংশী-ঝুঁকতানের একটি খোদিত দৃশ্য গিজের পিরামিডের
তলস্থিত সমাধির মধ্যে পা ও যাঁ গিয়াছে । লেপসিয়সের মতে
উহা খন্তাদের ২০০০ বৎসরের পুর্বের হইবে ।



সমাপ্ত ।

পরিশিষ্ট ।

ভারতবর্ষের যে সকল তত শুষির, আনন্দ ও ঘন-যন্ত্রের প্রচলন দৃষ্ট হয়, তৎসমূদয় যন্ত্রকোষের মূল মধ্যে সবিশেষ বিবৃত হইয়াছে। একে। ভারতবর্ষীয় লুপ্ত, প্রাচীন ও কতক-গুলি প্রচলিত যন্ত্রের এবং পৃথিবীস্থ অপরাপর দেশের বাদ্য-যন্ত্র সমূহের সংক্ষিপ্ত বিবরণ যতদূর দৃঢ়তর অনুসন্ধানদ্বারা পাওয়া গিয়াছে, তাহাই পরিশিষ্টে সম্বিশিত করা যাই-তেছে।

(আভিধানিক বর্ণালুসারে লিখিত ।)

অ

অংকলঙ্গ (ANGKLUNG, a wind instrument of Javanese,)

এক প্রকার গ্রাম্য শুষির যন্ত্র এবং ইহা কতকগুলি বংশনলে নির্মিত। যাবা দ্বীপের পশ্চিমস্থ পার্বতীয় জাতীয়া এই যন্ত্র ব্যবহার করে। উক্ত দ্বীপ বাসিগণের যাবতীয় বাদ্য-যন্ত্রের মধ্যে এই যন্ত্রটি অধিক পুরাতন।

অষ্টাকর্ড বা অক্টাকর্ড (OCTACHORD or OCTA-CHORDE, an instrument of music composed of eight sounds) অষ্টমরসমন্বিত বাদ্য-যন্ত্রবিশেষ।

অক্টাকর্ডম (OCTACHORDUM, the Pythagorean lyre)

পিথাগোরীয় বীণা যন্ত্র ।

অক্টেভ ফ্লুট (OCTAVE FLUTE, a small wind instrument)

একপ্রকার শুন্দ শুমির যন্ত্র । ইহা মধ্য-সপ্তকে না বাজিয়া উচ-সপ্তকে বাদিত হয় । ইহাকে ফ্লুট, আবেক (Flute a bec) ও বলে ।

অক্সফিয়র্ন (OXPHEORN, a stringed instrument)

একপ্রকার তত্যন্ত্র । ইহার অবয়ব পান্ডোরা (Pandora) যায়, কিন্তু অপেক্ষাকৃত শুন্দ ।

অগদ (AGADA, an Egyptian and Abyssinian wind instrument)

মেসর এবং আবিসিনীয় জাতিদের বংশীজাতীয় শুমিরযন্ত্রবিশেষ ।

অগাধপল (AUGADHAPALA, an ancient Hindoo instrument of percussion)

হিন্দুদিগের প্রাচীন আনন্দযন্ত্রবিশেষ ।

অজকার্ত্তলি (AJACAXTLI, a Mexican ancient musical instrument)

মেক্সিকোদেশীয় প্রাচীন নর্তকেরা এই যন্ত্র ব্যবহার করিত । ইহার আকার অভূতি প্রায় শিশুদিগের ঝুন্দুনীর যায় ।

অঞ্জিলিক (ANGELIQUE, a stringed instrument)

একপ্রকার তত্যন্ত্র । কচ (Koch) সাহেবের মতে প্রাচীন কানে ইংলণ্ড দেশে এই যন্ত্র সচরাচর দৃষ্ট হইত ।

অপলন (APOLLON, a stringed instrument set with

twenty strings) লুটজাতীয় তত্ত্বান্তর বিশেষ এবং ইহাতে কুড়িটি তার যোজিত থাকে । ১৬৭৮ খ্রিস্টাব্দে এম্প্ট সাহেব (M. Prompt) এই যন্ত্রের আবিষ্কার করেন ।

অপল্লনিয়ন (APOLLONION) জে, এচ. ভলার সাহেবের (J. H. Voller) মতে একটি প্রসিদ্ধ বাদ্য যন্ত্র ।

অফেন ফ্লোট (OFEN FLOTE, a wind instrument) একটি শুধির যন্ত্র ।

অমতি (AMATI, a stringed instrument of violin kinds) একপ্রকার তত্ত্বান্তর । অমতি (Amati) নামক এক জন বাহলীন যন্ত্রনির্মাতা আর্পনার নামে এই যন্ত্রটি স্থাপ্ত করেন । ইহার অবয়ব ভায়োনিন বা ভায়োলিন সেলোর অন্যান্য ।

অমৃত (OMRITO, a very ancient musical instrument of the Hindoos) হিন্দুদিগের একটি অতি প্রাচীন বাদ্য যন্ত্র । (see রবণ)

অর্গান (ORGAN, a remarkable and well esteemed musical instrument generally used in churches) একটি সুবিখ্যাত এবং অত্যন্ত আদৃত বাদ্যযন্ত্রবিশেষ । ইহা সচরাচর ধৰ্ম মন্দিরাদিতে ব্যবহৃত হইয়া থাকে ।

অর্গানেট্টো (ORGANETTO)
অর্গানো (ORGANO) } ছোট অর্গানকে কহে ।

অচেষ্টি যন্ত্র (ORCHESTRION) ড্রেস্ডেন নগরবাসী এফ, এফ, কফ্মান (F. F. Kaufman) সাহেবের নিশ্চিত একপ্রকার বাদ্যযন্ত্র। এই যন্ত্রে উগ্র এবং শুভ শব্দ উভয়ই উৎপাত হয়। বিশেষতঃ এই যন্ত্রের আর একটি শুণ এই যে, পূর্ণ ঝিকতানের (Full concert) খনি। সমষ্টি ইহার দ্বারা অনুকৃত হইতে পারে।

অফি' অরিয়ন (ORPHEOREON, a stringed instrument) ধাতুনির্মিত অফিতারবিশিষ্ট তত্যন্ত্রবিশেষ।

কের বাহুবয়মধ্যে থৃত হইয়া বাদিত হইত বলিয়া ইহাঃ এইরূপ সংজ্ঞা । এই যন্ত্রের আর একটী নাম ভায়োফ ডা গাম্বা (Viol da Gamba) ।

গালোবেট (GALOUBET; a wind instrument with three stops) একটী ত্রিবন্ধনিবিশিষ্ট শুষিরযন্ত্র । এক্ষণে ইহ অপ্রচলিত, কিন্তু কখন কখন ফ্রান্স দেশে লক্ষিত হয় । গিংগ্রাস (GINGRAS, a kind of wind instrument) একপ্রকার শুষিরযন্ত্র । ইহা কেরিয়া এবং সাইপ্রাস দ্বীপে প্রচলিত । ততদেশের আদোনিস নামক দেবতার উদ্দেশে করুণরসাত্মক সঙ্গীত গায়িবার জন্য ব্যবহৃত হইয়া থাকে ।

গিংগ্লারস (GINGLARUS, an Egyptian small flute) একটী মিসরদেশীয় কুন্দ শুষিরযন্ত্র ।

গিগা (GIGA, an unused stringed instrument) একটী অপ্রচলিত তত্যন্ত্র ।

গিটিথ (GITTITH, a stringed instrument of the Hebrews) যিহুদীদিগের একপ্রকার তত্যন্ত্র । কথিত আছে বাই-বেলধৃত গীতাবলীর (Psalms) সঙ্গে উক্ত যন্ত্র বাদিত হইত । কিন্তু কেহ কেহ বলেন উক্ত নামে যিহুদীদিগের কোন এক বাদ্য বা অভিনয়কে বুঝায় ।

গিতার বা গিতারা (GUITAR or GUITRA, called in former days the cittern, mounted with six double rows of strings made of wire) একপ্রকার তত্যন্ত্র । পূর্বকালে ইহাকে

সিতার্গ বলিত। এই যন্ত্র ষড়বিশুণীকৃততারঘন্ত্ব।
(See pages 20 and 21) ।

গিনথ্ (NGINOTH, the general name for all stringed instruments of the ancient Hebrews) প্রাচীন যিহুদীদের সমুদয় তত্যন্ত্রের সাধারণ নাম।

গুইম্বার্ডি' (GUIMBARDE, the Jews'-harp) যিহুদীদিগের বীণাযন্ত্র।

গুডক্ (GUDAK, a violinkind instrument of the Russians, but not good) রুশীয়দিগের একটী বাহুলীন-জাতীয় যন্ত্র, কিন্তু উত্তম নহে। ইহাতে তিনটী তন্তু যোজিত থাকে।

গুস্লি (GUSSLI, a very ancient stringed instrument of the inhabitants of Russia) ইহা রুসিয়াবাসীদিগের অতি-প্রাচীনজাতীয় তত্যন্ত্রবিশেষ। ইহার আকার অবিকল ফিন্লণ্ডবাসীদিগের কান্তেলি যন্ত্রের আয়। (See কান্তেলি)। এখন ইহার সমধিক উন্নতি সাধিত হইয়াছে—অনায়াসে দুই তিন সপ্তক বাদিত হইতে পারে। কিন্তু পূর্বে কান্তেলির আয় ইহাতে পাঁচটীমাত্র তার যোজিত থাকিত।

গুসি (GUSSI, a harpkind instrument of the Russians)
রুশীয়দের ছার্পজাতীয় যন্ত্রবিশেষ। (See গুস্লি)

গোমুখ (GOMUKHA, a most ancient war-instrument of the Hindoos) হিন্দুদিগের একটি অতিপ্রাচীন যুদ্ধযন্ত্র।

ଇହା କୁଟିଲାକାର ବାଦ୍ୟଭାଣ୍ଡବିଶେଷ । ମୂଳ ରାମାଯଣ ଓ ମହାଭାରତେର ଅନେକ ପ୍ରଲେଖ ଇହାର ଉଲ୍ଲେଖ ଆଛେ ।

ଗୋରାଃ (GORAH, a stringed instrument of the Hotentots)

ହଟେଟ୍‌ଟ୍‌ଜାତିଦେର ଏକଥକାର ତତ୍ୟନ୍ତ । ଇହାର ଆକାର ଥକାର ଦେଖିଲେ ପ୍ରାଚୀନ କାଳ ହଇତେ ଥିଲାଯା ବୋଧ ହୁଏ ।

ଗୋଶୃଙ୍ଖ (GOSHRINGA, a most ancient wind instrument of the Hinddoos, made by cow-horn) ଇହା ହିନ୍ଦୁଦିଗେର ଏକଟି ଅତିପ୍ରାଚୀନ ଶୁମିରଯନ୍ତ । ଗୋଶୃଙ୍ଖମେ ନିର୍ମିତ ବଲିଯା ଇହାର ଏଇକୁପ ମୁଣ୍ଡା । ମହାଦେବ ପିନାକାନ୍ଦି ଯନ୍ତ୍ରେର ନ୍ୟାୟ ଇହାର ପ୍ରିୟ ଛିଲେନ । ମହାଭାରତାନ୍ଦି ପ୍ରସିଦ୍ଧ ପ୍ରାଚୀନ ଗ୍ରହେ ଇହାର ଅନେକ ଉଲ୍ଲେଖ ଆଛେ । ପୂର୍ବେ ସମରସଂଘଟନ-କାଳେ ଏହି ଯନ୍ତ୍ର ସ୍ଵର୍ଗତ ହଇତ । ଏଥିନୋ ଭାରତବର୍ଷେ ଇହାର ଥିଲାଯା ଦେଖା ଯାଏ ।

ଗୌଦକ (GOUDAK, a Russian stringed instrument) ଇହା ରୂପମୀଯ ତତ୍ୟନ୍ତବିଶେଷ । (See ଗୁଡକ)

ଗ୍ରେସ୍‌ଟାମ୍ବୋର (GROS TAMBOUR, a large drum) ଏକ-ଥକାର ବୁଝନ ଜ୍ୟଟାକ ।

ଗ୍ରୋସ୍ କୈସି (GROSSE CAISSE, a name of large drum) ବୁଝନ୍‌ଦକାର ଅନୁତର ନାମ ।

ଗ୍ରାନ୍ କାସା (GRAN CASSA, a large drum) ବୁଝନ୍‌ଜ୍ୟଟକା-ବିଶେଷ ।

ଗ୍ରେଲୋଟ (GRELOTS, the metalic instrument common in

France) ফ্রান্স দেশের একপ্রকার ঘনযন্ত্র এবং দেখিতে আমাদের ক্ষুদ্র ঘটিকার ন্যায় । (See ক্ষুদ্র ঘটা) । জর্মণি দেশে ইহাকে শেলেন বলে । অধের সজ্জার সঙ্গে নিকটবর্তী দুর্ঘটনা নিবারণের জন্য ইহা ব্যবহৃত হইয়া থাকে । উক্ত উদ্দেশে একুপ যন্ত্র আমাদের দেশে গরঞ্জ গলায় এবং পশ্চিমাঞ্চলে একা গাড়ির অধের সজ্জার সঙ্গে আবদ্ধ থাকে । এই যন্ত্র জাপান-দেশীয় সিখ্রিও নামক যন্ত্রের ন্যায় । মেঞ্জিকো ও মিসরবাসীদের ধর্মমন্দিরে ইহা সমধিক ব্যবহৃত হইয়া থাকে ।

গ্রেভ সিম্বলম (GRAVE CYMBALUM, the ancient name of harpsichord) হার্পসিকর্ড যন্ত্রের প্রাচীন নাম ।

গ্লাস-কর্ড (GLASS-CHORD, a clavier musical instrument)

একটী চাবিযুক্ত বাদ্যযন্ত্র । ইহাতে তস্তর পরিবর্তে কাচসারিকা সংযুক্ত থাকে । ১৭৮৫ খ্রিস্টাব্দে জনেক জর্মণ কর্তৃক ইহা আবিষ্কৃত হইয়াছে ।

ষ

ঘড়ি বা ঘড়ী (GHARRI or GHARREE, the Indian gong)

কাংশাদি ধাতুনির্মিত চক্রাকার যন্ত্রবিশেষ । ইহা ক্ষুদ্র বহু প্রভৃতি নামাথ্রকারের হইয়া থাকে । (See p. 109 and গৃহ) । উত্তর-পশ্চিমাঞ্চলে এই যন্ত্রকে থালা (Thalla) কহে । (See থালা)

ঘটা (GHUNTA, the very ancient Indian bell) ভারতবর্ষীয়

ঘনযন্ত্রবিশেষ । (See p. 106) । এই যন্ত্র কাংশ

এবং পিতুলনির্মিত হয়। ইহা ভারতবর্ষে অতিথা-
চীন কাল হইতে ব্যবহৃত হইয়া আসিতেছে। ঘণ্টাযন্ত্র
হুই প্রকার;—ক্ষুদ্র ঘণ্টা বা কর-ঘণ্টা এবং বৃহৎ ঘণ্টা
বা জয়ঘণ্টা। দেবপূজা প্রভৃতি মান্ত্র্যকার্য্যে হিন্দুগণ
কর-ঘণ্টা ব্যবহার করিয়া থাকেন এবং ভূপালগণের
পুরন্দার ও তোরণে জয়ঘণ্টা আলন্ধিত থাকে। পূর্বে
যুদ্ধের সময় ভারতবর্ষীয় বীর রাজগণ হস্তির উদর নিম্নে
জয়ঘণ্টা বাঁধিয়া সামরিক বাদ্যের অঙ্গপূরণ করিতেন।
ধর্ম্যাজকেরা দেবমন্দিরেও জয়ঘণ্টা লন্ধিত করিয়া
রাখেন। এতক্ষণ অপরাপর কার্য্যেও জয়ঘণ্টা ব্যবহৃত
হইয়া থাকে। (See জয়ঘণ্টা)। ভারতবর্ষীয় পূর্ব-
তন ধার্ষণ সচরাচর ঘণ্টা ব্যবহারের বিধিনির্দেশ করিয়া
গিয়াছেন। ঘণ্টাবাদ্য ব্যতীত তাঁহাদিগের বিধানে
আর্য্যজাতির মান্ত্র্য ক্রিয়া কখনই পূর্ণাবয়বে সম্পাদিত
হইতে পারে না। যদি দেবপূজাদির সময়ে অন্য বাদ্য
ঘটিয়া না উঠে, কিন্তু ঘণ্টানিনাদ অবশ্যই করণীয়।
এইজন্য স্মৃতির একস্থানে স্পষ্টাক্ষরে লিখিত আছে যে,
“ সর্ববাদ্যময়ী ঘণ্টা বাদ্যাভাবে নিয়োজয়েৎ। ” এই
শ্লোকাদ্বৰ্দ্ধে ইহাই প্রতীতি হইতেছে যে, হিন্দুমাত্রেই
গৃহে ঘণ্টা যন্ত্র থাকা এবং বাদিত হওয়া উচিত। পদ্ম-
পুরাণ, ক্ষন্দপুরাণ প্রভৃতি আর্য্যজাতির প্রচীন ধর্ম
শাস্ত্র সমূহেও ঘণ্টামাহাত্ম্য বিশদরূপে লিখিত আছে।
ক্ষন্দপুরাণে শ্রীক্রুশ্ননারদসংবাদে লিখিত হইয়াছে যে,

“ স্বানাচ্ছন্দিক্রিয়াকালে ঘণ্টানামং করোতি যঃ ।
 পুরতো বাসুদেবস্য তস্য পুণ্যফলং শৃণু ॥
 বর্ষকোটিসুহ্রদ্বাণি বর্ষকোটিশতাণি চ ।
 বসতে দেবলোকে তু অপ্সরোগণসেবিতঃ ॥
 সর্ববাদ্যময়ী ঘণ্টা কেশবস্য সদা প্রিয়া ।
 বাদনাল্লভতে পুণ্যং যজ্ঞকোটিসমুক্তবৎ ॥
 বাদিত্রনিন্দৈস্তু দ্যুগীতমঙ্গলনিঃশৈনেঃ ।
 যঃ আপয়তি গোবিন্দং জীবশুক্তে। ভবেন্দ্রি সঃ ॥
 বাদিত্রাণামভাবেতু পূজাকালে হি সর্বদা ।
 ঘণ্টাশদো নরেঃ কার্যঃ সর্ববাদ্যময়ী যত্তঃ ॥
 সর্ববাদ্যময়ী ঘণ্টা দেবদেবস্য বল্লভা ।
 তন্মাং সর্বপ্রযত্নেন ঘণ্টানামস্তু কারয়ে ॥
 মন্ত্রসহস্রাণি মন্ত্রসহস্রাণি চ ।
 ঘণ্টানামদেন দেবেশঃ প্রীতো ত্বতি দেবশঃ ॥”

ইহাতে কি বোধ হয় ? প্রাক্তন বহুদৰ্শী মনীষিগণ একটী
 যন্ত্রসময়ক্ষে এতদ্রূপ বাগ্বিচ্ছাস কি ক্ষিপ্ততানিবন্ধন
 করিয়াছেন ? তাহা কখনই নহে । অবশ্য ইহার অন্ত-
 স্তলে একটী পূঢ়াতি প্রায় নিহিত আছে । আমাদের
 বোধ হয়, সপ্ত অভূতি খল জন্মগণের ভীতি উৎপাদন
 পূর্বক তাহাদিগকে দূরে তাড়িত করিবার জন্যই মুহূর্ছ
 ঘণ্টাধ্বনির বিষয় এরূপে উল্লিখিত হইয়াছে । ঘণ্টা
 যন্ত্রের শব্দ যেরূপ উচ্চ ও তীব্র তাহাতে এরূপ বিবেচনা
 অযৌক্তিক বলিয়া বোধ হয় না । আবার সপ্তারি গৱৰ্ড-
 মুর্তিধৃত ঘণ্টার বিষয়ও যখন উল্লিখিত শাস্ত্রাদিতে

লক্ষিত হইতেছে, তখন এই যন্ত্রবাদনের এইরূপ অর্থ-
বোধ প্রস্তুত বলিয়া জানা অমূলক নহে। মাঙ্গল্যকার্যে
শঙ্খ, কাঁসর, ঘড়ি, ঝঁঝার ইত্যাদিযন্ত্রেরও ব্যবহার এই-
রূপ অভিধায়ে প্রচলিত হইয়াছে। আমাদের দেশে
ধারণদণ্ডীন ছোট ছোট ঘটাঘলি গরু, ছাগল
প্রভৃতি গাহস্য পশুদিগের গলদেশে আবদ্ধ থাকে।
(See গ্রিলট)

ঘণ্টিকা (GHUNTIKA, a small bell common in India) ইহা
একটী ক্ষুদ্র ঘনযন্ত্রবিশেষ। পশুদিগের গলদেশে এবং
অন্যান্য মাঙ্গল্য কার্যে ব্যবহৃত হইয়া থাকে। (See ঘণ্টা
and ক্ষুদ্র ঘটা)

ঘর্ঘরা (GHURGHARA, a stringed instrument of the
ancient Hindoos) আচান হিন্দুদের একপ্রকার ধীণা-
যন্ত্র।

ঘর্ঘরা বা ঘর্ঘরিকা (GHURGHARA or GHURGHARIKA,
the Indian small bells used on some ornaments of the
children) অসমদেশীয় শিশুদিগের কঢ়িভূমণে এই যন্ত্র
ব্যবহৃত হয়। স্বর্ণবা রোপে ইহা নির্মিত। ইহার
আর একটী নাম কিঙ্কিনি (Kingkini)। ঘর্ঘরা শব্দের
অপভ্রংশ ঘাঘর।

ঘর্ঘরিকা বা ঘর্ঘরী (GHURGHARIKA or GHURGHAREE,

a musical instrument of the ancient Hindoos) প্রাচীন
হিন্দুদিগের একপ্রকার বাদ্যযন্ত্র ।

ঘিরিফ (GHIRIF, a Turkish wind instrument) একটা
তুর্কিদেশীয় শুষিরযন্ত্রবিশেষ ।

William C. Stafford's *Oriental Music.*

ঘূঁঘুর বা ঘুমুর (GHUNGUR or GHUMUR, the Indian
ankle bells) ইহা একপ্রকার ভারতবর্ষীয় ঘনযন্ত্র । নর্তক
বা নর্তকীগণ ইহার কতকগুলি সূত্রগুচ্ছিত করিয়া পাদ-
মূলে বক্ষন করত নৃত্যের সময় ব্যবহার করে । ঘূঁঘুর
যন্ত্র সাধারণতঃ দ্রুই প্রকারের দৃষ্ট হয় । একপ্রকার
ক্ষুদ্রজাতীয়, উহাই নর্তকদলে ব্যবহৃত হইয়া থাকে এবং
অপেক্ষাকৃত বড়গুলি মেষ, কুকুর, ছাগল, বিড়াল প্রভৃতি
গ্রাম্য পশুদিগের কঠে সংলগ্ন করিয়া দেওয়া হয় । কর্ণেল
পি, টি, ফ্রেঞ্চ (Col. P. T. French) সাহেব বলেন,
ভারতবর্ষের পাদচারী পত্রবাহকেরা স্ব স্ব পত্রাধারবহন-
দণ্ডাগ্রে ঘূঁঘুরগুচ্ছ আবক্ষ করিয়া যাতায়াত করে ।
দ্রুতবেগে গমনকালে উক্ত গুচ্ছ হইতে যে শব্দ নির্গত
হয়, তাহা শুনিয়া শৃঙ্গালাদি রাত্রিচর শাশ্বদেরা পলাইয়া
যায়, এবং অন্যসম্পন্ন পত্রবাহকেরও মেই শব্দ কর্ণ-
কুহরে প্রবিষ্ট হইয়া কতকটা পথশ্রম অপনীত হয় ।

Col. P. T. French's *Catalogue of Indian
musical instruments, from the Proceedings of the Royal
Irish Accademy. Vol. IX. Part I.*

ସୁଣ୍ଡିକା ବା ସୁଣ୍ଡି (GHOONTIKA or GHOONTEE, the Indian ankle bells) ଭାରତବର୍ଷୀୟ ଧନ୍ୟବାଦବିଶେଷ । ସୁଣ୍ଡି ଶବ୍ଦେ ପାଦପଣ୍ଡିତଙ୍କ ତାହାତେ ଆବଦ୍ଧ କରିଯାଇଥିବା ଏହି ଯନ୍ତ୍ର ବ୍ୟବହାର ହୁଏ ବଲିଯା, ଇହାର ସୁଣ୍ଡିକା ବା ସୁଣ୍ଡି ଏଇକଥିନା ନାମ ହୁଇ ଯାଏ । (See ସୁଣ୍ଡର ବା ସୁମୁର)

ଚ

ଚର୍କି (CHARKI, an Indian instrument made by a piece of wood) ଏକଟି କାର୍ତ୍ତନିର୍ମିତ ଭାରତବର୍ଷୀୟ ଯନ୍ତ୍ର । କୁଦ୍ର କୁଦ୍ର ବାଲକ ବାଲିକାରୀ ଇହା ବ୍ୟବହାର କରେ ।

ଚର୍ଚରୀ (CHARCHARI, an instrument of percussion of the Hindoos) ହିନ୍ଦୁଦିଗେର ଏକଟି ଆନନ୍ଦଯନ୍ତ୍ର । (See p. 2 ଚତ୍ସଂସରଥ୍) (CHATSOTSEROTH, a wind instrument of the ancient Hebrews) ଆଚୀନ ହିନ୍ଦୁଦିଗେର ଏକଟି ଶୁଣି ଯନ୍ତ୍ରବିଶେଷ । ଧର୍ମପରାଯଣ ମୁସା (Moses) ଇହା ବ୍ୟବହାର କରିତେନ ।

Numbers, x. 2. &c.

ଚଲୁମିଟ (CHALUMEAU, an ancient wind instrument made of wood; also of the reed kind, made of pewter) ଏକଟ କାର୍ତ୍ତ ଓ ଟିନମିଶ୍ରିତ ମୀସକ ଧାତୁନିର୍ମିତ ଆଚୀନ ଶୁଣି ଯନ୍ତ୍ରବିଶେଷ ।

ଚମ୍ସରା (CHASOSRA, a Hebrew wind instrument) ଏକଟ ଯିହୁଦିଜାତୀୟ ଶୁଣିରଯନ୍ତ୍ର । (See ଚତ୍ସଂସରଥ୍)

ଚଟ୍ଜୋଜେରା (CHATZOGERAH, a Hebrew trumpet

একটী যিন্দিজাতীয় শৃঙ্গযন্ত্র। (See কেরেণ and p. 83)

চালেম্পং (CHALEMPUNG, a well known stringed instrument common in Java Island) যাবাদ্বীপে প্রচলিত একপ্রকার তত্যন্ত্র। ইহাতে ১০টী হইতে ১৫টী পর্যন্ত তন্ত ঘোজিত থাকে এবং হাপঁযন্দ্রের ন্যায় বাদিত হয়।

Music and dancing, by Crafawrd, Esqr, from the History of the Indian Archipelago. Vol. I.

চি (CHE, a Chinese instrument mounted with twenty five silk strings) চৈনদিগের পঁচিশটী রেসম-নৃত্যজাত তন্ত্রবিশিষ্ট যন্ত্রবিশেষ।

William C. Stafford's *Oriental Music.*

চিং (CHING, a name of Chinese Cheng) চিং চৈন 'চেং' যন্দ্রের একটী নাম। (See চেং)

Ibid.

চিকারা (CHIKARA, an Indian stringed instrument) একটী ভারতবর্ষীয় তত্যন্ত্র।

চিত্রবিনা (CHITRABINA, an ancient stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী পুরাতন তত্যন্ত্র বিশেষ। সুপ্রসিদ্ধ সঙ্গীতদর্পণে ইহার উল্লেখ আছে।

চিন্নর (CHINNOR, a Hebrew stringed instrument) একটি
হিব্রুজাতীয় তত্ত্বস্তু। ইহার আর একটী নাম কিন্নোর
(Kinnor)। (See কিন্নর)

চেং (CHENG, a Chinese musical instrument) একটী চীন-
জাতীয় বাদ্যযন্ত্র। ইহার আকার একটী বাক্সের ন্যায়।
তাহার মধ্যভাগে কতকগুলি নল যোজিত থাকে। প্র-
ত্যেক নলে ইউরোপীয় অর্গ্যান অথবা আকর্ডিয়ন যন্ত্রের
ন্যায় এক একটী ধাতব জিহ্বাকৃতি সমন্ব করা হয়। এই
যন্ত্র মুখ দিয়া বাদিত হইয়া থাকে। নল সমূহের গাত্রে
যে সকল ছিদ্র থাকে, বাদক বাজাইবার সময় আবশ্যক
মতে তাহাতে অঙ্গুলি বসাইয়া থাকেন।

চেলিস্ (CHELIS, a harpkind instrument of the ancient
Greeks) প্রাচীন গ্রীকদিগের একটী বীণাজাতীয় যন্ত্র।

William C. Stafford.

চৌতারা (CHOWTARA, an Indian stringed instrument
mounted with four strings) ভারতবর্ষীয় তান্পূরাজাতীয়
একটী তত্ত্বস্তু। ইহাতে চারিটী তার আবদ্ধ থাকে।
ইহা অতি প্রাচীন ও গোম্যযন্ত্র। ইহার দণ্ড সচরাচর
বৎশেরই হইয়া থাকে। পশ্চিমাঞ্চলের ও দাক্ষিণাত্যের
গাম্যদেশের ভিক্ষাজীবীরাই ইহার সমধিক ব্যবহার
করে। একতন্ত্রী অর্থাৎ একতারার অনুকরণেই এই
যন্ত্রের সন্তুষ্টি হইয়াছে। (See p. 62)

চ্যাং (CHANG, a harpkind instrument of Persia) পারস্য

দেশের একপ্রকার হাপ'জাতীয় তত্ত্বসন্দৰ্ভিশেষ। আরব দিগের একপ্রকার নাম জুক। (See জুক)। কিন্তু এ উভয়বিধি যন্ত্রের এখন আর ব্যবহার নাই। লেন (Lane) সাহেব একপ্রকার যন্ত্রের ছাই খানি ছবি সংগ্ৰহ কৰিয়াছেন। তাহার আমুমানিক সিদ্ধান্তে এই ছাইটা যন্ত্র চারি শত বৎসরের হইবে। ইহাদের আকার পূর্বাঞ্চলীয় হাপ'জাতীয় অন্যান্য যন্ত্রের ন্যায়।

Ousley.

চ্যালিল (CHALIL, a Hebrew flute of the chalumeau species)

হিন্দুদিগের চলুমিউজাতীয় শুষিরযন্ত্রবিশেষ।

জ

জগবাম্প (JOGOJHUMPA, an instrument of percussion common in India) ভারতবর্ষ প্রচলিত একটী আনন্দযন্ত্রবিশেষ। (See p.162)

জয়ঘন্টা (JOYGHUNTA, the ancient largest bell of the Hindoos) হিন্দুদিগের প্রাচীন বৃহত্তম ঘণ্টাযন্ত্র। দেবমন্দিরে এবং রাজতোরণে এই যন্ত্র ঝুলান থাকে। পূর্বে যুদ্ধের সময় ইহা সমরক্ষেত্রেও বাদিত হইত। (See ঘণ্টা)। ইউরোপীয়জাতিরা গির্জা প্রভৃতি উচ্চ স্থানে বড় বড় ঘণ্টাকা যন্ত্রের বাদনশব্দ বহুদূর হইতে শ্রুত হইবার নিমিত্ত উচ্চ যন্ত্রের সহিত এইরূপ যন্ত্র সংলগ্ন কৰিয়া রাখেন। স্বতরাং যান্ত্রিক মুদ্গারদ্বারা ইহা বাদিত হইয়া সময় জ্ঞাপিত হয়।

জয়ঢকা (JOYDHACCA, the largest and ancient drum of the Hindoos) হিন্দুদিগের বৃহত্তম ও পূর্বান আনন্দমন্ত্র ।

ইহা পূর্বে যুদ্ধ সময়ে ব্যবহৃত হইত—এক্ষণে শক্তিপূজা ও শিবের গাজমে বাদিত হইয়া থাকে । (See p. 100)

জয়শঙ্ক (JOYSHRINGA, the largest trumpet of the Hindoos)

হিন্দুদিগের সর্ববৃহৎ শৃঙ্গমন্ত্র । পূর্বতনকালে ইহা সামরিক মন্ত্র ছিল—এক্ষণে অনান্য মাঙ্গলিক ক্রিয়োপল-

্যাস দ্বাবলীত হয় । ইহার আৰ একটী মাঘ রংশৃঙ্গ ।

(See p. 84)

জুর্ণা (ZURNA, a wind instrument of the Turks used in battles) তুরকদেশীযদের একটী সামরিক শুষিরযন্ত্র ।

ইহাস আবয়ব ও স্বর ইংবাজি বেয়ের আয় (See কাৰু-জুৱা and শুবে)

জলভুঁড়ি বা ভুঁড়ভুঁড়ি (JALABHAUDA or BIURRBHURRI, an Indian instrument for children) একটী ভারত-বৰ্ষীয় বালযন্ত্র । ছোট ছোট শিশুরা ইহা লইয়া ক্রীড়া করে । মুসলমানদের বদ্ধার আয় আকারবিশিষ্ট একটী মুগ্ধ সনল স্কুলভাষে কলকাটা ঝুল রাখিয়া ঐ মন্দি ফুকার দিলে ইহার মধ্য দিয়ে এক দুকান পথ নির্গত হইয়া থাকে ।

জাঞ্জি বা ঝাঞ্জি (ZANZE or ZHANZE, a wind instrument of the Negros) নিখোদিগের একটী শুষিরযন্ত্র । (See আবিৰা)

জানৱ্রফিকা (ZANORPHICA, a species of clavier instrument, and performed upon with a bow) একপ্রকার সারিকা বিশ্বস্ত্যন্ত এবং ধনুর্দৰা বাদিত ।

জাম্পোগ্না (ZAMPOGNA, an ancient Italian wind instrument) একটী ইতালীয় পাটীন শুধিরযন্ত্র। অধুনা ইহার অচলন দ্রষ্টিগোচর না। এই যন্ত্রটীকে সালুমু (Chalumeau) বা শালমে (chalmei) এই সংজ্ঞাতেও অভিহিত করা হইত। ইহার ধ্বনি কলকটা ক্লারিনেটের (clarinet) ন্যায় শুনাইত; কিন্তু তদপেক্ষা অপরূপ। ইতালীদেশীয় কুমিজীবীরা ইহার ব্যবহার করিত। যিন্দীদের মাগেপা বা মাগেফা নামক যন্ত্র অনেকটা ইহার ন্যায়। (See p. 88 and মাগেপা)।

ঙিংরি (GING'IE, a Phoenician wind instrument) একটী ফিনিসীয় শুধিরযন্ত্র। ইহা প্রায় এক ফুট দৈর্ঘ্যবিশিষ্ট হইত। ফিনিসীয়ের যুত ব্যক্তিদের সমাদি যোগালক্ষে ইহাতে গান বাজাইত।

Stafford's *Oriental Music*.

জিংলেরাস (GINCLARUS, a small Egyptian flute) একটী ক্ষুদ্র মৈসুর শুধিরযন্ত্র।

জিউ ডান্চেস (JEUX D'ANCHES, a wind instrument made of reed) একটী নলনির্মিত শুধিরযন্ত্র।

জিঙ্কেন (ZINKEN, an ancient wind instrument made of

wood) একটী কার্ত্তনির্মিত প্রাচীন শুষিরযন্ত্রবিশেষ।
একগে ইহা অপ্রচলিত।

জিঙ্গলস্ (JINGLES, small bells for using on drum) ঢকা-
যন্ত্রে সংলগ্ন ক্ষুদ্র ঘণ্টিকা।

জিল্ (ZIL, Turkish castagnettes used in battles) তুরুক-
দেশীয় সামরিক করতালযন্ত্র।

William C. Stafford.

জিল্লা (JILLA, a common copper kettle drum of Hindoo-
stan) একটী ভারতবর্ষের তামুনির্মিত সাধারণ আনন্দ-
যন্ত্র। গাম্যমোকেরা ইহা ব্যবহার করে।

Ibid.

জিল্হার্মনিকন্ (XYLIHARMONICON, a wooden harmo-
nica) একপ্রকার কার্ত্তনির্মিত হার্মনিকাযন্ত্র।

জীজ (GIGUE, a species of stringed instrument) একপ্রকার
তত্যন্ত্র। দ্বাদশ, ত্রয়োদশ ও চতুর্দশ খৃষ্ট শতাব্দীতে
এই যন্ত্র ফুল্স দেশে প্রচলিত ছিল। কিন্তু উক্ত পঞ্চ-
দশ শতাব্দীতে ইহাই রেবেক (Rebec) নামক যন্ত্রে
পরিণত হইয়া ছিল বলিয়া বোধ হয়। (See রেবেক)

জুঁক (JUNK, an Arabian harpkind instrument) একটী
আরবদেশীয় হার্পজাতীয় যন্ত্রবিশেষ। (See চ্যাং)

জুফেলো (ZUFFELO, according to Chambers, an Italian
flute or flageolet possessing a shrill sound, and like
the whistling of small birds) চেম্বাস' সাহেবের মতে

ইহা একটী ইতানীয় ফুট বা ফুজিওলেট । ইহার স্বর তীব্র এবং ক্ষুদ্র পক্ষিগণের শিশের ঘায় ।

জুমারা (ZUMMARAH, an Egyptian wind instrument made by two reeds) মিসরদেশীয় দ্বিমলযন্ত্রবিশেষ । ইহা সে দেশের নাবিকদের অতি প্রিয় যন্ত্র । ইহার দুইটী নলের দৈর্ঘ্য সমান । (See p. 88) । মিসরে আঙ্গুল নামে আর একটী যন্ত্র আছে, তাহার একটী নল অপরটী অপেক্ষা দীর্ঘতর । (See আঙ্গুল)

জুস্য-হাপ (JEWS-HARP, an instrument made of iron) একটী লোহনির্মিত বাদ্যযন্ত্রবিশেষ । ইহাতে একখণ্ড স্থিতিস্থাপক গুণপেত লোহ-জিহ্বা সংযুক্ত থাকে । বাদক অঙ্গুলিদ্বারা উহাতে আঘাত করিয়া নিষ্ঠাস্থারা বাদন-ক্রিয়া সম্পাদন করিয়া থাকেন । (See J. F. Danneley's Dictionary of Music) । আমাদের দেশে বহুকাল হইতে মাচঙ্গ নামক এইরূপ একটী যন্ত্র ব্যবহৃত হইয়া আসিতেছে । বোধ হয়, উহাই দেশবিশেষে বিভিন্ন নাম আপ্ত হইয়া থাকিবে । (See p. 53)

জেল্জেলিম (TZEELTZELIM, an instrument of percussion of the Hebrews) যিহুদীদের একপ্রকার ঘনযন্ত্র । ইহা ইউরোপায়দিগের সিস্তল এবং হিন্দুদিগের বাল্ক যন্ত্রের অায় । যিহুদীদের এইরূপ আর দুইটী মেজিলোথ্য মেংজিল্থিম নামক যন্ত্র আছে, কিন্তু তাহাদের

ଆକାର ବିଭିନ୍ନ ଏବଂ ତାହାରା ଭିମରୂପ ଶବ୍ଦ ଉତ୍ସପାଦନ କରିଯା ଥାକେ ।

ଜୋବେଲ୍ (JOBEL, according to some musicians, a wind instrument of the trumpetkind and used by the Hebrews)

କୋନ କୋନ ସମ୍ମିତବେତ୍ତାର ମତେ ଇହା ଶୃଙ୍ଗଜାତୀୟ ଶୁଦ୍ଧିର ସନ୍ଦର୍ଭବିଶେୟ ଏବଂ ଯିହୁଦୀଜାତି କର୍ତ୍ତ୍ତକ ବ୍ୟବହାର ।

Exod, xix. 13 ; Jos. vi. 4, 5, 6, 8, 13.

ବା

ଝଞ୍ଜା ବା ଝାଙ୍ଜ (JHUNJA or JHAN), a metalic instrument of the Hindoos) ହିନ୍ଦୁଦିଗେର ଏକପ୍ରକାର ପ୍ରମିଳ ସନ୍ଦର୍ଭ । ଇହାକେ ଝାଁଖାରା କହେ । (See p. 108)

ଝର୍ବାର (JHURJHAR \, a Hindoo instrument of percusion) ହିନ୍ଦୁଦିଗେର ଏକଟି କାର୍ତ୍ତିଖଣେ ଚର୍ମପୁଟାଛାଦିତ ଆନନ୍ଦ ସନ୍ଦର୍ଭ । ଇହାକେ କଡ଼ର ବା କାଡ଼ା କହେ । (See p. 100)

ଝର୍ବାରୀ (JHURJHARI, the jhuijhar and also a species of Hindoo cymbal) ଝର୍ବାରାତ୍ର ଏବଂ ହିନ୍ଦୁଦିଗେର ଏକ ପ୍ରକାର ମନ୍ଦିରାୟନ୍ତ୍ର ।

ଝଲାରୀ, ଝଲାରୀ ଓ ଝଲ୍ଲୀ (JHALARI, JHALLARI and JHALLI, hurruka or jhurjhar of the Hindoos) ହିନ୍ଦୁଦିଗେର ହୃଦ୍ଦୁକା ବା ଝର୍ବାରୀୟନ୍ତ୍ର । (See ହୃଦ୍ଦୁକା and ଝର୍ବାର)

ଝଲ୍ଲକ (JHILLAKA, a species of metalic instrument of the Hindoos) ହିନ୍ଦୁଦିଗେର କାଂସ୍ୟାନିର୍ମିତ କରତାଳ ସନ୍ଦର୍ଭ

(See করতাল) । এই যন্ত্রের সহিত কাংস্য বা কঁসোর যন্ত্রের অনেক সামৃশ্য আছে ।
 ঝঁঁকার (JHANJHARA) । (See ঝঁঁজা or ঝঁঁজ and p. 108)
 ঝঁঁকারী (JHANJHARI, the small jhanjara) ছোট ঝঁঁকার যন্ত্র ।

ঝিল্লি (JHILLI, an ancient Hindoo instrument made of metal) হিন্দু দিগের একটী ঘনযন্ত্রবিশেষ । শঙ্খ ঘণ্টা-দির ঘায় ইহাও যে বহু প্রাচীন শাস্ত্র দেখিলে তাহা প্রতিপন্থ হয় ;—

“ ঘণ্টাশঙ্খস্তথ। তেরীয়ন্দোঝিল্লিরে চ ।
 পক্ষানাং শস্যতে বাদ্য দেবতাৰাধনে যু চ ॥ ”

ইতি শুচার্থদীপিকা ।

ঝুন্ধুনী বা ঝুম্ঝুমী (JHUNJHUNVI or JHUMJHUMI, an instrument of the Hindoos for children) হিন্দুজাতির একপ্রকার বাদ্যযন্ত্র । ইহা কাষ্ঠ কিম্বা পিতল প্রভৃতি ধাতব পদার্থে নির্মিত হয় । ইহার কোমরধো গুঞ্জাকৃতি করক গুঁগি ধাতব পদার্থ বা বক্ষর পূর্ণ থাকে । শিশুরা এই যন্ত্র লইয়া খেলা করে । এই যন্ত্র কাগজের ও হইয়া থাকে ।

ট

টক-কে (TUK-KAY, a stringed instrument like a lizard, common in Siam) একটী তত্যন্ত্রবিশেষ । টিক্টি-

କିରନ୍ୟାୟ ନିର୍ମିତ ହୟ ବଲିଯା ଏହି ଯତ୍ରେ ଉଦ୍ଦଶ ନାମ ହଇଯାଛେ । ଏକଖଣ୍ଡ କାର୍ତ୍ତେ ଇହା ଗଠିତ । ଇହାତେ ଛଟଟି ରେସମ-ତତ୍ତ୍ଵ ଏବଂ ଏକଟି ପିତଳ-ତାର ଯୋଜିତ ଥାକେ । ଶ୍ୟାମଦେଶେ ଏହି ଯତ୍ର ଅଚଲିତ ।

କଟତନ୍ତ୍ରୀ (TAKATANTRI, an ancient stringed instrument of the Hindoos) ହିନ୍ଦୁଦିଗେର ଏକଟି ପ୍ରାଚୀନ ତତ୍ତ୍ଵ । (See ସମ୍ମିତ-ଦର୍ପଣ)

ଟକ୍ (TOPH, a Jewish instrument of percussion) ଯିହୁଦୀ ଜାତୀୟ ଆନନ୍ଦ୍ୟତ୍ତ୍ଵବିଶେଷ । ଇଂରାଜେରା ଇହାକେ ଟିମ୍ବେଲ (Timbrel) ଅଥବା ଟାବ୍ରେଟ (Tabret) ବଲେନ । ଆମାଦେର ଦେଶେର “ ଡମ୍ଫ ” ଏବଂ ଆରବ ଦେଶେର “ . ବା “ ଆତୁଫ୍ ” ଯତ୍ରେର ନ୍ୟାୟ । (See ଡମ୍ଫ and ଆତୁଫ୍)

ଟମ୍-ଟମ୍ (TOM-TOM, a species of drum) ଏକଥିକାର ଚକ୍ରଧନ୍ତ୍ର ।

ଟମ୍ମିଟମ୍ (TAMMETAM, an instrument of percussion common in Ceylon) ଏକଥିକାର ଆନନ୍ଦ୍ୟତ୍ତ୍ଵ । ଅଷ୍ଟଦେଶୀୟ ଚକ୍ରାର ନ୍ୟାୟ ଇହାର ଆକାର । ସିଂହଲବାସୀରା କାଡ଼ିପୋ (Kaddipow) ନାମକ କାର୍ତ୍ତିକାଦ୍ୱାରା ଇହା ବାଜାଇଯା ଥାକେ ।

ଟର୍ପଡିଯନ (TERPODION, a curious musical instrument like harmonium, made by Buschmann) ବକ୍ରମାନ ନାମକ ଜନେକ ବ୍ୟକ୍ତିନିର୍ମିତ ହାରମଣିଯମେର ନ୍ୟାୟ ଏକଟି ଅତୁତ ବାଦ୍ୟଯତ୍ର । କିନ୍ତୁ ହାରମଣିଯମ ଅପେକ୍ଷା ଇହାର ଧରନି

সুমধুর এবং কলকৌশল অপূর্ব । হান্ডগ নগরে উপরিউক্ত নির্মাতার পিয়ানোফোর্ট নির্মাণগৃহে এই যন্ত্র দেখিতে পাওয়া যায় । যত মহাজ্ঞা ডিউক অব সাক্স কোবর্গ (Duke of Sax Cobourg) এই মন্ত্রের এইরূপ আখ্যা প্রদান করেন ।

টাবরেট (TABRET, an English instrument of percussion) একটী ইংরাজী আনন্দযন্ত্র । (See টাবোর or টাবোরেট) ইহা আমাদের দেশের “ডঙ্ক”, আরব দেশের ‘ডফ’ বা “আহফ” এবং যিল্দীদের “টফ” যন্ত্রের ন্যায় । (See ডঙ্ক, ডফ and টফ)

টাবোর বা টাবোরেট (TABOUR or TABOURET, a small drum beaten with a stick) একটী ক্ষুদ্র চক্রবিশেষ । একটী ক্ষুদ্র যষ্টিদ্বারা ইহা বাদিত হয় ।

টালী (TALLEA, a bronze instrument of the Singhalese) সিংহলীয়দের একটী পিতলনির্মিত ঘনযন্ত্রবিশেষ । মুদ্গরদ্বারা ইহার বাদনক্রিয়া সম্পন্ন হয় । আমাদের ঘড়ি যন্ত্রের সহিত ইহার সাদৃশ্য আছে । (See ঘড়ি and p. 109)

Stafford's *Oriental Music.*

টিওবা' বা থিওবি' (TEORBA or THEORBE, the bass-lute) এক প্রকার তত্যন্ত্র । ইহাকে বাসল্যট কহে । ১৬৫০ খ্রিস্টাব্দে বার্ডেলা (Bardella) নামক জনৈক ব্যক্তিকর্ত্তক এই যন্ত্রটী নির্মিত হয় ।

টিনিনবুলম্ (TINTINABULUM, a small bell) একটি শুন্দ ঘণ্টা ।

টিপোনাজ্লি (TEPONAZTLI, a drumkind instrument of the Mexicans) মেক্সিকীয়দের একটি ঢকাজাতী যন্ত্র । ইহার আকার গোল এবং অভ্যন্তরভাগ ফাঁপা ইহার মধ্যস্থলে দুইটি সমান্তরাল ছিদ্র ব্যূতীত আ কোন ছিদ্র নাই । সেই দুইটি ছিদ্রে শলাকার আঘাকরিয়া ইহা বাদিত হইত । এই যন্ত্র অনেকবিধ ছিল ক্ষমতায়ে স্ফুরণে ঝুলাইয়া বাজাইবার জন্য যেন্ত্র নির্মিত হইত, তাহাদের আকার শুন্দ এবং অপেক্ষাকৃত অপর গুলিন অবয়ব পাঁচ ফুট ।

W. C. Stafford.

টিবি এন্টেরি (TIBIAE EMBATERI, a wind instrument of the ancient Greeks) প্রাচীন গ্রীকদিগের একটি শুণিরযন্ত্র । ইহা গানের সময়েই অধিকতর ব্যবহা হইত । (See টিবিয়া এন্টেরিয়া)

W. C. Stafford.

টিবি জেমিনি (TIBIAE GEMINIAE) বা টিবি পারিস (TIBIAE PARES, a Grecian, and a ancient Roman wind instrument) ইহা গ্রিসীয় এবং প্রাচীন রোমকদিগের একপ্রকার শুণিরযন্ত্র । (See note p. 76)

টিবি বাইফোরিস্ বা টিবি কন্দঞ্চিট (TIBIAE BIFORES)

TIBIÆ CONJUNCTÆ, the name of an ancient instrument composed of two species of flutes, bound together in such a manner as to have but one mouth-piece, and performed by one person) একটী প্রাচীন যন্ত্রের নাম ।

মেই যন্ত্রটী একত্রে দুইটী ফুট বৃক্ষ হইয়া একপে নির্মিত হইত বো, বাজাইবার দ্রুত একটী মুখ থাকিত । একজন লোকের দ্বারা উহার বাদনক্রিয়া নিষ্পন্ন হইত ।

টিবি মল্টিসোনাস (TIBIÆ MULTISONANS, a strong-toned Egyptian instrument) একটী মিসরীয় তীব্রস্বরী শুধিরযন্ত্রবিশেষ ।

টিবিয়া (TIBIA, a wind instrument of the ancient Greeks) প্রাচীন গ্রীকদিগের একটী শুধিরযন্ত্র । উইলিয়ম সি, স্টাফোর্ড (William C. Staffor) সাহেব বলেন, আদৌ এই যন্ত্রটী পশ্চিমতে নির্মিত হইত, তদন্তর প্রাচীনের কাষ্ঠ এবং ধাতব পদার্থে নির্মাণ করিতেন । কিন্তু অসিদ্ধ সঙ্গীত-কোষকার জে, এফ, দানেলি (J. F. Danneley) সাহেবের মতে “টিবিয়া” এই শব্দটী শুধিরযন্ত্র সমূহের প্রাচীন ও সার্বজনিক লাটিন (Latin) নাম ।

টিবিয়া এন্টরিয়া (TIBIA EMBATERIA, one of the ancient flutes common to the Lacedemonians, and used to accompany songs sung previous to an engagement with the enemy) লাসিদিমনীয়দের একটী শুধিরযন্ত্র । শক্রদিগের সহিত শুক্র সংঘটিত হইবার

পূর্বে যে সকল গীত গাওয়া হইত, তাহাদের সঙ্গে এ যন্ত্রটী বাজিত।

টিবিয়া সিটিসিনম্ (TIBIA CITICINUM, a species of flutes of the aneients, used on funeral occasions) প্রাচীনদিগের একপ্রকার শুধিরযন্ত্র। ইহা অন্ত্যেষ্টিক্রিয়েপলক্ষে ব্যবহৃত হইত।

টিম্পানম্ (TYMPANUM, an instrument of percussion of the ancient Greeks) প্রাচীন গ্রীকদিগের একটী আনন্দযন্ত্রবিশেষ। (See টিম্পানোলম্)

টিম্পানম্ বেলিকম (TYMPANUM BELLICUM),

টিম্পানি (TYMPANI) অথবা

টিম্পানো (TYMPANO, a kettle drum) কেটেল ড্রমযন্ত্র (See কেটেল ড্রম)

টিম্পানোলম্ (TYMPANOLUM, an instrument of percussion of the ancient Greeks) প্রাচীন গ্রীকদিগের একটী আনন্দ যন্ত্র। ইহার আকার জয়টকার ন্যায়।

টিম্বেল (TIMBALE, a name of drum) ড্রমযন্ত্রের একটী নাম।

টিম্বেল (TIMBREL, an instrument of percussion of the Greeks, Romans, Hebrews, &c.) গ্রীক, রোমীয়, যিহুদী প্রভৃতি জাতিদের একপ্রকার আনন্দযন্ত্র।

টুকুরী (TUKKURI, an ancient Hindoo instrument of percussion) হিন্দুজাতির একপ্রকার প্রাচীন আনন্দযন্ত্র।

টুকুরী যন্ত্রই অধুনঃ টিকারা সংজ্ঞায় অভিহিত হইয়া থাকে। (See p. 103)

টুড় (TURR, a Burmese instrument of the violin kind, goodly engraved and ornamented) ব্রহ্মদেশীয়দের এক প্রকার বাহলীনজাতীয় যন্ত্র, এবং সুন্দরুরূপে খোদিত ও অলংকৃত।

W. C. Stafford.

টুন্টুনী (TOONTOONEE, an instrument with one wire string) একতন্ত্রিবিশিষ্ট একপ্রকার যন্ত্র। (See একতন্ত্রিকা p. 62) এই নামে আর একজাতীয় যন্ত্র। উহা সিসির আকারে কাচে নির্মিত এবং উহার তলভাগ অত্যন্ত পাতলা। বালকেরা এই যন্ত্রের নলটী উষ্ঠাধরে চাপিয়া ধীরে ধীরে মুখজ্বাত শাস্ত্রাদের প্রক্রিয়াদ্বারা উহা বাজাইয়া থাকে।

টুবা (TUBA, an Egyptian or Hebrew trumpet) স্টাফোর্ড সাহেবের মতে এই যন্ত্রটী শৃঙ্খলন্ত্রের ন্যায় আকারবিশিষ্ট এবং যিছদাদিগেয় ব্যবহৃত। ইহার আর একটী নাম ট্রিপ্লেট অব জুবিলি (Trumpet of jubilee)। কিন্তু দানিনি সাহেব বলেন, ইহা মিসরোয়দের একটী শৃঙ্খযন্ত্র এবং বোধ হয়, ওসাইরিস (Osiris) দেবতা কর্তৃক আবিষ্কৃত।

টেনোর ভায়ল (TENOR VIOL, the alto viola) একপ্রকার তত্যন্ত্র।

টেক্টুডো (TESTUDO, a harpkind instrument of the ancient Greeks) প্রাচীন গ্রীকদিগের একপ্রকার বীণাজাতীয় যন্ত্র।
(See p. 20)

ট্যাবালো (TABALLO, a kettle drum) একটী আনন্দযন্ত্র-বিশেষ।

ট্যাম্ট্যাম (TAMTAM, the Chinese gong) চীনদেশীয় পেটা-যন্ত্র। যদির বিস্তারিত বিবরণ ১০৯ পৃষ্ঠায় এবং যদি ও গঙ্গ শব্দে দ্রষ্টব্য।

ট্যাম্ট্যামী (TAMTAMEE, a small instrument of the Hindoos) হিন্দুদিগের একটী ফুস্ত আনন্দযন্ত্র।

ট্রম্প, ট্রম্পিট বা ট্রম্পেট (TROMP, TROMPETTE or TROMPET, the trumpet) একপ্রকার শুষ্যরযন্ত্র। ইহার আকার আমাদের তুরীয় ন্যায়। (See ট্রম্পেট)

ট্রম্পেট (TRUMPET, a remarkable European wind instrument) ইউরোপীয় অসিদ্ধ শৃঙ্খলবিশেষ। হণ (Horn) অপেক্ষা ইহাতে এক সপ্তক অধিক বাদিত হইতে পারে। ইহা ইংরাজী ঐকতানিকায় ব্যবহৃত ও পিতলদ্বারা নির্মিত হইয়া থাকে। এজাতীয় যন্ত্র প্রায় আসিয়ার মসুদয় দেশে প্রচলিত আছে। (See p. 84)

ট্রম্পেট আ ক্লেফস (TRUMPETTE A CLEFS, a keyed trumpet) চাবিযুক্ত তুরীবিশেষ।

ট্রম্পেটা আ পিস্টন্স (TROMPETTA A PISTONS, a species of trumpet) একপ্রকার শুষ্যরযন্ত্র।

ট্ৰুম্ব, ট্ৰুম্বনি বা ট্ৰুম্বোন (TROMB, TROMBONI or TROMBONE, a brazen wind instrument used in European concert)

ইউৱোপীয় ঐকতানবাদ্যে ব্যবহৃত পিতলনির্মিত শুধিৱযন্ত্ৰবিশেষ। এই যন্ত্ৰ মচৱাচৰ তিনপ্ৰকাৰ হইয়া থাকে;—ব্যাস (Bass), টেনৱ (Tenor), এবং আল্টো (Alto)। ব্যাস ট্ৰুম্বোনেৱ স্বৰগ্ৰাম জি (G) অৰ্থাৎ পঞ্চম, এক (F) অৰ্থাৎ মধ্যম এবং ই-ফ্লাট (E-flat) অৰ্থাৎ কোমল গান্ধাৰ বন্ধথাকে বলিয়া এই যন্ত্ৰ আবাৱ তিনি অকাৱেৱ হয়। পঞ্চমে বাঁধা ব্যাস ইংলণ্ডে বিশেষ প্ৰচলিত। এইকল টেনৱ সি (C) অৰ্থাৎ ষড়জে এবং নিখাদ কোমলে বাঁধা থাকে, এবং আল্টো (Alto) এক (F) অৰ্থাৎ মধ্যম, ই-ফ্লাট (E-flat) অৰ্থাৎ কোমল গান্ধাৰে বাঁধা থাকে।

ট্ৰুম্বা (TROMBA, the Italian trumpet) ইতালীয় শূন্য-যন্ত্ৰ।

ট্ৰুম্বা মেৰিণ বা ট্ৰুম্বা মেৰিয়া (TROMBA MARIN or TROMBA MARIA, an ancient stringed instrument played with a bow) ধনুৰ্ধণা লাভিত এক প্ৰকাৰ হস্তযন্ত্ৰ। আয় দুই শত বৎসৱেৱও অধিক হইল এই যন্ত্ৰটী নিৰ্মিত হয়। ইহা লুঁগপ্রায় হইয়া উঠিয়াছে—কদাচিং খণ্ডীয় কুমাৰীদেৱ আশ্রমে দৃষ্ট হইয়া থাকে।

ট্ৰুম্বেল (TROMMEL, a military drum) একটী সামৰিক জয়

চক। এইরূপ বৃহজ্জাতীয় জয়চক্রকে “গ্রোস ট্রম্মেল” (Grosse Trummel) বলে।

ট্রিয়ঙ্গেল (TRIANGLE, a military instrument of percussion made of steel, and is simply rhythmic) একটী ইস্পাত্ত-নির্মিত সামরিক যন্ত্র। ইহা ত্রিকোণবিশিষ্ট এবং বাদ্যকালে তাল দিবার জন্য ব্যবহৃত।

ড

ডফ বা ডেফ (DOFF or DEFF, an instrument common in Arabia and Barbary) আরব ও বার্বারি দেশে প্রচলিত একটী আনন্দযন্ত্র। ইহা চতুর্কোণাকার ও গেমচর্মারিণ (Square Tambourin) এবং যিল্লদীদের টফ (Toph) যন্ত্রের আংশ। (See টফ)। আমাদের ডম্ফ (Domphus) যন্ত্রের সহিত ইহার সংজ্ঞা, আকার ও কার্য্যগত অনেক সাদৃশ্য আছে। (See ডম্ফ and p. 105)

ডফ্দে (DOFFDE, and instrument of percussion common in India) একপ্রকার ভারতবর্ষীয় আনন্দযন্ত্র।

William C. Stafford.

ডবল গ্রাণ্ড পিয়ানো ফোর্টে (DOUBLE GRAND PIANO FORTE, a well-known double keyed instrument) ইহা একটী প্রসিদ্ধ চারিবিযুক্ত যন্ত্র। নিউইয়র্ক নগরে জেমস পিরসর (James Pirssor) নামক জনেক ব্যক্তি কর্তৃক

নির্ণিত। এই যন্ত্রের প্রত্যেক দিকে এক প্রস্ত করিয়া চাবি থাকায়, উভয় পাশে দুই প্রস্ত চাবি আছে।

ডবল ড্রুম (DOUBLE DRUM, the European largest drum used in military band) সামরিক বাদ্যে ব্যবহৃত ইউরো-পীয় সর্ববৃহৎ ঢকা। ইহা উভয় পাশেই আন্তিক হইয়া বাদিত হয়।

ডবল-পাইপ (DOUBLE-PIPE, a species of wind instrument) একটী দ্বিনল যন্ত্র। দুইটী নল পার্শ্বপান্থি সমস্তৃপাতে একত্র করিয়া ইহা নির্ণিত হয়। কারল এঞ্জেল (Carl Engel) সাহেবের বলেন হিন্দুরা এই যন্ত্রকে পূর্ণ করেন। কিন্তু আমরা জানি ইহা পূর্ণীর ন্যায় দ্বিনলবিশিষ্ট হইলেও, তাহার সহিত ইহার সম্পূর্ণ সাদৃশ্য নাই। (See p. 87)

ডবল ফ্লুট (DOUBLE FLUTE, an instrument composed of two tubes, but with one mouth-piece) একমুখ-বিশিষ্ট একটী দ্বিনলযন্ত্র। এরূপ কথিত আছে যে, হ্যাগ্নিস (Hyagnis) ইহার আবিষ্কারক। ১৫০৬ পূর্ব খ্রিস্টাব্দে তিনি জীবিত ছিলেন।

ডবল বাস (DOUBLE BASS, the largest bass) বাসযন্ত্রের মধ্যে ইহা বৃহত্তম এবং গভীরতম স্বরনিঃসারক। ইহাতে দুই, তিন, চারি ও পাঁচটী পর্যন্ত তন্ত ঘোজিত থাকে। কিন্তু সচরাচর চারিটী তন্তই দেখা

যায়। এবং ইহাতে ই (E), এ (A), ডি (D), ও
জি (G) এই সকল স্বর বাদিত হইয়া থাকে।

ডম্ফু (DOMPHIA, an instrument of percussion of the Hindoos) হিন্দুদিগের একটী আনন্দ ষন্ত্র। (See p. 2)
একটী বৃহৎ চক্রাক্তি কার্ত্তখণ্ডের এক দিকে চর্মা-
চাদন পূর্বক এই ষন্ত্র নির্মিত হয়। এই ষন্ত্র উত্তর-প-
শ্চিমাক্ষলে সমধিক ব্যবহৃত। ইহা ইংরাজদের টাব্রেট
আরবদের ডফ এবং যিল্দীদের টফ ষন্ত্রের ন্যায়।
(See p. 105)

ডমরু (DAMARU, an ancient and small Hindoo instrument of percussion used by the snake-charmers &c.)

হিন্দুদিগের একটী প্রাচীন ও ক্ষুদ্র আনন্দষন্ত্রবিশেষ।
আহিত্তুগুকেরা এই ষন্ত্র ব্যবহার করে। এতক্ষণ
ভল্লুক ও বানরক্রীড়কেরা ও বাজাইয়া থাকে। কথিত
আছে, ইহা মহাদেবের অন্যতর প্রিয় ষন্ত্র। (See
p. 104)

ডওল (DAOUL, a Singhalese instrument of percussion)

সিংহলীয়দের একপ্রকার আনন্দষন্ত্রবিশেষ। ইহা
লম্ব-দীর্ঘ আকারে (Oblong-form) গঠিত। আমাদের
চোলের সহিত ইহার কতকটা সংজ্ঞা ও কার্যগত
মন্দক আছে। ডাওলিকেরা ডওল-কাডিপোন (Daoul-
kadipone) নামক একটী চিত্তিত ষষ্ঠিদ্বারা ইহার
বাদনক্রিয়া সম্পন্ন করে।

ডল (DAUL, a species of Turkish instrument of percussion)

একপ্রকার তুরকদেশীয় আনন্দযন্ত্র। ইহার আকার
বৃহৎজাতীয় ঢঙ্কার ন্যায় এবং যুদ্ধের সময় ইহা
ব্যবহৃত হইয়া থাকে।

ডল্কান (DOLCAN, "dolciano") বংশিজ্ঞাতীয় যন্ত্রবিশেষ।

(See ডলসিনো বা ডল্সিয়ানো)

ডল্সিনো বা ডল্সিয়ানো (DOLCINO or DOLCIANO,
small bassoon) ছোট বাসুনযন্ত্র। ইহা পূর্বে অধি-
তর ব্যবহৃত হইত।


ডল্সিমার (DULCIMER, an European stringed instrument)

একটী ইউরোপীয় তত্যন্ত্রবিশেষ। ত্রিকোণ বা অন্যথা-
কার কার্ত্তনিশিত বাঙ্গের উপরে তল্ল বা তার বন্ধন পূর্বক
এই যন্ত্র প্রস্তুত হইত। শলাকা দ্বারা ইহার বাদনক্রিয়া
সম্প্রদাদিত হইত। (See 2nd note p. 48)। পারস্য,
হিঙ্কু, আসিরোয় প্রভৃতি জাতিদের এইরূপ যন্ত্র ছিল।

ডাইকর্ড (DICHORD, a double stringed instrument) একটী
দ্বিতল্লবিশিষ্ট যন্ত্র।

ডাক (DAK, a small rural instrument of percussion common
in India) একটী ছোট গ্রাম্য আনন্দ যন্ত্র। ভারতবর্ষে
ইহার প্রচলন।

ডিকাকর্ড (DECACHORD, an unused musical instru-
ment)



ment mounted with ten strings) একটী দশতন্ত্রবিশিষ্ট অপ্রচলিত বাদ্যযন্ত্র ।

ডিণিম (DINDIMA, an ancient instrument of percussion of the Hindoos) হিন্দুদিগের একটী প্রাচীন আনন্দ যন্ত্র ।

ডিক্ষাট জীজ (DISCANT GEIGE the unused name of violin) বাহ্লীন যন্ত্রের অপ্রচলিত নাম ।

ডুগডুগা বা ডুগডুগী (DUGDUGA or DUGDUGI, a small hand-drum of the Hindoos) হিন্দুদিগের একটী ক্ষুদ্র আনন্দযন্ত্র । ইহা ডমরু শব্দের অপভ্রংশ । (See ডমরু and p. 104)

ডুট্কা (DUTKA, a Russian wind instrument composed of two pipes) একপ্রকার শুষিরযন্ত্র । দুইটী নল একত্র করিয়া এই যন্ত্র নির্ণিত হয় এবং তাহার প্রত্যেক নলে তিনটী করিয়া ছিদ্র থাকে । ইহা বাজাইবার সময় বোধ হয় যেন দুই জন ব্যক্তি বাজাইতেছে । রুসীয়েরা ইহা ব্যবহার করে ।

W. C. Stafford.

ডুট্সি ফ্লোটি (DEUTCHE FLOTE, a German flute) ইহা একটী জর্মণ শুষিরযন্ত্র ।

ডেঙ্গু (DENGARI, a name of dindima) ডিণিম যন্ত্রের অন্যতর নাম ।

ডেনিস ডর (DENIS D'OR, a musical instrument like piano forte) পিয়ানোফোর্টির ন্যায় একপ্রকার বাদ্যযন্ত্র ।

ডেভিডস-হার্প (DAVID'S HARP, a species of stringed instrument of the Jews) যিহুদীদের একপ্রকার তত্ত্ব্যন্ত্র । (See কিম্বর)

ডেয়ার (DAIRE, the tambourin or hand-drum) একপ্রকার আনন্দযন্ত্র ।

ডেলিন (DELYN, the Welsh name of harp) হাপ যন্ত্রের ওয়েলস দেশীয় নাম ।

ডোলা (DOULLA, a Singhalese instrument of percussion) একটী আনন্দযন্ত্রবিশেষ । ইহা প্রায় দেখিতে বেড়িগো-দিয়া যন্ত্রের ন্যায় । (See বেড়িগোদিয়া) । কিন্তু আমাদের অন্যতর গ্রাম্যযন্ত্র চোলের সঙ্গে ইহার আকার, নাম ও কার্য্যগত অনেক সাদৃশ্য আছে । ইহাতে বোধ হয় চোলের অনুকরণেই ইহা নির্মিত হইয়া থাকিবে । সিংহলীয়েরা এই যন্ত্র ব্যবহার করে ।

ড্রম (DRUM, a well-known military instrument of percussion, specially common in Europe) একটী স্থুপ্রসিদ্ধ সামরিক আনন্দযন্ত্র এবং ইউরোপে ইহার বিশিষ্টরূপ প্রচলন । এতদ্বিম পৃথিবীর অপরাপর দেশেও ইহা দেখা যায় । ভারতবর্ষের ঢকা এবং জয়চক্র আৰ ইউরোপীয় ড্রম একশ্রেণীৰ সামরিক যন্ত্র । (See ঢকা and জয়চক্র)

ড্রিকোরিগ (DRECORIG, a large piano forte) একটী বৃহৎ পিয়ানোফোর্ট যন্ত্র । ইহার প্রত্যেক স্বরে তিনটী করিয়া তন্তু থাকে ।

চ

চক্কা (DHAKKA, a well-known and very ancient Hindoo instrument of percussion) হিন্দু দিগের একটী স্বপ্রসিদ্ধ এবং অতিপ্রাচীন আনন্দযন্ত্র । (See p. 100 ; জয়চক্কা and ডুম)

চোল (DHOLE, an ordinary drum of the Hindoos) হিন্দু দিগের একটী সাধারণ ও গ্রাম্য আনন্দযন্ত্র । (See p. 99)

চোলক (DHOLUCK, an instrument of percussion of the Hindoos) হিন্দু দিগের আনন্দযন্ত্রবিশেষ । (See p. 98)

চোলকী (DHOLUCKI, a small dholuck of the Hindoos) হিন্দু দিগের একটী ছোট চোলকযন্ত্র ।

Carl Engel.

ত

তবল্শামি (TUBLYSHAME, an instrument of percussion of the modern Egyptians) আধুনিক মিসরীয়দের একপ্রকার আনন্দযন্ত্রবিশেষ । আধুনিক মিসরীয়েরা ইহা বিবাহাদি উপলক্ষে এবং সন্ধ্যাসীদের মেলায় ব্যবহার করিয়া থাকে । ইহার খোল রাঙ ও তাত্রনির্মিত এবং মুখে চর্মাচ্ছাদনী আবশ

থাকে। ইহার বাদনক্রিয়া গলায় ঝুলাইয়া হইয়া থাকে।

তবলা (TUBLA, an instrument of percussion common in India) ভারতবর্দ্ধে প্রচলিত একটী আনন্দযন্ত্র। (See p. 99)

Carl Engel.

তম্বলী (TOMBALEH, a military instrument of percussion of the Turks) তুরক্কজাতিদের একপ্রকার সামরিক আনন্দযন্ত্র। ইহার আকার অনেকাংশে তবলার ম্যায়।

তায়ুশ বা মায়ুরী (TAYUSH or MAYOORI, a stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী তত্যন্ত্রবিশেষ। (See p. 57)

তান্পুর বুজুর্ক (TAMPOUR BOUZOURK, a very remarkable Persian Stringed instrument) ইহা পারস্যদেশীয় অতিপ্রসিদ্ধ তত্যন্ত্রবিশেষ। ইহাতে পাঁচটী তার ঘোজিত এবং পাঁচটী সারিকা সমন্ব থাকে। কখন কখন ইহার ভলাবুনিশ্চিত ভাগটী অতি সুন্দর ও মণিগুরুত্বপূর্ণ হয়।

তান্পুরা বা তাম্বুরা (TANPOORA or TAMBOURA, an ancient stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী প্রাচীন তত্যন্ত্রবিশেষ। ইহাকে তুম্বুর বীণা বা তম্বুরা কহে। (See p. 37)

তাপন (TAPON, an Indian drum struck with the hand)

হস্তদ্বারা বাদিত ভারতবর্ষীয় আনন্দযন্ত্রবিশেষ ।

J. F. Dannelcy

তাম্বোর (TAMBOUR, a military instrument of percussion)

একটী সামরিক আনন্দযন্ত্রবিশেষ ।

তাম্বোর ডাইরেন্ (TAMBOUR D'AIRAIN, a species of

drum) একপ্রকার ঢকা । ইহার খোল তাত্ত্বিকভাবে

এবং কেবল একপাশে চম্পদ্বারা আচ্ছাদিত । ছুইটী

ক্ষুদ্র যষ্টিদ্বারা ইহা বাদিত হয় ।

তাম্বোর ডি বাস্ক (TAMBOUR DE BASQUE, a small

drum) একটী ক্ষুদ্র ঢকাবিশেষ । ইহার পরিধি চারি

ইঞ্চি অপেক্ষা বেশী নহে, এবং ইহা কতকগুলি ক্ষুদ্র

ঘটিকাসমন্বিত হইয়া কেবল একখণ্ড চর্মে আচ্ছা-

দিত থাকে ।

তাম্বোর ডিস নিগ্রেস (TAMPOUR DIS NEGRES, an

instrument of percussion) একটী আনন্দযন্ত্রবিশেষ ।

বৃক্ষের শুঁড়ির অন্তর্ভুক্ত খোদিত করিয়া তাহার এক

মুখে একখণ্ড ছাগ বা মেঘচর্ম আচ্ছাদনপূর্বক এই যন্ত্র

নির্মাণ করিতে হয় । এই যন্ত্র অনেক প্রকার, তন্মধ্যে

কতকগুলির দৈব্য পাঁচ ফুট এবং ব্যাস কুড়ি বা ত্রিশ

ইঞ্চি ।

তাম্বোর ডিস লাপন্স (TAMBOUR DES LAPONS, an

instrument of percussion) একটী আনন্দযন্ত্র । একখণ্ড

কাঠের অন্তর্ভুগ শূলু করিয়া ডিম্বাকারে ইহার খোল নির্মিত হয় এবং তাহার মুখে একখণ্ড পাতলা চৰ্ম সংযুক্ত থাকে। ইহার খোল এবং আচ্ছাদিত চৰ্ম লোহিত বর্ণে রঞ্জিত। একটী ক্ষুদ্র দণ্ড বা অঙ্গু দ্বারা ইহা বাদিত হয়।

তাম্বোরিন् (TAMBOURIN, an instrument of percussion)

একপ্রকার আনন্দ্যন্ত। প্রাচীন মিসরীয়, আসিরীয়, যিহুদী প্রভৃতি জাতিরা ইহা ব্যবহার করিত। এই যন্ত্র বর্তমান সময়ে ইউরোপ এবং আসিয়ায় ঘেরপে গোলাকারে গঠিত হইয়া ব্যবহৃত হয়, পূর্বেও সেইপ্রকার হইত। অধিকস্তু তদানীন্তন পূর্বোক্ত জাতিরা চতুর্কোণ (Square) এবং লম্ব-চতুর্কোণ (Oblong-square) তাম্বোরিন্যন্ত্রে ব্যবহার করিত। কখন কখন ধৰনি মাধুর্যের জন্য চতুর্কোণাকৃতি তাম্বোরিন্যন্ত্রের আচ্ছাদিত চৰ্মপট্টে একটী বিভাজিকা-বন্ধনী (Bar) সংযুক্ত করিয়া সমবিভাগে বিভক্ত করা হইত। এই যন্ত্র পুরুষজাতি অপেক্ষা স্ত্রীলোকদিগেরই নিকট অধিকতর ব্যবহৃত।

Burney's *History of Music*.

তাম্বোরিন্ ডি প্রোভেন্স (TAMBOURIN DE PROVENCE, a drum of which the case is longer and straighter than that of the common drum and is struck with a single stick) একটী চক্রাযন্ত্রবিশেষ। সাধারণ চক্র-

পেক্ষা ইহার খোলটি অধিকতর দীর্ঘ ও ঋজু। ইহা
কেবল যষ্টিবারা বাদিত হয়।

তিক্তিরী বা তিত্তিরী (TIKTIRY or TITTIRY, an ancient
wind instrument of the Hindoos, made of double reeds)

হিন্দু দিগের একটী প্রাচীন দ্বিলয়স্তৰ। ইহা দেখিতে
কতকটা ইউরোপীয় ব্যাগ-পাইপের (Bag-pipe) ন্যায়।
কিন্তু পূর্বতন খ্যাদের সময়ে কোন কোন তিক্তিরী
যন্ত্র ব্যাগ-পাইপের মঙ্গে অনেকাংশে মিলিত, একটি-
কার তিক্তিরী সেৱন নহে; স্বতরাং ব্যাগ-পাইপের
সহিত ইহার তত সাদৃশ্য নাই। (See p. 89)। ইংরা-
জেরা ইহাকে “তিত্তি” (Titty) এই নাম দিয়া
থাকেন। কোইম্বাটুর সনেরাটের (Coimbatour Son-
nerat) ভয়েজেস অক্স ইশিস ওরিএণ্টালিস (Voy-
ages aux Indes Orientales) নামক পুস্তকে “তোর্টি”
(Tourte) বলিয়া এই যন্ত্রের উল্লেখ আছে। মিট্টার
হিল (Mr. Hill) সাহেব মঙ্গোলিয়ার পর্যন্তভাগে
মামেচিন নামক প্রসিক বাণিজ্যপ্রধান নগরে চীন-
দেশীয় সম্মিলিতকুশলীদের হস্তে এই যন্ত্র দেখিয়াছি-
লেন। স্বর উইলিয়ম আউস্লি (Sir William Ousley)
সাহেব পারস্পর একপ যন্ত্র দেখিয়াছিলেন। মে-
দেশে ইচ্চার নাম “নে আম্বানা” (Nei ambana)।
(See মে আম্বানা and p. 86) মিসরদেশীয় “জুকো-

য়ারা ” (Zouqqarah) নামক যন্ত্রের সঙ্গে এই যন্ত্রের বিশেষ সাংস্কৃত আছে । (See p. 86)

তুতুরী (TOOTOOREE, a small trumpet of the Hindoos)

হিন্দুদিগের একটী ছোট শৃঙ্খল। মাধ্যিক কার্য কিম্বা দেবমন্দিরে এই যন্ত্র ব্যবহৃত হইয়া থাকে ।

তুব্রী (TUBRI) । (See তিক্তিরী and p. 86)

তুম্বুকী (TUMBUKI, an ancient Hindoo instrument of percussion) হিন্দুদিগের একটী আচীন আনন্দযন্ত্র । ইহার আকার ঢঙ্কার ন্যায় ।

তুরী (TOURY, an ancient wind instrument of the Hindoos) হিন্দুদিগের একটী শুমিরযন্ত্র । (See p. 84)

ত্রাওংশ (TRAWANGSA, a stringed instrument of the Javanese, resembling a guiter) গিতারযন্ত্রের ন্যায় যাবাবাসীদের একটী তত্যন্ত্র । অধিকল্প ইহার আকার ভারতবর্ষীয় কচ্ছপী-বীণার ন্যায় ।

Crawford's *Music and Dancing*.

from the "History of Indian Archipelago," Vol. I.

ত্রিগোণন (TRIGONUN, an ancient Egyptian stringed instrument of the lyrekind) আচীন মিসরদেশীয় লায়ার-জাতীয় তত্যন্ত্রবিশেষ । কিন্তু ইহার আকার ত্রিকোণ । গ্রীসদেশীয় পশ্চিত সফোক্লিস (Sophocles) ইহাকে ফ্রাইজিয়ান (Phrygian) যন্ত্রবিশেষ বলিতেন । পুরা-

কালে আলেক্জান্দ্রিয়ানিবাসী আলেক্জান্দ্রার আলেক্জান্দ্রিনস् (Alexander Alexandrinus) নামক প্রসিদ্ধ বাদক রোম নগরে এই যন্ত্র বাদন করিয়া বিশেষ স্বত্ত্বাতি লাভ করিয়াছিলেন। এই যন্ত্র গ্রীস ও পারস্য দেশে প্রচলিত ছিল। এবন্ধি একটী যন্ত্র ১৮২৩ খ্রিস্টাব্দে থিবিস্ (Thebes) নগরে আবিষ্কৃত হইয়াছে। কিন্তু তাহার আকার অর্কণগোলাকার এবং তাহাতে কুড়িটী তার যোজিত আছে।

Burney's *History of Music.*

ত্রিতন্ত্রী বীণা (TRITANTRI BINA, an ancient stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী প্রাচীন তত্যন্ত্রবিশেষ। (See p. 22)

ত্রিপদিয়ন् লায়ার (TRIPODIAN LYRE, an ancient stringed instrument) একটী প্রাচীন তত্যন্ত্র। ইহাকে ত্রিপদী-বীণা কহে। একপ কথিত আছে যে, জিসিহিয়ান্ন পিথাগোরস্ এই যন্ত্রের স্থষ্টি করেন।

ত্রিবলী (TRIBALI, an ancient Hindoo instrument of percussion) হিন্দুদিগের একপ্রকার প্রাচীন আনন্দযন্ত্র।

ধ

ধালা (THALA, a metalic instrument called gong, common in India) একটী ভারতবর্ষীয় ঘনযন্ত্রবিশেষ। (See ঘড়ি and p. 109)

থিওরো (THEORBO, a stringed instrument) একটী

তত্যন্ত্র । পূর্বে নাট্যগীতি (Opera) এবং ধর্মনিদেরে এই যন্ত্র ব্যবহৃত হইত । ইহার আকার বহুজাতীয় লুটের ন্যায়, কিন্তু দুইটী স্ফুর্ক আছে । তন্মধ্যে দ্বিতীয় স্ফুর্কে চারটী খাদ্যবিশিষ্ট তন্তু ঘোজিত থাকে ।

থুবল বা থুবল ক্লুট (THUBAL or THUBAL FLUTE, an ancient wind instrument) একপ্রকার প্রাচীন শুষির-যন্ত্র ।

থ্রু (THREWS, a French stringed instrument of the violin-kind) একটী কুস্তিদেশীয় বাহুলিনজাতীয় তত্যন্ত্র-বিশেষ ।

দ

দগড় বা দগড়া (DAGAR or DAGARA, an instrument of percussion of the Hindoos) হিন্দুদিগের একটী আনন্দ যন্ত্র । (See p. 102)

দামামা (DAMAMA) । (See দগড় and p. 102)

দায়রা (DAIR, a Prussian instrument of percussion, similar to the *tambour de basque*) তাম্রোর ডি বাস্কের ন্যায় একপ্রকার পেসীয় আনন্দযন্ত্র । (See তাম্রোর ডি বাস্ক) । এই যন্ত্র তাল দিবার জন্য ব্যবহৃত হইয়া থাকে ।

দায়ায়ুল (DIAULE, a double-flute) একটি দ্বিলয়ন্ত্র-বিশেষ ।

দায়োপি (DIOPI, a species of ancient flute with two holes) একটী রিচিত্রবিশিষ্ট শুধিরযন্ত্রবিশেষ।

দারা (DARA, a Hindoo instrument of percussion similar to the tambourin) তাংশোরিন্ যন্ত্রের ন্যায় হিন্দুদিগের একটী আনন্দযন্ত্রবিশেষ। গ্রিকতানবাদনের সময়ে হিন্দুর ইহা ব্যবহার করেন।

Mr. Prinsep

দারাবুক (DARABUKKEH, a modern Egyptian instrument of percussion) ইহা একটী আধুনিক মিসরদেশীয় আনন্দযন্ত্র। (See p. 105)

দিত্তনক্লসিস্ বা দিত্তলিলোক্লঞ্জ (DITTANAKLASIC or DITTALELOCLANGE, a musical instrument, invented in the year 1800, by Mullen of Vienna) ১৮০০
খৃষ্টাব্দে ভিয়ানানিবাসী মূলার সাহেব কর্তৃক আবিষ্কৃত একটী বাদ্যযন্ত্র।

দুন্দুভি (DUNDUBHI, a well-known instrument of percussion of the ancient Hindoos) প্রাচীন হিন্দুদিগের একটী সুপ্রিমিক আনন্দযন্ত্র। দেবতারা এই যন্ত্র ব্যবহার করিতেন। তন্ত্রিম রামায়ণ, মহাভারতাদি সুপ্রিমিক গ্রন্থে যুদ্ধের সময় এই যন্ত্র ব্যবহৃত বলিয়া অনেক স্থলে লিখিত আছে। পূর্বে মান্মল্যকার্যেও দুন্দুভিযন্ত্র বাদিত হইত। (See p. 105)

দোদেককড় (DODECACHORD, a stringed instrument

mounted with twelve strings) দ্বাদশতম্ববিশিষ্ট একটী
তত্ত্ববিশেষ ।

ন

নক্কার (GNACCARE) । (See কাটামেট)

নন্দ (NANDA, a wind instrument of the ancient Hindoos)

প্রাচীন হিন্দু দিগের একটুকার শুণিরয় । ইহা
দৈয়ের একাদশ অঙ্গুলি পরিমিত হইত । এইরূপ
“ মহানন্দ ” নামে আর একটী প্রাচীন শুণিরযন্ত্র ছিল ।
উহা দীর্ঘে দশাঙ্গুল । প্রাচীন হিন্দু দিগের “ জয় ”
ও “ বিজয় ” নামে আরো দুইটী বংশী ছিল ।

“ মহানন্দস্তথা নন্দে। বিজয়োৎপ জয়স্তথা ।

চতুর উত্তমা বৎশা মাতঙ্গমুনিসম্মতাঃ ॥

দশাঙ্গুলো মহানন্দ নন্দ একাদশাঙ্গুলঃ ॥ ”

সঙ্গীতদামোদর ।

নব্লম (NAUBLUM, a Phoenician musical instrument)

একটী ফিনিদীয় বাদাযন্ত্রবিশেষ । বেকস (Bacchus) দেবতার মহাতোজের, সন্দা এই যন্ত্র ব্যবহৃত
হইত ।

নরশিঙ্গা বা নরশৃঙ্গ (NARASHINGA or NARASHRIN-
GA, the Nepalese horn, made entirely of copper)

সম্পূর্ণরূপে তাত্ত্বিনির্মিত নেপালীয় শৃঙ্গন্ত ।

A. Cambell's Notes on the Musical instruments

of the Nepalese.

নুল (NUL, the Indian kettle-drum) ভারতবর্ষীয় আনন্দ যন্ত্রবিশেষ। যুদ্ধের সময় অশ্বপৃষ্ঠে স্থাপন করিয়া ইহা বাজাইতে হয়।

নাকারা (NACARA, an instrument of percussion) এক প্রকার আনন্দযন্ত্র। পূর্বে তুরুক দেশে ইহার প্রচলন ছিল। ইহা স্পেনদেশীয় কাস্টানেট (Castagnettes) যন্ত্রের আকারে নির্মিত। কিন্তু ওয়াল্থর্ম (Waltherm) সাহেবের মতে ইহা চৈনদিগের একটা ত্রিকোণবিশিষ্ট যন্ত্রবিশেষ।

নাক্কারা (NACCARA, an instrument like castanettes, but greater) কাস্টানেটের ন্যায় একপ্রকার যন্ত্র, কিন্তু অপেক্ষাকৃত বৃহৎ।

নাকচের (NACCHERE, the castanettes) করতালি যন্ত্র।

নাকচেরা (NACCHERA, the pluralized name of the military drums) সামরিক ড্রম সমূহের বহুবচনাত্মক নাম।

নাকচেরোন (NACCHERONE, the great drum) বৃহৎ চক্র।

নাকোস (NAKOUS, an Egyptian musical instrument made of two brass-plates) একপ্রকার মিসরদেশীয় বাদ্যযন্ত্র বিশেষ। দুইখণ্ড পিণ্ডলপাত্রে এই যন্ত্র নির্মিত হয়। উক্ত দেশীয় কফ্টিক ধর্মমন্দির সমূহে (Coptic Churches) ইহা ব্যবহৃত হইয়া থাকে।

নাগ-ফণি (NAG-PHONI, a wind instrument like tewry con-

mon in Nepal) তুরৌর ন্যায় একপ্রকার শুধিরযন্ত্র । (See তুরী) । নেপাল দেশে ইহা ব্যবহৃত হইয়া থাকে । এই যন্ত্র সচরাচর তাত্ত্বে নির্মিত হয় । ইউ-রোপীয় পশ্চিতেরা ইহাকে ফ্রেঞ্চ হর্নের (French horn) ন্যায় বলেন ।

A. Cambell.

নাগ্রা (NAGRA, a well-known Indian instrument of percussion) ইহা ভারতবর্ষীয় স্থপ্রসিদ্ধ আনন্দযন্ত্র । এই যন্ত্র দুইপ্রকার ;—ক্ষুদ্র নাগ্রা (Small Nagra) এবং মহানাগ্রা (Great Nagra) । (See p. 101)

নাগরীট (NAGAREET, a species of kettle drum, common in Abyssinia) আবিসিনিয়া দেশে প্রচলিত একপ্রকার আনন্দযন্ত্র ।

নাচ্ধর্গ (NACHTHORN, an organ-stop) অর্গান যন্ত্রের একটী বঙ্কনীবিশেষ ।

নাজার্ড (NAZARD, an organ-stop) ইহা ও অর্গান যন্ত্রের একটী বঙ্কনী ।

নাফারি (NAFARI, an Indian trumpet) একটী ভারতবর্ষীয় শৃঙ্গযন্ত্রবিশেষ ।

নাব্লা (NABILA, a musical instrument of the ancient Egyptians) প্রাচীন মিসরীয়দের একপ্রকার বাদ্যযন্ত্র । যিন্দীজাতীয়া ইহাকে নেবেল (Nebel) বলে । (See নেবেল)

নাব্লিয়ম (NABLIUM, a name of nabla) নাব্লা যন্ত্রের
অন্তর নাম।

নাসাট (NASSAT, a wind instrument of metal) ধাতুনি
শিত একটী শুধিরযন্ত্রবিশেষ।

নাসিরি (NASIRI, a wind instrument common in Malay)
মালাই দেশে পচলি ৫ একটী শুধিরযন্ত্র। ভারতবর্ষের
মোনলো (MONAULO, a wind instrument of the ancient Greeks) প্রাচীন গ্রিকদিগের একটী শুষ্যরয়ন্ত্রবিশেষ। কেহ কেহ বলেন ফ্রিজিয়া (Phrygia) দেশ হইতে কাদোমদের (Cadomus) স্তৰী হার্মণিয়া (Harmonia) এই যন্ত্র আনয়ন করেন। কিন্তু অন্য পঞ্চতগণ বলেন, মিনার্ভাদেবী (Minerva) ইহার যষ্টি করিয়াছিলেন।

মোহালী (MOHALLI, a Nepalese flageolet) নেপাল-দেশীয় নিবারজাতির শুষ্যরয়ন্ত্রবিশেষ।

ম্যাম (MAM, a wind instrument of the ancient Egyptians, of the bag-pipekind) প্রাচীন মিসরীয়দের ব্যাগ-পাইপজাতীয় দ্বিমূলযন্ত্রবিশেষ। ইহা মিসরীয় রাস্তাদের অত্যন্ত প্রিয় বস্তু ছিল। বৃষ্টিশ মিউডিয়মে একটী সৈন্ধুশ মন্ত্রবাদিকার প্রতিকৃতি স্থাপিত রাখিয়াছে।

An account of Manners and Customs of the Modern Egyptians, by, E. W. Lane. 5th Edition. London,

১৪৮০

য

যশঃপটহ (JASHAHPATAHA, an ancient instrument of percussion of the Hindoos) হিন্দুদিগের একপ্রকার প্রাচীন আনন্দযন্ত্র। মূলে জয়মাত্রের পর দয়ীগতি হইতে এই যন্ত্র বাদিত হইত। অনরকোমে ইহার উল্লেখ আছে।

যোড়ঘাই (JORRGHY, an instrument of percussion of the Hindoos) হিন্দুদিগের একপ্রকার আনন্দযন্ত্র। (See p. 103)

র

রঞ্জ বা লুঞ্জ (RONGO or LUONGO, a species of hunting horn common in Africa) আফ্রিকায় প্রচলিত একপ্রকার শিকারশৃঙ্গ।

রবণ (RABANA, a most ancient stringed instrument of the Hindoos) হিন্দুদিগের প্রতিপ্রাচীন তত্ত্ববিশেষ।

ইহাও রাবণাদ্বের আয় ধনুর্ধোগে বাসিত হইত। (See রাবণাদ্ব বা রণান্তর)। এই এক যে পরে পারশুদিগের প্রসিদ্ধ “রবাব” এবং পরিশেষে “রেনেব” ও “রেবেক” হইয়াছে, তিনিয়ের অধুনাত্ত্বও সন্দেহ নাই। ইহা হিন্দুদিগের “অমৃত” (Omrito) নামক আর একটী প্রাচীন তত্ত্বাদ্বের আয়। (See অনুত)। এই উভয় যন্ত্র এবং “রাবণাদ্ব” আবৃত্যামীয় প্রসিদ্ধ “কেমানগে আ গুজ” ও “রেনেব” যত্ত্বের মধ্যে। ইহাদের আকারসাদৃশ্য দেখিলে স্পষ্টই প্রতীতি হয় যে, কেমানগে আ গুজ যন্ত্র উহাদের আকারসাদৃশ্যে নির্মিত হইয়াছে। (কু + অন = রবাব) এইরূপে ইহা সিদ্ধ হইয়াছে।

M. Fetic.

রেবেল (REBELLE, a species of stringed instrument) এক প্রকার তত্ত্বাদ্বের আয়।

রবাব (REBAB, a wellknown and ancient stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী প্রাচীন ও মুগ্ধসিদ্ধ তত্ত্বাদ্বের বিবেচনায় উহা যুক্তিসংস্কৃত দেশীয়, কিন্তু আমাদের বিবেচনায় উহা যুক্তিসংস্কৃত বিচার বোধ হয় না। কারণ রবাব শব্দে ‘র’ করোতি যাম ইতি ‘রবাব’ এই বুৎপত্তিই সিদ্ধ হইয়া থাকে। এই যন্ত্রের আকারসাদৃশ্য রবণের আয়। হিন্দুরবাব

পূর্বে ধনুর্ধোগে বাদিত হইত। কিন্তু এখন পারস্য-
দেশীয়েরা ও আরবীয়েরা অঙ্গুলিত্ব দিয়া বাজাইয়া
থাকেন। ইহা যে ধনুর্ধোরা বাজান যায় না এমন
নহে। ক্রফোর্ড (Crawford) সাহেব বলেন, ভারতীয়
মহাসাগরস্থ দ্বিপমালাবাসীরা ধনুর্ধোরা এই যন্ত্রের বাদন-
ক্রিয়া সম্পূর্ণ করে। স্বরবীণার সহিত রবাব্যন্ত্রের
অনেকটা সাদৃশ্য আছে। (See ps. 52 and 67)

Crawford's *Indian Archipelago*.

রুলান্টি তামুরো (RULLANTE TAMBURO, a small
military drum) একটী ছোট সামরিক চক্রবিশেষ।

রসিগ্নল (ROSSIGNOL, a little instrument for imi-
tating the warbling of a bird) পঙ্কজবিশেষ হয়। কুকুর
পার্থ একপ্রকার ফুল যন্ত্রবিশেষ।

রাকেট বা রাকেট্ট (RACKETT or RANKETT, an ex-
tremely old wind instrument, made of wood) অতি-
পাচীন কালের একটী কার্ত্তিমূর্তি শুমিরযন্ত্রবিশেষ।

রান্কুয়েট (RANQUET, a wind instrument) একটী শুমির-
যন্ত্রবিশেষ।

রান্নান (RAN-NAN, an instrument of metal of the
Siamese) সামুদ্রিক যন্ত্র হনমন্তু।

রাপেল (RAPPEL, a musical instrument of the Egyptians
similar to the great drum) বৃহদ্বৃক্কার ন্যায় একপ্র-
কার মিমলীয় বাদ্যযন্ত্র।

রাবণ (RABANA, a species of kettle drum used in India)

ভারতবর্ষপ্রচলিত একপ্রকার আনন্দযন্ত্র।

J. F. Danneley.

রাবণাস্ত্র বা রাবণাস্ত্রম् (RABANASTRA or RABANAS-

TRAM, a most ancient stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী অতিপ্রাচীন তত্ত্বান্বিত শব্দ। ধনু দিয়া ইহার বাদনক্রিয়া সম্পাদিত চইত। কথিত আছে, এই যন্ত্র সিংহলাদিপক্ষ প্রবন্ধরাপ রাবণ কর্তৃক নির্মিত হইয়াছিল। সেইজন্য ইহা তাহার নামে খ্যাত হইয়াছে। প্রমিল “রেবান্” যদ্বের সঙ্গে ইহার অনেক মাদৃশ্য আছে। হিন্দুদিগের “রাবণ” ও “রবণ” এ উভা প্রচীন নথিই এবং নিধ এবং এক বুৎপত্তিমুক্ত রচনা এবং কৃটিস (M. Fétis) এছেব ঘলেন যে, কৃটিস সামান্যের প্রতি এই যদ্বের পুরো নথি নথি প্রতি (See p. 67 and 1st note in the p. 69)

রাবণি (RABANT, an instrument of percussion of the Singhalese) সিংহলীয়দের একপ্রকার আনন্দযন্ত্র। উহাদের কোন কোন আনন্দযন্ত্রে ঘটকা সংলগ্ন থাকে, কিন্তু ইহাতে তাহা নাই। নাদকরা বামহস্তে ধারণ করিয়া দক্ষিণ করে এই যন্ত্রাদিরা থাকে। বিশেষতঃ সিংহলদ্বীপের বিনামুক জন স্ত্রীমোক ইহাকে ভূতলে স্থাপন করিয়া নাচয়। বেথে ইয়ে লক্ষ্মীবাসীরা

রাবণপুত্র (রাবণ + পুত্র = রাবণি) অর্থাৎ মেঘনাদের নামে
এই যন্ত্রের নামকরণ করিয়াছে । (W. C. Stafford)
কোন কোন ইউরোপীয় সঙ্গীতবিংশ পশ্চিম বলেন যে,
আঞ্চিকাদেশের নিপ্রেদিগেরও এই নামে একমিথ
আনন্দযন্ত্র আছে ।

রিগল বা রিগেল (RIGOL or REGALE, an ancient mu-
sical instrument) একপ্রকার প্রাচীন বাদামস্তু । কলক-
ত্তালি ভিন্নাকারের কার্ত্তিকার্য ইচ্ছা রিং - হট্টয়া হত্তিগ-
ন্ত্রের প্রতুলশির্ষক মষ্টিব আবাহন বাদিন হইত ।

রিগারিলম (RIGABILUM, a very ancient musical instru-
ment) একটী অতিপ্রাচীন বাদামস্তু (R. B. Du
Cange) মতে এই মন্ত্রটী অর্গানযন্ত্রের সর্টি হউনাম
পৃষ্ঠের আবিঙ্গন হইয়াছিল এবং ধর্মালয়ে কঠসর সহ-
শোগে ব্যবহৃত হইত ।

রিল্চ (RILCH, a species of Russian lute) একপ্রকার
রুসদেশীয় লুট্যস্তু ।

রিলেক (RILEK, a Russian stringed instrument resembling
the lyre) লায়ারযন্ত্রের স্থায় একপ্রকার রুশীয় তত
যন্ত্র ।

রৌসেন হার্ফ (RIESEN HARFE, a stringed instrument)
একপ্রকার ততযন্ত্র ।

রুঞ্জা (RUNJA, an ancient Hindoo instrument of per-
cussion) হিন্দুদিগের একপ্রকার প্রাচীন আনন্দযন্ত্র ।

রুবেব (RUBEBE, a rebab-like stringed instrument, but mounted with one or two strings) একটী রবাবের সাথে ভৱ্যত্ব, কিন্তু ইহাতে এক বা দুইটীর অধিক তন্ত্র থাকে না। (See ps. 27 and 28)

রুয়ানা (RUANA, the corrupted name of rabana) রবাব-মন্ত্রের মাঘাপত্রংশ।

রেবেব (REBEC, an oriental trebab) পূর্বাঞ্চলীয় রবাব পুরাকালে ইউরোপীয় ধর্মীয় ঘোষণ কর্তৃক দেশ-মালম হইতে উক্ত যন্ত্র ইউরোপে নীত হয়। নীত হইবার পূর্বে ইহার নাম “রেবেব” (Rebebe) ছিল। কিন্তু পরে ইহার তন্ত্রসংখ্যার এবং অন্যান্য বিষয়ের অনেক পরিবর্তন হইয়া গিয়া, এখন গ্রাম্য-দিগের বাহ্যিকাতীয় যন্ত্রবিশেষ (Rustic fiddle) নামে “বন্ধু” নাম আপ্ত হইয়াছে।

রোট (ROTE or ROTA, a species of European wind instrument) একটোকার ইউরোপীয় তত্ত্বযন্ত্র।

রোশনচোকী (ROWSHANCHOWKI 'WKI, a wellknown wind instrument common in India and Persia) ভারতবর্দ্ধ ও পারস্যদেশে প্রচলিত একটী স্থানিক শুধুরযন্ত্রবিশেষ। (See p. 81)

রোশনচোকী সুর্না (ROWSHANCHOWKI SURNA)। (See রোশনচোকী)

র্যাটল (RATTLE, an African musical instrument) এ-

কটী অফিচালেশীম যন্ত্ৰবেন্দু। একটী তুষীৰ ভিতৰ
কলকলি কুদু কুদু অস্তৱপেন্দু পূৰিয়া। ইহা নিৰ্মিত
হয়। ইহা আমাৰেৰ দেশৰ ঝুঁসবুঁমীৰ আঘাত।

ল

লঙ্গেৰ বা এম্বাকিন (LÖNG) or EMBANKIS, an instrument of metal common in Congo) একপ্রকাৰ ঘন-
বজ্র। একখণ্ড ধৰণীৰ পিঠল ভায়ে তুঁটী কুদু
লোহ-ঘণ্টা আবক্ষ কৰিয়া এই যন্ত্ৰ নিৰ্মিত হয়।
কঙ্গোদেশীয় উচ্চবৰ্ষী (তুঁটী কুদু সঞ্চিদ্বাৰা ইহাৰ
ৰাদনকৰিয়া মশ্পান্ত কৰিয়া থাকেন।

লাট (LAUTE, the German, or Lute) লুটযন্ত্ৰেৰ জৰুৰীম
নাম।

লাপা (LAPA, a wind instrument of the Tartars, made of copper) তাতারদিগেৰ তাৰবিশিত একটী শুবিৱযন্ত্ৰ
বিশেষ। ইহাৰ দৈব্য নয় কুট।

লায়া (LYRA PYTHAGORÆ, a stringed instrument) একটী তত্ত্ববিশেষ। (See লায়াৰ
গিটাৰী and আষ্টকবি)

— বৰ্বৰিণা (— BARBERINA, a stringed instrument) এক
প্রকাৰ তত্ত্ব। খৃষ্টীয় সপ্তদশ শতাব্দীতে জিও,
বাপ্ট, দোনি (Gio, Bapt. Doni) নামক জনৈক ব্যক্তি
ইহা প্ৰথম নিৰ্মাণ কৰেন। এই যন্ত্ৰেৰ আৱ একটী
নাম “ আম্ফিকৰ্ডন ” (Amphichordon)

লায়ারা লেস্বিয়া (LYRA LESBIA, a stringed instrument)

একটী তত্ত্ববিশেষ। এরিয়ন् (Arion) নিসবন
(Lesbos) দ্বীপে ইহা বাঞ্ছিতেন।

লায়ার (LYRE, a celebrated stringed instrument among the Greeks and Romans, of which the invention is ascribed to Mercury. This instrument is of the greatest antiquity, and has, in consequence, often varied both in its form and in its number of strings) গ্রীক এবং রোমকদের একটী প্রগতি তত্ত্ববিশেষ। তাহাদের মতে মার্কুরি দেবতা কর্তৃক ইহা ষট। এই ষটটী অতিথিতীন তন কালের এবং মেইজন ক্রমগত ইহার আকার ও তন্ত্রসংখ্যা সম্বন্ধে অনেক পরিবর্তন ঘটিয়াছে। শিসরীয়, মিউবীয়, আবিসিনীয় এবং যিহুদী জাতিরা হার্পবিশ্বের দ্বায় এই ষটকে স্ব স্ব রূচ্যমুসারে অঙ্গ ও তন্ত্রগত পরিবর্তন করিয়া ব্যবহার করেন।

— অব মার্কুরি (— MERCURY, an ancient instrument of four strings) একটী চারিতন্ত্রবিশিষ্ট প্রাচীন তত্ত্ববিশেষ।

— গিতারি (— GUITARRE, a modern instrument of six-strings) একটী ষট্তন্ত্রবিশিষ্ট আধুনিক তত্ত্ববিশেষ।

— ডি ভায়োল (— DE VIOLE, an ancient stringed instrument) একটী প্রাচীন তত্ত্ববিশেষ। ইহা একস্বরী লায়ারমন্ত্র বিশেষ।

লায়ার বর্বরিণা (LYRE BARBERINA, a stringed instrument) একটী তত্ত্ববিশেষ। ইহাতে পঞ্চদশটী পর্যন্ত তন্ত যোজিত থাকে এবং ইহা ধনুর্দ্বারা বাদিত হয়। এস্রারযন্ত্রের সহিত ইহার ফতকটা সৌমাদৃশ আছে।

লারিগট (LARIGOT, a pipe or flageolet of the sheep-herds) মেয়গালকদের পাইপ বা ফ্লাজিওলেটযন্ত্র।
লিউটো (LIUTO, the lute) লুটযন্ত্র।

লিগ্নিয়ম স্টিলিয়ম (LIGNEUM PSALTERIUM, a species of stringed instrument) একপ্রকার তত্ত্ববিশেষ। ইহা কার্ত্তনির্মিত এবং দেশিতে ডল্সিমার (Dulcimer) যন্ত্রের আয়। ১৮৩৬ খৃষ্টাব্দে 'পোলণ্ড-নিবাসী গুসিকো (Gusikow) নামক একজন মিহন্দী একবার এই যন্ত্র এরূপ কোশলের সহিত বাজাইয়া-ছিলেন যে, তচ্ছুশণে শ্রোতামাত্রেই নিরতিশয় আনন্দ লাভ করিয়াছিলেন। জর্জিন্দেশে এই যন্ত্রকে "স্ট্রুফিডল" (Strohfiedel, straw fiddle) এবং ফ্রান্সদেশে ক্লাকিবয় (Claquebois) কহে।

লিচাক (LICHAKA, a wind instrument, made of reed, common in Africa) একটী নলনির্মিত শুষিরযন্ত্রবিশেষ। আফ্রিকাবাসী কান্তিজাতীয় বাচাপিন নামক জাতি ইহা ব্যবহার করে।

লিটুয়স (LITUUS, a wind instrument in the shape of the Sacred Rod of the Augurs) অগরদিগের পূত্যষ্ঠির ন্যায় আকারবিশিষ্ট একটী শুষ্যরযন্ত্র। এই জন্য ইহার এতাদৃশ সংজ্ঞা হইয়াছে। প্রাচীনদিগরে শৃঙ্গযন্ত্র অর্থাৎ কর্ণুয়া (Cornua) বা টিউবাৰ (Tuba) সহিত ইহার অনেকটা সামুশ্য আছে। ইহার আকার প্রায় দ্বাদশ, কেবল শিরোভাগ কিঞ্চিৎ বক্র।

লিটুয়ো (LITUO, the ancient clarion) প্রাচীন জ্ঞানিওন্মযন্ত্র।

লিলিয়া (LINCIA, a stringed instrument) একটী তত্ত্বযন্ত্র বিশেষ। (See গোফ্টকট্টাকর্তৃন)

লিৱা (LIRA, the lyre of the ancient Greeks and Egyptians) প্রাচীন গ্রীক এবং মিসরীয়দের লায়ারযন্ত্র।

— টেডেস্কা (— TEDESCA, the German lyre) জর্মণদেশীয় লায়ারযন্ত্র।

— ডা গাম্বা (— DA GAMBA, a stringed instrument) একপ্রকার তত্ত্বযন্ত্রবিশেষ। ইহাতে দ্বাদশ হইতে যোড়শটী পর্যন্ত তত্ত্ব মোজিত থাকে।

— ডা ব্রাসিয়া (— DA BRACCIA, an ancient Italian stringed instrument) একটী প্রাচীন ইতালীয় তত্ত্বযন্ত্রবিশেষ। অঙ্গুলিপট্টে (Finger-board) পাঁচটী এবং তৎপাশে দুইটী, এই সর্বশুল্ক সাতটী তত্ত্ব ইহাতে

যোজিত থাকে। ইহার আর একটী নাম “ইতালীয় লায়ার” (Italian lyre)

লিরা পগনা (LIRA PAGANA)। (See লায়ার)

— বৰ্বেরিনা (— BARBERINA)। (See লায়ার বৰ্বেরিনা)

— রষ্টিকা (— RUSTICA, a species of lyre of the ancient shepherds of Italy) ইতালীদেশের প্রাচীন মেন-পালকদের এক থকার লায়ারযন্ত্র।

— হেক্সাকর্ডিস (— HEXACHORDIS, a species of lyre mounted with six strings) একটী ষট্টত্ত্বিশিষ্ট লা-য়ারযন্ত্র।

লিরেসা (LIRESA, a bad lyre) একটী অপুরুষ লায়ার যন্ত্রবিধৈয়।

লিরোন (LIRONE, an uncommon stringed instrument of eleven or twelve strings) একটী একাদশ বা দ্বাদশ তত্ত্বিশিষ্ট অপ্রচলিত তত্ত্বযন্ত্র। মোড়শ খন্টাদে এই যন্ত্র ইতালীদেশে ব্যবহৃত হইত। ইহার আর একটী নাম “ভারোলা ডি বোর্দো” (Viola de bordone)

— পারফেটো (— PERFETTO)। (See লিরা ডা গোলা)

লুথ (LUTH, the French name for the lute, a musical instrument, which, since the invention of the harp, is totally laid aside) লুটযন্ত্রের ফরাসী নাম। হাপ-

যন্ত্রের স্থষ্টি হওয়ার পৰি এই যন্ত্রের ব্যবহার দুপ্ত হইয়াছে ।

লোটিন (LOTINÉ, a wind instrument) একগুরুত্বপূর্ণ যন্ত্র । এধনিয়সের (Athenaeus) মতে ইহা আদেক জান্সিয়ান্স “ফটিঞ্জ” (Photinge) যন্ত্রের আয় নির্ণ্যিত । তিনি আরো কলেন যে, আশ্রিতকার্য সমাপ্ত হইয়া থাকে ।

লুট (LUTE, a musical stringed instrument) একটী সঙ্গীতসমূক্ষীয় তত্ত্বজ্ঞ ।

— আচি' (— ARCHI) । (See আস্মিলিউটে।)

— থিওরো' (— THEORBO) । (See থিওরো')

লুর (LURE, a rustic wind instrument) একটী গ্রাম্য শুমির যন্ত্রবিশেষ । ইহা পশুশৃঙ্খল অথবা কার্তুললে নির্ণ্যিত হয় । কখন কখন হস্তিদল্লেও গঠিত হইয়া থাকে । ইহা ক্ষন্দানেভীয়জাতি কর্তৃক ব্যবহৃত ।

শ

শঙ্খ (SHANKHA, a most ancient wind instrument of the Hindoos) হিন্দু দিগের একটী অতিশ্রাদ্ধিনিতম শুমিরযন্ত্রবিশেষ । ইহা পূর্বে সামরিক ও মানবিক উভয় বিষয়েই ব্যবহৃত হইত । একদলে কেবল মানবদ্য কার্য্যেই ইহার প্রচলন । রামায়ণ, মহাভারত প্রভৃতি বীরবর্মণ্যধান মহাকাব্যের মেখানে যেখানে যুক্তবর্ণনা আছে, সেই সেই স্থানেই এই যন্ত্রের

উল্লেখ দেখা যায়। মহাভারতে শ্রীকৃষ্ণের শঙ্খের নাম “পাঞ্চজন্য শংকা” (Panchajanya shankha) এবং অর্জুনের শঙ্খের নাম “দেবদত্ত শংকা” (Devadatta shankha) বলিয়া লিখিত আছে। তদ্যতীত উক্ত গ্রন্থে আরো কয়েকপ্রকার শঙ্খের নাম দেখা যায়। হিন্দু-গণ বৃহজ্জাতীয় শংকাকে “মহাশংকা” (Mahashankha) বলেন। শংকাকে সমুদ্রায় শুষ্যরয়স্ত্রের আদি বলিমোও অতুর্যক্তি হয় না। ইহা হিন্দুধর্মাবলম্বীদের হ্যায় বৌদ্ধ দিগেরও মন্দিরে বাদিত হইয়া থাকে। ইংরাজেরা ইহাকে “কংক ট্রাম্পেট্” (Conch trumpet) বলেন। (See p. 55)

শাম্ (SHAWM, a wind instrument of the ancient Hebrews) প্রাচীন যিহুদীদের একপ্রকার শুষ্যরয়স্ত্র বিশেষ। ইহা দেখিতে “ওবয়” (Hautboy) বা “কর্ণেট” (Cornet) যন্ত্রের ম্যায়।

শারদ (SHARAD, a stringed instrument common in India, &c.) ভারতবর্ষ প্রস্তুতি দেশপ্রচলিত তত্ত্বস্তুতি শেষ। (See p. 28)

শাফার্ফীফ (SCHAFARFEIFE, a species of bag-pipe) একপ্রকার ব্যাগ-পাইপ অর্থাৎ দ্বিলয়স্ত্র।

শামাই (SHAMI, a species of wind instrument of the Arabs) আরবদিগের একপ্রকার শুষ্যরয়স্ত্র। ইহার আব একটী নাম “চামাই” (Chami)

শারদীয় বীণা (SHARADIA BINA,) । (See p. 28)

শালিশিম (SHALISHIM, a species of stringed instrument of the Jews) যিহুদীদের একপ্রকার তত্যন্তবিশেষ । ইহার আকার ত্রিকোণ ।

I. Sam. xviii, 6.

শুক্তিপট্ট (SHUKTIPATTA, a musical instrument of the ancient Hindoos) প্রাচীন হিন্দুদিগের একপ্রকার বাদ্যযন্ত্রবিশেষ ।

শূন্ত (SIIRINGA, the Hindoo horn) হিন্দুদিগের প্রসিদ্ধ শুমিরযন্ত্র । ইহা নানাপ্রকারের হইয়া থাকে । (See ps 83 to 85) .

শোফার (SHOPHAR, a trumpetkind wind instrument of the Hebrews) যিহুদীদিগের শৃঙ্গজাতীয় শুমিরযন্ত্রবিশেষ ।

শোফারথ (SHOFEROTH, an ancient wind instrument of the Hebrews) যিহুদীদের একটী প্রাচীন তত্যন্ত্র ।

সলমন (Solomon) এই যন্ত্র ব্যবহার করিতেন ।

Psalm, xcvi 6.

শ্রুতিবীণা (SHRUTI BINA, a stringed instrument of the ancient Hindoos) প্রাচীন হিন্দুদিগের একটী তত্যন্ত্রবিশেষ । সম্মীতদর্পণে ইহার উল্লেখ আছে ।

শ্র্যারী (SHRYARRI, a wind instrument) একপ্রকার শুমিরযন্ত্র । গুপ্তদশ খৃষ্টশতাব্দীতে ইহার প্রচলন ছিল ।

ষ

ষট্টালী (SATTALI, a species of the Hindoos) হিন্দু-
গের একপ্রকার ঘনযন্ত্র । (See p. 109)

ষিক্কাড়ো (STICCAUDO, a musical instrument) একটী বাদ্য-
যন্ত্রবিশেষ । ডবলিউ, সি, ষ্টাফোর্ড (W. C. Stafford)
সাহেব বলেন যে, ফরাসীয়া ইহাকে “ ক্লকিবয় ”
(Claquebois) বলেন । ভিন্নবিধি কার্ত্তখণ্ডে এই যন্ত্র
নির্মিত হয় এবং ইহাতে কেবল শুন্দস্বরগ্রাম (Diato-
nic scale) বাদিত ইইয়া থাকে । যে শলাকাদ্বারা
ইহার বাদনক্রিয়া সম্পাদিত হয়, তাহার অগ্রভাগ এক-
প্রকার কোমল পদার্থে মণিত ।

ষ্টীরষ্টক (STEERSTUCK, an ancient name of the harp-
sichord) হার্পসিকর্ডযন্ত্রের প্রাচীন নাম ।

ষ্টেন্টোফনিক টিউব (STENTORPHIONIC TUBE, accord-
ing to Chambers, a speaking trumpet) চেন্দৰ সা-
হেবের মতে একপ্রকার বাগ্ভাষী শৃঙ্খল্যন্ত্র । মহাকবি
হোমরপ্রণীত ইলিয়দের মধ্যে ষ্টেন্টোর (Stentor)
নামক যে একজন দীর্ঘপুরুষের বিষয় বর্ণিত আছে,
তিনি এরপ ভয়ঙ্কর চীৎকার করিতে পারিতেন যে,
পঞ্চাশৎ ব্যক্তি একতানে উচৈঃস্থরে চীৎকার করি-
লেও তাঁহার শব্দের তুল্য হইত না । সেই ভীমরবী
ব্যক্তির নামে এই যন্ত্রের নামকরণ হইয়াছে । মহাবীর
সেকেন্দ্র সা (Alexander the Great) এই যন্ত্রবাদন-

দ্বারা ছয় ক্রোশ দূর হহতে স্বীয় সেনাগণকে আহ্বান করিতে পারিতেন ।

স

সঙ্কে (SANKO, a species of stringed instrument common in Africa) একপ্রকার তত্ত্বস্তু । একটা অপ্রশস্ত বাস্তুর উপরিভাগে কুস্তিরচর্ম আচ্ছাদনপূর্বক, তাহাতে আটটি তন্তু যোজিত করিয়া এই যন্ত্র নির্মিত হয় । একটা কুস্ত যষ্টিদ্বারা ইহার বাদনক্ষিয়া সম্পাদিত হইয়া থাকে । আফ্রিকাবাসী আশাটী এবং ফাণ্টী নামক জাতিরা ইহা ব্যবহার করে ।

সন (SAUN, a species of Burmese stringed instrument) একপ্রকার ব্রহ্মদেশীয় তত্ত্বস্তুবিশেষ । ইহাতে তেরটী তন্তু যোজিত থাকে এবং মেণ্টলি পট্টনির্মিত । এই সকল তন্তুর শেষভাগে রঙ্গু গুটিকা আবদ্ধ থাকে । সেই সকল গুটিকা যন্ত্রের বক্রিমভাগে এন্঱পভাবে সংযত থাকে যে, তন্তুগুলিকে ইচ্ছামত টানিয়া রাখিবার জন্য, তাহাদিগকে উর্কে ও নিম্নে চালিত করিতে পারা যায় । আসিরিয়া দেশেও এবিষ্ঠ যন্ত্র প্রচলিত ছিল ।

সনোমিট্র (SONOMETRE, an instrument employed to determine the mathematical proportions of sounds) স্বরের মাত্রামাপক যন্ত্রবিশেষ । (See মনোকড়)

সমর (SUMARA, a species of wind instrument) এক-

প্রকার শুষিরযন্ত্র । দুইটী অসম নলে ইহা নির্মিত ।
ইহার শুন্দু নলযোগে গীত গাওয়া যায় এবং অপেক্ষাকৃত
বড়টীর দ্বারা স্বর দেওয়া হয় ।

সম্ফোনিয়া (SUMPHONIA, a bag-pipekind wind instrument of the Hebrews) যিন্দীদের ব্যাগ্পাইপজাতীয়
দ্বিনলযন্ত্রবিশেষ । (See p. 88) বাইবেলোন্তর্গত দানিয়ে-
লাধ্যায়ে ইহার সবিশেষ উল্লেখ আছে । ইতালীদেশীয়
কুষীজীবীরা ইহাকে “ জাম্পোগ্না ” (Zampogna)
বলে । (See জাম্পোগ্না)

সম্বল (SAMBALL, an instrument of percussion of the
Hindoos) হিন্দুদিগের একটী আনন্দযন্ত্রবিশেষ । ইহার
আকার মুদঙ্গের ন্যায়, কিন্তু স্বরমাধুর্য বড় নাই ।

সম্বুকস (SAMBUCUS, an ancient musical instrument
resembling the lute) লুটযন্ত্রের ন্যায় একপ্রকার
প্রাচীন বাদ্যযন্ত্র ।

সম্বুকা (SMBUCA, a Grecian stringed instrument) একটী
গ্রীসদেশীয় তত্যন্ত্রবিশেষ । (See p. 25 and 2nd.
note p. 46)

সরাব (SARABA, an instrument of percussion common
in India) একপ্রকার আনন্দযন্ত্র । একখানা সরাব
ষ্টপরিভাগ পাতলা চর্মে আচ্ছাদন করিয়া ইহা নির্মিত
হয় । বালকেরা ইহা লইয়া ক্রীড়া করে । ভারতবর্ষে
ইহার প্রচলন ।

সরুদা (SARRODA, the corrupted name of sharad)

শরদযন্ত্রের নামাপভংশ ।

সৰ্ণা (SURNA, a wind instrument common in India and

Persia) একটী ভারতবর্ধ এবং পারস্যদেশপ্রচলিত শুমিরযন্ত্রবিশেষ । নববাদ বা নৌবৎবাদ্যে ইহা ব্যবহৃত হয় । (See ps. 116 and 117)

সৰ্ণাই (SURNI, the Malayan name of surna) সৰ্ণাযন্ত্রের মালাই নাম ।

সৰ্দনু (SORDUN, an extremely ancient wind instrument)

একটী অতিথাচীন শুমিরযন্ত্রবিশেষ । ইহা দেখিতে বাসুনযন্ত্রের ন্যায় ।

সৰ্দনি (SORDONI, the Italian name for an ancient wind instrument corresponding to the bassoon) বাসুনযন্ত্রের ন্যায় একটী থাচীন শুমিরযন্ত্রবিশেষের ইতালীয় নাম ।

সৰ্ভালেট (CERVALET, an ancient wind instrument)

একটী থাচীন শুমিরযন্ত্র । ইহার স্বর বাসুনের ন্যায় ।

সল্টেরিও টচেকে (SALTERIO TURCHESCO, according to Bonnani, an ancient portable harp, placed generally in Turkish ladies' apartments) বোনানি সাহেবের মতে ইহা একটী থাচীন হার্পন্যন্ত্রবিশেষ ।

তুরুকদেশীয় ধনবতী স্ত্রীলোকদিগের ঘৃহে ইহা সচরাচর থাকিত ।

সল্টেরিও টেডেক্সা (SALTERIO TEDESCA, an Italian name for the *hackbret* or *symbol*, an instrument of percussion) হাক্ত্রেট্ অথবা সিম্বল নামক ঘনযন্ত্রের ইতালীয় নাম।

— টেডেক্সা (— TEDESCO, an Italian musical instrument of the *dulcimerkind*) একটা ইতালীদেশীয় ডল-সিমারজাতীয় যন্ত্রবিশেষ। কিন্তু তদেশীয় লোকেরা ইহাকে জর্মানিদেশোৎপন্ন বলে। অতি প্রাচীনকাল হইতে পারস্যদেশেও এরূপ যন্ত্রের ব্যবহার ছিল। তাহার নাম সান্তির (Santir)। (See সান্তির)

সল্টেরিন (PSALTERIN, a *dulcimerkind* instrument of the Hebrews) যিহুদীদের ডল-সিমারজাতীয় যন্ত্রবিশেষ। দানিয়েলে ইহার উল্লেখ আছে। গ্রীক “সল্টেরিয়ন” (Psalterion) যন্ত্র হইতে ইহার উৎপত্তি। বোধ হয়, ইহা হইতে আধুনিক পূর্বাঞ্চলীয় ডল-সিমারজাতীয় “সান্তির” নামক যন্ত্র উৎপন্ন হইয়াছে।

সল্টেরিয়ন পাস্তেরিয়ন (PASLTERIUM PERSIANUM, a Persian instrument with strings of the harp species, and of a triangular form) পারস্যদেশীয় হাপ্তাতীয় এবং ত্রিকোণিক তত্যন্ত্রবিশেষ।

সল্টেরিয়ন (PSALTERIUM, an instrument of percussion of the trianglekind) ট্রায়ঙ্গলজাতীয় ঘনযন্ত্রবিশেষ। কিন্তু তাহা অপেক্ষা ইহার স্বর মুগ্ধ। কেহ কেহ

বলেন যে ছুইটী ইন্দুষ্ট্রিয়াল শলাকা কিম্বা চর্মা-জাদিত কার্ত্তশলাকার আঘাতে এই যন্ত্রের বাদনক্রিয়া সম্পন্ন করিতে হয়।

সল্সিও (SALCIO, a species of wind instrument) এক প্রকার শুষিরযন্ত্রবিশেষ।

সাইড ড্রম (SIDE DRUM, a military instrument of percussion) একটী সামরিক আনন্দযন্ত্রবিশেষ।

সাক্বট (SACKBUT, a wind instrument of the trumpet kind) ট্রাম্পেটজাতীয় শুষিরযন্ত্রবিশেষ।

সাক্স হর্ণ (SAX HORN, a military wind instrument) একটী সামরিক শুষিরযন্ত্রবিশেষ।

সাক্সোফোন (SAXOPHONE, a military wind instrument) একটী সামরিক শুষিরযন্ত্র।

সাংকু (SANCHOO, a stringed instrument common in western Africa) একটী তত্যন্ত্র। পশ্চিম আফ্রিকায় ইহার অচলন দেখা যায়। বিশেষতঃ গিনি-উপকূলবাসীরা ইহা ব্যবহার করে। ইহার আকার ক্ষুদ্র।

সানাসেল (SANASEL, an Abyssinian sistrum kind instrument) একটী আবিসিনিয়াদেশীয় সিদ্রম্জাতীয় যন্ত্রবিশেষ। তদেশীয় খৃষ্টীয়মণ্ডলীর মধ্যে ইহার প্রচলন। তথাকার পুরোহিতেরা বলেন যে, ইহা বাজাইলে উপদেবতারা পলায়ন করে। প্রাচীন মিসরদেশেও পুরোহিতেরা উক্ত উদ্দেশে এই যন্ত্র ব্যবহার করিতেন।

ইহার মিসরীয় নাম “সেশেশ” (Seshesh) । (See
সেশেশ)

Villetteau.

সান্তুর (SANTUR, a Turkish instrument corresponding to the cymbal) সিল্বলের ঘায় একপ্রকার তুরুকদেশীয় যন্ত্রবিশেষ ।

সান্তির (SANTIR, a stringed instrument of the Persians) পারস্যদিগের একটী তত্যন্ত্রবিশেষ । ইহা আকারেও গঠনে অবিকল জর্মণীয় “হাক্ব্রেট” (Hackbret) যন্ত্রের ঘায় । ইউরোপীয় পণ্ডিতগণ বলেন যে, প্রাচীন ডেল্সিমারের সঙ্গে ইহার অনেকটা সাদৃশ্য আছে ।

Hommaire de Heli.

সান্সিন্ বা সান্সিম্ (SANSIN or SANSIM, a Japanese guiterkind stringed instrument) একটী জাপানদেশীয় গিতারজাতীয় তত্যন্ত্রবিশেষ । ইহাতে তিনটীমাত্র তার যোজিত থাকে । (See p. 40) । চীনদেশীয় “সান্হিন্” (Sanheen) যন্ত্রও অবিকল এইরূপ । (See সান্হিন্)

Meijlan.

সানহিন্ (SANHEEN, a Chinese stringed instrument) একটী চীনদেশীয় তত্যন্ত্রবিশেষ । ইহার সহিত জাপান দেশীয় সান্সিন্ বা সান্সিমের অনেক সাদৃশ্য আছে । উভয়েরই শব্দনির্গমনচিহ্ন থাকে না—উভয়েরই গলাদি

দীর্ঘ—উভয়েরই তিনটী তার এবং তিনটী দীর্ঘকোণ ঘোঁজিত থাকে, এবং উভয়ই অঙ্গুলিত্ব দ্বারা বাদিত হয়। বিশেষের মধ্যে এই যে, সান্ধিনের আকার গোল এবং উদরদেশ টান নামক একপ্রকার সপ্রের চর্চে আবক্ষ থাকে, কিন্তু সান্ধিন বা সান্ধিমের আকার চতুর্কোণ এবং ধনিপটিক অপরবিধ চর্চে আচ্ছাদিত। রুমীয় “বালালাইকা” (Balalaika) নামক যন্ত্রেরও আকার প্রায় এবমিথ।

M. Hommaire de Hell.

সাফুসিময় (CHAPEAUCHINOIS, a Turkish military instrument of metal) একটী তুরক্কদেশীয় সামরিক বন্ধু। একটী অর্দ্ধচন্দ্রাকার ধাতবখণ্ডে কতকগুলি ক্ষুদ্রাকার ঘণ্টা ঘোঁজিত করিয়া ইহা নির্মিত হয়।

সাবেকা (SABEKA, a stringed instrument of the Chaldeans) কাল্দীয়দের একটী তত্যন্ত্রবিশেষ। গ্রীক-সমুকার সহিত ইহার অনেকটা সাদৃশ্য আছে।

সায়টেন হার্মনিকা (SAITEN HARMONICA, a clavichord instrument) একটী চাবিযুক্ত যন্ত্রবিশেষ। ১৭৮৮ খ্রঃ-অন্দে আন্দ্রিয়াস ষ্টীন (Andrias Stein) ইহার আবিষ্কার করেন।

সারঙ্গী (SARANGI, an ancient stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী তত্যন্ত্রবিশেষ। (See p. 54)

সারিন্দা (SARINDA, a stringed instrument of the hindoos) হিন্দুদিগের একটী তত্ত্বজ্ঞান । (See p. 61)

সাপেন্ট (SERPENT.) বা

সাপেন্টোনো (SERPENTONO, a military wind instrument) একটী সামরিক শুষিরযন্ত্রবিশেষ । ইহার স্বর কর্কশ ও গভীর এবং ইহা দেখিতে কতকটা সপের আঘাত ।

সাল্পিন্স (SALPINX, an ancient [Grecian cornet])
একটী প্রাচীন গ্রীসী ও তুরীয়যন্ত্রবিশেষ ।

সালম্প্রেট (SALUMPRET, a wind instrument common in Malay, &c.) মালাইদেশ প্রভৃতিতে প্রচলিত একটী শুষিরযন্ত্রবিশেষ ।

সালুম (CHALUMEAU, a species of ancient rustic flute)
একপ্রকার প্রাচীন গ্রাম্য শুষিরযন্ত্র ।

সিউরি (SEWURI, a stringed instrument) একটী তত্ত্বজ্ঞানবিশেষ । ইহাতে চারিটি ইঞ্জাতের এবং একটী পিতলের তার যোজিত থাকে ।

সিঙ্গাস' রবাব (SINGER'S REBAB, a stringed instrument of the Hindoos, mounted with two strings) অর্থাৎ গায়ক রবাব । ইহা হিন্দুদিগের একটী ব্রিত্তজ্ঞানবিশিষ্ট তত্যন্ত্রবিশেষ ।

M. Fetis.

সিটোল (CITOLO, the dulcimer) ডল্সিমারযন্ত্র । (See p. 47)

সিণাপ্সি বা সিণাপ্স (SCINDAPSE or SCINDAPSUS, an ancient stringed instrument with four steel-strings)

একটী ইল্পার্মিঞ্চিত চতুর্ক্ষেত্রবিশিষ্ট আঁচনি তত্যন্তবিশেষ ।

সিতার্ন (CITTERN, the guiter) গিতারযন্ত্র ।

সিথারি (CITHARI, a stringed instrument of the Hebrews)

যিহুদীদের একটী তত্যন্তবিশেষ । ইহাতে সাত কিম্বা নয়টী তন্ত যোজিত থাকে ।

সিথারিস্টানি (CYTHERISTIENNE, a particular species of flute of the ancient Greeks) আঁচনি গীকদের একপ্রকার বিশিষ্টকৃপ শুণিরযন্ত্র ।

সিনি-কেমান (SINE-KEMAN, a violin-kind stringed instrument of the Turks) তুরুকদের একটী বাহ্লীনজাতীয় তত্যন্তবিশেষ ।

সিনুরা (CYNURA, a species of lyre, according to Musonius) মুসোনিয়সের মতে ইহা একপ্রকার লাঘারযন্ত্র ।

মিনেলেন (CINELLEN, the cymbals) সিন্দলযন্ত্র ।

সিন্নস (CINNOS, a stringed instrument of the Hebrews)

যিহুদীদের একটী তত্যন্তবিশেষ । ইহাতে ছয় হইতে নয়টী পর্যন্ত তন্ত যোজিত থাকে । ইহার তুষ্টীটী গভীর হওয়াতে, স্বরও গভীর । ধনু কিম্বা ধনুলিবারা এই যন্ত্র বাদিত হয় ।

সিফ্লেট (SIFFLET, a small wind instrument) একটী

କୁନ୍ଦ ଶୁଣିରୁଧରୁବିଶେଷ । ଇଂରାଜେରା ଇହାକେ “ହଇସଲ୍” (Whistle) କହେନ ।

ସିଫ୍ଲେଟ ଡି ପାନ୍ (SIFFLET DE PAN, panean pipes) ପାଣ୍ଡିଆନ ପାଇସ୍‌ସନ୍ତ୍ର ।

ସିବି (SIBI, an ancient Egyptian wind instrument) ଏକଟୀ ମିସରୀଯ ପ୍ରାଚୀନ ଶୁଣିରୁଧରୁବିଶେଷ । ପୂର୍ବେ ଇହା ଅଛି-ଦ୍ୱାରା ନିର୍ମିତ ହିଁତ । କିନ୍ତୁ ନଳଯଣ୍ଠି ବା କାଠଦ୍ୱାରା ଓ ଇହାର ନିର୍ମାଣବିଧି ମମ୍ପର ହିଁତେ ପାରିତ । (See p. 74)

ସିମିକନ୍ (SIMICON, a stringed instrument of thirty-five strings, of the ancient Greeks) ପ୍ରାଚୀନ ଗ୍ରୀକଦିଗେର ପ୍ରେସିନ୍‌ଟିକ୍‌ଟାରୀ ତତ୍ତ୍ଵବିଶିଷ୍ଟ ଏକଟୀ ତତ୍ତ୍ଵବିଶେଷ ।

ସିମେଟିରିୟନ୍ (SEMENTERION, an ancient instrument of percussion) ଏକଟୀ ପ୍ରାଚୀନ ଆନନ୍ଦଧରୁବିଶେଷ । ଏକ ଖଣ୍ଡ କାଠେ ଇହା ନିର୍ମିତ ହିଁତ । ପ୍ରାଚୀନ ଗ୍ରୀକଧର୍ମଧାରୀଙ୍କେରା ଭକ୍ତଗଣକେ ଏକତ୍ରୋଡୁତ ହଇବାର ଜୟ ଏକଟୀ ଧର୍ମ ଦ୍ୱାରା ଇହା ବାଜାଇତେନ ।

ସିମ୍ଫୋନିୟନ୍ (SIMPHIONION, a musical instrument invented by F. F. Kaufmann) ଏକ, ଏକ କର୍ମାନେର ଆବିସ୍ଥତ ଏକଟୀ ବାଦ୍ୟଧରୁବିଶେଷ । ଇହା ଏକପ କୋଶଲେ ନିର୍ମିତ ଯେ, ଇହାତେ ପିଯାନୋ, ଫୁଟ, କ୍ଲାରିଓନେଟ ଅଭିତ ଯନ୍ତ୍ରେର ସ୍ଵର ଉତ୍ପନ୍ନ ହିଁତେ ପାରେ ।

ସିମ୍ବଲ ବା ଦିମ୍ବଲମ୍ (CYMBAL or CYMBALUM, an instrument of percussion of the ancient Greeks and

Hebrews) প্রাচীন গ্রীক এবং যিহুদীদের একটী আনন্দ-
যন্ত্রবিশেষ । জে. এফ., দানেলি (J. F. Danneley)
সাহেব বলেন যে, ইহা মুসলিমানিশ্চিত এবং দেখিতে
ইংরাজী কেটেলড্রমের ন্যায় হইত ।

সিম্বল ডামোর (CEMBAL D'AMOUR, a clavier instrument like harpsichord or organ) হাপসিকর্ড বা অর্গা-
নের ন্যায় একটী চারিযুক্ত বন্দুবিশেষ ।

সিম্বলুম অব সেন্ট জিরোম (CYMBALUM OF ST. JEROME, a musical instrument) একটী বাদ্যযন্ত্রবিশেষ ।

সিম্বলস (CYMBALS, military instruments of percussion, made of metal) ধাতুনির্মিত সামরিক ধনযন্ত্র-
বিশেষ । এই ধন্ত্রগুলি দেখিতে আমাদের করতাল
যন্ত্রের ন্যায় ।

সিম্বলো অন্নিকর্ডো (CEMBALO OMNICHORDO, a stringed instrument) একটী তত্যন্ত্রবিশেষ । ইহাকে “ প্র-
টিয়স ” (Proteus) যন্ত্রও বলে । ফ্রেন্সেন্স্নিবাসী
ফ্রান্সিস্কো মিজেটি (Francesco Migetti) ইহা আবি-
ক্ষার করেন ।

— এঞ্জেলিকা (— ANGELICA, a species of harpsichord)
একপ্রাকার হাপসিকর্ডযন্ত্র ।

সিলহার্মনিকন (CYLHARMONICON, a wooden harmo-
nica) কাষ্ঠনির্মিত হার্মনিকাযন্ত্র । ১৮১০ খ্রিষ্টাব্দে

সাংগ্রেরহাসেন (Sangerhasen) দেশীয় অর্গ্যান নির্মাতা।
উথি (Uthe) কর্তৃক ইহা নির্মিত ।

সি-শেল (SEA-SHELL, a wind instrument of the ancient Mexicans) প্রাচীন মেক্সিকীয়দের একটী শুধির-
যন্ত্রবিশেষ । ইহার অর্থ বুঝিয়া নাইলে শব্দকেই
বুঝায় ।

সিস্ট্ৰ (SISTRE, a musical instrument of the ancients and moderns) প্রাচীন এবং আধুনিকদিগের একপ্রকার
বাদ্যযন্ত্র । প্রাচীনেরা একটী ধাতব ঘষিকে ডিঘের
ন্যায় বক্স করিয়া উহা নির্মাণ করিতেন । একপ কিম্ব
দন্তী আছে যে, ঐশি (Isis) দেবী কর্তৃক ঐ যন্ত্ৰ
আবিষ্কৃত হইয়াছিল । আধুনিকদের এই যন্ত্ৰ একপ্রকার
গিতারের ন্যায় ।

— ডিস্নিগ্ৰেস (— DES NEGRES, a musical instrument formed of a piece of iron, furnished with small bells) কুন্দ্ৰ কুন্দ্ৰ ঘণ্টাযোজিত একটী লোহনিশ্চিত
ঘনযন্ত্র ।

মিস্ট্ৰম্ (SISTRUM, an ancient musical instrument used by the priests of Isis and Osiris) একটী প্রাচীন
বাদ্যযন্ত্র । ঐশি এবং ওসিরিস দেবতার পুরোহিতের
ইহা ব্যবহাৰ কৰিতেন । (See সিস্ট্ৰ)

মিস্ট্ৰা (SISTRA, an ancient musical instrument)
একটী প্রাচীন বাদ্যযন্ত্রবিশেষ । (See মিস্ট্ৰম্)

সুওবাইল বা স্লয়েভ্ (SUABILE or SUAVE, the English flute) ইংরাজী ফুট্যন্ত্রবিশেষ ।

স্লজু (SHOEZOEU, a Japanese instrument of percussion of the bellkind) জাপানদেশীয় ঘটাজালীয় ঘনযন্ত্র বিশেষ । ফ্রান্সদেশীয় “গ্রিল্ট” (Grelets) এবং জর্মানিদেশীর “শেলেন” (Schellen) ঘন্তের সঙ্গে ইহার সমাধিক সাদৃশ্য লক্ষিত হয় । ইহাতে কতকগুলি ক্ষুদ্র ক্ষুদ্র ঘট্টিকা একটী দণ্ডে সংলগ্ন থাকে । ইহা নিম্নর-দেশীয় কপট (Copts) নামক খৃষ্টীয় ধর্মাবলম্বীদিগের নিকট “মারাউয়ে” (Maraoueh) নামে প্রসিদ্ধ । (See মারাউয়ে) । মেক্সিকোদেশেও ইহার প্রচলন সম-ধিক । এবম্বিধ ক্ষুদ্র ঘট্টিকা দক্ষিণ আমেরিকাত্তি পেরুদেশে, তিব্বতদেশহু লাদাক প্রদেশের বৌদ্ধপুরো-হিতদিগের নিকট “দ্রিল্বু” (Drilbu) নামে ব্যবহৃত হইয়া থাকে ।

Mr. Cunningham on Ladak.

সুর বাহার (SURA BAIAR, a modern wellknown stringed instrument, common in India) ভারতবর্ধপাটলিত একটী প্রসিদ্ধ আধুনিক তত্ত্বন্ত্রবিশেষ । (See p. 34) সুরমণ্ডল বা সুরমণ্ডল (SURAMANDALA or SWARA-MANDALA, the Indian dulcimer) একপ্রকার ভারত-বর্ষীয় তত্ত্বন্ত্র ।

সুরশৃঙ্গার বা সুরশৃঙ্গাৰ (SURASHRINGARA or SWA-

RASHIRINGARA, a stringed instrument of the Hindoos) হিন্দুদিগের একটী তত্ত্ববিশেষ । (See p. 31)
 সুরসীতা (SURASEETA, a stringed instrument of the Hindoos) হিন্দুদিগের তত্ত্ববিশেষ ।

সুলামাই (SULAMI, a wind instrument of the Arabs)
 আরবদিগের শুষিরযন্ত্রবিশেষ ।

সুলিঙ্গ (SULING, a wind instrument of the Malay tribes)
 মালাইজাতিদের একপ্রকার শুষিরযন্ত্র । ইহা যতো-
 সিন্ধ, সুতরাং অন্যান্য যন্ত্রের সঙ্গে বাদিত হয় না ।

সেতার (SETAR, a modern and well-known oriental
 stringed instrument common in India, &c.) ভারতবর্য
 প্রভৃতি দেশপ্রচলিত একটী ইপ্রসিন্ধ আধুনিক পূর্ণা-
 ঙ্গনীয় তত্ত্ব । ভারতবর্ষের অতিপূরাতন ও অভি-
 প্রসিন্ধ কচ্ছপী বীণার অনুকরণে আগীর খন্দক ইহা
 নির্মাণ করেন । (see p. 21)

সেমিকন্ড (SEMICON, an instrument of the ancient Greeks,
 mounted with thirty-five strings) প্রাচীন গৌকদিগের
 একটী পঞ্চত্রিশভুজ্যবিশিষ্ট যন্ত্রবিশেষ ।

সেমেন্গে (SEMENGE, a species of Arabian stringed
 instrument) একপ্রকার আরবদেশীয় তত্ত্ববিশেষ ।
 ইহা দেখিতে ফুড় তাম্বুরার জ্যায়, কিন্তু ইহার ত্বক্ষাপি
 অল্পবুর না হইয়া নারিকেমের খোলে নির্মিত হয়
 এবং ইহাতে তল্প কিম্বা অর্থপুচ্ছ সংযোজিত হইয়া

থাকে। আরবীয়েরা ধনুর্ধারা ইহার বাদনক্রিয়া সম্পাদন করে। উক্তদেশের অমণকারী বা ভিক্ষুকে-রাই নর্তকীগণের সহিত ইহা বাজাইয়া গান করিয়া বেড়ায়।

সেরেনিট্ট (SERENETTE, a barrel organ for the education of Canary birds) বারেল অর্গানবস্তু। কানারী পক্ষীগণকে ইহাদ্বারা শিক্ষা দেওয়া হয়।

সেলিস্ (CHELYS, the Greek name of the lute) লুট-যন্ত্রের গ্রীক নাম।

সেশেশ (SESHESII, an Egyptian sistrumkind instrument) একটী মিসরদেশীয় সিদ্ধুমজাতীয় যন্ত্র। (See সানামেল)

সেক্সাইয়াটেরা বা টীসি'কুইট (SESQUIALTERA or TIERCEQUINTE, a wind instrument composed of two flutes) দুইটী ফ্লুটনির্মিত একটী শুমিরযন্ত্রবিশেষ। ইহার একটী ফ্লুট হইতে পঞ্চম এবং অপরটী হইতে গান্ধার স্বর নির্গত হয়।

সোলামানো (SOLAMANIE, a Turkish wind instrument made of reed or wood) নল বা কার্ত্তনির্মিত তুরুক দেশীয় শুমিরযন্ত্রবিশেষ। উক্তদেশীয় মালাভি (Mirlavi) নামক সম্যাসৌম্পদায় ইহা ব্যবহার করেন।

সৌম্ (SOUM, a harpkind instrument of the Burmese) ভৰকদেশীয়দের হার্পজাতীয় যন্ত্রবিশেষ।

କ୍ଲିଶିମ୍ (SCALISCHIIM, a species of bag-pipe) ଏକ ଅକାର ଦିମଳୟନ୍ତ୍ରବିଶେସ ।

ପ୍ଲାୟ୍‌ସାପେନ୍‌ସୀର (SPASSAPENSIERE, the Jews-harp)
ଜୁମହାପ'ଯନ୍ତ୍ର । (See ଜୁମହାପ')

ପିନେଟ୍ (SPINET) ବା

ଶିନେଟ୍ଟୋ, (SHINETTO, an ancient species of clavier or keyed instrument, now out of use) ଏକ ଅକାର ଥାଟୀନକାଲେର ସାରିକା ବା ଚାବିଯୁକ୍ତ ଯନ୍ତ୍ରବିଶେସ । (See ps. 3 to 4 and 4th. note p. 47) । ଏକଣେ ଇହାର ପ୍ରଚଳନ ନାହିଁ । ଏହି ଯନ୍ତ୍ରର ଆର ଏକଟୀ ନାମ “କାଉଚେଦହାପ’” (Couched harp) ।

ସ୍ଵରଦମ୍ (SWARADAM, a wind instrument of the Malay tribes) ମାଲାଇଜାତିଦେର ଏକଟୀ ଶୁଣିରୟନ୍ତ୍ରବିଶେସ । ଇହା ସ୍ଵତଃମିଳିକ ଯନ୍ତ୍ର ।

ସ୍ଵରବିଦା (SWARABINA, an ancient stringed instrument of the Hindoos) ହିନ୍ଦୁଦିଗେର ଏକଟୀ ପ୍ରାଚୀନ ତତ୍ତ୍ୱବିଶେସ । (See p. 52 and ରବାବ୍)

ହ

ହପ୍ଟ'ଓରେର୍ (HAUPTWERK, the large organ) ବୁହଦଗାନ୍ଧାନ୍ ଯନ୍ତ୍ର ।

ହରଣାବ (HORANAWA, a wind instrument of the Singhalas) ସିଂହଲୀଯିଦେର ଏକଟୀ ଶୁଣିରୟନ୍ତ୍ରବିଶେସ । ସାନାଇ ଯନ୍ତ୍ରର ନ୍ୟାୟ ଇହାର ଓ ପୂର୍ବବାର୍ଦ୍ଦିଭାଗ କାର୍ତ୍ତେ ଏବଂ ଅପରାର୍ଦ୍ଦିଭାଗ ପିତଳ ପ୍ରଭୃତି ଧାତବ ପଦାର୍ଥେ ନିର୍ମିତ ।

হডিগড়ি (HURDY GUDRY, a well known stringed instrument, and the same with the *sumbuka* or *barbiton* of the ancient Greeks) প্রাচীন গ্রীকদিগের সামুকা বা বার্কিটনযন্ত্রের ন্যায় একটী সুপ্রসিদ্ধ তত্যন্ত্রবিশেষ। রজন (Rosin) দ্বারা ইহার তার গুলি মার্জিত করিয়া বাজাইলে একপ্রকার উৎকৃষ্ট অনুরূপ হইয়া থাকে।

হর্ণ (HORN, a wellknown wind instrument) একটী সুপ্রসিদ্ধ শুধিরযন্ত্রবিশেষ। হিন্দুরা ইহাকেই সাধা-রণতঃ শৃঙ্খল্যন্ত্র কহেন। (See p. 83)। ইহা ওবয় (Oathboy) যন্ত্র অপেক্ষা বৃহত্তর, কিন্তু উহার ন্যায় সরল নহে। এই যন্ত্র দেখিতে বক্রাকার এবং ওবয় অপেক্ষা ঘোরতর, সম্পূর্ণতর ও কোমলতর দ্বর নিঃসারণ করিতে পারে। বাদনকালে অঙ্গুলির প্রক্ষেপপ্রণালী অবিকল ওবয়যন্ত্রের ন্যায়। স্তুতরাং যাহা উহাতে বাজান কঠিন, তাহা ইহাতেও কঠিন বোধ হইয়া থাকে।

হর্ণ-পাইপ (HORN-PIPE, a musical wind instrument common in Wales) ওয়েল্সপ্রদেশঞ্চলিত একটী শু-যন্ত্রবিশেষ। ইহা একটী কার্তুনলে নির্মিত। সেই নলের নির্দিষ্ট দূরত্বে এক একটী করিয়া কতিপয় ছিদ্র আছে এবং উহার দুইদিকে দুইটী শৃঙ্খলগ্র থাকে। বাদক ফুৎকারযোগে একটী শৃঙ্খে বায়ুসঞ্চালন করিতে থাকে, অপরটী হইতে ও বায়ু বাদকের

ইছাদীন অঙ্গুলিপ্রক্ষেপের কোশলে বিবিধ স্বরমিশ্রিত হইয়া বহুগত হইয়া যায় । স্বচ্ছদিগের একজাতীয় মৃত্যেরও নাম হৰ্ণ-পাইপ ।

J. F. Danneley.

হপা (HAWRPA, the name of harp of the Iceland tribes) হার্পযন্ত্রের আইস্লান্ডীয় নাম ।

হল্কিয়া (HAULKYA, an instrument of percussion of the Hindoos) হিন্দুদিগের একটা আনন্দযন্ত্রবিশেষ ।

হাইড্রালিকন (HYDRAULICON, a musical instrument of the ancient Egyptians) প্রাচীন সৈসরদিগের এক প্রকার বাদ্যযন্ত্রবিশেষ । ইহা অবিকল আমাদের সপ্তশরাবযন্ত্রের শায়, সুতরাং ইহারও স্বরপাত্রগুলি জলপূর্ণ করিয়া বাজাইতে হইত । (See p. 108) এথেনিয়স (Athenaeus) বলেন যে, দ্বিতীয় টলেমি ইউ-য়রগিতিসির (Ptolemy Euergetes) রাজত্বকালে আলেক্জান্দ্রিয়ানিবাসী তিসিবিয়স (Ctesibius) কর্তৃক আবিস্কৃত হইয়াছিল ।

হাজুর (HAZUR, a triangle-formed stringed instrument of the Hebrews, mounted with ten stringed) যিছ-দৌদের দশতন্ত্রবিশিষ্ট ত্রিকোণাকার তত্যন্ত্রবিশেষ ।

হাটামো (HATAMO) । (See কাবারো)

হামার ক্লেভিয়ার (HAMMER-CLAVIER, the piano forte) পিয়ানো ফোর্টি যন্ত্র ।

হার্প (HARP, a wellknown musical instrument strung of seven to twenty-four strings) একটী অতিপ্রিমিক বাল্য-যন্ত্র। (See p. 16)। ইহাতে সাত হইতে চৰিশটী পর্যন্ত তত্ত্ব গোচৰিত থাকে। এই যন্ত্র বহুবিধ, তন্মধো ত্রিকোণাকারেরই অধিক দৃষ্ট হয়। ইহাতে সাতমণ্ডক পর্যন্ত বাঁধা হইতে পারে। বাঁধিবার কোশলে সেই সাত মণ্ডকে আবার চোদ সঞ্চকেরও কার্য্য সম্পাদিত হইয়া থাকে। অধূনা মেং ডিজি (M. Dizi) ইহাতে আবার একটী অতিরিক্ত সংশ্লিষ্ট বসাইয়াছেন। উহাদ্বারা সুরের অনুরূপ বিলুপ্ত হয়।

হার্প-বেল (HARP-BELL, a species of stringed instrument) একপ্রকার তত্যন্ত্রবিশেষ। চেম্বাস' (Chambers) সাহেব বলেন যে, বৃক্ষসূর্ত শলাকাবক্ত করিয়া। এই যন্ত্র বাঙাইতে হয়।

হার্পসিকর্ড (HARPSICHORD, a stringed instrument mounted with the strings of wire) একটী ধাতবতার যুক্ত তত্যন্ত্রবিশেষ। (See p. 48) কাকপক্ষৰার। ইহার বাল্যনক্রিয়া সম্পাদিত হইয়া থাকে। অধ্যকালে (Middle century) ইহার অধিকতর প্রচলন ছিল।

হার্পা' (HARPA)। (See হার্প)

হার্পে (HARPE)। (See হার্প)

হার্পে ডবল বা ডবল হার্প (HARPE DOUBLE, or DO-

UBLE HARP, a stringed instrument composed of two harps) দুইটা হাপ'যোজিত তত্ত্ববিশেষ।

হার্পি ফ্লুট, (HARPE FLUTE, a clavier wind instrument)
একটী চাবিযুক্ত শুষ্ঠিরযন্ত্রবিশেষ।

হাপু (HAKPU, a harpkind stringed instrument of the Fins) ফিন্দিগে হাপ'জাতীয় তত্ত্ববিশেষ।

হার্ফ (HARFE, the German name of harp) হাপ'যন্ত্রের জর্জীয় নাম।

হার্ফেন ফ্লুট (HARFEN FLUTE)। (See হার্পি ফ্লুট)

হার্ম'ণিক'র্ড (HARMONICHORD, a piano-fortelike musical instrument) পিয়ানো ফোট'র ন্যায় একটী বাদ্যযন্ত্র। ইহার ধৰনি বেহালাযন্ত্রের ন্যায়। কফ'মান (Kaufmann) কর্তৃক ইহা নির্মিত।

হার্ম'ণিকা (HARMONICA, musical glasses, so named from the purity of their sounds) কাচনির্মিত বাদ্যযন্ত্র।

ইহার স্বর পরিকার বলিয়া একপ নাম হইয়াছে। (See p. 108)। ১৭৬২ খৃষ্টাব্দে বেঙ্গামিন কুক্সলিন ইহা আঙ্কার করেন। ইহাতে যে সকল কাচনির্মিত স্বর-ফলক আছে (Glass-bars) আছে, সেই ফলিতে অঙ্গুলি বা ক্ষুদ্র মুদ্দারদ্বারা আঘাত করিলে স্বরিষ্ট স্বরোদ্ধান হইয়া থাকে। ডব্লিউ, সি, ষ্টাফোর্ড (W. C. Stafford) সাহেব বলেন যে, অস্ত্রদেশের এবমিথ একটী যন্ত্রকেও হার্ম'ণিকা বলে। ইহার আকার নো-

কার ন্যায় এবং মধ্যদেশ শৃঙ্খ। ঐ যন্ত্রে কাচের পরিবর্তে ধীরব স্বরফলক অন্যোন্যভাবে সংলগ্ন থাকে। লক্ষ্মীস্থ চিত্রশালায় (Musium) একটা উকুদেশীয় একুপ যন্ত্র স্থাপিত আছে, কিন্তু উহা বংশনির্মিত পাতলা পাতলা স্বরফলকে (বাঁখারিতে) আচ্ছাদিত।

হার্মণিকাল কানন (HARMONICAL CANON, a strung instrument of the ancient Greeks mounted with one string) প্রাচীন গ্রীকদিগের একতন্ত্রবিশিষ্ট তত্ত্ববিশেষ। কথিত আছে, পিথাগোরস (Pythagorus) গ্রীসদেশে সর্বপ্রথমে এই যন্ত্র সৃষ্টি করিয়াছিলেন। কিন্তু আমাদের ভারতবর্ষে এই যন্ত্র নামভেদে বহুকাল পূর্বে প্রচলিত ছিল—মহাদেবের পিনাকযন্ত্র তাহার নির্দর্শনস্থল। পিনাকযন্ত্র হইতেই অন্যদেশীয় একতন্ত্রিকার সৃষ্টি। গ্রীসনিবাসী পিথাগোরস যৎকালে ভারতবর্ষে দর্শনশাস্ত্র শিক্ষা করিতে আসিয়াছিলেন, সেই সময়েই পিনাক বা একতন্ত্রিকার অনুকরণ করিয়া স্বদেশে হার্মণিকা কাননের সৃষ্টি করিয়া থাকিবেন।

হার্মণিসিলো (HARMONICELLO, an instrument corresponding in appearance to the violincello, mounted with five gut-strings, under which are placed upon a separate finger-board, ten others of wire) ভায়োলিনিলোর ন্যায় একটা তত্ত্ববিশেষ। ইহাতে পাঁচটা

চর্ষ্ণতন্ত্র যোজিত থাকে এবং তামিলে আর একখানি
পৃথক্ অঙ্গুলিপট্টকে দশটি ধাতব তন্ত্র সংযুক্ত করিতে
হয় ।

হার্মণোমিটার (HARMONOMETRE, an instrument for
measuring harmonic proportion) স্বরসমষ্টিপরিমাপক-
যন্ত্রবিশেষ ।

হিয়ার্পি (HARPE, the Anglo-Saxon name of harp) হাপ-
যন্ত্রের এঙ্গোসেক্সন নাম ।

হৃড়ুক, হৃড়ুকা বা হৃড়ুক (HURRUK, HURRUKA or
HURRUKKA, a rustic instrument of percussion of the
Hindoos) হিন্দুদিগের একটী গ্রাম্য আনন্দযন্ত্রবিশেষ ।
এতদেশীয় কাছার প্রভৃতি রমণি বেহারারা ইহা ব্যবহার
করে । ইহার আনুষঙ্গিক যন্ত্র করতাল । সিংহলীয়-
দের উদকীযন্ত্র ও এইরূপ । হৃড়ুকার অপভংশ নাম
উদকী । (See উদকী)

হুয়েরা-পুহুরা (HUAYRA PUHURA, a wind instrument
of the ancient Peruvians of America) আমেরিকার
প্রাচীন পিরুভীয়দের একপ্রকার শুষ্যরযন্ত্র । ইহা প্রস্তর
বা নলদ্বারা নির্মিত ।

হুয়েহুয়েটল (HUEHUETL, a drumkind instrument of
the Mexicans) মেলিকীয়দের ডুমজাতীয় যন্ত্রবিশেষ ।
ইহার খোলটী ছাই হস্ত পরিমিত একখণ্ড কাষ্ঠদ্বারা
নির্মিত এবং তাহার বহিঃপ্রদেশ নানাবিধি চিত্রে খো-

দিত হইত। খোলটীর মুখবয় মুগচর্মবারা উত্তমরূপে আচ্ছাদিত থাকিত। গভীর (Grave), মধ্যম (Central) বা তীব্র (Acute) স্বরোক্তিমেৰ জন্য মুখবন্ধ চর্ম দুইখানিকে শিথিল, মধ্যম বা দৃঢ় করিব। বক্স করিতে পারা যাইত। উক্ত জাতিয়েরা অঙ্গুলির আঘাতে ইহার বাদনক্রিয়া সম্পূর্ণ করিত।

হেগব (HAGUB, a species of wind instrument of the Hebrews) যিহুদীদের একপ্রকার শুষিরযন্ত্রবিশেষ। ইহা নলে নির্মিত হইত। বাইবেলে ইহার উল্লেখ আছে।

হেপ্টাকর্ড (HEPTACHORD, a stringed instrument mounted with seven strings) একটী সপ্ততন্ত্রবিশিষ্ট তত্যন্ত্রবিশেষ। এরূপ কথিত আছে যে, মার্কারি দেবতা এই যন্ত্র বাজাইতেন।

হেমিওপ (HEMIOPE, a small fife or flute with three holes) তিনটী ছিদ্রবিশিষ্ট একটী স্কুদ্র ফাইফ বা স্কুট যন্ত্র।

হেলিকন (HELICON, a stringed instrument of the Greeks) গ্রীক দ্বিগের একটী তত্যন্ত্রবিশেষ। জে, এফ., দানিলি (J. F. Danneley) সাহেব বলেন যে, ইহা একপ্রকার “ মনোকর্ড ” (Monochord) যন্ত্র।

হোবয় (HAUTHBOY or HAUTHBOIS, an European wind instrument) একটী ইউরোপীয় শুষিরযন্ত্রবি-

শেব। ইহা দৈঘ্যে আট ফুট এবং কাষ্ঠ অথবা উৎকুষ্ট কাংস্তুরা নির্মিত হইয়া থাকে। ইহার করাসী উচ্চারণ “ওবয়”। আমাদের দেশের ‘রোশনচৌকী’ (Rowshanchowki) নামক শুষিরযন্ত্র অনেকটা এই রূপ। (See p. 81)। ইহা ইংরাজী “হর্ণ” (Horn) অপেক্ষা ক্ষুদ্র ও সরল। ইহার আর একটা নাম “ওবয়” (Oboe)।

হোবয় ডামুর (HAUTHBOY D'AMOUR, a small hauth bois) একটা ক্ষুদ্র ওবয়যন্ত্র। ইহার স্বর অতি কোমল।

হোভেনিভ্ (HOVENEVE, a species of wind instrument of the Singhalese) সিংলীয়দের একপ্রকার শুষিরযন্ত্র-বিশেষ।

শব্দ

ক্ষুদ্র ঘটা (KSUDRA GHUNTA, a small bell of the Hindoos) হিন্দুদিগের ছোট মুরুজন। (See ঘটিকা)

ক্ষুদ্র ঘটিকা (KSUDRA GHUNTAKA)। (See ঘুঁটিকা)

পরিশিষ্ট সমাপ্ত।



